

মহর্ষি- একিফ দৈপায়নবেদব্যাদ-প্রণীতম্

# আশ্বমেধিকপৰ্বৰ্ব

82

দর্শনাচার্য্য-শ্রীমন্ত্রীলকণ্ঠকুতয়া ভারতভাবদীপ-সমাধ্যমা দীক্সা

মহামহোপাখ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্ম চ্বণেন শ্রীমন্থ হরিদাসসিদ্ধান্তবাদীশ ভট্টাচার্য্যেণ প্রণীতরা ভারতকোমুদীসমাখ্যয়া টীকয়া তৎক্রত-বঙ্গানুবাদেন চ সহিত্য

विश्ववाषी श्वकाणनी

ক্লিকাডা-৭•••ঃ

# প্রথম প্রকাশ ঃ ১৩৪৬ বঙ্গাব্দ দ্বিতীয় সংস্করণ ঃ মাঘ, ১৩৬৬ বঙ্গাব্দ

## প্রকাশক ঃ

ধীরা মণ্ডল বিশ্ববাণী প্রকাশনী ৭৯/১ বি, মহাত্মা গান্ধী রোড কলিকাতা - ৭০০ ০০৯

# মুদ্রক ঃ

হরাইজন প্রিন্টার্স ১৪৮৮ পতৌদি হাউস দরিয়াগঞ্জ নিউ দিল্লী - ১১০ ০০২

#### প্রকাশকের নিবেদন

'মহাজারতম্' মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্পত্বপ ব্রুব্ধ হরিদাস সিদ্ধান্তবাগীল মহালয়ের তপত্যাসর অমৃতমর ফল। সে আশ্বর্য্য তপশ্বর্যার কাহিনী আজ সকলেই জানেন। প্রায় একুল বছর তিনি ছিলেন 'মহাভারতম্'-এর তপত্যার মন্ধ-এবং সে একক ও ভূশ্বর তপত্যায় তাঁর পাণ্ডিত্য ও প্রজ্ঞায় সলে মিলিত হয়েছিল অসীম থৈর্য্য, আশেব নিষ্ঠা ও আলোকিক আয়াস। ফলে তিনি আমাদের জন্ত রেখে গেছেন তাঁর 'মহাভারতম্'-এক আশ্বর্য্য ঐশ্বর্য়। 'মহাভারতম্'-এর জিতীয় সংকরণ প্রকালনার মূলে আছে আমাদের সেই জাতীয় ঐশ্বর্য সংকরণ প্রকালনার মূলে আছে আমাদের সেই জাতীয় ঐশ্বর্য সংরক্ষণের এবং জন্মশতবর্ষপৃত্তি উপলক্ষে শ্ববি ছবিদাসের প্রতি প্রভালনি নিবেদন করার পূণ্য প্রেরণা ও প্রবাস। স্থবীজনের সানন্দ সমর্বনে আমাদের প্রয়াস সার্থক হোক-এইমাত্র কামনা।

# অপ্তবন্তিতমোহধ্যায়ঃ।

--:#:--

বৈশম্পায়ন উবাচ।

তথা প্রয়ান্তং বাফে য়ং বারকাং ভরতর্বভাঃ।
পরিষক্তা স্থার্বন্ত সামুখাত্রাঃ পরস্তপাঃ॥১॥
পুনঃ পুনশ্চ বাফে য়ং পর্যায়ক্ত ফাল্পনঃ।
আচকুবিষয়া চৈচনং স দদর্শ পুনঃ পুনঃ॥২॥
কচেছু গৈব তু তাং পার্থো গোবিন্দে বিনিবেশিতাম্
সংক্রহার ততো দৃষ্টিং কৃষ্ণশ্চাপ্যপরাজিতঃ॥৩॥
তত্ম প্রয়াণে যান্যাসন্ধিমিত্তানি মহাত্মনঃ।
বহুস্তান্তুতরূপাণি তানি মে গদতঃ শৃণু॥৪॥

#### ভারতকৌমুদী

ভথেতি। বাঞ্চেরং কৃষ্ণম্, ভরতর্বভাং পাওবাং। পরিবজ্ঞ আলিছা ॥১॥
পুনরিতি। সান্তনোহজ্জ্নং। আচক্বিবরাৎ দৃষ্টিপাতপর্যক্ষম্ বাবং ॥২॥
কৃষ্ণ্ডেপেতি। পার্থোহজ্জ্নং। কৃষ্ণভাশি কৃষ্ণ্ডেপেত তাং দৃষ্টিং সংজ্ঞারেতি সম্বন্ধঃ॥৩॥
ভারতভাবদীপঃ

ভণা প্ররান্তং বাকেরিমিভ্যাদিগ্রন্থ: পূর্বোক্তাস্থানিবংস্থা বিভাক্তং বিশ্বরূপদর্শনং বিভা-সাধনং শুরোরাধনং চেভি বরমিহোক্তং বিবরীভূম্ উত্তহোপাধ্যানব্যাক্ষেন প্রবর্ততে ; ভড

ভাগার পর প্রভাগশালী ও শত্রুদমনকারী কৃষ্ণ সাত্যকির সহিত মিলিড হইয়া—ইক্স যেমন শত্রুসংহার করিয়া বর্গে গমন করেন, সেইরূপ ঘারকা-নগরীর দিকে গমন করিতে লাগিলেন ॥৫৭॥

বৈশশ্পায়ন বলিলেন—কৃষ্ণ সেইভাবে ছারকায় গমন করিভে লাগিলে, শক্তসন্তাপকারী ভরতশ্রেষ্ঠগণ কৃষ্ণকে আলিজন করিয়া অভ্চরগণের সহিছ নিবৃদ্ধি পাইলেন ৪১॥

কিন্তু আৰ্চ্ছন বার বার কৃষ্ণকৈ আলিজন করিলেন এবং দৃষ্টিপথপর্যান্ত বার বার ভাঁহাকে দুর্শন করিলেন ॥২॥

ক্রমে অর্জ্ন কুষ্ণের উপরে সংস্থাপিত দৃষ্টিকে অতিকট্টে তাঁহা হইছে আকর্ষণ করিলেন এবং অপরাজিত কৃষ্ণও অর্জ্ন হইতে সেইরূপ কট্টেই দৃষ্টি নিবর্ষিত করিলেন।৩।

বায়ুর্বেগেন মহতা রথস্থ পুরতো ববোঁ।
কুর্বন্ধিঃশর্করং মার্গং বিরক্তক্ষমকন্টকম্ ॥৫॥
ববর্ষ বাসবদৈচব তোয়ং শুচি হুগন্ধি চ।
দিব্যানি চৈব পুজ্পাণি পুরতঃ শাঙ্গ ধন্ধনঃ ॥৬॥
স প্রয়াতো মহাবাছঃ সমেয় মরুধন্ধর ।
দদশাথ মুনিপ্রেষ্ঠমুক্তক্ষমমিতৌজসম্ ॥৭॥
স তং সংপূজ্য তেজন্বী মুনিং পৃথুললোচনঃ।
পূজিতন্তেন চ তদা পর্য্যপূচ্ছদনাময়য়্ ॥৮॥
স পৃষ্টঃ কুশলং তেন সংপূজ্য মধুসূদনম্।
উত্তক্ষো আক্ষাণশ্রেষ্ঠন্ততঃ পপ্রচ্ছ মাধ্বম্ ॥৯॥

#### ভারতকোমুদী

তত্তেতি। তত্ত কৃষ্ণত্ত, নিমিত্তানি লকণানি ॥৪॥

বায়্রিডি। নি:শর্করং কয়বরহিতম, বিরজ্ঞাং ধৃলিশ্রুম্ ॥৫॥

বৰৰ্ষেতি। বাসৰ ইন্দ্ৰন্তংগ্ৰেরিভো মেঘ ইত্যৰ্থ:। শাক ধিৰন: রুঞ্জু ॥৬॥

স ইতি। সমেষু সমতলেষু, মরুণশ্বত্ন মরুভূমিষু ॥৭॥

স ইতি। পৃথ্ললোচনো বিশালনেতঃ। অনাময়ং নিরুপদ্রবভাষ্ ॥৮॥

স ইতি। তেন উত্তকেন, মধুস্দনং সম্পূজ্য স কুশলং পৃষ্টঃ ॥>॥

মহারাজ ! মহাজা। কৃষ্ণেরে গমনের সময়ে যে বছতর অভুতে লক্ষণ উপস্থিত হইয়াছিল, তাহা আমি বলিতেছি, আপনি ভাবণ করুন ॥৪॥

রেপের গুরুতের বেগে বায়ু আবিভূতি হইয়া পথটীকে কহ্নর, ধূলি ও কণ্টক-শৃষ্য করিতে থাকিয়া সম্মুখে বহিত হইতে থাকিল ॥৫॥

ইচ্ছাপ্থেরিত মেঘ, ক্ষাংগের সম্মুখে পবিত্র ও সুগদ্ধি জাল এবং দিবিয় পুশাসকল বিষণি করিতে লোগিলি॥৬॥

মহাবাছ কৃষ্ণ সমতল মক্তভ্মিতে গমন করিতে থাকিয়া আমিততেজা মুনি-ভোষ্ঠ উত্তহকে দশনি করিলেন ॥৭॥

তেজস্বী ও বিশালনয়ন কৃষ্ণ সেই উত্তহ্মুনিকে সম্মান করিলে, উত্তহমুনিও কৃষ্ণের সম্মান করিলেন। তখন কৃষ্ণ উত্তহ্বের তপস্থার নির্কিমুভার বিষয় জিজ্ঞাসা করিলেন॥৮॥

ব্রাহ্মণশ্রেষ্ঠ উত্তর ক্ষেত্র সম্মান করিয়া তাঁহার কুশল জিজ্ঞাসা করিলেন। পরে ক্ষেত্র নিকট প্রশ্ন করিতে লাগিলেন—॥৯॥

<sup>(</sup>१) উषद्मशिक्षां अभग्-नि। এवः मर्सवा।

কচিচেছারে ! ত্বয়া গত্বা কুরুপাশুবদদ্ম তথ ।
কৃতং সোলাত্রমচলং তদ্মে ব্যাখ্যাতুমইসি ॥১০॥
অপি সন্ধায় তান্ বীরাকুপারত্যোহসি কেশব ! ।
সম্বন্ধিনঃ স্বদয়িতান্ সততং র্ফিপুঙ্গব ! ॥১১॥
কচিৎ পাশুহৃতাঃ পঞ্চ প্রত্যাষ্ট্রস্ম চাত্মজাঃ ।
লোকেষু বিহরিষ্যন্তি ত্বয়া সহ পরস্তপ ! ॥১২॥
স্বরাষ্ট্রে তে চ রাজানঃ কচিৎ প্রাপ্ সন্তি বৈ স্থখম্ ।
কোরবেষু প্রশান্তেষু ত্বয়া নাথেন কেশব ! ॥১৩॥
যা মে সন্তাবনা তাত ! ত্বয়ি নিত্যস্বর্ত্ত ।
অপি সা সফলা তাত ! কৃতা তে ভরতান্ প্রতি ॥১৪॥

# শ্রীভগবামুবাচ।

ক্তো যত্নো ময়া পূর্বাং সোশাম্যে কৌরবান্ প্রতি। নাশক্যন্ত যদা সাম্যে তে স্থাপয়িতুমঞ্জসা॥১৫॥

#### ভারতকৌমুদী

ক্চিদিতি। হে শৌরে ! রুফ ! সৌপ্রাত্তং প্রাত্থা হৈছিন্ ॥১০॥
অপীতি। সন্ধার সন্ধিয় জান্ রুজান্ রুজান্ উপার্ত্তঃ প্রত্যার্ত্তঃ। স্বস্তু দরিতান্ প্রিয়ান্ ॥১১॥
কচিদিতি। বিহরিয়তি সৌহার্দাৎ ॥১২॥
ব্বেতি। কৌরবেষ তুর্ব্যোধনাদিয়, প্রশাত্তেষ সন্ধিনা শান্তিং প্রাত্থেষ, নাথেন প্রভূপা ॥১৩॥
বেতি। সন্ধাবনা সন্ধিনিরপণন্। তে ত্রা ॥১৪॥

#### ভারতভাবদীপ:

উপবিটাদখনেধব্যাকেন কর্মণামণ্যারাজ্পকারকতং বিভায়ামূচ্যত ইতি সঞ্চি: ॥১—১৪॥

"কৃষণ আপনি সেই ক্রপাণ্ডবভবনে যাইয়া স্থায়ী আভ্সোহার্দ্দ করিয়া-ছেন ত ? তাহা আমার নিকট বলিতে পারেন ত ? ॥১০॥

রক্ষিবংশশ্রেষ্ঠ কৃষ্ণ। নিজের প্রিয়তম ও সম্বন্ধী সেই বীরগণের মধ্যে সন্ধি স্থাপন করিয়া ফিরিয়া আ।সিতেছেন ত १॥১১॥

শক্রসস্তাপক কৃষ্ণ ! ধৃতরাষ্ট্রের পুত্রগণ ও পঞ্চপাশুব আপনার সহিত জগতে আনন্দ সহকারে বিচরণ করিবেন ত ৪১২॥

কেশব! আপনার নেতৃ্ছনিবন্ধন কৌরবেরা সম্পূর্ণ শাস্ত হইলে ভাঁহারা উভয় পক্ষই রাজা হইয়া আপন আপন রাজ্যে সুখ পাইবেন ত ? ॥১৩॥

বংশ কৃষ্ণ ! চিরদিন আপনার উপরে আমার যে সম্ভাবনা ছিল, আপনি ভরতবংশীয়গণের প্রতি আমার সেই সম্ভাবনা সকল করিয়াছেন ড ?' #১৪# ততন্তে নিধনং প্রাপ্তাঃ সর্ক্রে সম্ভবান্ধবাঃ।
ন দিউমপ্যতিক্রান্তং শক্যং বৃদ্ধ্যা বলেন বা ॥১৬॥ (যুগাকম্)
মহর্ষে! বিদিতং ভূয়ঃ সর্ক্রমেভত্তবানঘ!।
তেহত্যক্রামন্মতিং মহুং ভীম্মস্ত বিত্ররস্ত চ ॥১৭॥
ততো যমক্রম্ং জগ্মঃ সমাসান্তেত্রেতরম্।
পর্কের পাণ্ডবাঃ শিন্তা হত্মিত্রা হতাত্মজাঃ।
ধার্ত্ররাষ্ট্রাশ্চ নিহতাঃ সর্বে সম্ভবান্ধবাঃ॥১৮॥
ইত্যুক্তবচনে রুফো ভূশং ক্রোধসমন্বিতঃ।
উত্তক্ষ ইত্যুবাটেনং রোধাত্বংফুল্ললোচনঃ॥১৯॥

#### ভারতকোমুদী

কৃত ইতি। সৌশাম্যে শান্তিস্থাপনে। তে কৌরবাং, অঞ্চনা তত্ত্বেন স্থাব্যরূপেণেত্যর্থং। "তত্ত্বে অবাঞ্চনাবয়ন' ইত্যানরং। দিইং দৈবন ॥১৫—১৬॥

মহর্ব ইতি। ভূরো বছলম্। তে তুর্ব্যোধনাদয়:, মতিং সন্ধি সাপনেচ্ছাম্, মহুং মম ॥১৭॥ তত ইতি। বমক্ষাং বসালয়ম্, ইতরেভরং পরস্পরং সমাসাভ বুন্ধে থাপ্য। শিষ্টা অবশিষ্টা:। বটুপাদোহয়ং শ্লোক: ॥১৮॥

ইতীতি। ইতি ইথম্উজং বচনং বেন তিমিন্। এনং কৃষ্ণম্॥১৯॥

ক্ল বলিলেন— 'আমি পুর্বে কৌরবগণের মধ্যে শান্তিস্থাপনের চেষ্টা করিয়াছিলাম; কিন্তু যথন ভাঁহাদিগকে উপযুক্ত শান্তির পক্ষে স্থাপন করিছে পারিলাম না, তখন ভাঁহারা সকলে পুত্র ও বন্ধুবর্গের সহিত যুদ্ধে নিহত হইয়াছেন। কারণ, মানুষ বুদ্ধি বা বল্দারা দৈবকে অভিক্রেম করিছে পারে না॥১৫—১৬॥

নিম্পাপ মহয়ি ! এই সমস্ত বিষয় আপনার বিস্তৃতভাবে জানা আছে যে, সেই চুর্য্যোধনপ্রভৃতি আমার, ভীত্মের ও বিচুরের সন্ধিস্থাপনের ইচ্ছা লক্ষ্যন করিয়াছিলেন ॥১৭॥

ভাষার পর ভাঁষার। সকলেই যুদ্ধে পরস্পর সন্মিলিত হইয়া যমালয়ে গমন করিয়াছেন; কিন্তু কেবল পঞ্চপাশুবই অবশিষ্ট রহিয়াছেন; ভাঁষাদেরও মিত্র-গণ এবং পুত্রগণ নিহত হইয়াছে, আর ধৃতরাষ্ট্রের পুত্রেরা সকলেই পুত্র ও বন্ধু-বর্গের সহিত নিহত হইয়াছেন'॥১৮॥

হক এই সকল কথা বলিলে, উত্তম্ভ অভ্যন্ত ক্ৰুদ্ধ ও ক্ৰোধে বিকারিভনেত্র হইয়া কুক্তে এই কথা বলিলেন ॥১৯॥

# উত্তক উবাচ।

যক্ষাচ্ছজেন তে কৃষ্ণ । ন ত্রাভাঃ কুরুপুঙ্গবাং।
সম্বন্ধিনঃ প্রিয়ান্তমাচ্ছপ্সেয়হং দ্বামসংশয়ম্ ॥২০॥
ন চ তে প্রসভং যক্ষাতে নিগৃহ্য নিবারিভাঃ।
তক্ষাক্ষমুপরীভন্তাং শক্ষ্যামি মধুসুসদন ! ॥২১॥
দ্বয়া শক্তেন হি সভা মিথ্যাচারেণ মাধব !।
তে পরীভাঃ কুরুপ্রেষ্ঠা নশ্যন্তঃ স্ম স্ত্যুপেকিভাঃ ॥২২॥
বাহ্নদেব উবাচ।

শৃণু যে বিস্তরেণেদং যদক্ষ্যে ভৃগুনন্দন !।
গৃহাণাকুনয়ং চাপি তপস্বী হৃদি ভাগব !॥২৩॥
শ্রুত্বা চ মে তদধ্যাত্মং মুঞ্জো: শাপমন্ত বৈ।
ন চ মাং তপসাল্লেন শক্তোহভিভবিতুং পুমান্॥২৪॥

## ভারতকৌমুদী

ৰশ্বাদিতি। শক্তেন জগদীশবদাৎ সর্কাশক্তিমতা, তে দ্বরা॥২০॥
নেতি। তে দ্বরা, প্রসভং বলেন, তে ত্র্যোধনাদয়:। মন্ত্যপরীতঃ ক্রোধনাগ্রঃ॥২১॥
দ্বরেতি। মিধ্যা স্থাচারো মানবব্যবহারো যক্ত তেন সতা। পরীতা যুদ্ধে সমস্তাৎ
পরম্পারং প্রাপ্তাঃ॥২২॥

পৃথিতি। তপৰী হৃদি অভিসম্পাতে তত্তপ:ক্ষয়সম্ভব ইতি ভাব: ॥২৩॥
শ্রুতি। আক্সানং ৰসংঘাতমধিকৃত্য স্থিতমিত্যধ্যাক্সং মদধ্যাক্সবিষয়ম্॥২৪॥

উত্তম বলিলেন—'কৃষ্ণ! আপনি যখন সমর্থ হইয়াও সম্বন্ধী ও প্রীতির পাত্র কৌরবঞ্চেগণকে রক্ষা করেন নাই, তখন আমি নিশ্চয়ই আপনাকে অভি-সম্পাত করিব ॥২০॥

মধুস্দন! আপনি যখন বলপূর্বক তাহাদিগকে দমন করিয়া যুদ্ধ চইতে নিবর্ত্তিত করেন নাই, তখন আমি অত্যস্ত ক্রেদ্ধ হইয়া আপনাকে অভিসম্পাত করিব ॥২১॥

মাধব! আপনি শাজিশালী হইয়াও মিখ্যা মামুষব্যবহার অবলম্বন করিয়া যুদ্ধে সন্মিলিভ সেই কৌরবশ্রেষ্ঠগণ ধ্বংস পাইভেছিলেন, সেই অবস্থায় ভাঁহাদিগকে উপেক্ষা করিয়াছেন' ॥২২॥

কৃষ্ণ বলিলেন—'ভ্শুনন্দন! আমি যাহ। বলিভেছি, আপনি আমার সেই বাক্য বিস্তরক্রে প্রবণ করুন। ভার্গব! আপনি ভপস্থী। অভএব আমার এই অমুনরবাক্য প্রহণ করুন ॥২৩॥ ন চ তে তপদো নাশমিচ্ছানি তপতাংবর !।
তপত্তে প্রমহদ্দীপ্তং গুরুব\*চাপি তোষিতাঃ ॥২৫॥
কৌমারং ব্রহ্মচর্য্যং তে জানানি বিজস্তম !!।
ছঃখাড্জিতস্ম তপদস্তস্মানেচ্ছানি তে ব্যয়ম ॥২৬॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্রাং সংহিতায়াং বৈয়াসিক্যাম্ আশ্বমেধিক-পর্বাণ অশ্বমেধে ক্লফোভঙ্কসমাগ্রম অন্ট্রম্মিত্রগাহধ্যায়ঃ ॥০॥ \*

#### ভারতকোমূদী

নেতি। তপডাং তপত্যাং কুর্মতাম্। দীপ্তমৃক্ষণম্ তেজস্বরমিত্যর্থ: ॥২৫॥ কৌমারমিতি। কৌমারং কুমারকালমারভ্য কৃতম্। ব্যয়ং নাশম্॥২৬॥ ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসনিকাস্থবাদীশভট্টাচার্যবিরচিতারাং মহাভারতটিকারাং ভারতকৌমুদীসমাধ্যারাম্ আখমেধিকপর্মণি অধ্যাধ্য আইব্রিটিতমোহধারঃ ॥•॥

#### ভারতভাবদীপ:

সৌশাম্যে সৌরক্তে ॥১৫—২১॥ মিথ্যাচারেণ কপটপূর্ব্বক্ষবিরোধচ্ছলেন বিরোধং অচুর্ন্তা, পরীতাঃ পরিতঃ প্রাপ্তা: ॥২২॥ অন্ধর্মঃ শিক্ষাম্ ॥২৩॥ মে মন্তঃ ॥২৪—২৬॥ ইতি শ্রীমহাভারতে নৈলক্ষীয়ে ভারতভাবদীপে আশ্বমেধিক-পর্বাণি অশ্বমেধে অষ্টবৃষ্টিতমোহধ্যায়ঃ ॥৬৮॥

\_\_\_\_\_

আপনি আমার সেই মনোর্ত্তি প্রবণ করিয়া আজ শাপ দিবেন। ভারপর মাসুষ অল্ল তপস্থার বলে আমাকে অভিভূত করিতে সমর্থ হল্প না ॥২৪॥

তপস্বিশ্রেষ্ঠ। আমি আপনার তপস্থার কয় ইচ্ছা করি না। **আপনার** তপস্থা অত্যস্ত উজ্জ্বল এবং আপনি পরিচর্য্যাদার। গুরুগণকেও সন্তুষ্ট করিয়া-ছেন ॥২৫॥

বাহ্মণশ্রেষ্ঠ। আপনার ব্রহ্মচর্য্য যে কুমারকাল হই**ভে চলিয়া আসিভেছে,** ভাহা আমি জানি; অভএব আপনার তৃ:ধার্জিত তপস্থার কর আমি ইছে। করি না'॥২৬॥

 <sup>&#</sup>x27;…िखिशकाटणाक्स्यात्रः'—वक वर्ष नि ।

# উনসপ্ততিতমোহধ্যায়ঃ।

## উত্তক্ষ উবাচ।

ক্রহি কেশব! তত্ত্বন স্বমধ্যাত্মসনিন্দিতম্। শ্রুত্বা শ্রেহোহভিধাস্থাসি শাপং বা তে জনার্দন!॥১॥ বাস্থদেব উবাচ।

তমো রজ \*চ ' ত্বঞ্চ বিদ্ধি ভাবামাদাশ্রয়ান্।
তথা রুদ্রান্ বসূন্ বাপি বিদ্ধি মৎপ্রভবান্ দ্বিজ !॥২॥
ময়ি সর্বাণি ভূতানি সর্বভূতেয়ু চাপ্যহম্।
স্থিত ইত্যভিজানীহি মা তেহভূদত্র সংশয়ঃ ॥৩॥
তথা দৈত্যগণান্ সর্বান্ যক্ষণদ্ধরিবাক্ষসান্।
নাগানপ্রসংশহর বিদ্ধি মৎপ্রভবান্ দ্বিজ !॥৪॥

# ভারতকোমুদী

ক্রহীতি। অধ্যাত্মম্ আধ্যাত্মিকং বিষয়ম্। শ্রেমে মঙ্কলম্, শাপং বা অভিধাতামি। নির্দ্ধেবত্ব শ্রেমঃ, সদোধতে চ শাপ ইত্যাশয়ঃ ॥১॥

ভম ইতি। ভাবান্ গুণান্ আত্মান দগুণতে প্রকৃতিরূপতাং। প্রভবস্কারণাদিতি প্রভবঃ কারণম, অহমেব প্রভবো যেষাং তান্॥২॥

ময়ীতি। "তিমান্ লোকা: শ্ৰিতা: সৰ্কে" ইতি শ্ৰুডে:। অহঞাণি সৰ্কাভূতেৰু **জীবন্ধণে** স্থিতঃ ॥৩॥

ভথেভি। অত্তাপি মংপ্রভবাদিভি পূর্ববদ্ব্যাগ্যানম্॥৪॥

উত্তক্ষ বলিলেন—কেশব! আপনি অনিন্দিত অধ্যাত্মিক বিষয় যথাযথ-রূপে বলুন। জনাদিন! তাহার পর আমি আপনার মঙ্গলের কথা বলিব কিংবা অভিসম্পাত করিব'॥১॥

কৃষ্ণ বলিলেন—'বাহ্মণ! সন্থা, রজ ও তম—এই তিনটী গুণ আমাতে রহিয়াছে বলিয়া অবগত হউন এবং কৃত্রণণ ও বসুগণ আমা হইতেই উৎপন্ন হইয়াছেন বলিয়া মনে ক্রুন ॥২॥

সমস্ত ভূত আমাতে রহিয়াছে, আমিও সমস্ত ভূতে রহিয়াছি, ইহা অবগত হউন; এবিষয়ে যেন আপনার সন্দেহ হয় না ॥৩॥ সদসকৈব যৎপ্রান্তরব্যক্তং ব্যক্তমেব চ।
অক্সরঞ্চ ক্ষরকৈব সর্বমেতক্মদাত্মকম্ ॥৫॥
বে চাত্রমেষ বৈ ধর্মাশ্চতুর্ধা বিদিতা মুনে!।
বৈদিকানি চ সর্বাণি বিদ্ধিন সর্বং মদাত্মকম্ ॥৬॥
অসচ্চ সদসকৈব যদিখং সদসৎপরম্।
মত্তঃ পরতরং নাস্তি দেবদেবাৎ সনাতনাৎ ॥৭॥
ওক্ষারপ্রমুখান্ বেদান্ বিদ্ধি মাং ত্বং ভুগুদ্বহ!।
মৃপং সোমং চরুং হোমং ত্রিদশাপ্যায়নং মথে॥৮॥
হোতারমপি হব্যঞ্চ বিদ্ধি মাং ভ্রগুনন্দন!।
অধ্বর্মুগ্র ক্ষ্পকশ্চাপি হবিঃপরমসংস্কৃতম্॥৯॥

# ভারতকৌমুদী

সদিতি। সং বিভয়ানম্, অসং ভবিত্রং, অব্যক্তং প্রকৃতিম্, ব্যক্তং মহদাদিকম্। অকরং পুক্রম্, করং সুস্কৃতাদিকম্ ॥ ৪॥

व हेकि। व्याध्यस्य बन्नहर्गानिष्। देवनिकानि व्ययस्यभागीनि ॥७॥

অস্দিতি। অসং অবিভ্যমানং ঘটাদি, সদস্থ মায়ারূপং বস্তু, স্থকারণরপুষ্, অস্থ কার্য্য-রুপুষ্ ॥৭॥

ওছাবেতি। দোমং সোমরসম্, জিদশাপ্যায়নং দেবতাপ্রীতিকরম্ ॥৮॥
হোতারমিতি। অধ্বয়্য: যজুর্বেদীয় ঋতিক্, করকঃ করশাস্ত্রক্তা, প্রমসংস্কৃতং হবিরিত্যভিধানাৎ হ্ব্যমিত্যসংস্কৃতং বোধাম্ ॥>॥

বালাণ! দৈত্যগণ, সমস্ত যক্ষ, গন্ধৰ্ক, রাক্ষ্য, নাগও অক্ষরা আমা হইতেই উৎপন্ন হইয়াছে, ইহাও অবগত হউন ॥৪॥

মুনিরা যে যে পদার্থকে সং, অসং, ব্যক্ত, অব্যক্ত, অকর ও কর বলেন, এই সমস্তই আমার স্বরূপ ॥৫॥

মুনি! চারিটী আশ্রমে যে সকল ধর্ম বিহিত আছে এবং বেদে যে সকল কর্ম উক্ত রহিয়াছে, সে সমস্তই আমার স্বরূপ বলিয়া জাস্কুন ॥৬॥

যাহা অসং, যাহা সংও বটে, অসংও বটে এবং যাহা সংও যাহা অসং, ভাহার কোন পদার্থই সনাতন দেবদেব আমা হইতে উৎকৃষ্ট নহে ॥৭॥

ভৃত্তবংশভোষ্ঠ ! ওয়ারপ্রভৃতি বেদ এবং যজ্ঞে দেবগণের সভোষজনক ষ্প, সোমরস, চরু ও হোমকে আমার স্বরূপ বলিয়াই মনে করুন ॥৮॥

<sup>(</sup>७) চতুর্বিহিতা মূনে !-- নি।

উদ্গাতা চাপি নাং স্থোতি গীতঘোষৈর্ম হাধ্বরে।
প্রায়শ্চিন্তেরু নাং ব্রহ্মন্! শাস্তিমঙ্গলবাচকাঃ॥১০॥
স্তবন্তি বিশ্বকর্মাণং সততং দ্বিজ্ঞসন্তনাঃ।
নম বিদ্ধি স্থতং ধর্মমগ্রজং দ্বিজ্ঞসন্তন!॥১১॥
মানসং দয়িতং বিপ্র! সর্বভূতদয়াত্মকম্।
তত্রাহং বর্তমানৈশ্চ নির্বৈত্তশৈচব নানবৈঃ॥১২॥
বহ্বীঃ সংসর্মাণো বৈ যোনীর্বর্তামি সন্তম!।
লোকসংরক্ষণার্থায় ধর্মসংস্থাপনায় চ॥১০॥ (যুগ্মকম্)
তৈস্তৈর্বেষশ্চ রূপেশ্চ ত্রিরু লোকেরু ভার্গব!।
অহং বিফুরহং ব্রহ্মা শক্রোহথ প্রভ্বাপ্যয়ঃ॥১৪॥

# ভারতকৌমুদী

উদ্গাতেতি। উদ্গাতা দামবেদীয় ঋত্বিক্। শান্তিমক্লব।চকা: পুরোহিতামাং শ্বন্তি ॥১০॥ শ্বন্তীতি। বিশ্বন্দাণং দেবশিল্পিরস্থা। অগ্রজং ক্যেষ্ঠম্ ॥১১॥

মানস্মিতি। তে সন্তম বিপ্র ! সর্বভূতদয়াত্মকং তং ধর্মং, মম দয়িতং মানসং পুত্রম্ বিদ্ধি ইত্যক্ত্রন্তিঃ। তত্র চাহং বর্ত্তমানৈঃ নির্তৈত্তরতীতৈশ্চ মানবৈঃ স্তুম্মান ইতি শেষঃ। বহ্বীধোনীঃ সংসর্মাণঃ পরিভ্রমন্ লোকসংবক্ষণার্থায় ধর্মসংস্থাপনায় চ, বর্ত্তামি বর্ত্তে ॥১২-১৩॥

তৈরিতি। প্রভবত্যমাদিতি প্রভব উৎপত্তিকারণম্, অপীয়তে লীয়তে অনেনেতি অপারো লয়কারণঞ্চ ॥১৪॥

ভৃশুনন্দন! হোতা ও হব্যকে আমার স্বরূপ বলিয়াই অবগত হউন এবং যজুবেদীয় ঋতিক্, কল্পাস্ত্রকর্তা ও বিশেষ সংস্কৃতহবিও আমার স্বরূপ ॥৯॥

ব্ৰাহ্মণ ! সামবেদীয় ঋতিক্ও মহাযজে গীতধ্বনিদ্বারা আমার স্তব করেন এবং প্রায়শ্চিতে শান্তিপাঠক ও মঙ্গলবাচক ব্রাহ্মণেরা আমারই স্তব করিয়া থাকেন ॥১০॥

ব্রাহ্মণশ্রেষ্ঠ ! সকল ব্রাহ্মণই সর্বাদা আমাকে বিশ্বকর্ম।রূপে স্তব করেন এবং ধর্মকে আমার জ্যেষ্ঠপুত্র গ্রিলিয়া অবগত হউন ॥১১॥

ত্রাহ্মণ। সর্বভূতে দয়ালু সেই ধর্মকে আমার প্রিয় মানসপুত্র বলিয়া জামুন। তারপর, আমি বর্তমান ও অতীত মনুযাগণের স্তবে সম্ভষ্ট হইয়া বহু যোনিতে ভ্রমণ করিয়া লোকরক্ষা এবং ধর্মস্থাপনের নিমিত্ত অবস্থান করি ॥১২—১৩॥

<sup>(</sup>১১) সভতং বিজ্ঞসন্তম !—বঙ্গ বৰ্ণ নি।

<sup>(</sup>১७) धर्मनःत्रक्रशाचीत्र-- यक वर्ष मि।

ভূতপ্রামম্য সর্বস্থ স্রস্থী সংহার এব চ।
ভ্রমনানাং সর্বেষামহমচ্যুতঃ। ১৫॥
ধর্মস্থ সেতুং বধামি চলিতে চলিতে যুগে।
তাস্তা যোনীঃ প্রবিশ্যাহং প্রজানাং হিতকাম্যয়া॥১৬॥
যদা ত্বহং দেবযোনো বর্ত্তামি ভূগুনন্দন!।
তদাহং দেববৎ সর্বেমাচরামি ন সংশয়ঃ॥১৭॥
যদা গন্ধর্ববেৎ সর্বমাচরামি ন সংশয়ঃ॥১৮॥
নাগ্যোনো যদা চৈব তদা বর্ত্তামি নাগ্যথ।
যক্ষরাক্ষস্যোভ্যাস্ত যথাবিছিচরাম্যহম্॥১৯॥
মানুয়্যে বর্ত্তমানে তু কুপণং যাচিতা ময়া।
ন চ তে জাতসন্মোহা বচোহগৃহ্নত্ত মোহিতাঃ॥২০॥

#### ভারতকোমুদী

ভূতেতি। সংব্রিয়তে অনেনেতি সংহার:। স্বধর্মাৎ ন চ্যুত ইত্যচ্যুত: ॥১৫॥
ধর্মক্ষেতি। সেতৃং সংক্রমণকারণম্ ॥১৬॥
খদেতি। বর্তামি বর্ত্তো সর্বাং কার্য্যম্ ॥১৭॥
খদেতি। আচরামি বিদ্ধামি ॥১৮॥
নার্যেতি। যথাবৎ যক্ষবৎ রাক্ষ্যবচ্চ ॥১৯॥

ভৃগুনন্দন! আমি ত্রিভূবনে সেই সেই বেষেও সেই সেই রূপে বিষ্ণু, ব্রুক্তা ও ইন্দ্র এবং উৎপত্তি ও লয়ের কারণ হইয়া থাকি ॥১৪॥

আমি সমস্ত প্রাণীর স্টিকর্তা ও সংহারকর্তা এবং আমি অধর্মে প্রবৃত্ত সকলেরই মধ্যে অচ্যুতরূপী হইয়া থাকি ॥১৫॥

আমি সেই সেই যোনিতে প্রবেশ করিয়া লোকের হিতকামনায় বিভিন্ন যুগে ধর্মের সেতৃবন্ধন করিয়া থাকি ॥১৬॥

ভূগুনন্দন। আমি যখন দেবযোনিতে থাকি, তখন আমি সমন্ত কার্য্যই দেবভার স্থায় করি, এবিষয়ে কোন সন্দেহ নাই ॥১৭॥

ভ্রুনন্দন! আমি যখন গন্ধর্কাযোনিতে থাকি, তখন সমন্ত কার্য্যই গন্ধর্কের স্থায় করি, ইহাতেও কোন সন্দেহ নাই॥১৮॥

আমি যথন নাগযোনিতে থাকি, তখন আমি নাগের স্থায় চলি এবং যক্ষ-যোনি বা রাক্ষসযোনিতে থাকিলে, তাহাদের স্থায়ই কার্য্য করিয়া থাকি ॥১৯॥ ভয়ঞ্চ মহতুদ্দিশ্য ত্রাসিতাঃ কুরবে। সয়। ।
কুদ্দেন ভূষা তু পুনর্থবিদমুদ্দিতাঃ ॥২১॥
তেহধর্মেণেই সংযুক্তাঃ পরীতাঃ কালধর্মণা।
ধর্মেণ নিহতা যুদ্ধে গতাঃ স্বর্গং ন সংশয়ঃ ॥২২॥
লোকেয় পাণ্ডবাদৈচব গতাঃ খ্যাতিং দ্বিজোভ্য!।
এতত্তে সর্বমাখ্যাতং যদ্মাং ছং পরিপ্ছিসি ॥২৩॥

ইতি শ্রীনহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যান্ আশ্বনেধিক-পর্ব্বণি অশ্বনেধে কুম্ফোতক্ষনমাগনে উনসপ্ততিত্বোহধ্যায়ঃ ॥•॥ \*

# ভারতকৌমুদী

মাহত ইতি। মাহতে মস মহততে বর্তমানে ময়া মাহতেণ কপণং দীনং বণা ভাতথা বাচিতা সন্ধিকরণায় ধার্তরাষ্ট্রা: প্রাথিতা: ॥২০॥

ভরমিতি। উদ্দিশ্য উল্লিখ্য। অফ্রনশিতা ভরমিতি শেবং ॥২১॥
ত ইতি। অধর্মেণ পাপেন, পরীতা আক্রান্তাং ॥২২॥
লোকেছিতি। খ্যাতিং প্রাশংসাম, গতা ধর্মপথাত্বরনাং ॥২৩॥
ইতি মহামহোপাধ্যার-ভারতাচার্য্য-শ্রীহরিদাসদিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতারাং
মহাভারতটীকারাং ভারতকৌম্দীসমাধ্যায়াম্ আশ্রেধিকপর্বাণি
অশ্রেধে উনসপ্ততিত্যোহধ্যায়ঃ ॥০॥

#### ভারতভাবদীপ:

ক্রহীতি ॥১—৬॥ অসচ্ছশশৃকাদি, সদসং ঘটাদি, সদসংপর্মব্যক্তম্, এডভ্রন্নমণি ভত্তভঃ মতঃ পরং নাজীত্যর্থ: ॥৭—২১॥ অধর্মেণেতি চ্ছেদঃ ॥২২—২৩॥

ইতি শ্রীমহাভারতে নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে আশ্বমেধিকপর্বাণি অশ্বমেধে উনসপ্ততিতমোহধ্যায়ঃ ॥৬৯॥

এখন আমার মনুয়ারূপ রহিয়াছে; স্থতরাং আমি মনুয়োর স্থায় কৌরব-গণের নিকটে দীনভাবে সন্ধির প্রার্থনা করিয়াছিলাম; কিন্তু তাঁহারা মোহিড হইয়া আমার সে বাক্য গ্রহণ করেন নাই ॥২০॥

ভারপর আমি গুরুতর ভয়ের কথা বলিয়া কৌরবগণকে ভীত করিবার চেষ্টা করিয়াছিলাম এবং পুন্রায় ক্রুদ্ধ হইয়া ভয় দেখাইয়াছিলাম ॥২১॥

কিন্তু তাঁহারা পাপী বলিয়া কালধর্মে আক্রান্ত ও ধর্মামুসারে যুদ্ধে নিহত ছইয়া স্বর্গে গিয়াছেন, এবিষয়ে কোন সন্দেহ নাই ॥২২॥

আর পাশুবেরা জগতে সুখ্যাতি লাভ করিয়াছেন। ব্রাহ্মণশ্রেষ্ঠ। আপনি আমাকে যাহা জিজ্ঞাসা করিয়াছিলেন, এই আমি সে সমস্তই আপনার নিকট বলিলাম' ॥২৩॥

 <sup>&#</sup>x27;…ь्रज्रः गक्षां (णारुशाहाः'—वक वर्ष नि ।

# সপ্ততিতমোহধ্যায়ঃ।

---:#:----

# উত্তঙ্গ উবাচ।

অভিজানামি জগতঃ কর্তারং ছাং জনার্দ্দন !।
নূনং ভবৎপ্রদাদোহয়মিতি মে নাস্তি সংশয়ঃ ॥১॥
চিত্তঞ্চ প্রপ্রদামং মে অদ্ভাবগতসচ্যুত !।
বিনির্ভ্রঞ্গ মে শাপাদিতি বিদ্ধি পরন্তপ !॥২॥
যদি ছকুগ্রহং কঞ্চিছভোহহামি জনার্দ্দন !।
দেষ্ট্রিচ্ছামি তে রূপং বৈষ্ণবং তন্ধিদর্শয় ॥০॥
বৈশাপ্রায়ন উবাচ।

ততঃ স তত্যৈ প্ৰীভাত্মা দৰ্শয়াসাস তদ্পুঃ। শাশ্বতং বৈষ্ণবং ধীমান্ দদৃশে যদ্ধনঞ্জয়ঃ॥৪॥

# ভারতকৌমুদী

অভীতি। অয়মাত্মন: স্বরূপবাদঃ, ভবতঃ প্রসাদোইত্রহ: ॥১॥
চিন্তমিতি। অদ্ভাবগতং ভবংস্বরূপস্থিত্ম ॥২॥
মদীতি। অন্তত্ত্ব সকাশাং, অহামি প্রাপ্ত,মিতি শেষঃ ॥৩॥
ডত ইতি। শাশ্বতং নিতাম, দদৃশে কুফক্ষেত্রমূগপ্রকালে দদ্শ ॥৪॥

উত্তর বলিলেন—'জনার্দ্দন! আমি আপনাকে সর্বপ্রকারে জগতের কর্ত্তা বলিয়া জানিয়াছি, নিশ্চয়ই এই স্বরূপপ্রকাশ আমার প্রতি আপনার অমুগ্রহ, এবিষয়ে কোন সন্দেহ নাই ৷ ১॥

পরস্তপ অচ্যত ! আমার মন আপনার স্বরূপে অভিনিবিষ্ট হইয়া অভ্যস্ত প্রসন্ন হইয়াছে এবং শাপদান হইতে নিবৃত্তি পাইয়াছে, ইহা আপনি অবগত হউন ॥২॥

জনাদিন! আমি যদি আপনা হইতে কোন অনুগ্ৰহ পাইবার যোগ্য হই, তাহা হইলে আমি আপনার বৈষ্ণবরূপ দেখিতে ইচ্ছা, করি, তাহা আপনি আমাকে দেখান'॥৩॥

বৈশস্পায়ন বলিলেন—ভাহার পর কুরুক্ষেত্রযুদ্ধারস্কের অব্যবহিত পুর্বের

<sup>(</sup>৩) ঐশ্বং ভরিদর্শয়—পি ব<del>হু</del> বর্দ্ধ।

স দদশ মহাত্মানং বিশ্বরূপং মহাভুজম্। সহঅসূর্য্যপ্রতিমং দীপ্তিমৎপাবকোপমম্। সর্ব্যাকাশসার্ত্য তিষ্ঠন্তং সর্বতোমুখম্ ॥৫॥ **जन्नृष्ट्रो भत्रगः ऋभः विरक्षार्दिक्षवगहु** छ । বিস্ময়ঞ্চ যথে বিপ্রস্তং দৃষ্ট্রা পরনেশ্বরম্ ॥৬॥

উত্তঙ্ক উবাচ।

नत्या नगर्छ मर्वाञ्चन् ! नात्रायः ! । পর্মাজ্ন্ ! পদ্মনাভ ! পুণ্ডরীকাক্ষ ! মাধ্ব ! ॥ ९ ॥ হিরণ্যগর্ভরূপায় সংসারোতারণায় চ। পুরুষায় পুরাণায় শান্তশ্র্তামায় তে নমঃ॥৮॥ অবিভাতি সিরাদিত্যং ভবব্যাধিমহৌষ্ধিম্। সংসারার্ণবিসারং স্থাং প্রণমামি গতির্ভব ॥৯॥

#### ভারতকৌমুদী

স ইতি। দীপ্তিমংপাবকোপমং প্রজলিতাগ্নিত্ল্যম্। সর্বতঃ সর্বাহ্ন দিক্ মুখানি ষ্ম তম্। ষট্পাদোহয়ং শ্লোক:॥৫॥

তদিতি। বৈষ্ণবং যথার্থমেব বিষ্ণুসম্বন্ধি। বিপ্র উত্তরঃ ॥৬॥ নম ইতি। পর: সংক্ৰিং≱ট আতা করণং যতাতৎ সংহাধনম্॥१॥ হিরণ্যেতি। হিরণ্যগর্জপায় চত্রাননমূর্ত্যে ॥৮॥

অর্জুন যে রূপ দর্শন করিয়াছিলেন, বুদ্ধিমান্কুষ্ণ সম্ভন্ত ইইয়া উত্তহকে সেই শাখত বৈষ্ণবন্ধপ দর্শন করাইলোন॥৪॥

উত্তৰ দেখিলোন—মহাত্মা ও মহাবাহু কৃষণ, সহস্ৰ সূৰ্য্যের তুল্য ও প্ৰজ্ঞলিত অগ্নির সমান বিশ্বরূপ ধারণ করিয়াছেন এবং সমস্ত আকাশ ব্যাপ্ত করিয়া ও সকল দিকে মুখ রাখিয়া অবস্থান করিতেছেন॥৫॥

উত্তব্ধ সেই প্রমেশ্বরের স্বরূপ দেখিয়া এবং বিষ্ণুর সেই অস্তুত প্রম বৈষ্ণবরূপ দর্শন করিয়া বিস্ময়াপন্ন হইলেন ॥৬॥

উত্তম্ব লিলেন—'দ্বাজান্! নারায়ণ ৷ প্রমাজান্ ! প্রনাভ !'পুগুরীকাক! মাধব! আপনাকে নমস্কার, আপনাকে নমস্কার॥৭॥

ভগবন্! আপনি ব্ৰহ্মস্বৰূপ, সংসার হইতে উদ্ধারকারী, পুরাণপুরুষ, শাস্ত-ও খ্যামবর্ণ--আপনাকে নমস্কার ॥৮॥

<sup>(1)</sup> ইতঃপ্ৰভৃতি পঞ্চ শ্লোকাং--পি বন্ধ বৰ্ম ন সন্ধি।

সর্ববেদকবেন্তায় সর্ববেদময়ায় চ।
বাস্থদেবায় নিত্যায় নমো ভক্তপ্রিয়ায় তে॥১০॥
দয়য়া জঃখমোহায়াং সমুদ্ধকু মিহাইদি।
কর্মাভর্বহুভিঃ পাপৈর্বদ্ধং পাহি জনার্দ্দন!॥১১॥
বিশ্বকর্মন্! নমস্তেহস্ত বিশ্বাজ্মন্! বিশ্বসন্তব!।
পদ্ভ্যাং তে পৃথিবী ব্যাপ্তা শিরদা চারতং নভঃ॥১২॥
ভাবাপৃথিব্যোর্যমধ্যং জঠরেণ তবার্তম্।
ভূজাভ্যামারতাশ্চাশাস্থমিদং সর্বমচ্যত!॥১৩॥
সংহরস্ব পুনদে ব! রূপমক্ষয়য়ত্তময়্।
পুনস্তাং স্থেন রূপেণ দ্রেষ্ট্ মিচ্ছামি শাশ্বতম্॥১৪॥

#### ভারতকোমুদী

অবিভোতি। অবিভৈব তিমিরমক্কারন্ডতাদিতান্তম্, গতিফপায়: ॥२॥

সর্ব্বেতি। সর্ব্বৈর্বেদ: একম্বিতীয়ং বণা স্থাত্তথা, বেছায় জ্ঞেয়ায় ॥১০॥

দয়য়েতি। পাগৈ: পাপজনকৈ: ॥১১॥

বিখেতি। বিখং সম্ভবত্যশ্মিন্নিতি তৎসম্বোধনম্ ॥১২॥

ভাবেতি। যুন্নধ্যং তদ্জঠবেণাবৃত্মিতি সম্বন্ধঃ। আশা দিশ: ॥১৩॥

সংহরবেতি। অক্ষ্যং কণ্য়িত্মশক্যম্॥১৪॥

আপনি অজ্ঞানরূপ অন্ধকারের সূর্য্য, ভবরোগের মহৌষধি এবং সংসার-সমুদ্রের সার, আমি আপনাকে নমস্কার করি, আপনি আমার গতি হউন ॥৯॥ আপনি সমস্ত বেদের একমাত্র বেছা, সর্ববেদময়, বাস্থদেব, নিভা এবং ভক্তের প্রিয়; আপনাকে নমস্কার ॥১০॥

জনাদিন। আপনি দয়া করিয়া আমাকে হুঃখ ও মোহ ইইতে উদ্ধার করুন। আমি বহুতর পাপজনক কর্মে বন্ধ হইয়াছি, আমাকে রক্ষা করুন ১১১॥

বিশ্বকর্মন্! বিশ্বাজ্মন্! বিশ্বসন্তব! আপনাকে নুমস্কার। আপনার চরণ-যুগলছারা পৃথিবী ব্যাপ্ত হইয়াছে এবং মস্তক্ষারা আকাশ ব্যাপ্ত রহিয়াছে ॥১২॥

আকাশ ও পৃথিবীর যে মধ্যস্থান, তাহা আপনার উদর্বারা ব্যাপ্ত আছে

এবং ভূজ্যুগ্ল্বারা সমস্ত দিক্ ব্যাপ্ত হইয়া রহিয়াছে; অতএব অচ্যুক্ত !
আপনিই এই সমগ্র জগং ॥১৩॥

দেব। এই নিত্য, উত্তম ও অক্ষয় রূপ পুনরায় উপসংহার করুন। আমি
আপনাকে পুনরায় স্কীয় রূপে দেখিতে ইচ্ছা করি'॥১৪॥

# रिवमन्त्रीयन छेवाह ।

তমুবাচ প্রদামাথা গোবিন্দো জনসেজয়!।
বরং র্ণীষেতি তদা তমুত্তকোহত্রবীদিদম্॥১৫॥
পর্য্যাপ্ত এষ এবাত বরস্তব্তো মহাত্যুতে!।
যতে রূপমিদং কৃষ্ণ! পশ্যামি প্রভবাপ্যয়ম্॥১৬॥
তমত্রবীৎ পুনঃ কৃষ্ণো মা মনত্র বিচারয়।
অবশ্যমেতৎ কর্ত্র্যুম্যোঘং দশ্নিং ম্য ॥১৭॥

উত্তক্ষ উবাচ।

অবশ্যং করণীয়ক বছেত্রনান্যসে বিভো!। তোয়ামিছামি যত্তেন্টং সরুষেত্রি তুর্লভিম্॥১৮॥

#### ভারতকোমুদী

তমিতি। প্রসন্ধা শাণাভিপ্রায়নির্বিশ্বণাদক্ষ্চিত্ত: ॥১৫॥ প্রাণ্ড ইতি। প্রাণ্ড: সর্ববে! চাবেন লব:। প্রভবাপ্যয়ং পূর্ববিয়াপ্যানাৎ উৎপত্তিলয়-কারণীভূতম্॥১৬॥

ভমিতি। অতা বরগ্রহণে। অংমাঘ্যবার্থম্॥১৭॥

#### ভারতভাবদীপঃ

ষত্ত্বতা স্থা বিশ্বরূপত্মুক্তং তদেব স্তর্গুক্তি উবাচ—অভিজানামীত্যাদিনা ॥১— ১৩॥ এইব্যে ক্লেইপেক্ষিতে সৃতি ॥১৪—১৫॥ মাতকং চাণ্ডালবিশেসম্ ॥১৬॥ অধং পাদদেশে স্বোতদো দৃতেক্ষারীতি সম্বন্ধ:। তম্ম সমীপে, অধংস্থোতদো ভোগবত্যা ইতি বা ॥১৭—১৯॥

ইতি শ্রীমহাভারতে নৈলক্ষীয়ে ভারতভাবদীপে আশ্বনেধিক-

পর্কাণ অখ্যমেধে সপ্ততিত্যোহধ্যায়: ॥१०॥

বৈশস্পায়ন বলিলেন—জনমেজয়। তথন কৃষ্ণ প্রসন্ধতি ইইয়া উদ্ভদ্ধকৈ বলিলেন—'আপনি বরগ্রহণ করুন।' তৎকালে উদ্ভদ্ধ কৃষ্ণকে এই কথা বলিলেন—॥১৫॥

'মহাছ্যতি। কৃষ্ণ। আমি যে সাপনার এই উৎপত্তি ও লয়ের কারণস্বরূপ রূপ দেখিতে পাইয়াছি, ইহাই আজ আপনা হইতে যথেষ্ট বরলাভ করিয়াছি'॥১৬॥

তখন কৃষ্ণ পুনরায় উত্তহকে বলিলেন—'আপনি এবিষয়ে কোন বিচার করিবেন না। এই বরপ্রহণ আপনার অবশ্য কর্তব্য। কারণ, আমার দর্শন ব্যর্থ হয় না' ॥১৭॥

<sup>(</sup>১৬) পঞ্চামি পুরুষোত্তম !-- পি বস বর্ষ।

ততঃ সংহৃত্য তত্তেজঃ প্রোবাচোত্তক্ষনীশ্বরঃ। এফব্যে সতি চিন্ত্যোহহনিত্যুক্ত্যা বারকাং যথো ॥১৯॥ ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাম্ আশ্বমেধিক-পর্বাণি অশ্বমেধে কৃষ্ণস্থ বারকাপ্রস্থানে সপ্ততিত্যোহধ্যায়ঃ॥০॥ \*

# একসপ্ততিতমোহধ্যায়ঃ।

---:\*:---

বৈশম্পায়ন উবাচ। ততঃ কদাচিদ্ভগবানুত্তঙ্কস্তোয়কাজ্জয়া। তৃষিতঃ পরিচক্রাম মরো সম্মার চাচ্যুতম্॥১॥

#### ভারতকোমুদী

অবভামিতি। যত্ত সক্তৃমিধু তোয়ং জলং স্কৈরিটম্, তত্ত তোয়মিচছামি। মকৰু মক্তৃমিধু⊪১৮⊪

তত ইতি। কিমিন্নপি বস্তুনি ত্রা এইবো সতি অহং চিস্তাঃ স্মরণীয়ঃ, ভবচিস্তোমাত্রে-গৈব তদহং দাস্তামীত্যাশয়ঃ ॥১৯॥

ইতি সহাসহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসগিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুনীসমাধ্যায়াম্ আশ্রমেধিকপর্বনি অশ্রমেধে সপ্ততিত্যোহধ্যায়ঃ ॥•॥

--:\*:---

তত ইতি। মরৌ মরুভূমৌ, অচ্যুতং কৃঞ্ম্॥১॥

উত্ত বলিলেন—'প্রভু! এই বরপ্রহণ যদি আপনি অবশ্য কর্ত্তব্য বলিয়া মনে করেন, তবে আমি এই বরপ্রার্থনা করি যে, যে স্থানে সকলেই জলের অভিলায করে, সেই স্থানে জল হউক। কারণ, মরুভূমিতে জল ত্রেভি'॥১৮॥ তাহার পর কৃষ্ণ সেই তেজের উপসংহার করিয়া উত্তহকে বলিলেন— 'আপনার যখন যে কোন বস্তুর ইচ্ছা হইবে, তখন আপনি আমাকে স্মরণ করিবেন' এই কথা বলিয়া কৃষ্ণ দারকার দিকে প্রস্থান করিলেন॥১৯॥

---:\*:---

বৈশম্পায়ন বলিলেন—তাহার পর কোন সময়ে ভগবান্ উত্তম্ভ পিপাসার্ত্ত অত্যাধ্যায়দমান্তিনাত্তি—বশ্বর্জ নি। ততো দিগ্বাসসং ধীমান্ মাতঙ্কং মলপঙ্কিলম্।
অপশ্যত মরো তিম্মিন্ শ্যুথপরিবারিতম্।
ভীষণং বন্ধনিস্ত্রিংশং বাণকাম্মুকধারিণম্ ॥২॥
তস্থাধঃ স্রোতসোহপশ্যদারি ভূরি দিজোভমঃ।
স্মারমের চ তং প্রাহ মাতঙ্কঃ প্রহসন্ধির ॥৩॥
এত্যক্তক্ষ ! প্রতীচছস্ব মতো বারি ভৃগুদ্বহ !।
কুপা হি মে স্থমহতী স্থাং দৃষ্ট্রা তৃট্সমাঞ্রিতম্ ॥৪॥
ইত্যক্তক্রেন স ম্নিস্তত্যোগ্যং নাভ্যনন্দত।
চিক্রেপ চ স তং ধীমান্ বাগ্ভিক্রগ্রাভিরচ্যুতম্ ॥৫॥

# ভারতকৌমুদী

তত ইতি। দিগ্বাসদং প্রায়েণ নগ্নম, ধীমান্ উত্তক:, মাতদং কঞ্ছিৎ চাণ্ডাল্ম, মল পদ্ধিলং ধ্লিব্যাপ্তদেহম্। শ্ব্থেন কুকু বিসমূহেন পরিবারিতং পরিবেটিতম্। ব্দ্নিস্থিংশং ধৃতত্ত্ববারম্। ষ্ট্পাদোহয়ং শ্লোক: ॥২॥

তত্তেতি। দিজোভাগ উত্তয়: শারন্ ৡকং চিওয়ারেব, তহা তীরবর্তিনো মাতক্ষ আধ: আেতিয়ো নদীপ্রবাহস্ত ভূরি বারি অপস্থাং। তদা চ মাতক্ষ; প্রথমারিব তম্ উত্তরং প্রাহ । আ

এহীতি। প্রতীচ্ছৰ গৃহাণ। তৃট্সমাধিতং তৃফাসমাযুক্তম্ ॥৪॥

ইতীতি। চিকেপ নিনিন্দ, অচ্যুতং জলদানোখ্যাদল্রইন্, তং সাভস্ম্।৫॥

#### ভারতভাবদীপ:

চিক্ষেপ নিন্দিতবান্ অচ্যুতং বরপ্রদং ক্বঞ্ন্॥১—৩॥ প্রলব্ধং বঞ্চিত্র্য।৪—২২॥ ইতি শ্রীমহাভারতে নৈলক্ষীয়ে ভারতভাবদীপে আখনেধিক পর্বাণি অখনেধে একসপ্ততিত্যোহধ্যায়ঃ ॥৭১॥

হইয়া জলকামনায় মকভূমিতে বিচরণ করিতে লাগিলেন এবং কৃষ্ণকে স্মরণ করিলেন ॥১॥

তৎপরে ধীমান্ উত্তক্ক দেখিলেন—প্রায় নগ্নদেহ ও ধূলিধূদরশরীর এক চাণ্ডাল সেই নরুভূমিতে কুরুর্যুথপরিবেষ্টিত হইয়া রহিয়াছে। তাহার আকৃতি ভীষণ, কটিদেশে তরবারি এবং হস্তে ধনু ও বাণ ছিল ॥২॥

ক্রমে ব্রাহ্মণশ্রেষ্ঠ উত্তয় কৃষ্ণকে স্মরণ করিবামাত্রই দেখিলেন— ভীরবর্ত্তী মাতক্ষের নীচে স্রোতের প্রচুর জল রহিয়াছে। তথন মাতক্ষ হাস্ত করিয়াই যেন উত্তমকে বলিলেন—॥৩॥

'ভৃগুবংশশ্রেষ্ঠ উত্তর ! আসুন, আমার নিকট হইতে জলগ্রহণ করুন। কারণ, আপনাকে তৃষ্ণার্গ্ড দেখিয়া আমার গুরুতর দয়া জন্মিয়াছে' ॥৪॥ পুন: পুনশ্চ মাতঙ্গ: পিবস্বৈতি তমত্রবীং।
ন চাপিবং স সক্রোধ: ক্ষুভিতেনান্তরাজানা ॥৬॥
স তথা নিশ্চয়াত্তেন প্রত্যাখ্যাতো মহাজ্মনা।
শ্বভি: সহ মহারাজ! তত্রিবান্তরধীয়ত ॥৭॥
উত্তর্গতঃ তথা দৃষ্ট্রা ততো ত্রীড়িত্রসানস:।
মেনে প্রলক্ষসাজানং ক্ষেনাসিত্রঘাতিনা ॥৮॥
অথ তেনৈব মার্গেণ শঙ্খচক্রগদাধর:।
আজগাম মহাবুদ্ধিরুত্তকৈশ্চনমত্রবীং ॥৯॥
ন যুক্তং তাদৃশং দাতুং ত্বয়া পুরুষসন্তম!।
সলিলং বিপ্রমুখ্যেভ্যো মাতঙ্গন্তোতসা বিভো!॥১০॥

#### ভারতকৌমূদী

পুনরিতি। ন চাপিবং চাণ্ডালম্প্টোদকপাননিবেধাং। তথা চ প্রায়শ্চিত্ততত্ত্বধৃতা
শ্বি:—"বস্তু চাণ্ডালসংস্পৃটং পিবেডোয়মকামত:। স তু সন্তপনং কুচ্ছুং চরেং শুদ্ধর্থ
মাত্মন:" ॥৬॥

দ ইতি। তথা নিশ্চরাৎ চাণ্ডালতয়া নির্ণয়াৎ। খভি: কুরু বৈ: ॥৭॥
উত্তর ইতি। ব্রীড়িতসানসো লক্ষিত্তিয়:। প্রলম্ম প্রতারিতম্ ॥৮॥
অথেতি। শহাচক্রগদাধর: কুফ:। তেনৈব মার্গেণ প্রকারেণ অকমাদিত্যর্থ: ॥৯॥
নেতি। মাতক্রোত্সা চণ্ডালরপেণ ॥১০॥

মাতক এই কথা বলিলে বুদ্ধিম।ন্ উত্তক্ষ্যনি তাহার জলের আদর করিলেন না; বরং উত্রবাক্যে জলদানের উভাগ হইতে অভ্রষ্ট মাতককে নিন্দা করিলেন ॥৫॥

এদিকে মাতক্ত পোন করুন' এই কথা বার বার উত্তহকে বিলাল ; কিন্তু উত্তহমুনি কুবি হইয়া কুবাচিত্তে সেই জাল পান করিলোন না ॥৬॥

মহারাজ ! মহাত্ম। উত্তরমুনি চণ্ডাল নিশ্চয় করিয়া প্রত্যাখ্যান করিলে, মাতঙ্গ কুকুরগুলির সহিত সেই স্থানেই অন্তর্গিত হইল ॥৭॥

তাগার পর উত্তর চেণ্ডালকে অন্তর্হিত দেখিয়া লজ্জিত হ**ইয়া শত্রুহন্ত। কৃষ্ণ** কর্ত্তুক আপনাকে বঞ্চিত মনে করিলেন ॥৮॥

তৎপরে মহাবৃদ্ধি কৃষ্ণ সেই প্রকারেই সেই স্থানে আগমন করিলেন। তখন উত্তর ওঁ!হাকে বলিলেন—॥৯॥

'প্রভূপুরুষপ্রেষ্ঠ ! আপনার চণ্ডালরপে আক্ষণশ্রেষ্ঠকে সেইভাবে জল-দানের চেষ্টা করা উচিত হয় নাই'॥১॰॥ ইত্যুক্তবচনং তং তু মহাবুদ্ধর্জনার্দনঃ।
উত্তরং শ্লক্ষ্মা বাচা সাস্ত্যাদিদনত্তবীৎ ॥১১॥
যাদৃশেনেহ রূপেণ যোগ্যং দাতৃং প্রতেন বৈ।
তাদৃশং থলু তে দত্তং যচচ ছং নাবব্ধ্যথাঃ॥১২॥
ময়া ছদর্থমুক্তো বৈ বক্তপাণিঃ পুরন্দরঃ।
উত্তর্মায়মুতং দেহি তোয়রূপমিতি প্রভুঃ॥১৩॥
স মামুবাচ দেবেন্দ্রো ন মর্ত্যোহ্মর্ত্যতাং ত্রভেং।
অহামন্মৈ বরং দেহীত্যসরুদৃভ্গুনন্দন!॥১৪॥
অমৃতং দেয়মিত্যেব মর্যাবোক্তঃ শচীপতিঃ।
স মাং প্রসাল্য দেবেন্দ্রং পুনরেবেদ্যত্রবীৎ॥১৫॥

# ভারতকোমুদী

ইতীতি। শ্লক্ষা কোমন্যা, সাত্মন্ সভোষয়ন্ ॥১১॥
বাদৃশেনেতি। তাদৃশং রূপং ধুত্তেতি শেবং ॥১২॥
মরেতি। অমৃতং ক্থাম্, প্রভূম্যিয়া এভাবশানী ॥১৩॥

স ইতি। মর্ক্ডো মর্ণধর্মা মাহ্য:, অমর্ক্ডাম্ অমর্থম্। অমৃতদানে তৎপানাদের অমর্থ: ভবেদিতি ভাব: ॥১৪॥

ব্দমুভবিভি। শচীপভিবিদ্র:। প্রসায় কোমলবাক্যেন ॥১৫॥

উত্তম্ক এই কথা বলিলে, মহাবুদ্ধি কৃষ্ণকোমলবাকো উত্তম্ককে সম্ভষ্ট করিতে থাকিয়া এইরূপ বলিলেন—॥১১॥

'ভ্গুনন্দন। যাদৃশ রূপ ধারণ করিয়া জল দেওয়া উচিত ছিল, তাদৃশ রূপ ধারণ করিয়াই আমি আপনাকে জল দিয়াছিলাম, যাহা আপনি বুঝিতে পারেন নাই ॥১২॥

আমি আপনার জম্মই প্রভাবশালী ইন্দ্রকে বলিয়াছিলাম—'আপনি উত্তঃকে জলরূপে অমৃত দান করুন' ॥১৩॥

তখন ইক্স আমাকে বলিয়াছিলেন—'মর্ত্য যেন অমর্ত্যতা প্রাপ্ত না হয় অর্থাৎ মাহূ্য অমৃত পান করিয়া যেন অমর না হইতে পারে; অভএব আপনি উহাকে অন্ত বর দান করুন'। ভ্রতনন্দন! ইক্স আমাকে বার বার এই কথা বলিয়াছিলেন ॥১৪॥

তথন আমি ইস্রকে বলিরাছিলাম—'উত্তছকে অমৃত দিতেই হইবে'। পরে ইস্র আমাকে প্রসন্ন করিয়া পুনরার এই কথা বলিরাছিলেন—॥১৫॥ যদি দেয়মবশ্যং বৈ মাতঙ্গোহয়ং মহামতে !।

তুত্বামৃতং প্রদাস্তামি ভার্গবায় মহাত্মনে ॥১৬॥

যত্যেবং প্রতিগৃহ্লাতি ভার্গবেহামৃতমত্য বৈ ।

প্রদাতুমেষ গচ্ছামি ভার্গবিস্থামৃতং বিভো !।

প্রত্যোখ্যাতস্ত্রহং তেন দাস্থামি ন কথঞ্চন ॥১৭॥

স তথা সময়ং কৃত্বা তেন রূপেণ বাসবঃ।

উপস্থিতস্তয়া চাপি প্রত্যাখ্যাতোহমূতং দদং।

চাণ্ডালরূপী ভগবান স্থাহাংস্তে ব্যতিক্রমঃ ॥১৮॥

যত্তু শক্যং ময়। কর্তুং ভূয় এব তবেন্সিতম্।

তোয়েন্সাং তব তুর্ন্বাং করিয়ে সফলামহম্ ॥১৯॥

বেষহঃস্থ চ তে ব্রহ্মন্ ! সলিলেন্সা ভবিয়্যতি।

তদা মরৌ ভবিয়্যন্তি জলপূর্ণাঃ প্রোধ্রাঃ ॥২০॥

## ভারতকৌমুদী

ষণীতি। মাতদশ্ভাল:। এতেন জলব্দ্ধ্যা চাঙালাদমূতং ন গৃহীয়াদিত্যভিপ্রায়: স্চিত: ॥১৬॥

ৰদীতি। ভাৰ্গৰ উত্তক:। ষট্পাদোহয়ং স্লোক ॥১৭॥

দ ইতি। সময়ং নিয়মম্, তেন চাণ্ডালসম্বন্ধনা। অয়মণি ষট্পাদ: শ্লোক: ॥১৮॥

यमिछि। তোয়েপাং জললিপাম্, ত্র্বাং মেরুস্থানখাদ্হ্রবাম্॥১৯॥

বেষিতি। মরৌ অস্তাং মরুভূমৌ, পয়োধরা মেঘা: ॥২০॥

'মহামতি! যদি উতক্ককে অবশ্যই অমৃত দিতে হয়, তবে আমি চাণ্ডাল হইয়া মহাল্লা উত্তক্ষকে অমৃত দান করিব ॥১৬॥

প্রভু! এইরূপ করিলেও যদি আজ উত্তম্ব অমৃত গ্রহণ করেন, তবে আমি উত্তমকে অমৃত দিবার জন্ম এই গমন করিতেছি। তিনি যদি আমাকে প্রত্যাধান করেন, তবে আমি কোন প্রকারেই উহা দান করিব না' ॥১৭॥

ইন্দ্র সেইরূপ নিয়ম করিয়া চণ্ডালরূপে উপস্থিত হইয়াছিলেন এবং অমৃত দান করিতে প্রের হইলে, আপনি সেই চণ্ডালরূপী ভগবান্ ইন্দ্রকে প্রত্যাখ্যান করিয়াছেন; অভএব আপনার শুরুতর কর্ত্ববালজ্বন হইয়াছে ॥১৮॥

আমি পুনরায় আপনার যে অভীষ্ট সম্পাদন করিতে পারিব, তাহা বলিতেছি—আপনার হছর জললিকা সফল করিব ॥১৯॥

ব্রাহ্মণ! যে সকল দিনে আপনার জললিকা হইবে, সেই সকল দিনেই এই মক্ষভূমিতে মেঘ সকল জলপূর্ণ হইবে ॥২০॥ রসবচ্চ প্রদান্তন্তি তোয়ং তে ভ্ঞনন্দন !।
উত্তক্ষণো ইত্যুক্তাঃ খ্যাতিং যাস্থান্তি চাপি তে ॥২১॥
ইত্যুক্তঃ প্রীতিমান্ বিপ্রঃ ক্ষমেন স বভূব হ।
অত্যাপ্যুক্তক্ষমেঘাশ্চ মরে বর্ষন্তি ভারত ! ॥২২॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাম্ আশ্বমেধিকপর্ববি অশ্বমেধে উত্তক্ষোপাখ্যানে একসপ্ততিত্বোহধ্যায়ঃ ॥০॥ #

# দ্বিসপ্ততিতমোহধ্যায়ঃ।

------

জনগেজয় উবাচ। উত্তহ্য কেন তপদা সংযুক্তো বৈ মহামনাঃ। যঃ শাপং দাতুকামোহভূদ্বিষ্ণবে প্রভবিষ্ণবে॥১॥

#### ভারতকোমুদী

বসবদিতি। বসবৎ স্থাত্, প্রদাশুস্তি তে পয়োধরা: ।২১॥
ইতীতি। বিপ্র উত্তম্ক: । উত্তমধ্যা তদাধ্যায়া বিধ্যাতা মেঘা: ॥২২॥
ইতি মহামহোপাধ্যায়-ভারতাচাধ্য-শ্রীহবিদাসদিধ্যান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং
মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাধ্যায়াম্ আশ্বমেধিকপর্ব্বণি
অশ্বমেধে একসপ্ততিতমোহধ্যায়ঃ ॥•॥

উত্তর ইতি। কেন কীদৃশেন। প্রভবিষ্ণবে প্রভাবশালিনে। "জি ভূবো: স্কু' ইতি ভূব: সুক্ প্রত্যের:। তাদৃশায় বিষ্ণবে শাশদানং মহতত্তপদ এব সম্ভবপরমিতি ভাব: ॥১॥

ভূগুনন্দন! সেই সকল মেঘ আপনাকে সুস্থাত্ জল দান করিবে এবং সেই মেঘ্গুলি 'উত্তহমেঘ। এই নামে বিখ্যাত হইবে'॥২১॥

ভরতনন্দন! কৃষ্ণ এই কথা বলিলে, উত্তক্ষ্ণ সন্তুষ্ট হইলেন। অভাপি সেই মকুভূমিতে উত্তক্ষমেঘের বর্ষণ করিয়া থাকে ॥২২॥

-:\*:-

জনমেজয় বলিলেন—'মহামনা উত্তক্ক কীদৃশ তপস্থাযুক্ত ছিলেন, যিনি মহাপ্রভাবশালী কৃষ্কেও অভিসম্পাত করিতে ইচ্ছা করিয়াছিলেন ?'॥১॥

<sup>· &#</sup>x27;···পঞ্চপঞ্চাশোহধ্যায়ः'—वक वर्ष नि ।

## বৈশস্পায়ন উবাচ।

উত্তক্ষে। মহতা যুক্তস্তপদা জনমেজয় !।

গুরুভক্তঃ দ তেজস্বী নান্সৎ কিঞ্চিদপূজ্য়ৎ ॥২॥

দর্বেষাম্বিপুত্রাণাদেষ আদীন্মনোরথঃ।

গুরুদ্ধীঃ গুরুত্বভিং বৈ প্রাপ্নুয়ামেতি ভারত !॥৩॥

গোতমস্স তু শিয়াণাং বহুনাং জনমেজয় !।

উত্তক্ষেংভ্যধিকা প্রীতিঃ স্নেহদৈচবাভবভদা ॥৪॥

দ তস্ম দমশোচাভ্যাং বিক্রান্তেন চ কর্ম্মণা।

সম্যক্ চৈবোপচারেণ গোতমঃ প্রীতিমানভূৎ ॥৫॥

অথ শিয়াসহ্রাণি সমস্ক্রাতবানৃষিঃ।

উত্তক্ষং পরয়। প্রীত্যা নাভ্যনুজ্ঞাতুমৈছত ॥৬॥

#### ভারতকৌমুদী

উত্তম ইতি। অক্তক্তিম্ম্।২॥

সর্বেষামিতি। মনোরণোহভিলায:। উত্তৰক্তেয়মিতি ঔত্তমী তাম্, গুরৌ বৃত্তিং ব্যবহারম ॥৩॥

গৌতমক্তেতি। গৌতমক্ত তদাখ্যক্ত মহর্ষে: ॥৪॥

স ইতি। দম ইব্রিয়দমনম্, বিক্রান্তেন সাহসসাধ্যেন। উপচারেণ পরিচর্যায়া ॥৫॥
অবেতি। সমহজ্ঞাতবান সমিৎকুশাদিসংগ্রহায়, ঋবিগৌতিমঃ ॥৬॥

বৈশম্পায়ন বলিলেন—জনমেজয় ! উত্তক মহাতপস্থাযুক্ত ছিলেন এবং সেই তেজস্বী উত্তক এমন গুরুভক্ত ছিলেন যে, অগ্ন কাহার ও পূজা করিতেন না ॥২॥

ভরতনন্দন! সকল ঋষিপুতেরই এইরপে অভিলাষ ছিল যে, উত্তেশ্ধের ক্যায় শুংরুভেক্তি যেন লাভ করিতে পারি ॥৩॥

আবার জনমেজয়। মহর্ষি গৌতমেরও বহুতর শিস্তোর মধ্যে উত্তক্কের উপরেই তখন অধিক প্রীতি ও স্নেহ ছিল ॥৪॥

উত্তক্ষের ইন্দ্রিয়দমন, পবিত্রতা, সাহসের কার্য্য এবং সমীচীনভাবে পরি-চর্য্যায় মহর্ষি গৌতমও তাঁহার উপরে বিশেষ প্রীতিযুক্ত ছিলেন ॥৫॥

ক্রেমে মহর্ষি গৌতম, ভিন্ন ভিন্ন কার্য্যের জম্ম সহস্র সহস্র শিব্যকে আদেশ ক্রিভেন; কিন্তু পরম প্রীতিনিবন্ধন উত্তহকে আদেশ ক্রিভে ইচ্ছা ক্রিভেন না ॥৬॥ তং ক্রমেণ জরা তাত। প্রতিপেদে মহামুনিম্।
ন চাম্বৃণ্যত তদা স মুনিগুরুবৎসলঃ ॥৭॥
ততঃ কদাচিদ্রাজেন্দ্র! কাষ্ঠান্থারিত্ব যথোঁ।
উত্তরঃ কাষ্ঠভারক মহান্তং সমুপানয়ৎ ॥৮॥
স তদ্ভারাভিভ্তাত্মা কাষ্ঠভারমরিন্দম!।
নিচিক্রেপ কিতো রাজন্! পরিশ্রোস্থো বুভুক্ষিতঃ ॥৯॥
তত্ম কাষ্ঠে বিলগ্রাভ্জ্জটা রূপ্যসমপ্রভা।
ততঃ কাষ্ঠেঃ সহ তদা পপাত ধরণীতলে ॥১০॥
ততঃ স ভারনিপ্সিটঃ ক্র্ধাবিউন্চ ভারত!।
দৃষ্ট্যা তাং বয়সোহ্বদ্বাং রুরোদার্ভ্রমরস্তদা॥১১॥

# ভারতকৌমুদী

তমিতি। মহাম্নিম্ উত্তহম্ প্রতিপেদে প্রাণ। সম্নিক্তবং ।৭।
তত ইতি। আনগ্রিত্ম্ আনেত্ম্। ঈভাগম আবং ।৮।
স ইতি। তদ্ভাবেণ অভিভৃতাক্ষা ক্লান্তদেহং। বৃভূক্ষিতঃ ক্লার্ডঃ ।৯।
তত্তেতি। বিলগা সংস্কা, ক্ণাসমপ্রভা প্রত্যা ক্লাক্ত্লান্ত্রবর্ণ। ১০॥
তত ইতি। ভাবেণ নিশিষ্টং ক্লান্তঃ। আর্থবরং পীড়াব্যঞ্জক্ঠধ্বনিঃ ৪১১॥
ভারতভাবদীপঃ

উত্তম ইতি ॥১ —৮॥ নিচিক্ষেপেত্যক্র নিশিপেবেতি পাঠেহপি স এবার্ধ: ॥২॥ নিশিষ্ট:

বংস! ক্রেমে জরা আ।সিয়া মগ্যি উত্তহকে আ।ক্রেমণ করিল; কিন্তু তথ্নও গুরুভক্ত উত্তহ তাহা বুঝিতে পারিলেন না॥৭॥

রাজভোষ্ঠ ৷ তাহার পর কোন সময়ে উত্তম কাষ্ঠ আনয়ন করিবার জন্ম গমন করিলেন এবং বিশাল কাষ্ঠর।শি লইয়া আসিলেন ॥৮॥

শক্রদমনকারী রাজ। ! পরিশ্রাস্ত ও ক্ষার্ত উত্তর সেই কার্চরাশির ভারে ক্লাস্তদেহ হইয়াছিলেন বলিয়া তাহা ভূতলে নিকেপ করিলেন॥৯॥

কিন্তু পক হইয়াছিল বলিয়া রূপ।র স্থায় শুত্রবর্ণ। উত্তরের একটা জটা সেই কার্চ্চে জড়াইয়া গিয়াছিল; তাহাতেই উত্তর তখন সেই কার্চের সহিতই ভূতলে পড়িয়া গিয়াছিলেন ॥১০॥

ভরতনন্দন ! ভাহার পর ভারক্লান্ত ও কুধার্ড উত্তম নিজের সেই বয়দের অবস্থা দেখিয়া আর্ডস্বরে রোদন করিতে লাগিলেন ॥১১॥ ততো গুরুত্বতা তহ্ম পদ্মপত্রনিভাননা। জগ্রাহাজ্রণি স্থলোগী করেণ পৃথুলোচনা। পিতুর্নিয়োগাদ্ধর্মজ্ঞা শিরদাবনতা তদা ॥১২॥ তস্থা নিপেততুদ মৌ করো তৈরশ্রু বিন্দুভি:। ন হি তানশ্রুপাতাংস্ত শক্তা ধার্য়িতুং মহী ॥১৩॥ গৌতমস্বত্রবীদ্বিপ্রমৃত্তঙ্কং প্রীত্যানদঃ। কম্মাতাত! তবাতোহ শোকোত্তরমিদং মনঃ। স স্বৈরং ক্রহি বিপ্রর্ষে! শ্রোতৃমিচ্ছামি তত্ত্তঃ ॥১৪॥

উত্তঙ্ক উবাচ।

ভবদগতেন মনসা ভবৎপ্রিয়চিকীর্যয়। ভবদ্ভক্তিগতেনেহ ভবদ্ভাবান্থগেন চ ॥১৫॥ জরেয়ং নাববৃদ্ধা মে নাভিজ্ঞাতং স্থথঞ্চ মে। শতবর্ষোষিতং নাং হি ন স্থমভ্যনুজানিথাঃ ॥১৬॥ (যুগ্মকম্)

#### ভারতকোমুদী

তত ইতি। অশ্রণি নয়নজলানি, ক্র্পোণী শোভননিতমা, পৃথ্লোচনা বিশালনেতা। यहेभानः क्षांकः ॥১२॥

তত্তা ইতি। নিপেততুঃ অপস্তবস্থা, দগ্ধৌ অশ্রবিন্নামত্যুক্তবাৎ ॥১৩॥ গৌতম ইতি। শোক উত্তর: অধিকো যত্র তৎ। বৈরং যথেচ্ছেম্। বট্পাদ: ল্লোক: ॥১৪॥ ভবদিতি। ভবতো ভাবাহুগেন চেষ্টাহুকারিণা। মে ময়া। অভ্যহুজানিধা গৃহগমনায়াহু-জাতবান। "অভভাবো ব্রস্বকার্যন" ইতি নীলকণ্ঠ: ॥১৫--১৬॥

তদনস্থর ধর্মজ্ঞা, পদ্মপত্রের স্থায় বিশালনয়না ৬ স্থুনিভম্বা উত্তক্ষের গুরু-পুত্রী পিতার আদেশক্রমে সহর আসিয়া মস্তক অবনত করিয়া হস্তদারা উত্তক্ষের সেই অশ্রুজল গ্রহণ করিল॥১২॥

সেই অঞ্বিন্দুগুলির উত্তাপে সেই গুরুক্সার হস্তযুগল দক্ষপ্রায় হইয়া সরিয়া গেল। তখন ভূমিও সেই অঞাবিন্দৃগুলি ধারণ করিতে সমর্থ হইল না 11501

এই সময়ে গৌতম আসিয়া সম্ভষ্ট হইয়া উত্তহকে বলিলেন—'বংস! আছ ভোমার মন এই ব্যাপারে কি জ্ঞ গুরুতর শোক্যুক্ত হইয়াছে, ভাহা ভূমি সুপাষ্ট বল। ব্রহ্মর্যি। আমি ভাহা যথার্থরূপে শুনিছে ইচ্ছা করি'॥১৪॥

<sup>(</sup>১২) পিতৃর্নিরোগার্ভাব**জা**—নি।

ভবতা ত্বভাসুজ্ঞাতাঃ শিষ্যাঃ প্রত্যবরাঃ মম। উপপন্না দ্বিজ্ঞোষ্ঠ ! শতশোহথ সহস্রশঃ॥১৭॥ গৌতম উবাচ।

স্থাতিযুক্তেন সয়া গুরুশুশ্রেষয়া তব।
ব্যতিক্রোসমহাকালো নাববুদ্ধে! দ্বিজর্মভ ! ॥১৮॥
কিন্তুত্য যদি তে শ্রেদ্ধা গমনং প্রতি ভার্গব !।
অনুজ্ঞাং প্রতিগৃহ স্থং স্বগৃহান্ গচ্ছ সা চিরম্ ॥১৯॥
উত্তস্ক উবাচ।

গুর্বর্থং কং প্রয়ম্ছামি জাহি স্থা দিজসভ্য !। তমুপাহত্য গচেছ্যুসকুজাত স্থা বিস্ভা ! ॥২০॥

#### ভারতকোমুদী

ভবভেতি। প্রত্যবরা: কনিষ্ঠা:। উপপন্না গার্হস্তাদ্র্যং প্রাপ্যা: ১১॥
ফুদিতি। মহাকালো দীর্ঘ: সময়: ॥১৮॥
কি**স্থিতি। শ্রু**না ইচ্ছা। মা চির্ম্ বিলম্ব: ন কুক্স ॥১৯॥
ভারতভাবদীপ:

চূৰ্ণীভূত ইব ॥১০—১৫॥ অভাস্জানিধা: অভায়জানীধা অভায়জাতবান্ধি, অড়ভাবো ভ্ৰম্ম: চাৰ্যম্ ॥১৬—৩ঃ॥

ইতি শ্রীমহাভারতে নৈলক্ষীয়ে ভারতভাবদীপে আখনেধিক-

পর্কণি অবমেধে দিনপ্রতিতমোগ্ধ্যার: ॥৭২॥

উত্তম্ব লিলেন— 'আমার মন সক্ষদাই আপনার উপরে থাকে, আমি সর্বেদাই আপনার প্রিয়কার্য্য করিবার ইচ্ছা করি এবং আপনার উপরে ভক্তিকরিয়া থাকি, আর সর্বেদাই আপনার অন্তুকরণ করিবার চেষ্টা করি—এই সকল কারণে আমার যে জরা আসিয়াছে, তাহা বুঝিতে পারি নাই, সুখণ্ড জানিতে সমর্থ ই নাই। তার পর, আমি আপনার নিকটে একশত বংসর রহিয়াছি, আপনিও আমাকে গৃহগমনে অনুমতি করেন নাই॥১৫—১৬॥

বাক্ষণশ্রেষ্ঠ ! আমা অপেকা কনিষ্ঠ, শত শত ও সহস্র সহস্র শিষ্যকে আপনি গৃহগমনে অমুমতি দিয়াছেন। তাঁহারা গৃহস্থধর্মও গ্রহণ করিয়া-ছেন'॥১৭॥

গৌতস বলিলেন—'বাহ্মণশ্রেষ্ঠ। তোমার গুরুশুজাষার গুণে আমি তোমার উপরে প্রীতিযুক্ত থাকায়, এই দীর্ঘকালাতিক্রম বুঝিতেই পারি নাই ॥১৮॥

কিন্তু ভৃগুনন্দন ! এখন যদি ভোমার গৃহগমনের প্রভি ইচ্ছা হয়, ভাহ। হইলে আমার অনুমতি লইয়া নিজগৃহে গমন কর, বিলম্ব করিও না'॥১৯॥

# গোত্ৰম উবাচ।

দক্ষিণা পরিতোষো বৈ গুরুণাং সন্তিরুচ্যতে।
তব হাচরতো ধর্মং তুফোইহং বৈ ন সংশয়ঃ।
ইত্থঞ্চ পরিতৃষ্টং মাং বিজ্ঞানীহি ভূগুৰহ!॥২১॥
যুবা মোড়শবর্ষে। হি যজন্ত ভবিতা ভবান্।
দদানি পত্নাং কন্যাঞ্চ স্বাং তে তুহিতরং দ্বিজ্ঞা।
এতামতেইঙ্গনা নাম্যা স্বতেজোইহিতি সেবিতৃম্॥২২॥
ততন্তাং প্রতিজ্ঞাহ যুবা ভূষা যশস্বিনীম্।
গুরুণা চাভাযুক্জাতো গুরুপত্নীয়থাব্রবীৎ॥২০॥

#### ভারতকোমুদী

শ্ববিতি। প্রবর্ধং প্রকদকিণাম্। উপাত্রত্য দত্য ।২০।

मक्ति(निष्ठ। পরিভোষ: পরিভোষসম্পাদনম্। ষট্পাদোইয়: ৻য়াক: ॥২১॥

ষ্বেতি। তবিতা তপোবলেন তবিয়তি। কয়াং কুণারীরপাম্। কতে বিনা, অক্সা
অঞ্না স্থী, সেবিতৃং ধার্য়িতুম্। অক্সান্তপবিজ্ঞাতত্বাৎ অভেজোনারণং সন্তবপরমেবেতি
ভাব:। অয়মণি বট্পাদ: স্লোক:। নহ্ন "ব্রহ্মদাতৃগু বোলৈচব সন্ততিঃ প্রতিবিধ্যতে" ইত্যুদাহতত্ত্বাব্রা। বেদাধাপকক্সাপরিণয়নিবেধাং কথমত্ত তৎপ্রতাব ইতি চের অক্সা অসবর্ণভাব্যাজাভত্বাবধারণাৎ বামিভানেন চ ক্ষেত্রজাবাবর্তনাৎ ॥২২॥

তত ইতি। অভাহুজাভো দকিণাদানাভিপ্রায়বোদনায় ।২৩।

উত্তম বলিলেন—'বাকাণশ্রেষ্ঠ! আমি আপনাকে কি গুরুদক্ষিণা দিব, ভাহা বলুন। প্রভূ! আমি ভাহা দান করিয়া আপনার অফুমতি লইয়া গৃহে গমন করিব'॥২০॥

গৌতম বলিলেন—'পশুতেরাবলেন—'শুরুর সস্তোষবিধানই শুরুদক্ষিণা; অভ এব তুমি যে শুশ্রারপ ধর্মাচরণ করিতেছিলে, তাহাতেই আমি সম্ভষ্ট হটয়াছি, এবিষয়ে কোন সন্দেহ নাই; মুতরাং ভৃগুবংশশ্রেষ্ঠ! এই কারণেই তুমি আমাকে পরিতৃষ্ট বলিয়া অবগত হও ॥২১॥

বাহ্মণ ! তুমি যদি আজ বোড়শবর্ষীয় যুবা হও, তাহা হইলে আমি আমার কুমারী তনয়াটীকে তোমার পত্নীরূপে দান করি। কারণ, আমার তনয়া ব্যতীত অক্সন্ত্রী ভোমার তেজ ধারণ করিতে সমর্থ হইবে না' ॥২২॥

ভাহার পর উত্তর যুবক হইয়া গৌতমের সেই যশবিনী ক্সাটীকে পদ্ধী-রূপে গ্রহণ করিলেন এবং গুরুর অহুমতিক্রমে গুরুপদ্ধীর নিক্ট বাইরা বলিলেন—॥২৩॥

<sup>(</sup>२) ७२ शहराका अवन्-शि रक वर्ष।

কিং ভবতৈত প্রয়হামি গুর্বর্থং বিনিযুক্ত্র মাম্। প্রিয়ং হিতঞ্চ কাজ্জামি প্রাণৈরপি ধনৈরপি ॥২৪॥ যদ্জুল্ল ভং হি লোকেহিমিন্ রত্ত্মসত্ত হং মহৎ। তদানয়েয়ং তপসান হি মেহত্রান্তি সংশয়ঃ॥২৫॥

#### অহল্যোবাচ।

পরিতুষ্টাস্মি তে বিপ্র ! নিত্যং ভক্ত্যা তবানঘ !। পর্য্যাপ্তমেতদ্ভদ্রং তে গচ্ছ তাত ! যথেপ্সিতম্ ॥২৬॥

বৈশস্পায়ন উবাচ।

উত্তক্ষস্ত মহারাজ ! পুনরেবাত্রবীদ্বচঃ। আজ্ঞাপয়স্ব মাং মাতঃ ! কর্ত্তব্যঞ্চ তব প্রিয়ম্॥২৭॥ অহল্যোবাচ।

সোদাসপত্ন্যা বিশ্বতে দিব্যে যে মণিকুগুলে। তে সমানয় ভক্রং তে গুর্বার্থঃ স্থকৃতো ভবেৎ ॥২৮॥

# ভারতকৌমুদী

কিমিতি। গুর্বর্থং গুরুদক্ষিণাদানার্থম্। প্রিয়ং হিতঞ্চ ভ্ৰত্যা ইতি শেষঃ ॥২৪॥ ব্দিতি। আন্যেয়ম্ অহমানেতৃং শক্ষুয়াম্ ॥২৫॥

পরীতি। এতং পরিতৃষ্ট্রম্ পর্যাপ্তং যথেটং দক্ষিণাদানং জাতম্, তে তব ভদ্রং মঙ্গল-মন্ত ॥২৬॥

উত্তম ইতি। কর্ত্তবাং ময়েতি শেষঃ ॥২৭॥
সৌদাসেতি। সৌদাসক্ত তদাথাক্ত বাজঃ পত্না, ত্মকুতঃ সম্যগ্বিহিতঃ ॥২৮॥

'মা! আমি আপনাকে কি গুরুদক্ষিণা দান করিব, তাহা আমাকে আদেশ করুন! আমি প্রাণ এবং ধনদারাও আপনার প্রিয় ও হিতকার্য্য করিতে ইচ্ছা করি ॥২৪॥

এই জগতে অত্যন্তুত যে মহারত্ব হল্ল ভি, তাহাও আমি তপোবলৈ আনয়ন করিতে পারিব, এবিষয়ে আমার কোন সন্দেহ নাই' ॥২৫॥

অহল্যা বলিলেন—'নিষ্পাপ বাহ্মণ! সর্বাদা ভোমার ভক্তির গুণেই আমি সম্ভষ্ট আছি, ইহাই ভোমার যথেষ্ট গুরুদক্ষিণা। বংস! ভোমার মঙ্গল হউক, তুমি ইচ্ছামুসারে যাইতে পার'॥২৬॥

বৈশম্পায়ন বলিলেন—মহারাজ। উত্তম পুনরায় এই কথা কহিলেন—
'মা। আপনি আদেশ করুন, আমি আপনার প্রিয়কার্য্য অবশুই ক্লিন' ॥২৭॥

# বৈশস্পায়ন উবাচ। #

স তথেতি প্রতিশ্রুত্য জগাম জনসেজয়!।
গুরুপত্নীপ্রিয়ার্থং বৈ তে সমানয়িত্বং তদা ॥২৯॥
স জগাম ততঃ শীদ্রমূত্তকো ব্রাহ্মণর্যভঃ।
সৌদাসং পুরুষাদং বৈ ভিক্ষিত্বং মণিকুগুলে ॥৩০॥
গৌতমস্বব্রবীৎ পত্নীমূত্তকো নাত্র দৃশ্যতে।
ইতি পৃষ্টা তমাচষ্ট কুগুলার্থে গতঞ্চ সা ॥৩১॥
ততঃ প্রোবাচ পত্নীং স ন তে সম্যগিদং কৃতম্।
শপ্তঃ স পার্থিবো নুনং ব্রাহ্মণং তং বধিষ্যতি ॥৩২॥

#### ভারতকৌসুদী

স ইভি। ভে ছে মণিকুগুলে, সমানিয়িতৃং সমানেতৃম্॥২১॥

স ইতি। পুৰুষং মাহ্ৰম্ অত্তি থাদতীতি পুৰুষাদন্তম্। সৌদাসো নাম রাজা মূনি-শাপেন রাক্ষসত্তং প্রাপ্ত ইতি পুর্বম্পাধ্যানং ক্রষ্টব্যম্ ॥৩০॥

গৌতম ইতি। পত্নীমহল্যাম্। আচ্ট অব্ৰবীৎ ১০১॥ তত ইতি। সংগৌতম:, তে হলা। তম্ভহম্ ১৮২॥

অহল্যা বলিলেন — 'বংস! সৌদাসরাজার পত্নী যে ছইটী অলোকিক মণি-কুণ্ডল ধারণ করেন, তুমি সেই ছইটী মণিকুণ্ডল আমার জন্ম আনয়ন কর, তাহা হইলেই তোমার গুরুদক্ষিণাদান সমীচীনভাবে সম্পাদিত হইবে, তোমার মঙ্গল হউক' ॥২৮॥

বৈশম্পায়ন বলিলেন—জনমেজয় ! তখন উত্তক্ক 'তাহাই হইবে' এই কথা বলিয়া গুরুপত্মীর প্রিয়কার্য্য করিবার জন্ম সেই মণিকুগুল হুইটী আনয়ন করিতে গমন করিলেন ॥২৯॥

তাহার পর বাহ্মণশ্রেষ্ঠ সেই উত্তম্ভ নরভক্ষক সৌদাসরাজার নিকটে মণি-কুগুল ভিক্ষা করিবার জন্ম সম্বর গমন করিলেন ॥৩০॥

এই সময়ে গৌতম অহল্যাকে বলিলেন—'এই আশ্রমে ত উত্তস্ককে দেখিতেছি না', গৌতম এইরূপ জিজ্ঞাসা করিলে, অহল্যা বলিলেন—'উত্তস্ক মণিকুণ্ডল আনয়ন করিবার জম্ম সৌদাসরাজার নিকট গিয়াছে' ॥৩১॥

তদনস্তর গৌতম অহল্যাকে কহিলেন—'তুমি এই কার্য্য ভাল কর নাই। কারণ, মুনিশাপথ্যস্ত সেই সৌদাসরাজা নিশ্চয়ই সেই ব্রাহ্মণকে বধ করিবে' ॥৩২॥

अव गार्ठः—िश वक वर्ष नाणि।

<sup>(</sup>৩১) উত্তৰো নাম দুখতে—পি বদ বৰ্ষ।

#### অহল্যোবাচ।

আজানত্যা নিযুক্তঃ স ভগবন্ ! ব্রাক্ষণো ময়া।
ভবৎপ্রসাদাম ভয়ং কিঞ্চিত্ত ভবিষ্যতি ॥৩৩॥
ইত্যুক্তঃ প্রাহ তাং পত্নীমেবমস্ত্রিতি গৌতমঃ।
উত্তক্ষোহিপি বনে শৃত্যে রাজানং তং দদর্শ হ ॥৩৪॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাম্ আশ্বমেধিক-পর্বাণি অশ্বমেধে উত্তক্ষোপাখ্যানে দ্বিসপ্ততিত্যোহধ্যায়ঃ॥০॥ \*

# ত্রিসপ্ততিতমোহধ্যায়ঃ।

--:#:--

বৈশাম্পায়ন উবাচ।

স তং দৃষ্ট্যা তথাভূতং রাজানং ঘোরদর্শনম্।

দীর্ঘশ্মশ্রুধরং নূণাং শোণিতেন সমুক্ষিতম্।

চকার ন ব্যথাং বিপ্রো রাজ। ত্বেনমথাত্রবীৎ।
প্রত্যুত্থায় মহাতেজা ভয়কর্ত্তা যমোপমঃ ॥২॥ (যুগ্মকম্)

#### ভারতকোমুদী

অন্ত্যানিত্যতি। ভবত: প্রসাদাদমূগ্রহাৎ ॥৩৩॥
ইতীতি। এবমস্ত উত্তকো নির্ভয়ো ভবতু ॥৩৪॥
ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধাস্তবাগীশভট্টাচার্য্যবিরচিভায়াং
মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাধ্যায়াম্ আশ্বমেধিকপর্ব্যনি
অশ্বমেধে বিসপ্ততিতমোহধ্যায়ঃ ॥৩॥

অহল্যা বলিলেন—'ভগবন্! আমি ইহানা জানিয়া সেই ব্রাহ্মণকে নিযুক্ত করিয়াছি, তবে আপনার অনুগ্রহে উত্তক্ষের কোন ভয় হইবে না' ॥৩৩॥

অহল্যা এইরূপ বলিলে, গৌতম তাঁহাকে বলিলেন—'এইরূপই হউক'। ওদিকে উত্তরও নির্জ্জন বনমধ্যে যাইয়া সৌদাসরাজাকে দেখিতে পাইলেন ॥৩৪॥

<sup>(</sup>७७) अकानका नियुक्तः म-- वक वर्षः नि।

<sup>\* &#</sup>x27;... यहे शकारणा २ था ग्रः'-- तक वर्ष नि ।

मिक्छा प्रमि कला। । यर्छ काल गर्भाखिकम्। ভক্ষ্যং মুগয়মাণস্থা সম্প্রাপ্তো বিজসতম ! ॥এ॥

। বাচৰ্ভ ক্ষমন্ত

রাজন ! গুর্বর্থিনং বিদ্ধি চরন্তং সামিহাগতম। ন চ গুৰ্বৰ্থমৃদ্যুক্তং হিংস্থম। ছম নীষিণঃ ॥ ৪॥

বাজোবাচ।

যতে কালে মুমাহারো বিহিতো দ্বিজ্ঞসভ্য !!। ন শক্যস্তং সমুৎস্রফটুং কুধিতেন ময়াছ্য বৈ ॥৫॥

উত্তক্ষ উবাচ।

এবসস্তু মহারাজ ! সময়ঃ ক্রিয়তাং তু সে। গুর্বর্থমভিনির্বর্ত্ত্য পুনরেয়ামি তে বশম্ ॥৬॥

## ভারতকৌমূদী

ন্ণাং পূর্বং ভক্ষিতানাং মাহ্যাণাম্ ব্যথাং ভয়নিবন্ধনাং পীড়ান্, বিপ্র স ইতি। উত্তৰ ।১---২।

मिटिहा ि । मिटेहा मन्डारगान, यटि यर्थयामार्थः मन्डक्याय निर्मिटिह । मृगग्रमान्छ অধিয়ত: ৷৷৩৷

রাজরিতি। গুর্বাধিনং গুরুদকিণাথিনম্। গুর্বার্থং গুরুদকিণাগ্রহণনিমিত্তম্ ॥৪॥ বর্চ ইতি। বিহিত: শাপদাত্রা। সমুৎস্র ইং পরিত্যকুমু ॥ ৫॥ এব্যিতি। সময়ো নিয়ম:, মে ময়া। অভিনিক্তি সর্ক্থা নিস্পাভা।৬॥

বৈশম্পায়ন বলিলেন—দীর্ঘশাঞাধারীও নররজে সিক্তদেহ, ঘোরদর্শন সেইরূপ সেই রাজাকে দেখিয়াও উত্তম্ভ ভয় করিলেন না; কিন্তু যমের তুল্য ভয়ঙ্করমূর্ত্তি ও মহাতেজা রাজা গাত্রোত্থান করিয়া উত্তহ্ধকে বলিলেন—॥১—২॥

'ব্ৰাহ্মণশ্ৰেষ্ঠ কল্যাণদৰ্শন ৷ আমি এই দিনের ষ্ঠ্যামাৰ্দ্ধে খাত অৱেষণ করিতেছিলাম, এই সময়ে তুমি ভাগ্যবশতঃ আমার নিকট উপস্থিত হইয়াছ' ॥৩॥

উত্তক্ক বলিলেন—'রাজা! আপনি ইহা অবগত হউনযে, আমি গুরুদক্ষিণা-প্রার্থী হইয়া বিচরণ করিতে করিতে এইস্থানে আসিয়াছি। জ্ঞানীরা বলেন-প্রক্রদক্ষিণার্থ উদ্ভত লোককে হিংসা করিবে না' ॥৪॥

রাজা বলিলেন - 'বাক্ষণশ্রেষ্ঠ! শাপদানকারী মুনি দিনের ষষ্ঠ্যামার্চ্জে আমার আহার নিদিষ্ট করিয়াছেন; সুতরাং আমি আজ কুধার্ত অবস্থায় ভোমাকে পরিভ্যাগ করিছে পারি না' ॥৫॥

সংশ্রুত শ্ব সয়া যোহর্থো শুরুবে রাজসত্তম !।

ঘদধীনঃ স রাজেন্দ্র ! তং ছাং ভিক্ষে নরেশ্বর !॥৭॥

দদাসি বিপ্রমুখ্যেভাস্তং হি রড়ানি নিত্যদা।

দাতা চ ছং নরব্যান্ত্র ! পাত্রভূতঃ কিতাবিহ।

পাত্রং প্রতিগ্রহে চাপি বিদ্ধি মাং নৃপসত্তম !॥৮॥

উপাহ্রত্য শুরোরর্থং ছদায়ত্তমরিন্দম !।

সময়েনেহ রাজেন্দ্র ! পুনরেয়ামি তে বশম্॥৯॥

সত্যং তে প্রতিজানামি নাত্র সিধ্যা কথঞ্চন।

অনুতং নোক্তপূর্বাং মে সৈরেম্বপি কুতোহ্যাধা॥১০॥

# ভারতকোমুদী

সংশ্রত ইতি। সংশ্রতঃ প্রতিজ্ঞাতঃ, অর্থঃ প্রয়োজনম্ধনং বা। ভিক্কে প্রার্থামি ॥ १॥
দদাসীতি। পাত্রভৃতোহহম্। ষট্পাদোহয়ং শ্লোকঃ ॥৮॥
উপেতি। অর্থং ধনম্। সময়েন মর্যৈব ক্তেন নিয়মেন ॥ ৯॥
সভ্যমিতি। অনৃতং মিধ্যা, বৈবেশপি অচ্ছক। লাপেশপি। ইদানীম্ অভ্যথা মিধ্যা
ক্তো ব্রীমীতি শেষঃ ॥ ১ ০॥

উত্তক্ষ বেলিলোন— 'মহারাজ! এইরপেই হউক; কিন্তু আমি একটী নিয়ম করিতেছে। আমি গুরুদক্ষিণা সম্পন্ন করিয়া আসিয়া পুনরায় আপনার বশী-ভূত হইব ॥৬॥

রাজভোঠ। আমি গুরুর নিকটে যে বিষয়ে প্রতিজ্ঞা করিয়াছি, রাজেন্দ্র । তাহা আপনার অধীন। অত এব নরেশর। আমি আপনার নিকট তাহা প্রার্থনা করি ॥৭॥

নরশ্রেষ্ঠ রাজপ্রধান! আপনি সর্ববদাই ব্রাহ্মণগণকে রত্নদান করিয়া থাকেন; স্ত্রাং আপনি দাতা বলিয়া প্রসিদ্ধ, আমিও এই পৃথিবীতে দানের পাত্র। রাজ্যপ্রেষ্ঠ! আপনি আমাকে প্রতিগ্রহের পাত্র বলিয়া অবগভ ইউন ॥৮॥

শক্রদমন রাজশ্রেষ্ঠ ! আমি আপনার অধীন গুরুদক্ষিণার ধন গুরুকে উপহার দিয়া উক্ত নিয়ম অমুসারে এখানেই আসিয়া পুনরায় আপনার অধীন হইব ॥১॥

আমি আপনার নিকট সভ্যপ্রতিজ্ঞা করিতেছি, এবিষয়ে আমার কথ।

# সোদাস উবাচ।

যদি মক্তন্তবায়তো গুর্বর্থঃ কৃত এব সঃ। যদি চান্মি প্রতিগ্রাহাঃ সাম্প্রতং তদ্বদম্ব মে॥১১॥ উত্তক্ষ উবাচ।

প্রতিগ্রাহ্যে। মতো মে দ্বং সদৈব পুরুষর্বভ !। সোহহং ত্বামনুসম্প্রাপ্তো ভিক্ষিত্রং মণিকুণ্ডলে ॥১২॥

त्नीनान छेवाह।

পত্ন্যান্তে মম বিপ্রর্ধে ! উচিতে মণিকুণ্ডলে । বর্মার্থং ত্বমন্তং বৈ তং তে দাস্থামি স্কব্রত ! ॥১০॥ উত্তর্জ উবাচ ।

অলং তে ব্যপদেশেন প্রমাণং যদি তে বয়ম্। প্রয়চ্ছ কুণ্ডলে মহুং সত্যবাগ্ভব পার্থিব!॥১৪॥

### ভারতকৌমূদী

যদীতি। তব শুর্কর্থো শুরুদক্ষিণার্থং ধনম্, যদি মত্তো মম আয়ত্তঃ অধীন:, তদা স ময়া ক্লত এব। প্রতিগ্রাহৃত্বয়া। নবভক্ষকতাদপ্রতিগ্রাহ্য এবাহমিতি ভাব: ॥১১॥

প্রতীতি। প্রতিগ্রাহোমত:, নরভক্ষকত্বেইপি অভাপি পাতিত্যাভাবাদিত্যাশয়: ॥১২॥ পর্যা ইতি। উচিতে মংপ্রদানেনৈর স্তীধনত্বাং তত্মা এর দানধাগ্যে। অক্তমর্থং ধন্ম, বরয় প্রাথিয় ॥১৩॥

কোন প্রকোরেই মিথ্যা হইবে না। কারণ, আমি পুর্বেক ইচ্ছা**মুরূপ আলাপের** সময়েও মিথ্যাকথা বলি নাই, এখন কেন মিথ্যাকথা বলিব'॥১০॥

সৌদাসরাজা বলিলেন—'ব্রাহ্মণ! আপনার গুরুদক্ষিণার ধন যদি আমার অধীন হয় এবং আমার নিকটে প্রতিগ্রহ করা যদি আপনি সঙ্গত মনে করেন, তাহা হইলে আমি আপনার প্রাথিতবিষয় সম্পাদন করিয়াছি (ইহা মনে করুন)। এখন আপনি আমার নিকট সেই বিষয় বলুন'॥১১॥

উত্তম বলিলেন—'পুরুষশ্রেষ্ঠ ! আমি মনে করি, আপনি সর্ব্বদাই আমার প্রতিগ্রাহ্য অর্থাৎ আপনার নিকট আমার প্রতিগ্রহ করা সঙ্গত ; স্কুতরাং আমি তুইটী মণিকুণ্ডল প্রার্থনা করিবার জন্ম আপনার নিকট আসিয়াছি' ॥১২॥

সৌদাসরাজা বলিলেন—'ব্ৰহ্ময়ি। আমার পত্নীই সেই ছুইটী মণিকুণ্ডল দান করিবার যোগ্যা; অতএব আপনি আমার নিকট অভা ধন প্রার্থনা করুন, আমি সেই অথ আপনাকে দান করিব'॥১৩॥

<sup>(&</sup>gt;8) श्रमांगा यनि एक तम्य--- वक वर्षा

বৈশম্পায়ন উবাচ।

ইত্যুক্তস্ত্ত্ৰবীদ্ৰাজা তমুত্তকং পুনৰ্বচঃ। গচ্চ মন্বচনাদ্দেবীং ক্ৰহি দেহীতি সত্ত্য। ॥১৫॥ সৈবমুক্তা দ্বা নূনং মন্বাক্যেন শুচিত্ৰতা। প্ৰদাস্থতি দ্বিজ্ঞোষ্ঠ। কুগুলে তে ন সংশয়ঃ॥১৬॥

উত্তঙ্ক উবাচ।

ক পত্নী ভবতঃ শক্যা সয়। দ্রফ্টুং নরেশ্বর !। স্বয়ং বাপি ভবান্ পত্নীং কিমর্থং নোপসর্পতি ॥১৭॥

সোদাস উবাচ।

তাং দ্রক্ষ্যতি ভবানত কক্মিংশ্চিম্বননিঝ রে। ষষ্ঠে কালে ন হি ময়া সা শক্যা দ্রস্ট্যত বৈ ॥১৮॥

## ভারতকৌমুদী

অলমিতি। ব্যপদেশেন চ্ছলেন, প্রমাণং পাত্রত্বেন নিদিটা:। সত্যবাগ্তব "কৃত এব স" ইতি প্রাপ্তক্রত্বাং ॥১৪॥

ইতীতি। দেবীং মংপত্নীম্, দেহি মণিকুগুলে ইভি শেষ: ॥১৫॥ সেতি। নৃনং নিশ্চিতম্, শুচিত্রতা পবিত্রনিয়মা ॥১৬॥ কেতি। নোপসর্পতি কুগুলদানার্থং নোপগচ্ছতি ॥১৭॥

তামিতি। বননিঝ বৈ বনস্থিত পার্কাত্যজল প্রপাতসমীপে। এই ুং ন হি শক্যা ওস্থা এব হস্তব্যস্থলস্থবং ॥১৮॥

উত্তর বলিলেন—'রাজা! আমি যদি আপনার দানের পাত বলিয়া বিবেচিত হই, ভাহা হইলে আপনি ছল করিবেন না, সেই কুগুল ছুইটী আমাকে দান করুন এবং সভ্যবাদী হউন' ॥১৪॥

বৈশশ্পায়ন বলিলেন—'উত্তম এইরূপ কহিলে রাজা সৌদাস সেই উত্তমকে পুনরায় এই কথা কহিলেন—'সাধুশ্রেষ্ঠ! আপনি আমার বাক্যামুসারে মহিষীর নিকট গমন করুন এবং বলুন যে, 'আমাকে মণিকুগুল ছইটী দান করুন' ॥১৫॥

ত্রাহ্মণশ্রেষ্ঠ ! আপনি আমার বাক্যান্ত্রসারে এইরূপ বলিলে সেই পবিত্র-নিয়মা মহিনী নিশ্চয়ই সেই কুণ্ডল ছুইটা আপনাকে দান করিবেন এবিষয়ে কোন সন্দেহ নাই'॥১৬॥

সেতি। বাষ্পকলাম্ ৰাষ্পাগৰ্গদাম্, বাচমার্ত্তনাদঞ্চ, নিগৃফ্ নিবার্ধ্য। স্থাংবীতা বল্লেণা-বৃত্তশারীরা, দেবী উত্তরা, ঈয়ুবী প্রাপ্তবতী ॥১০॥

পেতি। দ্যমানেন সম্বপ্তেন, তপশ্বিনী শোচনীয়া উত্তরা। ক্রপণং করুণম্ ॥১১॥
পুগুরীকেতি। বিনাক্তেটা বিহীনো। হতেটা দৈবেন ॥১২॥
বাফেরিতি। মধুং তদাধ্যমস্বরং হস্তীতি মধুহা তৎসংঘাধনম্॥১৬॥

কৃষ্ণ প্রফুল্লবদন হইয়া তখন সেইরূপ বলিলে, ডৌপদী সহর যাইয়া উত্তরাকে এই কথা বলিলেন—॥৮॥

'ভজে! তোমার মাতৃল-খশুর প্রাচীন নারায়ণঋষি, অচিস্তনীয়প্রভাব ও অপরাজিত মধুসুদন এই তোমার নিকট আসিতেছেন'॥৯॥

ভখন উত্তরাদেবীও দেবতার স্থায় ক্ষণকে দেখিতে পাইয়া বাষ্পাক্ষ আর্ত্তনাদও অঞ্জল নিবারণ করিয়া, শরীরটীকে বস্তার্ত করিলেন ॥১০॥

এবং শোচনীয়া উত্তরা কৃষ্ণকৈ আসিতে দেখিয়া সম্ভগুহাদয়ে করুণ বিলাপ করিতে লাগিলেন ॥১১॥

'পুগুরীকাক্ষ! দেখুন—অভিমন্ত্য ও আমি—আমরা ছইজনই পুত্রবিহীন হইয়াছি। জনার্দন! বিধাতা আমাদের ছইজনকৈই সমানভাবে নিহত করিয়া-ছেন॥১২॥

মধুনাশন বীর বৃঞ্চিনন্দন! আমি মস্তক অবনত করিয়া আপনাকে প্রসন্ধ

<sup>(&</sup>gt;) ভর্ত্বাভুলো বধুস্দন:--নি।

যদি স্ম ধর্মরাজ্ঞা বা ভীমদেনেন বা পুনঃ।
ছয়া বা পুগুরীকাক ! বাক্যমুক্ত সিদং ভবেৎ ॥১৪॥
অজানতীসীধীকেয়ং জনিত্রীং হস্ত্রিতি প্রভো!।
অহমেব বিনষ্টা স্থাং নায়মেবংগতো ভবেৎ ॥১৫॥ (য়ৄয়য়য়য়)
গর্ভস্থাস্থ বালস্থ ব্রহ্মাস্ত্রেণ নিপাতনম্।
কৃত্ব। নৃশংসং তুর্ জিজোঁণিঃ কিং ফলমগ্লুতে ॥১৬॥
সা ছাং প্রসাত্র শিরসা যাচে শক্রনিবর্হণ!।
প্রাণাংস্ত্যক্র্যামি গোবিন্দ! নায়ং সঞ্জীবতে যদি ॥১৭॥
ভাস্মিন্ হি বহবং সাধো! যে ম্যাসন্মনোর্থাঃ।
তে জোণপুত্রেণ হতাঃ কিং মু জীবাসি কেশব!॥১৮॥

#### ভারতকোমুদী

ষদীতি। ধর্মরাজ্ঞাধর্মরাজেন। অজানতীং ব্রহ্মাজমর্ধ্যমানাম্, জনিত্রীং জনম্বিত্রীম্। অয়ং বালঃ, এবংগতো মৃতো ন ভবেং ॥১৪—১৫॥

গর্ভেতি। স্রৌণিরশ্বথামা, অশুতে ভূত্তে ॥১৬॥ সেতি। অয়ং বালং, সঞ্জীবতে সঞ্জীবতি ॥১৭॥ অস্মিন্নিতি। অস্মিন্ বালে, মনোরধা অভিলাশাং ॥১৮॥

করিতেছি। আপনি ভাশখামার অস্ত্রে দগ্ধ আমার এই পুত্রটীকে সঞ্জীবিত করুন ॥১৩॥

পুগুরীকাক ! ধর্মারাজ, ভীমসেন বা আপনি যদি এইরপে বাক্য বলিতেন যে, 'এই ঈধীকা অজ্ঞাতভাবে জননীকে ২ধ করুক।' প্রভু! ভাহা হইলে আমিই বিনষ্ট হইতাম; কিন্তু এই বালক বিনষ্ট হইত না॥১৪—১৫॥

হায়! তুর্দ্ধি অখথানা অক্ষাস্ত্ৰদার। গভস্তিত এই বালকের নৃশংস হত্যা ক্রিয়া কি ফল পাইয়াছে ? ॥১৬॥

শক্রনাশক! গোবিন্দ! আমি মস্তক্ষারা আপনাকে প্রসন্ম করিয়া প্রার্থনা করি যে, এই বালক যদি না বাঁচে, তাহা হইলে আমি প্রাণভ্যাগ করিব ॥১৭॥ কারণ, সাধু কেশব! এই বালকের উপরে আমার যে বছভার ভাভিলাষ ছিল, সে সমস্তই অখখামা নই করিয়া দিয়াছে; স্তরাং আমি আর বাঁচিয়া থাকিব কেন॥১৮॥

- (১৫) নৈতমেবং গতো ভবেং--পি বন্ধ বর্দ্ধ।
- (১৭) হাচে শক্রনিবর্ছণম্—পি ব**ল** বর্দ্ধ।

আসীমান মতিঃ কৃষ্ণ ! পুত্রোৎসঙ্গ। জনার্দন !।
অভিবাদয়িয়ে হুকেতি তদিদং বিতথীকৃত্যু ॥১৯॥
চপলাক্ষ্য দায়াদে মুতেহিমান্ পুরুষর্যভ !।
বিফলা মে কৃতাঃ কৃষ্ণ ! হুদি সর্বে মনোরথাঃ॥২০॥
চপলাক্ষঃ কিলাতীব প্রিয়স্তে মধুসূদন !।
হুতং পশ্য স্থাইস্থনং ব্রহ্মাস্ত্রেণ নিপাতিত্যু ॥২১॥
কৃতম্মোহয়ং নৃশংসোহয়ং যথাস্য জনকন্তথা।
যঃ পাগুবীং শ্রেয়ং ত্যক্ত্র। গতোহগ্য যমসাদনম্ ॥২২॥
ময়া চৈতৎ প্রতিজ্ঞাতং রণমুর্দ্ধনি কেশব!।
অভিমন্থো হতে বীর! স্থামেয়াম্যচিরাদিতি ॥২০॥

#### ভারতকৌমূদী

আসীদিতি। মতিরভিলাষ:, পুত্র: উৎসকে ক্রোড়ে ষস্তা: সা। বিভ**ণীকৃতং দৈবেন** মিধ্যাকৃতম্ ॥১৯॥

চপলেতি। চপলাকত চপলনয়নতাভিমত্যো:, দায়াদে পুতে ॥২০॥ চপলেতি। চপলাকে।২ভিমন্তঃ। অত্য চপলাকত ॥২১॥

কুতন্ন ইতি। অশু অখথায়: জনকো দ্রোণো ষথা, তথা অয়মখথামাপি কৃতন্ন: গাওব-কৃতোপকারাম্মরণাৎ, অয়মখথামা নৃংশসং ক্রেশ্চ বছভিরেক্তৈত্ব নিরপরাধবালকত্ত হননাৎ। বো জনকো দ্রোণা:, পাগুবীং শ্রিমং ত্যক্ত্বা, অহু যমসাদনং গতঃ। পাগুবাশ্বন্নেণ তক্ত মহাশ্রীভোগসম্ভব ইত্যাশয়: ॥২২॥

ময়েতি। তামভিমহাম্, এক্তামি প্রাণান্ পরিহায় প্রাঞ্চামি ॥২৩॥

কৃষ্ণ জনাদিন! আমার এই অভিলাধ ছিল যে, আমি পুত্রকৈ ক্রোড়ে ক্রিয়া আনন্দিত হইয়া আপনাকে অভিবাদন ক্রিব; কিন্তু চ্দৈবে আমার সেই অভিলাধকে নিক্ষল ক্রিয়া দিয়াছে ॥১৯॥

কৃষ্ণ পুরুষভোষ্ঠ ! চঞ্চলনয়ন অভিমন্তার এই পুত্র মৃত্যুমুখে পড়িভ ছওয়ায় ছুর্দ্দির আমার মনের সেই সকল অভিলাধ নিক্ষল করিয়া দিয়াছে ॥২০॥

মধুস্দন! চঞ্লন্য়ন অভিমন্থ্য আপনার অভ্যন্ত প্রিয় ছিলেন। আপনি এখন ভাঁহারই এই পুত্রকে ব্লাজিনিহত অবস্থায় দর্শন করুন॥২১॥

যিনি পাশুবের আশ্রানিবন্ধন উত্যসম্পদ পরিত্যাগ করিয়া **আচ্চ যয়।লয়ে** গিয়াছেন, সেই জোণের স্থায় এই অধ্যামাও কৃতন্ধ এবং নুশংস ॥২২॥

বীর কেশব! আমি এইরপ প্রতিজ্ঞা করিয়াছিলাম যে, অভিমন্তু যুক্ষে নিহত হইলে আমি অচিরকালমধ্যেই তাঁহার নিকট যাইব ॥২৩॥ তচ্চ নাকরবং কৃষ্ণ! নৃশংসা জীবিতপ্রিয়া। ইদানীং মাং গতাং তত্ত্র কিংনু বক্ষ্যতি ফাল্গুনিঃ ॥২৪॥ ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাগ্ আশ্বমেধিক-পর্বাণি অশ্বনেধে উত্তরাবাক্যে ষড়শীতিত্রোহধ্যায়ঃ ॥০॥ #

# मश्रामीजिजस्मा ३ शास्त्र ।

----°#8----

বৈশম্পায়ন উবাচ।
সৈবং বিলপ্য করুণং সোম্মাদেব তপস্থিনী।
উত্তরা অপতদ্ভূমো রূপণা পুত্রগৃদ্ধিনী ॥১॥
তান্ত দৃষ্ট্বা নিপতিতাং হতপুত্রপরিচ্ছদাম্।
চুক্রোশ রুন্তী তুঃখার্তা সর্বাশ্চ ভরতস্ত্রিয়ঃ ॥২॥

#### ভারতকৌমুদী

তদিতি। তৎপ্রাণপরিহানম্। তত পরলোকে অভিমহাসরিধানে, ফান্তনি: ফান্তন-ভাব্দিনত পুতোহভিমহয়: ॥২৪॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্ধ্য-শ্রীংরিদাসিদ্ধান্তবাগীশভট্টাচার্ধ্যবিরচিতায়াং
মহাভারতটীকায়াং ভারতকৌমূদীসমাধ্যায়াম্ আশ্বমেধিকপর্বাণি
অশ্বমেধে বড়শীতিতমোহধ্যায়ঃ ॥•॥

-:\*:--

সেতি। তপস্থিনী শোচ্যা। কুপণা দীনা, পুত্রগৃদ্ধিনী পুত্রাভিলাধিণী ॥১॥ তামিতি। হতাঃ পুত্রঃ পরিচ্ছদা অলহারাদয়শ্চ ষস্তান্তাম্। চুক্রোশ মৃক্তকণ্ঠং বিল্লাপ ॥২॥

কৃষণ ! আমি নৃশংসা ও জীবনপ্রিয়া কিনা, তাই তাহা করি নাই ; কিন্তু এখন আমি অভিমন্থ্যর নিকটে গেলে, তিনি আমাকে কি বলিবেন' ॥২৪॥

--:\*:--

বৈশম্পায়ন বলিলেন—'শোচনীয়া, দীনা ও পুত্রাভিলাষিণী সেই উত্তরা এইক্লপ ক্ষণ বিলাপ করিয়া উন্মন্তার স্থায় ভূতলে নিপতিতা হইলেন ॥১॥

'···चहेरिष्ठिष्ठाश्वीत्राध्यात्रः'—वक वर्ष नि।

মুহূর্ত্তমিব রাজেন্দ্র ! পাগুবানাং নিবেশনম্ ।
অপ্রেক্ষণীয়মভবদার্ত্তমনবিনাদিতম্ ॥৩॥
সা মুহূর্ত্তঞ্চ রাজেন্দ্র ! পুত্রশোকাভিপীড়িতা ।
কশালাভিহতা বীর ! বৈরাটী ত্বভবতদা ॥৪॥
প্রতিলভ্য তু সা সংজ্ঞায়ত্তরা ভরতর্বভ ! ।
অক্ষমারোপ্য তং পুত্রমিদং বচনমত্রবীৎ ॥৫॥
ধর্মজ্জত্ম স্কৃতঃ সংস্থং ন ধর্মমবৃধ্যসে ।
যন্ত্রং র্ফিপ্রবীরস্থ কুরুষে নাভিবাদনম্ ॥৬॥
পুত্র ! গত্বা মম বচো জ্রয়াস্তং পিতরং ত্বিদম্ ।
তুর্মরং প্রাণিনাং বীর ! কালেহপ্রাপ্তে কর্থকন ॥৭॥

# ভারতকোমুদী

মুহুর্ত্তমিতি। নিবেশনং ভবনম্। অপ্রেক্ষণীয়ং দর্শনাবোগ্যম্ ॥৩॥
দেতি। কন্মলাভিহতা মোহাকান্তা, বৈরাটী উত্তরা ॥৪॥
প্রতীতি। সংজ্ঞাং চৈতক্তম্। অবং কোড্ম্॥৫॥
ধর্মজন্তেতি। ধর্মজন্তাভিমক্তোং। বৃষ্ণিপ্রবীরক্ত পিতৃর্মাতৃলক্ত কৃষ্ণক্ত ॥৬॥
পুরুত্তি। পিতরমভিমহাুম্। তুর্মবং তৃষ্কম্মবণ্ম॥।॥

হতপুত্রা ও পরিচ্ছদশৃষ্ঠা উত্তরাকে ভূতলে নিপতিতা দেখিয়া কুস্থী ও সমস্ত ভরতন্ত্রীগণ হঃখার্ড হইয়া আর্তনাদ করিতে লাগিলেন ॥২॥

রাজশ্রেষ্ঠ ! তখন আর্ধনাদে নিনাদিত সেই পাশুবভবন মুহুর্জকাল যেন দৃষ্টির অযোগ্য হইয়া পড়িল ॥৩॥

বীর রাজভোষ্ঠ। ক্রমে পুত্রশোকপীড়িত। উত্তর। মৃহুর্ত্তকাল মুর্চিছত হইয়া রহিলেন॥৪॥

ভরতভাষ্ঠ ! পরে উত্তরা চৈত্যস্লাভ করিয়া সেই পুরুটীকে কোলে লইয়া এই কথা বলিলেন—॥৫॥

'বংস! তুমি ধর্মজ্ঞের পুত্র হইয়া ধর্ম ব্ঝিতেছ না ! যে তুমি বৃষ্ণিবংশ-প্রবীর কৃষ্ণের অভিবাদন করিতেছ না ! ॥৬॥

পুত্র ! তুমি পরলোকে যাইয়া তোমার পিডা অভিমন্থাকে আমার এই বাক্য বলিবে—"বার ! কাল উপস্থিত না হইলে প্রাণিগণের মৃত্যু সর্ব্ব-প্রকারেই ছ্কর" ॥৭॥

<sup>(</sup>७) धर्षक्रक क्ष्डः न व्यथर्षः नावत्पारन--वक् वर्षः।

যাহং ছয়া বিনাভেছ পত্যা পুত্রেণ চৈব হ।
মর্ত্তব্যে সতি জীবামি হতস্বস্তিরকিঞ্চনা ॥৮॥
অথবা ধর্মরাজ্ঞাহমসুজ্ঞাতা মহাভুজ!।
ভক্ষয়িয়ে বিষং ঘোরং প্রবেক্যে বা হুতাশনম্॥৯॥
অথবা হুর্মরং তাত! যদিদং মে সহস্রধা।
পতিপুত্রবিহীনায়া হদয়ং ন বিদীর্যাতে॥১০॥
উত্তিষ্ঠ পুত্র! পশ্যেমাং হুঃখিতাং প্রপিতামহীম্।
আর্ত্রামুপপ্রতাং দীনাং নিময়াং শোকসাগরে॥১১॥
আর্থ্যাঞ্চ পশ্য পাঞ্চালীং সাছতীঞ্চ তপস্বিনীম্।
মাঞ্চ পশ্য স্বছুঃখার্তাং ব্যাধবিদ্ধাং মুগীমিব॥১২॥
উত্তিষ্ঠ পশ্য বদনং লোকনাথস্য ধীমতঃ।
পুগুরীকপলাশাক্ষং পুরেব চপলেক্ষণম্॥১৩॥

### ভারতকৌমুদী

ষেতি। হতং স্বন্ধি মঙ্গলং ষ্ট্রা: সা, অকিঞ্না দীনা ॥৮॥

অপবেতি। ধর্মরাজ্ঞা ধর্মরাজেন যুধিষ্টিরেণ। "ভাবিনি ভৃতবত্পচারঃ" ইতি ফ্রায়াৎ মহাভুজ ইতি সম্বোধনম্ ॥>॥

অথবেতি। ষদ্ধশাৎ, ইদং হৃদয়মিতি সম্বন্ধ: ॥১০॥

উত্তিষ্ঠেতি। প্রপিতামহীং কৃষ্ঠীম্। উপপুতাং শোকেনাকুলাম্॥১১॥

আর্থ্যামিতি। আর্থ্যাং শক্ষাবানানীয়াম্, সাম্বতীং সাম্বতবংশজাতাং স্বভন্তাম্, তপস্থিনীং শোচ্যাম ॥১২॥

উত্তিটিত। লোকনাথত কৃষ্ণতা। পুগুরীকপলাশবং পদ্মপত্রবং অক্লিণী ষ্ত্রতং ॥১৩॥

যে আমি, তুমি পুত্র এবং পতি অভিমন্থ্য—এই উভয়বিহীনা হওয়ায় মরা উচিত হইলেও মঙ্গলশৃসা ও অকিঞ্না হইয়া জীবনধারণ করিতেছি॥৮॥

জ্ঞাধবা মহাবাছ। আমি ধর্মরাজের অনুমতি লইয়া ভয়হ্বর বিষভক্ষণ ক্রিব কিংবা অগ্নিতে প্রবেশ করিব॥৯॥

জ্ঞাধবা বংস। আমার মরণ হুদ্ধর। যেহেতু আমি পতিপুত্রবিহীনা হইয়াছি; তথাপি আমার হুদয় সহস্রধা বিদীর্ণ হইতেছে না ॥১০॥

পুত্র! উঠ, ভোমার এই প্রপিভামহী কুম্ভীদেবী ছঃখিভা, শোকার্ত্তা, আকুলা, দীনা ও শোকসাগরে নিমগ্ল। হইয়াছেন, দেখ ॥১১॥

আৰ্হ্যা জৌপদী, শোচনীয়া সুভজ। এবং ব্যাধবাণবিদ্ধা হরিণীর স্থায় অঞ্চিত্রখার্ছা আমাকেও দর্শন কর ॥১২॥ এবং বিপ্রলপন্তীং তাং দৃষ্ট্বা নিপতিতাং পুনঃ।
উত্তরাং তাঃ স্ত্রিয়ঃ সর্বাঃ পুনরুপ্থাপয়ংস্ততঃ ॥১৪॥
উপ্থায় চ পুনধৈ ধ্যান্তদা মৎস্থপতেঃ হুতা।
প্রাঞ্জলিঃ পুগুরীকাকং ভূমাবেবাভ্যবাদয়ৎ ॥১৫॥
প্রুত্তরা দাহা বিলাপং পুরুষর্যভঃ।
উপস্পৃত্য ততঃ কৃষ্ণো ব্রহ্মান্তঃ প্রত্যসংহরৎ ॥১৬॥
প্রতিজ্ঞতে চ দাশাইস্তস্ত জীবিতমচ্যুতঃ।
প্রবীদ্য বিশুদ্ধাত্মা সর্বং বিশ্রোবয়ন্ জগৎ ॥১৭॥
ন ব্রবীমৃত্তরে! মিধ্যা সত্যসেতন্তবিশ্বতি।
এব সঞ্জীবয়াম্যুনং পশ্যতাং সর্বদেহিনাম ॥১৮॥

#### ভারতকোমূদী

এবমিতি। নিপতিতাং ভূমৌ। উত্থাপয়ন্নিত্যড়াগমাভাব আর্থ: ॥১৪॥ উত্থায়েতি। মংস্থাতেবিরাটস্থা, স্থতা উত্তরা ॥১৫॥

#হৈতি। উপস্থা আচম্য। "উপস্পৰ্যভাচমন্" ইত্যমর:।উপদর্গৎ পৃক্ষিড়াগম আর্থ:॥১৬॥

প্রতীতি। দাশাই: ক্বফঃ, অচ্যুতঃ অধ্যবসায়াদল্রই: ॥১৭॥

#### ভারতভাবদীপ:

সৈব্যাতি ॥১—১২॥ পুরা যথা চপলেক্ষণমভিমহ্যামহং প্রভামি তথা পুগুরীকপ্রশাশাক্ষং কুফং প্রভাতি সম্বন্ধ:॥১৩—২৪॥

> ইতি শ্রীমহাভারতে নৈলক্ষীয়ে ভারতভাবদীপে আখনেধিক-পর্বাণি অখমেধে সপ্তাশীতিতমোহধ্যায়ঃ ॥৮৭॥

বংস। তুমি উঠ; পদ্পত্তের ভায় নয়ন্যুক্ত এবং পুর্বের ভায় চঞ্চলনয়ন এই ধীমান জগদীশ্বর কৃষ্ণের মূখমগুল দর্শন কর'॥১৩॥

উত্তরা এইরূপ বিলাপ করিতে থাকিয়া পুনরায় ভূতলে নিপতিত হ**ইলেন্।** তখন তত্রত্য স্ত্রীলোকেরা সকলে দেখিয়া পুনরায় তাঁহাকে ভূতল হইতে উত্তোলন করিলেন ॥১৪॥

বিরাটনন্দিনী উত্তর তখন পুনরায় গাতোখান করিয়া ধৈর্য্য ধ্রিয়া ভূতলে থাকিয়াই কৃতাঞ্চলি হইয়া কৃষ্ণকে অভিবাদন করিলেন ॥১৫॥

পুরুষভোষ্ঠ কৃষ্ণ উত্তরার বিপুল বিলাপ শুনিয়া আচমন করিয়া ভাহার পর সেই ব্রহ্মান্ত্রের উপসংহার করিলেন ॥১৬॥

দাশার্হবংশীয় কৃষ্ণ তখন সেই মৃত বালকের জীবনদানের প্রতিজ্ঞা করিলেন এবং নির্মালচিত্ত কৃষ্ণ সমস্ত জগৎকে শুনাইতে থাকিয়া এই কথা বলিলেন—॥১৭॥ নোক্তপূর্বাং ময়া মিধ্যা সৈরেম্বপি কদাচন।
ন চ মুদ্ধাং পরার্ভগুথা সঞ্জীবতাময়ম্॥১৯॥
যথা মে দয়িতো ধর্ম্মো ব্রাহ্মণশ্চ বিশেষতঃ।
অভিমন্মোঃ হতো জাতো মৃতো জীবত্বয়ং তথা॥২০॥
যথাহং নাভিজানামি বিজয়েন কদাচন।
বিরোধং তেন সত্যেন মৃতো জীবত্বয়ং শিশুঃ॥২১॥
যথা সত্যঞ্চ ধর্মশ্চ ময়ি নিত্যং প্রতিষ্ঠিতো।
তথা মৃতঃ শিশুরয়ং জীবতাদভিমস্যুজঃ॥২২॥
যথা কংসশ্চ কেশী চ ধর্মেণ নিহতো ময়া।
তেন সত্যেন বালোহয়ং পুনঃ সঞ্জীবতামিহ॥২০॥

#### ভারতকৌমুদী

নেতি। এনং মৃতবালকম্॥১৮॥

নেতি। বৈরেষ্পি ষ্থেষ্টালাপা্ছেপি। পরাবৃত্ত: পলায়িত:॥১৯॥

ৰৰেভি। দল্লিভ: প্ৰিয়:। মুভো জাত ইভাৰয়:॥২০॥

य(थि । विकासन व्यक्तिन भर ॥२)॥

ৰথেতি। ৰথা ভথেতি ৰয়মপি হেঅর্থে ॥২২॥

ৰপেতি। কেশী তদাখ্য: কশ্চিদহর: ॥২৩॥

'উত্তরা! আমি মিধ্যা বলিতেছি না, আমার এই বাক্য সভ্য হইবে। এই আমি সকল প্রাণীর সমক্ষে এই মৃত বালককে সঞ্জীবিত করিতেছি॥১৮॥

আমি পূর্বে কখনও যথেষ্টালাপের সময়েও মিথ্যা বলি নাই এবং যুদ্ধ হইতে প্লায়ন করি নাই। সেই ধর্মের বলে এই বালক জীবিত হউক ॥১৯॥

যেহেতু ধর্ম আমার প্রিয় এবং বাহ্মণ বিশেষ প্রিয়; সেই হেতু অভিমন্থ্যর মৃতক্ষাত পুত্র জীবিত হউক ॥২০॥

আমি যখন কখনও অৰ্জুনের সহিত বিরোধের বিষয় জানি না, সেই সভ্যের বলে এই মৃতশিশু জীবিত হউক ॥২১॥

যেহেতু সভ্য ও ধর্ম সর্বাদা আমাতে প্রভিষ্ঠিত আছে, সেই হেতু এই অভি মন্ত্রার মৃতপুত্র জীবিত হউক ॥২২॥

আমি যেহেতু ধর্মামুসারে কংস ও কেশীকে বধ করিয়াছি, সেই সভ্যধশ্যের বলে এই বালক পুনরায় জীবিভ হউক' ॥২৩॥ ইত্যুক্তো বাস্থদেষেন স বালো ভরতর্বভ !।
শনৈঃ শনৈম হারাজ ! প্রাস্পিকত সচেতনঃ ॥২৪॥
ইতি শ্রীসহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাম্ আশ্বনেধিকপর্বণি অশ্বমেধে পরীক্ষিৎসঞ্জীবনে সপ্তাশীতিত্যোহধ্যায়ঃ॥•॥ #

--:#:---

# অষ্টাশীতিতমোহধ্যায়ঃ।

**--**;**\***;---

বৈশম্পায়ন উবাচ।

ব্রহ্মান্ত্রস্ত যদা রাজন্! ক্ষেনে প্রতিসংহতম্।
তদা তত্বেশ্ম তে পিত্রা তেজসাভিবিদীপিতম্॥১॥
ততো রক্ষাংসি সর্বাণি নেশুস্ত্যক্ত্রা গৃহস্ত তৎ।
অন্তরীক্ষে চ বাগাসীৎ সাধুকেশব! সাধিবতি॥২॥

ভারতকোমুদী

ইতীতি। সচেতনকৈওক্সযুক্তঃ সন্ প্রাম্পন্দত কিঞ্চিদ্দসঞ্চালনমকরে । ২৪॥
ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসদিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবির্চিতায়াং
মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাধ্যায়াম্ আশ্বমেধিকপর্ব্বণি
অশ্বমেধে সপ্তাশীতিতমোহধ্যায়ঃ ॥•॥

-:\*:-

ব্ৰন্ধেতি। তৰেশ স্তিকাগৃহম্, তে শিত্ৰা শীবক্ষিতা ॥১॥ ডভ ইতি। নেশুঃ পলায়াঞ্জিবে। বাগ্ দৈবৰাণী ॥২॥

ভরতভাষ্ঠ মহারাজ। কৃষ্ণ এইরূপ বলিলে, সেই বালক চৈতভাসম্পন্ন হইয়। ধীরে ধীরে আল আল অঙ্গস্থালন করিতে লাগিল ॥২৪॥

-:::-

বৈশম্পায়ন বলিলেন—'রাজা! কৃষ্ণ যথন সেই ব্রহ্মান্তের উপসংহার করিলেন, তখন আপনার পিত। নিজের তেজে সেই স্তিকাগৃহ সম্পূর্ণ আলোকময় করিলেন॥১॥

ভাহার পর সমস্ত প্রকার রাক্ষসেরা সেই স্ভিকাগৃহ পরিভ্যাগ করিয়া পলায়ন করিল এবং আকাশে এইরূপ দৈববাণী হইল যে, 'কুঞ্ছ। সাধু সাধু'॥২॥

<sup>• &#</sup>x27;... একোনসপ্ত ভিতমোহধার:'-- वष वर्ष नि।

তদস্রং জ্বলিতং চাপি পিতামহমগান্তদা।
ততঃ প্রাণান্ পুনর্লেভে পিতা তব জনেশর ! ॥৩॥
ব্যবেইত চ বালোহদো যথোৎসাহং যথাবলম্।
বস্থুমু দিতা রাজন্! ততন্তা ভরতন্ত্রিয়ঃ ॥৪॥
ব্রাহ্মণা বাচয়ামাস্থর্গোবিন্দবৈশ্রব শাসনাৎ।
ততন্তা মুদিতাঃ সর্বাঃ প্রশশংস্ক্রার্দ্দনম্ ॥৫॥
স্থ্রিয়ো ভরতসিংহানাং নাবং লক্ষেব পারগাঃ।
কুন্তী দ্রুপদপুত্রী চ স্কভদ্র। চোত্তরা তথা।
ব্রিয়েশ্চান্তা নৃসিংহানাং বস্তুব্র্হ্ ইমানসাঃ ॥৬॥
তত্র মল্লা নটাবৈশ্চব গ্রন্থিকাঃ সোখ্যশায়িকাঃ।
সূত্মাগধসজ্যাশ্চাপ্যস্তবংস্ত জনাদ্দনম্ ॥৭॥

### ভারতকৌমূদী

তদিতি। তদস্ম ব্ৰদ্ধাস্থ্য, পিতামহং ব্ৰদ্ধাণম্ ॥৩॥
ব্যচেষ্টতেতি। ব্যচেষ্টত অকসকালনমকরোৎ ॥৪॥
ব্ৰাদ্ধাণা ইতি। বাচয়ামাস্থা স্বন্ধিমললাদিকম্, শাসনাদাদেশাং ॥৫॥
ব্ৰিয় ইতি। ভ্ৰতসিংহানাং ভ্ৰতবংশশুষ্ঠানাম্। ষ্ট্ণাদোহয়ং শ্লোকঃ ॥৬॥
তব্ৰেতি। গ্ৰিষ্কাদয়া স্কৃতিপাঠকবিশেষাঃ ॥৭॥

নরনাথ! প্রজ্বতি সেই ব্দাস্তও তখন ব্দার নিক্ট চলিয়া গোল। তাহার পর আপনার পিতা পুনরায় প্রাণলাভ করিলেন ॥৩॥

রাজা! ক্রমে সেই বালকটা উৎসাহ ও শক্তি অনুসারে অঙ্গসঞ্চাপন করিতে লাগিল। তখন সেই ভরতবংশীয় স্ত্রীলোকেরা সকলেই আনন্দিত হইলেন॥৪॥

ব্রাহ্মণেরা কুষ্ণের আদেশক্রমে স্বস্থিবাচন করিতে লাগিলেন। ভদনস্তর সেই স্থীলোকেরা সকলে কুষ্ণের প্রশংসা করিতে থাকিলেন ॥৫॥

কুস্তী, জৌপদী, সুভজ। ও উত্তরা প্রভৃতি ভরতশ্রেষ্ঠগণের স্ত্রীগণ ও **অক্সাক্ত** প্রধান প্রধান লোকের স্ত্রীগণ নৌক। পাইয়া পারগামী লোকদিগের স্থায় স্তুটিত হইলেন ॥৬॥

তখন মল্ল, নট, গ্রন্থিক, সৌধ্যশায়িক, স্ত ও মাগধ্সমূহ কুঞ্চের স্তব ক্রিভে লাগিল ॥৭॥ কুরুবংশস্তবাখ্যাভিরাশীভির্ভরন্তর্যভ!।
সভাজয়ত সংহক্টো মহারাজ! মহাজনঃ ॥৮॥
উত্থায় তু যথাকালমুত্তরা যত্ত্বন্দনম্।
অভ্যবাদয়ত প্রীতা সহ পুত্রেণ ভারত!॥৯॥
ততস্তব্যে দদৌ প্রীতো বহুরত্বং বিশেষতঃ।
তথৈব রফ্ষিশার্দ্দ্লো নাম চাস্যাকরোৎ প্রভুঃ
পিতৃস্তব মহারাজ! সত্যসদ্ধো জনার্দ্দনঃ ॥১০॥
পরিক্ষীণে কুলে যত্মাজ্জাতোহয়মভিমস্যুক্তঃ।
পরীক্ষিদিতি নামাস্য ভবত্বিত্যববীতদা॥১১॥

#### ভারতকোমুদী

কুর্নিতি। কুরুবংশক্ত শ্ববাধ্যাভি: শ্বভিরণাভি:। সভাজয়ত শভ্যনন্দং ॥৮॥ উথায়েভি। কালমনভিক্রম্যেতি যথাকালম্, পুত্রজীবনক্ষণ এবেড্যর্থ: ॥>॥ তত ইভি। বৃষ্ণিশার্দ্, রুফ:। সত্যসন্ধ: সত্যপ্রভিজ্ঞ:। ষট্পাদোহয়ং লোক: ৮১০॥ পরীভি। কুলে কুরুবংশে। পরীক্ষিদিতি যোগরুড়: শব্য: ॥১১॥

#### ভারতভাবদীপ:

ব্ৰহ্মান্তমিতি ॥১ —৪॥ বাচয়ামান্থ বন্ধীতি শেবঃ ॥৫ —৬॥ গ্ৰন্থিকাঃ দৈবজ্ঞাঃ, "গ্ৰন্থিকন্ত ক্ৰীবে ভাদ্ধৈবজে গুণ্গুলুক্তমে" ইতি বিশ্বলোচনঃ। স্থাবহং দৌধাং শয়নমিতি পুচ্ছন্তি তে দৌধাশায়নিকাঃ। পুচ্ছতৌ গুলাতাদিভা ইতি ঠক্ অনুশতিকাদিঃ ॥৭॥ কুক্ষবংশশু অবমাচক্ষতে তাভিঃ কুক্বংশশুবাধ্যাভিঃ ॥৮—২১॥

ইতি শ্রীমহাভারতে নৈলক্ষীয়ে ভারতভাবদীপে আশ্বমেধিক-পর্কণি অশ্বমেধে অষ্টাশীতিত্রমোহধ্যায়ঃ ॥৮৮॥

ভরতভোষ্ঠ মহারাজ ! ক্রেমে প্রধান প্রধান লোকসকল কুরুবংশের স্তব ও আশীর্কাদ্যার! ভাহাকে অভিনন্দিত করিতে লাগিলেন ॥৮॥

উত্তরা তৎক্ষণাৎ গাত্রোখান করিয়া পুত্রটীকে কোলে লইয়া সন্তুইচিত্তে কুষ্ণকে অভিবাদন করিলেন ॥৯॥

মহারাজ ! ভদনস্তর বৃঞ্চিবংশশ্রেষ্ঠ প্রভাবশালী সভ্যপ্রভিজ্ঞ কৃষ্ণ স্থাষ্ট চিত্ত সেই বালকটীকে বিশেষ বিশেষ বহু রত্ম দান করিলেন এবং আপনার পিভার নামকরণ করিলেন ॥১০॥

ষেহেতু কুরুবংশ পরিকীণ হইয়া গেলে পর অভিমন্থ্যর এই পুত্রটী জ্মিয়াছে, সেই হেতু ইহার নাম হউক—'পরীক্ষিং' ॥১১॥

<sup>(</sup>b) বিভীয়ার্বপাঠ:—পি বন্ধ বর্ষ নান্তি।

<sup>(&</sup>gt;•) जन्न करका मरमो करहे। -- कटेबर दक्षिणार्फ्, ला-- नि वक वर्ष।

সোহবর্দ্ধত যথাকালং পিতা তব জনাধিপ!।
সনঃপ্রহলাদনশ্চাদীৎ দর্বলোকস্থ ভারত!॥১২॥
সাদজাতস্ত তে বীর! পিতা ভবতি ভারত!।
অথাজগ্মঃ স্তবহুলং রত্মাদায় পাশুবাঃ॥১০॥
তান্ সমীপগতান্ শ্রুদ্ধা নির্যুর্থ ফিপুঙ্গবাঃ।
অলক্ষুশ্রুণ নাগদাহরয়স্॥১৪॥
পতাকাভিবিচিত্রাভিধ্ব কৈশ্রু বিবিধরপি।
বেশ্মানি সমলক্ষুণ্ণ পৌরাশ্বাপি জনেশ্বর!॥১৫॥
দেবতায়তনানাক্ষ পূজাঃ স্থবিধাস্তথা।
দশ্দদেশাথ বিত্রঃ পাশুপুত্রপ্রিয়েপ্সয়া॥১৬॥
রাজমাগাশ্ব তত্তাসন্ স্থানোভিরলঙ্কতাঃ।
শুশুভে তৎপুরকাপি সমুদ্রোঘনিভন্তনম্॥১৭॥

#### ভারতকৌমুদী

স ইতি। মনাংসি প্রহলাদয়তি আনন্দয়তীতি সং॥১২॥

মানেতি। ভব্তি অভবং, মাসং জাত ইতি মাসজাত একমাসবয়স্ক ইত্যৰ্থ: ১১৩।

তানিতি। নাগদাহবয়ং হস্তিনাথানগ্রম্ ॥১৪॥

পতাক।ভিরিতি। বেখানি গৃহাণি ॥১৫॥

দেবতেতি। সন্দিদেশ আক্রাণয়ামাস ॥১৬॥

রাজেতি। স্মনোভিঃ পুলৈশ:। সমুদ্রত ওঘনিডঃ প্রবাহশক্ত্রাঃ বন: শকো বত জং ॥১৭॥

ভরতনন্দন নরনাথ। আপনার পিত। ক্রমে বৃদ্ধি পাইতে লাগিলেন এবং সমস্ত লোকেরই মনের আনন্দজনক হইতে থাকিলেন ॥১২॥

ভরতনন্দন বীর ! আপনার পিড। একমাসবয়স্ক হইলেন। ভাহার পর পাগুবের। বহুতর রত্ম লইয়া আগমন করিলেন॥১৩॥

তাঁহারা নিক্টে আসিয়াছেন শুনিয়া বৃক্ষিবংশঞ্চেগণ নির্গত হইয়। গেলেন। ওদিকে পুরুষগণ মাল্যসমূহদারা হস্তিনানগর অলম্ভ ক্ষিল ॥১৪॥

নরনাথ! এবং পুরবাসিগণ বিচিত্র পভাকা ও নান।বিধ **ধ্রজ্যারা আপন** আপন গৃহ সুশোভিত করিল ॥১৫॥

ভার পর, বিত্র পাশুবগণের প্রিয়কার্য্য করিবার ইচ্ছায় দেবাসরে নানা-বিখ পুজা করিবার আদেশ করিলেন ॥১৬॥ নর্ত্তকৈ দ্বাপি নৃত্যন্তির্গায়কানাঞ্চ নিঃস্থনৈঃ।
আদী দ্বৈপ্রবণস্থেব নিবাগন্তৎপুরং তদা । ১৮॥
বিদ্যাভিশ্চ নরৈ রাজন্! স্ত্রীসহাধ্য়েশ্চ সর্বশাঃ।
তত্ত্র তত্ত্র বিবিজেরু সমন্তামুপশোভিতম্ ॥১৯॥
পতাক। ধ্য়মানাশ্চ সমন্তামাতরিশ্বনা।
আদশ্য়েনিব তদা কুরুন্ বৈ দক্ষিণোত্তরান্॥২০॥
আঘোষয়ংস্তদা চাপি পুরুষা রাজমার্গতঃ।
সর্বার্ত্রবিহারোইছ রক্ষাভরণলক্ষণঃ । ২১॥

ইতি জ্রীসহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাম্ আশ্বনেধিক-পর্বাণি অশ্বনেধে পাণ্ডবাগমনে অন্টাশীতিত্বোহধ্যায়ঃ॥•॥ \*

#### ভারতকোমদী

নর্ত্তকৈরিতি। বৈশ্রবণস্থ কুবেরস্থা, নিবাণো নগর্মিব ॥১৮॥

বন্দিভিরিতি। বন্দিভি: স্বতিপাঠকৈ:। বিবিকেষু পবিঅস্থানেষু ॥১৯॥

পতাক। ইতি। ধ্রমানা: কম্পামানা:, মাতরিখনা বায়্না। কুরুন্ দেশান্ ॥২০॥

অঘোষয়ন্নিতি। রত্নাভরণং তদানমেব লক্ষণং শ্বরূপং ষস্ত সঃ, শর্কারাত্রবিহারঃ সর্কান্ত্র রাত্রিযু আন্মাদঃ ॥২১॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং
মহাভারতটীকায়াং ভারতকৌমূদীসমাধ্যায়াম্ আশ্বমেধিকপর্ব্ধণি
অশ্বমেধে অষ্টাশীতিতমোহধ্যায়ঃ ॥•॥

হস্তিনানগরের রাজপথগুলি পুস্পদারা অলক্ষ্ত হইয়াছিল এবং সমুক্তত্রক্স-শক্ষের স্থায় কোলাহলে পরিপূর্ণ সেই নগর শোভা পাইতেছিল ॥১৭॥

তখন নৃত্যপ্রের নর্তকগণ এবং গায়কগণের কণ্ঠশব্দে সেই হস্তিনানগরটা কুবেরের অলকাপুরীর স্থায় হইয়াছিল ॥১৮॥

রাজা। স্ত্রীসমন্বিত স্তুতিপাঠক মামুবগণদ্বার। সকল দিকে এবং সেই সেই পবিত্র স্থানে নগরটা উপশোভিত হইয়াছিল ॥১৯॥

সকল দিকে বায়ুকর্ত্ব আন্দোলিত পতাকা সকল তখন যেন দক্ষিণকুক ও উত্তরকুক্ষ দেশ দেখাইতেছিল ॥২০॥

এবং তখন পুরুষেরা রাজপথ হইতে ঘোষণা করিতেছিল যে, 'অভ সমস্ত রাত্রি রম্ব ও আভরণদানে আমোদ চলিতে থাকিবে' ॥২১॥

<sup>(</sup>२) भूकवा बाक्ष्र्राजाः-- शि वक् वर्षः । ... मर्खवाद्वेविहादबाश्य-- वक वर्षः।

<sup>+ &#</sup>x27;मश्रु जिल्हा स्था मार्थः' — वक् वर्षः नि।

# উননবতিত্রমাঽধ্যায়ঃ

<del>--</del>8**\***8---

रिवशम्भायन छेवाह ।

তান্ সমীপগতান্ শ্রুছা পাণ্ডবান্ শক্রেকর্ষণঃ।
বাস্থানেবঃ সহামাত্যঃ প্রাথমো দ্রুছদ্গণঃ।
তে সমেত্য যথাত্যায়ং প্রভুদ্যাত। দিদৃক্ষয়া ॥১॥
তে সমেত্য যথাধর্মং পাণ্ডবা রক্ষিভিঃ সহ।
বিবিশুঃ সহিতা রাজন্! পুরং বারণসাহ্বয়ন্॥২॥
বিশতস্তম্ম দৈত্যক্ষ খুরনেসিম্বনেন হ।
ভাবাপৃথিব্যো খকৈব সর্ব্বনাসীৎ সমার্ত্য্॥৩॥
তে কোশানগ্রতঃ কৃষ্যা বিবিশুঃ স্বপুরং তদা।
পাণ্ডবাঃ প্রীত্মনসঃ সামাত্যাঃ সম্কুদ্গণাঃ॥৪॥

#### ভারতকৌমুদী

তানিতি। দিদৃক্ষা স্ত নিচ্ছয়া। ষট্পাদোহয়ং স্লোক: ॥১॥ ত ইতি। বারণদাহবয়ং হস্তিনাধান্॥২॥

বিশত ইতি। অখানাং খুরা নেময়ো রপচক্রপ্রাস্থাশ্চ তপসাং খনেন শক্ষেন। সমাবৃতং ব্যাপ্তম্॥৩॥

ত ইভি। কোশান্ধনাধারান্॥॥

বৈশম্পায়ন বলিলেন—পাগুবেরা নিকটে আসিয়াছেন শুনিয়া শক্রদমন-কারী কৃষ্ণ অমাত্য ও বন্ধুগণের সহিত মিলিত হইয়া তাঁহাদের দিকে গমন করিলেন এবং তাঁহারা উপস্থিত হইয়া পাগুবগণের দর্শনাভিলাষে যথানিয়মে প্রভাল্গমন করিলেন ॥১॥

রাজা। সেই পাশুবেরা ধর্মামুসারে বৃষ্ফিগণের সহিত মির্লিত হইয়া হস্তিনা-নগরে প্রবেশ করিলেন ॥২॥

সেই সৈক্সগণ প্রবেশ করিতে থাকিলে, অখের খুর ও রথচক্রপ্রান্তের শব্দে স্বর্গ, মন্ত্যে ও আকাশ—এই সমস্তই ব্যাপ্ত হইল ॥৩॥

সম্ভট্টিত্ত পাশুবগণ অমাত্য ও বন্ধুবর্গের সহিত মিলিত হইয়া ধনভাণ্ড-

<sup>(</sup>৩) মহতখত গৈৱত-- শি বছ বর্ছ।

তে সমেত্য যথান্থায়ং ধৃতরাষ্ট্রং জনাধিপম্।
কীর্ত্তয়ন্তঃ স্বনাসানি তন্ত পাদে ববিন্দরে ॥৫॥
ধৃতরাষ্ট্রাভ্যস্ত্জাতা গান্ধারীং স্বলাক্ষজাম্।
কৃত্তীঞ্চ রাজশার্দ্দল ! তদা ভরতসত্তম ! ॥৬॥
বিছরং পূজয়িত্বা চ বৈশ্যাপুত্রং সমেত্য চ।
পূজ্যমানাঃ স্ম তে বীরা ব্যরোচন্ত বিশাংপতে ! ॥৭॥ (যুগ্মকম্)
ততন্তৎ পরমাশ্চর্যাং বিচিত্রং সহদন্ত্তম্।
শুক্রাবন্তে তদা বীরাঃ পিতৃত্তে জন্ম ভারত ! ॥৮॥
তত্বপশ্রুত্য তৎকর্ম বাস্তদেবক্ত ধীমতঃ।
পূজার্হং পূজয়ামাস্তঃ কৃষ্ণং দেবকীনন্দনম্॥৯॥

ইতি শ্রীসহাভারতে শতদাহস্র্যাং সংহিতায়াং বৈয়াদিক্যাম্ আশ্বনেধিক-পর্বাণি অশ্বনেধে বাস্থদেবপূজনে উননবতিতমোহধ্যায়ঃ \* ॥०॥

#### ভারতকৌমুদী

ত ইজি। খনামকীর্ত্তনং ধৃতরাইভাদেখেন দর্শনাসম্ভবাৎ । ধে।
ধৃতেতি। ধৃতরাইেণ অভ্যস্কাতা প্রগানামভিবাদনে। বৈখাপুত্রং যুগ্ধস্ম ॥৬— १॥
তত ইতি। পর্মাশ্র্বিং মৃতাবস্থায়াং জন্ম, মহদমুতং ক্ষেন কীবনদান্ম ॥৮॥
ভারতভাবদীপঃ

তান্ সমীপগত।নিতি ॥১—৩॥ ছাবাপুথিব্যো: সম্বন্ধ ধমাকাশমবকাশমিতি যাবং ॥৪—৯॥ ইতি শ্রীমহাভারতে নৈলক্ষীয়ে ভারতভাবদীপে আশমেধিক-পর্বাণি অশমেধে উননবভিতমোহধ্যায়: ॥৮৯॥

গুলি অগ্রে রাখিয়া তখন হস্তিনানগরে প্রবেশ করিলেন ॥৪॥

তাঁহারা রাজা ধৃতরাষ্ট্রের নিকটে উপস্থিত হইয়া আপন আপন নামকীর্ত্তন ক্রিতে থাকিয়া যথানিয়মে তাঁহার চরণযুগল বন্দন করিলেন ॥৫॥

রাজশ্রেষ্ঠ ভরতবংশপ্রধান নরনাথ! তখন পাওবেরা ধৃতরাষ্ট্রের অনুমতিক্রমে সুবলনন্দিনী গান্ধারী, কুন্তী ও বিছরের সম্মান করিয়া এবং যুষ্ৎসুর
নিকটে যাইয়া তাঁহাকর্ত্ব পুজিত হইয়া শোভা পাইতে লাগিলেন॥৬—৭॥

ভরতনন্দন! তাহার পর তাঁহারা আপনার পিতার সেই প্রমা**দ্র্য্য,** বিচিত্র ও মহাস্কৃত জন্মবৃত্তাস্ত শুনিলেন ॥৮॥

- (**৬**) ধৃতবাষ্ট্রাদম চ তে—পি ব**দ**।
- 'ইত: পরস্ অধ্যারসমাপ্তির্নান্ত—বন্ধ বর্জ নি।

# নবতিতমোহধ্যায়ঃ।

--:\*:---

বৈশম্পায়ন উবাচ। #
ততঃ কভিপয়াহস্য ব্যাসঃ সত্যবতী হৃতঃ।
আজগান মহাতেজা নগরং নাগদাহ্বয়ন্॥১॥
তস্ম সর্বে যথান্যায়ং পূজাং চক্রুঃ কুরুদ্ধহাঃ।
সহ ব্যায়ুক্কব্যাত্রৈরুপাদাঞ্চল্লিরে তদা॥২॥
তত্র নানাবিধাকারাঃ কথাঃ দমভিকীর্ত্ত্য বৈ।
যুধিষ্ঠিরো ধর্মহতো ব্যাসং বচনমত্রবীৎ॥এ॥

## ভারতকৌমুদী

তদিতি। তং মৃতাবস্থারাং জন্ম ॥>॥
ইতি মহামহোপাধ্যার-ভারতাচার্ব্য-শ্রীহরিদাসদিবাস্থবাপীশভট্টাচার্ব্যবির্চিতারাং
মহাভারতটাকারাং ভারতকৌমূদীসমাধ্যারাম্ আখমেধিকপর্বাণি
অখমেধে উননবতিতমোহধ্যারঃ ॥•॥

#### --:\*:--

ডত ইতি। কডিপয়াহস্ত অভিক্রমে সভীতি শেষ:। নাগসাহবয়ং হস্তিনাখ্যম্॥১॥ ভক্তেতি। বৃষ্ণান্ধক্যাদৈর্ব ফিবংশান্ধকবংশশেটি: ॥১॥ ভব্তেতি। নানাবিধাকারা: বহুপ্রকারা ॥৩॥

পরে ধীমান্ বাস্থদেবের সেই কার্য্য প্রবণ করিয়া পূজার যোগ্য দেবকী-নন্দন ক্ষের পূজা করিলেন ॥৯॥

#### -:#:--

বৈশপায়ন বলিলেন—ভাহার পর কয়েকদিন অভীত হইলে সভ্যবভীর পুত্র মহাতেজা থেদব্যাস হস্তিনানগরে আগমন করিলেন ॥১॥

তখন কৌরবশ্রেষ্ঠগণ বৃষ্ণিও অন্ধকবংশশ্রেষ্ঠগণের সহিত মিলিভ হইয়া যথানিয়মে বেদব্যাসের পূজাও উপাসনা করিলেন ॥২॥

ভখন নানাপ্রকার কথা বলিয়া ধর্মপুত্র যুধিষ্ঠির বেদব্যাসকে এই কথা বলিলেন—॥৩

<sup>•</sup> এव পাঠ:--यण वर्ष नि नाणि।

ভবৎপ্রসাদাদ্ভগবন্! যদিদং রত্মশাহতম্। উপযোক্তঃ তদিচ্ছামি বাজিনেধে মহাক্রতো ॥৪॥ তমসুজ্ঞাতমিচ্ছামি ভবতা মুনিসত্তম!। ত্বদধীনা বয়ং সর্বে কৃষ্ণস্ত চ মহাত্মনঃ॥৫॥

ব্যাস উবাচ।

অনুজান। সি রাজন্ ! স্থাং ক্রিয়তাং যদনস্তরম্ । যজস্ব বাজিমেধেন বিধিবদ্দিশাবতা ॥৬॥ অশ্বমেধো হি রাজেন্দ্র ! পাবনঃ সর্বপাপানাম্ । তেনেস্ট্রা স্থাবিপাপান্ন বৈ ভবিত। নাত্র সংশয়ঃ ॥৭॥

বৈশস্পায়ন উবাচ। \*।

ইত্যুক্তঃ স তু ধর্ম।ত্ম। কুরুরাজে। যুধিষ্ঠিরঃ। অখনেধস্ম কৌরব্য ! চকারাহরণে মতিমু॥৮॥

## ভারতকৌমুদী

ভবদিতি। উপধোক ুং নিষোক ুম, বাজিমেধে অখমেধে ॥৪॥

ভমিতি। তং বাঞ্জিদেশম, ভবতা অহুক্তাতমিচ্ছামি ॥৫॥

অবিতি। দক্ষিণাবতা প্রচুরদক্ষিণাশালিনা ॥৬॥

অবেতি। সর্কাপাপানাং পাবনো নাশক ইত্যর্থ:। ইষ্ট্রা দেবান্ পুঞ্জিয়িতা ॥৭॥

ইতীতি। আহরণে অহুঠানে, মতিমিচ্ছাম্ ॥৮॥

'ভগবন্! আপনার অনুগ্রহে আমরা এই যে রত্ন আনয়ন করিয়াছি, ডাহা মহাযজ্ঞ অশ্নেধে ব্যয় করিতে ইচ্ছা করি ॥৪॥

মুনিভোষ্ঠ। আমি ইচ্ছ। করি, আপনি সেই যজ্ঞ করিবার অনুমতি দেন। কারণ, আমরা সকলেই আপনার ও মহাজা কুফোর অধীন'॥৫॥

বেদব্যাস বলিলেন—'রাজ।! আমি তোমাকে অমুমতি করিতেছি, ইহার পরে যাহা কর্ত্তব্য, ভাহ। তুমি কর। তুমি যথাবিধানে প্রচুর দক্ষিণাযুক্ত অশ্বমেধ্যক্ত কর॥৬॥

রাজ্ঞেষ্ঠ। অশ্বমেধ্যজ্ঞ সমস্ত পাপনাশক ; স্থতরাং তুমি সেই যজ্ঞ করিয়া পাপবিহীন হইবে, এবিষয়ে কোন সন্দেহ নাই ॥৭॥

বৈশপায়ন বলিলেন—কৌরবনন্দন! বেদব্যাস এই কথা বলিলে, ধর্মাজ্মা কুরুরাজ যুধিষ্ঠির অখনেধ্যজ্ঞের অমুষ্ঠানে ইচ্ছা করিলেন ॥৮॥

<sup>•</sup> এব পাঠ: नि নাভি।

সমন্জ্যাপ্য তৎ সর্বং কৃষ্ণবৈপায়নং নৃপঃ।
বাস্তদেবস্থাভ্যেতা বাগ্যী বচনসত্ত্রবীৎ ধ্রুল
দেবকী হুপ্রজা দেবী স্বয়া পুরুষসন্ত্র !।
যদ্জ্রয়াং স্থাং মহাবাহো! তৎকৃথাস্ত্রসিহাচ্যুত!॥১০॥
স্থংপ্রভাবাজ্জিতান্ ভোগানশ্লীম যহুনন্দন!।
পরাক্রেশেণ বৃদ্ধ্যা চ স্বয়েয়ং নিজ্জিতা সহী॥১১॥
দীক্ষয়স্ব স্থাস্থানং স্থং হি নঃ পরসো গুরুঃ।
স্থাইবিতি দাশাই! বিপাপু। ভবিতা হুহুম্॥১২॥
স্থং হি যজ্যো গুরুষ্ণ স্থং ধর্মজ্জন্ত্বং প্রজাপতিঃ।
স্থং গতিঃ সর্বভূতানামিতি গে নিশ্চিতা স্তিঃ॥১০॥

#### ভারতকৌমুদী

সমিতি। সমস্থাপা সমাগস্থাং কার্যিখা । মা
দেবকীতি। ক্প্রজা ক্সমন্থানা ॥ ১০॥
দিতি। ভোগান্ রাজ্যাদীনাম্, অশ্লীম কুর্মাং ॥ ১১॥
দীক্ষামেতি। দীক্ষাম অধ্যমেধ্যজ্ঞে প্রবর্ষাম্ম। ইউবতি ষজাং কৃতব্তি সতি ॥ ১২॥
দ্বিতি। প্রজাপতিলোকাধীশ্বং। গতিরাশ্রমং ॥ ১৩॥
ভারতভাবদীপাং

বৈশ্বাপুত্রং যুর্ংজ্ম । ১--- সা পাবন: নাশক: ॥১০--- ১৭॥ ইতি শ্রীমহাভারতে নৈলক্ষীয়ে ভারতভাবদীপে আখনেধিক-পর্কণি অখনেধে নব্তিতমোহধ্যায়ঃ ॥২০॥

বাগ্যী যুধিষ্ঠির বেদব্যাসের নিকটে সমস্ত বিষয়ের অনুমতি লইয়া কুঞ্রের নিকটে যাইয়া এই কথা বলিলেন—॥৯॥

'পুরুষশ্রেষ্ঠ ! দেবকীদেবী ভোমাদারাই স্মস্থানা হটয়াছেন ; অভএব মহাবাছ অচ্যুত্ত ! আমি ভোমাকে যাগ বলিব, তুমি ভাগা করিবে ॥১০॥

যত্নন্দন! ভোমার প্রভাবে রাজ্য জয় করিয়া ভাহাভোগ করিভেছি। ভূমি নিজেই পরাক্রম ও বৃদ্ধিদারা এই পৃথিবী জয় করিয়াছ॥১১॥

অতএব দাশার্চ। তুমি আপনাকে এই যজে দীক্ষিত কর। কারণ, তুমিই আমাদের প্রমণ্ডক, তুমি যজ্ঞ করিলে তাহাতে আমি পাপবিহীন হটব ॥১২॥

কৃষণ । তৃমি যজ্ঞ, তৃমি গুরু, তুমি ধর্মজ্ঞ, তুমি প্রজাপতি এবং তৃমিই সমস্ত প্রাণীর গতি ; আমি এইরূপ বৃদ্ধিই স্থির করিয়াছি' ৮১৩॥

<sup>(</sup>১৩) पः हि राष्ट्राश्चितः गर्तः-नि वष वर्ष ।

# বাহ্নদেব উবাচ।

ত্বং গতিঃ সর্বভ্তানাগিতি মে নিশ্চিতা গতিঃ ॥১৪॥ তং গতিঃ সর্বভ্তানাগিতি মে নিশ্চিতা গতিঃ ॥১৪॥ তং চাত ক্রেবীরাণাং ধর্মেণ হি বিরাজসে।
তথাভূতাঃ আ তে রাজন্! সং নো রাজন্ গুরুগ ॥১৫॥
যুনক্তু নো ভবান্ কার্য্যে যত্র বাঞ্জি ভারত!।
সত্যং তে প্রতিজানাগি সর্বং কর্তান্মি তেহনঘ!॥১৬॥
ভীগদেনাজ্জুনো চৈব তথা সাদ্রবতীহ্নতো।
ইন্টবস্তো ভবিশ্তি স্বয়ীক্টবতি পার্থিবে॥১৭॥

ইতি মহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাশ্বমেধিকপর্বাণ অশ্বমেধে কৃষ্ণব্যামাকুজায়াং নবতিত্যোহধ্যায়ঃ ॥০॥ #

#### ভারতকোমুদী

স্বমিতি। এতদখনেধাধ্যং কর্ম। গতিরাশ্রয়ো রাজস্বাৎ ॥১৪॥

ত্মিতি। কুক্ৰীরাণাং মধ্যে।তে অত্তে কুক্ৰীরা:, গুণীভূতান্তবোপ**সর্ক্রীভূতা:**, গুক্কপদেটা। প্রাপ্য: অনুষ্ঠেয়:। ষট্পালোইয়ং সোকঃ ॥১৫॥

যুনজি ভি। যুনজ প্রেরয়ত্, না অসান্ ॥১৬॥

ভীমেতি। মাদ্রবতী হতৌ নকুলসহদেবৌ। ইটবস্তো ষঞ্চং ক্লতবন্ধ:। একপাক্ষাসিতরা একেন বৈধ্যাক্ষরণে সর্কোয়েবে ফলভাগিসাদিত্যাশয়: ॥১৭॥

> ইতি মহামহোপাধ্যার-ভারতাচার্য্য-শ্রীহরিদাস্থিতাস্থবাসীভট্টাচার্য্য-বিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাধ্যারা-মাধ্যেধিকপর্কণি নবভিত্রমোহধ্যারঃ ॥•॥

কৃষ্ণ বলিলেন—'শক্রদমন মহাবাছ! আপনি এই যজ্ঞ করিবার যোগ্য। কারণ, আপনি সমস্ত প্রাণীর গভি, আমিও এইরপ বৃদ্ধি স্থির করিরাছি ॥১৪॥ রাজা! আপনি এখন ধর্মের গুণে কুরুবীরগণের মধ্যে বিরাজিও ইইডে-ছেন, অস্ত কৌরবেরা আপনার উপসর্জনস্বরূপ, আপনি আমাদের রাজা এবং গুরু। আমার অনুমভিক্রেমে আপনি যজ্ঞ করুন, এই যজ্ঞ আপনারই কর্ম্বিয়॥১৫॥

নিষ্পাপ ভরতনন্দন! আপনি যে কার্য্যে ইচ্ছা করেন, আমাদিগকে সেই কার্য্যে নিযুক্ত করেন। আমি আপনার নিকট সভ্যপ্রতিক্ষা করিছেছি বে, আমি আপনার সমস্ত কার্য্য করিব ॥১৬॥

<sup>• &#</sup>x27;... এक नश्र कि खरमा ३ था। मः'--- दक वर्ष नि ।

# একনবতিতমোহধ্যায়ঃ।

#### ---:#:---

বৈশম্পায়ন উবাচ।
এবমুক্তস্ত কৃষ্ণেন ধর্মপুত্রো যুধিষ্ঠিরঃ।
ব্যাসমামস্ত্র্য সেধাবী ততো বচনমত্রবীৎ ॥১॥
ঘদা কালং ভবান্ বেত্তি হয়সেধস্থ তত্ত্বতঃ।
দীক্ষয়স্ব তদা মাং স্থং স্বয়ায়ত্তো হি মে ক্রডুঃ॥২॥

# ব্যাস উবাচ।

অহং পৈলোহথ কোন্ডেয় ! যাজ্ঞবল্ধ্যস্ত থৈব চ । বিধানং যদ্যথাকালং তৎ কর্ত্তারো ন সংশয়ঃ ॥৩॥ চৈত্র্যোং হি পের্ণমাস্তাস্ত তব দীক্ষা ভবিদ্যতি । সম্ভারাঃ সংভ্রিয়ন্তাঞ্চ যজ্ঞার্থং পুরুষর্যভ ! ॥৪॥

#### ভারতকোমুদী

এবমিতি। মেধাৰী বৃদ্ধিমান্। বৃদ্ধিমন্তরৈব ব্যাসামন্ত্রণিতি ভাব: ॥১॥

বলেতি। কালং শুভসময়ম্। দীক্ষম প্রবর্ত্তরম্ব ॥২॥

অহমিতি। ব্যাকালং ষদ্বিধানং কর্ত্তব্যং, তৎ কর্ত্তার: ক্রিক্তাস: ॥৩॥

বৈত্ত্বামিতি। স্ভাবা: প্রয়োজনীয়ন্ত্রাণি, সংলিম্ভাং সংগৃহ্ভাম ॥৪॥

রাজা। আপনি যজ্ঞ করিলে, ভীম, অজ্জুন, নকুল ও সহদেব—ইহাদের সকলোরট সেই যজ্ঞ কর। হইবে'॥১৭॥

#### · ---:#:---

বৈশম্পায়ন বলিলেন—কুল এইরপ বলিলে, বুদ্ধিমান্ধর্মপুত্র যুধিষ্ঠির বেদ্ব্যাসকে সম্বোধন করিয়া, তাহার পর এই কথা বলিলেন—॥১॥

'আপনি যখন অশ্বনেধ্যজ্ঞারস্তের যথার্থ শুভ সময় মনে করেন, তখন আপনি আমাকে সেই যজ্ঞে দীক্ষিত কর্মন। কারণ, আমার যজ্ঞ আপনার অধীন' ॥২॥

বেদৰ্যাস বলিলেন—'কুস্তীনন্দন! আমি, পৈল এবং যাজ্ঞবক্ষ্য—আমরা যে সময়ে শাহা কর্ত্তব্য, সেই সময়ে তাহা করিব, এবিষয়ে কোন সন্দেহ নাই ॥৩॥ অশ্বিভাবিদিশৈচব সূতা বিপ্রাশ্চ তিছিল:।
মেধ্যমশ্বং পরীক্ষন্তাং তব যজ্ঞার্থনিদ্ধয়ে ॥৫॥
তমুৎস্ক যথাশাস্ত্রং পৃথিবীং সাগরাম্বরাম্।
স পর্য্যেতু যশো দীপ্তং তব পার্থিব। বর্দ্ধয়ন্॥৬॥

বৈশম্পায়ন উবাচ। #

ইত্যুক্তঃ স তথেত্যুক্ত্বা পাণ্ডবঃ পৃথিবীপতিঃ।
চকার সর্বাং রাজেন্দ্র ! যথোক্তং ব্রহ্মবাদিনা ॥৭॥
সম্ভারাই চব রাজেন্দ্র ! সর্বে সঙ্কল্পিতান্তথা।
স সম্ভারান্ সমাহত্য নূপো ধর্মস্কুতন্তদা।
অবেদয়দনেয়াত্মা কৃষ্ণবৈপায়নায় বৈ ॥৮॥
ততোহত্তবীমহাতেজা ব্যাসো ধর্মাত্মজং নূপম্।
যথাকালং যথাযোগং সজ্জাঃ স্ম তব দীক্ষণে॥৯॥

## ভারতকৌমুদী

অখেতি। স্তাং দারপরং, তবিদং অখবিভাবিদং। মেধ্যং হিংদনীরম্ ॥৫॥
তমিতি। তমখন্। দং অখং, পর্যোত্ পরিভ্রমতু ॥৬॥
ইতীতি। ব্দাবাদিনা বেদবজু বিরোধন, মথোকং, তৎস্কং চকার ॥৭॥
সম্ভাবা ইতি। সম্প্লিতা ক্রমণাভীষ্টাং। সমাস্বত্য সংগৃহ্। ষট্পাদং শ্লোকং॥৮॥
তত ইতি। যথাবোগং শাসোকেসম্ভ্রমন্তিক্রম্য, সম্ভাবরং প্রভাগে ॥১॥

নরশ্রেষ্ঠ । চৈত্রমাসের পূর্ণিমাতি থিতে তোমার দীকা হইবে; সেই যজের নিমিত্ত প্রয়োজনীয় দ্রস্সকল সংগ্রহ কর ॥৪॥

অশ্ববিভায় নিপুণ সার্থিগণ এবং অশ্ববিভায় বিচক্ষণ আহ্মণগণ ভোমার যজ্ঞসিদ্ধির নিমিত হিংসনীয় অশ্বের পরীকা করুন ॥৫॥

রাজা। শাত্র অনুসারে সেই অশ্ব ছাড়িয়া দাও এবং সেই অশ্ব তোমার উচ্চল যশ বৃদ্ধি করিতে থাকিয়া সমুদ্র পর্যান্ত সমগ্র পৃথিবী বিচরণ করুক'॥৬॥

বৈশম্পায়ন বলিলেন — রাজ্ঞেষ্ঠ! বেদব্যাস এই কথা বলিলে 'ডাহাই হউক' এই কথা বলিয়া রাজা যুদিষ্ঠিন বেদব্যাসের উক্ত সমস্ত কার্য্যই করিছে লাগিলেন ॥৭॥

রাজ্বপ্রেষ্ঠ ! বেদব্যাদোক্ত সমস্ত সন্তারই যুধিষ্ঠিরেরও অভিত্রেত হইল। তখন অমিতবুদ্ধি রাজা যুধিষ্ঠির অশ্বমেধ্যক্তের প্রয়োজনীয় জব্যসকল সংগ্রহ করিয়া তাহা বেদব্যাসকে জানাইলেন॥৮॥

<sup>(</sup>७) তব পার্থিব ! দর্শয়নু--বঙ্গ বর্ষ । \* এব পাঠ: নি নাল্ডি।

স্থ্য স্চ কুর্চেশ্চ সৌবর্ণো যচ্চাম্মদিপি কৌরব!!
তত্ত্ব যোগ্যং ভবেৎ কিঞ্চিদ্রৌক্সং তৎক্রিয়তামিতি ॥১০॥
অশ্বশ্রেষ্টামন্ম পৃথ্যামধ্য যথাক্রমম্।
স্থাপ্তথং চরতাং চাপি যথাশাস্ত্রং যথাবিধি ॥১১॥

যুধিষ্ঠির উবাচ।

অয়মখো যথা ব্ৰহ্মন্ ! উৎস্ফঃ পৃথিবীমিমাম্ ।
চরিয়তি যথাকামং তত্র বৈ সংবিধীয়তাম্ ॥১২॥
পৃথিবীং পর্য্যটন্তং হি তুরগং কামচারিণম্ ।
কঃ পালয়েদিতি মুনে ! তদ্ভবান্ বক্তুমুহতি ॥১০॥

## ভারতকৌমুদী

ক্ষ্য ইতি। খড়গাকারং কাঠং রেখার্থম্, কৃচ্চঃ কুশম্ষ্টিরান্তরণার্থঃ, তত্ভয়মশি সৌবর্ণং কর্ত্তবাম্। রৌলং অবর্ণময়ম্॥১০॥

আম ইতি। স্থপ্তং সৈজৈঃ স্বক্ষিতং যথা স্থান্তথা চরতাং সোহখঃ ॥১১॥ আমুমিতি। সংবিধীয়তাং কর্ত্তব্যমাদিশ্রতাম্॥১২॥ পূথিবীমিতি। তুরগমশ্ম ॥১৩॥

### ভারতভাবদীপ:

এবমুক্ষিতি ॥১—৯॥ ক্ষ্য: কাঠথজ্ঞা, স চাত্র সৌবর্ণ:, কূর্চ আসনার্থ: কুশম্টি:, দোহপ্যত্র সৌবর্ণ: ॥১০॥ অশুগুর: হুরকিত: যথা ভাততথা ॥১১—২৫॥

ইতি শ্রীমহাভারতে নৈলক্ষ্মীয়ে ভারতভাবদীপে আখনেধিকপর্বাণি অখনেধে একনবতিতমোহধ্যায়: ॥৯১॥

ভাহার পর মহাতেজা বেদব্যাস রাজা যুধিষ্ঠিরকে বলিলেন—'রাজা। আমরা যথাসময়ে শাস্ত্রোক্তক্রমে তোমাকে যজ্ঞে দীক্ষিত করিবার জঞ্চ প্রস্তুত রহিলাম ॥৯॥

কৌরবনন্দন! এই যজ্ঞে সুবর্ণময় খজাাকার একটি বস্তু এবং সুবর্ণময় কুশ, আর অফ্সও যাহা কিছু প্রয়োজনীয় হইবে, সে সমস্তই সুবর্ণময় ক্রিবে॥১০॥

ভার পর অস্তই একটা অশ্বকে যথাক্রমে পৃথিবীতে বিচরণ করিবার জন্ত ছাড়িয়া দাও। সেই অশ্বটী শাস্ত্রবিধি অনুসারে স্থরক্ষিত অবস্থায় বিচরণ করুকু ॥১১॥

বৃথিন্তির বলিলেন—'ব্রাহ্মণ! এই অশ্ব ছাড়িয়া দিলাম, এ ইচ্ছাহ্মলারে এই পৃথিবী বিচরণ করিবে, সে বিষয়ে কর্ত্তব্য আদেশ করুন ॥১২॥

বৈশম্পায়ন উবাচ। #
ইতুক্তঃ স তু রাজেন্দ্র ! কৃষ্ণবৈপায়নোইব্রবীৎ।
ভীমদেনাদবরজঃ, শ্রেষ্ঠঃ সর্বধনুষ্মতাম্।
জিফুঃ সহিফুধ্ ফুশ্চ স এনং পালয়িয়তি ॥১৪॥
শক্তঃ স হি মহীং জেতুং নিবাতকবচান্তকঃ।
তিম্মন্ হস্ত্রাণি দিব্যানি দিব্যং সংহননং তথা।
দিব্যং ধনুশ্চেষ্ণী চ স এনমনুযাম্যতি ॥১৫॥
স হি ধর্মার্থকুশলঃ সর্ববিভাবিশারদঃ।
যথাশাস্ত্রং নৃপ্রোষ্ঠ ! চার্যিয়তি তে হ্যম্॥১৬॥
রাজপুত্রো মহাবাহুঃ শ্রামো রাজীবলোচনঃ।
অভিমন্যোঃ পিতা বারঃ স এনং পালয়িয়তি ॥১৭॥

#### ভারতকোম্দী

ইতীতি। অবরজ: কনিষ্ঠা। জিফুরৰ্জ্না। সহিফ্বিণকান্ ধৃফ্শচতুরা। ঘটণাদা লোক:॥১৪॥

শক্ত ইতি। নিবাতকবচানাং তদাখ্যানামহ্মরাণাম্ অস্তকঃ সংহর্তা। দিব্যানি স্বর্গীয়াণি, সংহ্ননং শরীরম্। অয়মণি ষট্ণাদঃ শ্লোকঃ ॥১৫॥

স ইতি। ধর্মার্থয়োঃ কুশলো নিপুণঃ। হয়মখন্॥১৬॥ বাজেতি। রাজীবলোচনঃ পদ্মনয়নঃ॥১৭॥

মুনি! কামচারী এই অশ্ব পৃথিবী পর্যাটন করিতে থাকিলে কে উহাকে রক্ষা করিবে, তাহা আপনি বলুন'॥১৩॥

বৈশপায়ন—বলিলেন—'রাজশ্রেষ্ঠ যুধিষ্ঠির এইরূপ বলিলে, বেদব্যাস বলিলেন—'ভীমসেনের কনিষ্ঠ, সর্ব্বধহুর্দ্ধরশ্রেষ্ঠ, শত্রুসহিষ্ণু ও সমরদক্ষ অজ্পুন এই অশ্বংক রক্ষা করিবেন॥১৪॥

নিবাভকবচহন্ত। অৰ্জুন সমগ্ৰ পৃথিবী জয় করিতে সমর্থ হন। কারণ, তাঁহাতে স্বৰ্গীয় অন্ত্ৰ, অলৌকিক দেহ এবং অলৌকিক ধন্ন ও তৃণীর রহিয়াছে; স্মৃতরাং তিনি এই অংশ্বর অনুসরণ করিবেন॥১৫॥

রাজশ্রেষ্ঠ ! ধর্মার্থনিপুণ ও সর্কবিভাবিশারদ অর্জ্জুন শাস্ত্রামুসারে ভোমার অংশকে পৃথিবী পর্যটন করাইবেন ॥১৬॥

মহাবাহু, শ্রামবর্ণ, পদ্মনয়ন এবং অভিমন্তার পিতারাজপুত্র বীর অজ্জুন এই অস্বটিকে রক্ষা করিবেন ॥১৭॥

এव পাঠः नि नाचि ।

ভীমদেনোহপি তেজস্বী কোন্তেয়োহসিতবিক্রমঃ।
সমর্থো রক্ষিত্ব রাষ্ট্রং নকুলশ্চ বিশাংপতে ! ॥১৮॥
সহদেবস্ত কোরব ! সমাধাস্ততি বুদ্ধিমান্।
কুটুস্বতন্ত্রং বিধিবৎ সর্বমের মহামশাঃ॥১৯॥
তত্তু সর্বং যথাতায়মুক্তঃ কুরুকুলোদ্বঃ।
চকার ফাল্পনং চাপি সন্দিদেশ হয়ং প্রতি॥২০॥

যুধিষ্ঠির উবাচ।

এহজ্ন ! ত্বরা বীর ! হয়ে হয়ং পরিপাল্যতাম্।
ত্বমহোর কিছে হেনং নাভঃ ক চন মানবঃ ॥২১॥
যে চাপি ত্বাং মহাবাহো ! প্রভ্যাদ্যান্তি নরাধিপাঃ।।
তৈর্বিপ্রহো যথা ন স্থাত্তথা কার্য্যং ত্বয়ান্য !॥২২॥
তাথ্যাত্ব্য চ ভবতা যজে।২য়ং মম সর্বি শঃ।।
পার্থিবেভ্যাে মহাবাহে।! সময়ে গম্যতামিতি ॥২৩॥

#### ভারতকৌমুদী

ভীমেতি। রাষ্ট্রং তবেদং রাজ্যম্, রক্ষিত্ং সমর্থং, অর্জুনাসগন্ধিতাবপি ॥১৮॥
সহেতি। সমাধাস্থাতি নির্মাহয়িয়তি। কুট্পতন্ত্রম্ আত্মীয়পজনাভ্যর্থনাম্॥১৯॥
তদিতি। কুককুলোধহো যুধিষ্টিরং। ফাল্ডনমর্জ্নম্, হয়ং প্রতি অখরকাবিষয়ে॥২০॥
এহীতি। হয়োহশং। অর্হো যোগ্য:॥২১॥
য় ইতি। প্রত্যুক্ষান্ধি প্রতিপক্ষভাবেনাগ্যিয়িছি! বিগ্রহো যুদ্ধম্॥২২॥

নরনাথ! তেজস্বী ও অমিতপরাক্রম কুন্তীনন্দন ভীমদেন এবং নকুল ভোমার রাজ্য রক্ষা করিতে সমর্থ ইইবেন ॥১৮॥

কৌরবনন্দন ! বুদ্দিমান্ও মহাযশ। সহদেব যথাবিধানে সমস্ত আত্মীয়স্বজনের অভ্যর্থনা করিতে সমর্থ হইবেন' ॥১৯॥

কুরুবংশশ্রেষ্ঠ যুধিষ্ঠির বেদব্যাদোক্ত দেই সমস্ত বিষয়ই যথানিয়মে ক্রিলেন এবং অজুনিকেও অশ্বক্ষার বিষয়ে আদেশ করিলেন ॥২০॥

যুধিষ্ঠির বলিলেন—'অর্জুন! আইস, বীর! তুমি এই অশ্বটীকে রক্ষা করিতে থাক। কারণ, তুমিই ইহাকে রক্ষা করিবার যোগ্য; অফ্য কোন মানব নহে ॥২১॥

নিষ্পাপ মহাবাছ ! যে সকল রাজা তোমার প্রতিপক্ষভাবে আদিবেন, **ভাঁহাদের** সহিত যাহাতে যুদ্ধ না হয়, তাহা তুমি করিবে ॥২২॥ বৈশম্পায়ন উবাচ।

এবমুক্ত্বা স ধর্মাত্মা ভাতরং সব্যসাচিনম্। ভীমঞ্চ নকুলকৈব পুরগুপ্তো সমাদধৎ ॥২৪॥ কুটুস্বতন্ত্রে চ তদা সহদেবং মুধাংপতিম্। অনুমান্য মহীপালং ধ্রতরাষ্ট্রং মুধিষ্ঠিরঃ ॥২৫॥

ইতি শ্রীসহাভারতে শতদাহস্র্যাং সংহিতায়াং বৈয়াদিক্যাম্ আশ্বনেধিক-পর্বাণি অশ্বমেধে অশ্বরক্ষার্থসর্জ্বনিয়োগে একনবতিত্তমোহধ্যায়ঃ॥॰॥ \*

# দ্বিনবভিতমোহধ্যায়ঃ।

----

বৈশম্পায়ন উবাচ। দীক্ষাকালে তু সম্প্রাপ্তে ততন্তে প্রমহ**দ্বিজঃ।** বিধিবদ্দীক্ষয়াসাম্বরশ্বনেধায় পার্থিবম্॥১॥

# ভারতকোমুদী

আথোতি। আথাতব্যা বক্তব্য:। গম্যতাং ভবদ্ভি:॥২৩॥
এবমিতি। স্ব্যাচিনমর্জ্নম্। পুরগুপ্তৌ হ্তিনারক্ষামান্, সমাদধৎ সংস্থাপিতবান্॥২৪॥
কুটুম্বতি। কুটুম্বতন্তে আত্মীয়ম্বজনাভ্যর্থনায়াম্, যুধাংপতিং রণদক্ষম্। সহদেবং সমাদধদিত্যন্ত্রন্তি:॥২৫॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং
মহাভারতটীকায়াং ভারতকৌমূদীসমাধ্যায়াম্ আশ্বমেধিকপর্ব্বণি
অশ্বমেধে একনবভিতমোহধ্যায়ঃ ॥•॥

--:+:--

দীক্ষেতি। দীক্ষাকালে অশ্বমেধারস্কলময়ে। পার্থিবং যুদিটিরম্ ॥১॥
মহাবাহু ! এই যজ্ঞ সর্ববিপ্রকারেই আমার বটে; তবে তুমি রাজ্পগকে
বলিবে যে, আপনারা যথাসময়ে এই যজ্ঞে যাইবেন' ॥২৩॥

বৈশস্পায়ন বলিলেন—ধর্মাত্ম। যুধিষ্ঠির ভ্রান্তা অর্জুনকে এই কথা বলিয়া ভীম ও নকুলকে হস্তিনারকার্থ নিযুক্ত করিলেন ॥২৪॥

এবং যুধিষ্ঠির রাজা ধৃভরাষ্ট্রের অনুমতি লইয়া রণদক্ষ সহদেবকৈ আজীয়-অজনের অভ্যর্থনায় নিযুক্ত করিলেন ॥২৫॥

<sup>• &#</sup>x27;...विनश्चिष्ठिष्ठद्वारेशावः'--वक वर्ष नि ।

কৃত্ব। স পশুবন্ধাংশ্চ দীক্ষিতঃ পাপুনন্দনঃ।
ধর্মরাজাে মহাতেজাঃ সহত্বি গ্ ভির্ব্যরোচত ॥২॥
হয়শ্চ হয়মেধার্থং স্বয়ক ব্রহ্মবাদিনা।
উৎস্ফঃ শাস্ত্রবিধিনা ব্যাসেনাসিততেজ্ঞসা ॥৩॥
স রাজা রাজধর্মেণ দীক্ষিতাে বিবভৌ তদা।
হেমমালী রুক্মকণ্ঠঃ প্রদীপ্ত ইব পাবকঃ ॥৪॥
কৃষ্ণাজিনী দণ্ডপাণিঃ কোমবাসাঃ স ধর্মজঃ।
বিবভৌ ত্যুতিমান্ ভূয়ঃ প্রজাপতিরিবাধ্বরে ॥৫॥
ভবৈধবাস্তত্বিজঃ সর্বে তুল্যবেশা বিশাংপতে!।
বভূবুরজ্জুনশ্চাপি প্রদীপ্ত ইব পাবকঃ॥৬॥

# ভারতকৌমুদী

ক্তেতি। পশুবন্ধান্ আরম্ভকালে কর্ত্র্যান্ হে।

हम्र हेजि। हम्रः किनियः, अभावानिना (वनवक्ता ॥०॥

স ইতি। হেমমালী অর্থমালাধারী, রুক্সকণ্ঠ: অর্থােভিতগলদেশ: ॥৪॥

ক্রফেতি। কৃষণজিনী কৃষ্ণমূগচর্মধারী। অধ্বরে যজে ৷৫॥

তথেতি। অর্জ্ঞন: অশ্বক্ষার্থং বিষাস্থ: ॥৬॥

বৈশম্পায়ন বলিলেন—'দীক্ষাকাল উপস্থিত হইলে ভাহার পর সেই প্রধান পুরোহিতেরা অশ্বমেধ যজ্ঞের জন্ম যুধিষ্ঠিরকে যথাবিধানে দীক্ষিত করিলেন ॥১॥

পাণ্ড্নন্দন মহাতেজা ধর্মরাজ যুধিষ্ঠির আরম্ভকালকর্ত্ব্য পশুবন্ধন করিয়া দীক্ষিত হইয়া পুরোহিতগণের সহিত বিশেষ শোভা পাইতে লাগিলেন্ ॥২॥

বেদবাদী ও অমিততেজা স্বয়ং বেদব্যাস অশ্বমেধ্যজ্ঞের জন্ম একটা অশ্বকে শাস্ত্রীয় বিধান অনুসারে ছাড়িয়া দিলেন ॥৩॥

স্বর্ণনালাধারী ও স্বর্ণশোভিতকণ্ঠ রাজা যুধিষ্ঠির তথন রাজধর্মানুসারে দীক্ষিত হইয়া প্রজ্ঞালত অগ্নির স্থায় বিশেষ শোভা পাইতে লাগিলেন ॥৪॥

তৎকালে যুখিষ্ঠিরের হল্তে রাজদণ্ড, পরিধানে ক্রোমবস্ত্র এবং উত্তরীয়স্থানে কৃষ্ণমুগের চর্ম্ম থাকায় তিনি বিশেষ তেজস্বী হইয়া প্রজাপতির স্থায় যজ্ঞে শোভা পাইতে থাকিলেন।৫॥

নরনাথ! যুধিষ্ঠিরের পুরোহিতেরা সকলেও তাঁহারই সমান বেশধারী

<sup>(</sup>२) इषा म भक्षत्मधाः क-नि । (३) म बाका धर्मवाष्ट् वाकन् !-- भि वक वर्ष ।

খেতাখাঃ কপিকেতুশ্চ সসারাখাং ধনপ্তাঃ।
বিধিবৎ পৃথিবীপাল! ধর্মরাজস্ত শাসনাৎ ॥৭॥
বিক্ষিপন্ গাণ্ডীবং রাজন্! বদ্ধগোধাঙ্কুলিতাবান্।
তমখাং পৃথিবীপাল! মুদা যুক্তঃ সসার চ ॥৮॥
অনুমার্গং তদা রাজন্! আগমন্তৎপুরং বিভো!।
দেউ কামং কুরুভোষ্ঠং প্রযাস্ত ধনপ্তায়ম্ম ॥৯॥
তেঘামন্তে। অসংমদ্দাদ্মেব সমজায়ত।
দিদৃক্ষ্ণাং হয়ং তঞ্চ তকৈব হয়সারিণম্॥১০॥
ততঃ শব্দো মহারাজ! দিশঃ খং প্রতিপ্রয়ন্।
বভূব প্রেক্ষতাং নৃণাং কুন্তীপুত্রং ধনপ্তায়ম্॥১১॥

### ভারতকোমুদী

খেতেতি। খেতা অখা রথঘোটকা যশু সঃ, কণিকেতুর্বানরধ্বজঃ, সদার অহস্তবান্ ॥৭॥ বিক্ষিপলিতি। বলোধতো, গোণো হত্তমণিবন্ধদেশরক্ষকং লৌহাবরণং বেন স চাদৌ অঙ্গুলিত্রবান্ অঙ্গুলিরক্ষলৌহাবরণযুক্তশেচতি সঃ। সদার অহ্জগাম ॥৮॥

অন্বিভি। পুরং পুরবাদী জন:॥১॥

তেষামিতি। উন্না সভাপ:। দিদৃক্ণাং দ্রষ্থিত্গাম্ হয়সারিণম্ অধাহসারিণম**র্জ্নম্॥১০॥** তত ইতি। ধমাকাশম্। প্রেক্তাং প্রেক্ষমাণানাম্॥১১॥

ছিলেন এবং অৰ্জুনও যোদ্বেশে প্ৰজলিত অগ্নির স্থায় দীপ্তি পাইতে-ছিলেন ॥৬॥

রাজা! শ্বেতাখ ও কপিধ্বজ অজুন ধর্মাবাজের আদেশ অনুসারে যথা-বিধানে সেই অখের অনুসরণ করিলেন ॥৭॥

পৃথিবীপাল রাজা! অজুনি তখন মণিবন্ধরক্ষক ও অঙ্গুলিত্রযুক্ত হইয়া গাণ্ডীবধনু আকর্ষণ করিতে থাকিয়া আনন্দিত অবস্থায় সেই অংশর অনুসরণ করিতে থাকিলেন ॥৮॥

রাজা! সেই নগরবাসী লোকেরা **অর্থানুগামী** কেরিব**শ্রেষ্ঠ অর্জুনকে** দেখিবার ইচ্ছা করিয়া তাঁহার পশ্চাদ্বর্তী পথে আগমন করিল ॥৯॥

সেই অশ্ব ও অশ্বামুগ।মী অর্জ্নকে দর্শন করিবার ইচ্ছার উপস্থিত সেই সকল লোকের সংমদি (ঠেগাঠেসি) নিবন্ধন যেন সন্তাপ আবিভূতি হইল ॥১০॥

মহারাজ ! তাহার পর অর্জুনদর্শনার্থী লোকদিগের কোলাইল, দিক্ ও্ আকোশ পরিপূর্ণ করিল ॥১১॥

<sup>(</sup>৭) খেতাখ্য কৃষ্ণারং তম্—পি বঙ্গ বর্দ্ধ।

এব গছতি কোন্তেয়স্তরগশ্চেব দীপ্তিসান্।
যাবেতি মহাবাছ: সংস্পৃশন্ ধসুরুত্তমম্ ॥১২॥
এবং শুলাব বদতাং গিরো জিফুরুদারধী:।
স্বন্তি তেইস্ত ব্রজারিকং পুনশ্চেহীতি ভারত !॥১৩॥
অথাপরে মসুযোক্তা! পুরুষা বাক্যমক্তবন্।
নৈনং পশ্চাম দম্মর্দে ধসুরেতৎ প্রদৃশ্যতে ॥১৪॥
এতদ্ধি ভীমনিহ্রাদং বিশ্রুতং গাণ্ডিবং ধসু:।
স্বন্তি গচছত্বরিক্টো বৈ পন্থানমকুতোভয়ম্।
নির্ত্তমেনং দ্রুল্যানঃ পুনরেয়তি চ ধ্রুবম্ ॥১৫॥
এবমাতা মনুয়াণাং স্ত্রীণাঞ্চ ভরতর্বভ!।
শুলাব সধুরা বাচঃ পুনঃ পুনরুদারধী:॥১৬॥

## ভারতকৌমুদী

এব ইতি। কৌতেয়োহৰ্জুন:। অবেতি অহুগচ্ছতি ॥১২॥

এবমিতি। জিফুরর্জ্ন:, উদারধীর্মহাবৃদ্ধি:। অরিষ্টং নিকিম্ম ॥১৩॥

অথেতি। সমর্দে যুদ্ধকালে, এনসর্জ্নম্, ন পশ্চাম, এতং ধহুদ্দ ন প্রাদৃশ্রতেশ্ব ॥১৪॥

এবমিতি। মহুয়াণাং পুরুষাণাম্। উদারধীর 😎 নিঃ ॥১৬॥

'এই উজ্জ্বল অখটী গমন করিতেছে, মহাবাহ আজ্জুন উত্তম ধনু ধারণ করিয়াযে অখার অনুসরণ করিতেছেন'॥১২॥

মহাবৃদ্ধি অৰ্জ্ন তত্ৰত্য লোকদিগের এইরপ উক্তি সকল ভাবণ করিছে লাগিলেন যে, ভরতনন্দন! আপনার সকল হউক, আপনি গমন করুন এবং নিবিবেল্লে পুনরায় আগমন করুন'॥১৩॥

নরশ্রেষ্ঠ ! পরে অক্স লোকেরা এই কথা বলিতে লাগিল যে, 'আমরা যুদ্ধের সময়ে অজ্জুনিকে দেখি নাই এবং এই ধনুও দেখিতে পাই নাই ॥১৪॥

এই গাণ্ডীবধমু ভয়ন্ধর শব্দকারী বলিয়াবিখ্যাত। অজ্জুন কুশলে, নির্বিদ্ধে এবং অকুভোভয়ে পথে গমন করুন। ইনি ফিরিয়া আসিলে আবার আমরা দেখিব, নিশ্চয়ই ইনি ফিরিয়া আসিবেন' ॥১৫॥

ভরতশ্রেষ্ঠ ! মহাবৃদ্ধি অজ্জুনি তংকালে স্ত্রী ও পুরুষগণের এই প্রকার মধ্র বাক্য সকল বার বার শুনিয়াছিলেন ॥১৬॥ যাজবল্ধস্য শিষ্যশ্চ কুশলো যজকর্মণি।
প্রায়াৎ পার্থেন সহিতঃ শাস্ত্যর্থং বেদপারগঃ॥১৭॥
ব্রাহ্মণাশ্চ মহীপাল! বহুবো বেদপারগাঃ।
অমুজগ্মুম হাত্মানং ক্ষত্রিয়াশ্চ বিশাংপতে!।
বিধিবৎ পৃথিবীপাল! ধর্মরাজস্য শাসনাৎ॥১৮॥
পাওবৈঃ পৃথিবীমশ্মে নির্জিত।মন্ত্রতেজসা।
চচার স মহারাজ! যথাদেশক্ষ সত্তম!॥১৯॥
তত্র যুদ্ধানি ব্রত্তানি যাত্যাসন্ পাগুবস্থ হ!
তানি বক্ষ্যামি তে বীর! বিচিত্রাণি সহান্তি চ॥২০॥
স হয়ঃ পৃথিবীং রাজন্! প্রদক্ষিণমবর্ত্ত।
স্পারোত্রতঃ পূর্বং ত্রিবোধ মহীপতে!॥২১॥
অবস্থানু স রাষ্ট্রাণি পাথিবানাং হয়োত্তমঃ।
শবৈস্তদা পরিষ্থে শ্রেতাশ্বশ্চ সহারথঃ॥২২॥

## ভারতকোমুদী

ষ্প্রেতি। কুশলো নিপুণ:। পার্থেনাজ্ব্নেন ॥১'॥
বাহ্মণাইতি। মহাত্মানমজ্বন্ম। শাসনাদাদেশাৎ। ষট্পাদ: শ্লেক:॥১৮॥
পাপ্তবৈবিতি। দেশং সন্থিতজনপদমন্তিক্মোত ষ্পাদেশম্॥১৯॥
তব্রেতি। ব্রানি জাতানি, পাশুবস্থার্জ্নস্থ ॥২০॥
দুইতি। হয়: অখা:। সদাব জ্গাম ॥২১॥

বেদপারদশী ও যজ্ঞকার্য্যে নিপুণ যাজ্ঞাবদ্ধের একজন শিষ্যু শাস্থির নিমিত্ত অজ্জুনির সহিত প্রস্থান করিলেন॥১৭॥

নরনাথ রাজা! যুধিষ্ঠিরের আদেশক্রমে বেদপারদর্শী অস্থা বহুতর ব্রাহ্মণ এবং ক্ষত্রিয় যথাবিধানে মহাত্মা অর্জুনের অনুগ্মন করিলেন॥১৮॥

সাধুশ্রেষ্ঠ মহারাজ ! পৃর্বের পাগুরেরা অস্ত্রের তেজে যে পৃথিবী জয় করিয়া-ছিলেন, তৎকালে সেই অশ সলিহিত দেশক্রমে সেই পৃথিবী বিচরণ করিতে লাগিল ॥১৯॥

বীর! তখন অজ্জুনের সহিত যে সকল যুদ্ধ চইয়াছিল, বিচিত্র ও বিশাল সেই সকল যুদ্ধের বিষয় হামি আপনার নিকট বলিতেছি ॥২০॥

রাজ্ঞা! সেই অশ্বটী প্রদিক্ষিণক্রমে পৃথিনীতে নিচরণ আরম্ভ করিল। প্রথমে উত্তর দিক্ হইতে দক্ষিণ দিকে চলিল, মহীপতি! তাহা আপনি প্রবন করুন ॥২১॥ তত্ত সংগণনা নান্তি রাজ্ঞাসযুতশন্তদা।

যেহযুধ্যন্ত মহারাজ! ক্ষত্রিয়া হতবান্ধবাঃ ॥২০॥

কিরাতা যবনা রাজন্! বহবোহসিধকুর্দ্ধরাঃ।

মেচহাশ্চান্তে বহুবিধাঃ পূর্বং যে নিক্তা রবে ॥২৪॥
আর্যাশ্চ পৃথিবীপালাঃ প্রহাইনরবাহনাঃ।

সমীয়ুঃ পাঞ্পুত্রেণ বহবো যুদ্ধহুর্দ্মদাঃ ॥২৫॥
এবং রভানি যুদ্ধানি তত্ত্র ত্য মহীপতে!।
আজুনিত্ত মহীপালৈনাদেশসমাগতৈঃ ॥২৬॥

#### ভারতকৌমুদী

অবমুদ্, রিভি। অবমৃদ্, ন্ বিদলন্। খেতাখোইজ্ন: ॥ ২। তত্ত্বতি। সংগণনা সংখ্যা। হতা বাদ্ধবা যেবাং তে ॥ ২৩॥ কিরাতা ইভি। পৃর্বং কুকক্ষেত্রযুদ্ধকালে, নিক্তা অভিভৃতা: ॥ ২৪॥ আর্ধ্যা ইভি। সমীয়ু: সমিলিতা বভূব্ং, পাতুপুত্ত্বণাৰ্জ্নেন সহ ॥ ২৫॥ এবমিভি। বুভানি জাতানি ॥ ২৬॥

#### ভারতভাবদীপ:

দীক্ষেতি ॥১॥ পশুবন্ধানখনেধস্থারস্থানীয়রপান্॥২—১৬॥ শিক্সং সোমশ্রা:॥১৭—২৬॥ ধানি তুরয়ত ইতি কুলাণি তু উপেকিতানীতার্থ:॥২৭॥

> ইতি শ্রীমহাভারতে নৈলক্ষীয়ে ভারতভাবদীপে আখনেধিক পর্বাণি অখনেধে দ্বিনব্তিতমোহধ্যায়: ॥२२॥

সেই উত্তম অশ্বটী এবং মহারথ অজ্জুন রাজগণের রাজ্যমর্দন করিতে থাকিয়া তখন ধীরে ধীরে গমন করিতে থাকিলেন ।২২॥

মহারাজ ! পূর্বে কুক্লকেত্রযুদ্ধে বাঁহাদের বন্ধুবর্গ নিহত হইয়াছিল, ভাদৃশ অযুত ভাষুত যে সকল ক্তিয় অৰ্জুনের সহিত যুদ্ধ করিয়াছিলেন, তাঁহাদের সংখ্যা করা সম্ভব ছিল না ॥২৩॥

রাজা! অসি ও ধহুজারী বহুতের কিরাত ও যবন এবং পু্র্যুজে যাহারা প্রাজিত হইয়াছিল, সেই সকল বহুবিধ ফ্লেছে, অর্জুনের সঞ্জি যুদ্ধ করিয়া-ছিল ॥২৪॥

ভারপর হাই-সৈতাও বাহনসমন্তি এবং যুদ্ধত্বর্ধ বহুতর আর্য্যজাতীয় রাজা অর্জুনের সহিত যুদ্ধে মিলিভ হইয়াছিলেন ॥২৫॥

মহারাজ। নানাদেশসমাগত রাজগণের সহিত সেই সেই স্থানে অর্জুনের এইরূপ যুদ্ধ হইয়াছিল।২৬॥ যান্সত্ৰ হয়তে। রাজন্ ! প্রব্তানি মহাস্তি চ । তানি যুদ্ধানি বক্ষ্যামি কৌস্তেয়স্থ তদাখনঘ ! ॥২৭॥ ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাম্ আশ্বমেধিক-পর্বাণি অশ্বমেধে অশ্বাসুসরণে দ্বিনবতিত্তমোহধ্যায়ঃ॥॰॥ \*

# ত্রিনবভিতমোহধ্যায়ঃ।

**--:**#:--

বৈশম্পায়ন উবাচ।
ত্রিগত্তিরভবদ্যুদ্ধং ক্লতবৈরেঃ কিরীটিনঃ।
মহারথসমাজ্ঞাতৈহিতানাং পুত্রনপ্তৃভিঃ॥১॥
তে সমাজ্ঞায় সংপ্রাপ্তং যজ্ঞিয়ং তুরগোত্তমম্।
বিষয়ান্তং ততো বীরা দংশিতাঃ পর্য্যবারয়ন্॥২॥

ভারতকোমূদী

ধানীতি। হয়তঃ অশ্বাং তমশ্বং নিমিন্তীক্বত্বেত্যর্থ: ॥২৭॥
ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্ধ্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্ধ্যবিরচিতায়াং
মহাভারতটীকায়াং ভারতকৌমূদীসমাধ্যায়াম্ আশ্বমেধিকপর্ব্বণি
অশ্বমেধে দ্বিন্বতিত্বমাহধ্যায়ঃ ॥০॥

--:::--

ত্তিগঠৈত্তবিতি। ক্বতং দক্ষিণগোগ্রহাদৌ বিহিতং বৈরং ধেষাং তৈং, কিরীটিন: অব্দুর্নশু। মহারথেরু সমাজ্ঞাতৈরবগঠতং, হতানাং স্থশাদীনাম্, পুত্রশু নপ্তারং পৌত্রাশ্চ তৈং ॥১॥

নিষ্পাপ রাজা ! সেই অশ্বকে নিমিত্ত করিয়া অর্জুনের যে সকল মহাযুদ্ধ হইয়াছিল, আমি তাহা ক্রমশঃ বলিতেছি ॥২৭॥

--:\*:--

বৈশপায়ন বলিলেন—ত্রিগর্তদেশের রাজারা মহারথ বলিয়া বিখ্যাত ছিলেন এবং পাশুবেরা দক্ষিণগোগ্রহপ্রভৃতি যুদ্ধে তাঁহাদের সহিত শত্রুভাও করিয়াছিলেন; স্বতরাং সেই সকল যুদ্ধে নিহত ব্যক্তিগণের পুত্র ও পৌত্র-প্রভৃতির সহিত অর্জ্নের যুদ্ধ হইয়াছিল ॥১॥

<sup>(</sup>২৭) বানি তৃভয়তো রাজন !--পি বহু বর্দ্ধ। \* '…বিসপ্তডিতমোহণ্যায়:'--বহু বর্দ্ধ নি

রথিনো বদ্ধত্ণীরাঃ সদখ্যে সমলক্ষতিঃ।
পরিবার্য্য হয়ং রাজন্! গ্রহীতুং সম্প্রচক্রমুঃ॥০॥
ততঃ কিরীটী সঞ্চিন্ত্য তেষাং তত্ত্র চিকীর্ষিত্যু।
বারয়ামাস তান্ বীরান্ সাস্ত্পূর্ব্বমরিন্দমঃ॥৪॥
তদনাদৃত্য তে সর্বে শনৈরভ্যহনংস্তদা।
তমোরজোভ্যাং সংচ্ছনাংস্তান্ কিরীটী স্থবারয়ং॥৫॥
তানব্রবীততো জিফুঃ প্রহসন্নিব ভারত!।
নিবর্ত্ধবমধ্যজ্ঞাঃ! শ্রেয়ো জীবিতমেব চ॥৬॥
স হি বীরঃ প্রযাস্থন্ বৈ ধর্মারাজেন বারিতঃ।
হতবান্ধবা ন তে পার্থ! হস্তব্যাঃ পার্থিবা ইতি॥৭॥

#### ভারতকৌমুদী

ত ইতি। বিবর্গন্ধং বকীয়রাজ্যপ্রাস্তম্, দংশিতা: নয়জা: ॥২॥
রথিন: ইতি। পরিবার্গ্য পরিবেট্য, হয়ং তমখনেধীয়াখম ॥৩॥
তত ইতি। চিকীবিতং কর্জুমিটং কার্য্য্য্য নাস্থপূর্বং মধুরোজিপূর্বক্ম ॥৪॥
তদিতি। তমোরজোভ্যাং তত্তয়প্রপঞ্জনিতাভ্যাং মোহরোধাভ্যাম্ ॥৫॥
তানিতি। জিফুরজ্জুন:, শ্রেয়েজীবিতমেব চ রক্ষিত্মিতি শেবং ॥৬॥
স ইতি। বীরোইজ্লুন:, প্রধাক্তন্ হতিনাত: প্রস্থাক্তমান: তৃতীয়পাদে অক্ষরাধিক্য
মার্বম্॥৭॥

যুধিষ্ঠিরের যজ্ঞীয় অশ্ব নিজেদের রাজ্য প্রান্তে উপস্থিত হইয়াছে ইহা জানিয়া সেই ত্রিগর্ত্তরাজবংশীয় বীরেরা যুদ্দসজ্জায় সজ্জিত হইয়া সেই অশ্বটীকে পরি-বেষ্টন করিলেন ॥২॥

রাজা। তাঁহারা তৃণীরধারণ ও রথারোহণ করিয়া অলক্কত উত্তম উত্তম অখাদারা পরিবেটনপূর্বকৈ অর্জ্জনের অর্খটী ধরিবার উপক্রম করিলেন এ৩॥

ভাহার পর শত্রুদমন অর্জুন তৎকালে তাঁহাদের অভিপ্রেত বিষয় চিন্তা করিয়া প্রথমে মধুরবাক্যদারা সেই বীরগণকে বারণ করিলেন ॥৪॥

কিন্তু তাঁহারা সকলে অর্জ্বনের বাক্য অগ্রাহ্য করিয়া ধীরে ধীরে অর্জ্বনকে আঘাত করিতে লাগিলেন। অর্জ্বনত মুগ্ধ ও ক্রুপ্ধ সেই ত্রিগর্তগণকে বারণ করিতে থাকিলেন॥৫॥

ভরতনন্দন। তদনস্তর অর্জ্ন হাস্ত করিয়াই যেন তাঁহাদিগকে বলিলেন— 'অধর্মজ্ঞগণ। ভোমরা নিজেদের মঙ্গল ও জীবন রক্ষা করিবার জন্ত নিরুদ্ধ হও'॥৬॥ স তদা তছচঃ শ্রেছা ধর্মারাজস্ম ধীমতঃ।
তান্ নিবর্ত্তধ্বমিত্যাহ ন অবর্ত্তর চাপি তে ॥৮॥
ততস্ত্রিগর্ত্তরাজানং সূর্যবেশ্মাণমাহবে।
বিচিত্য শরজালেন প্রজহাস ধনপ্রমঃ ॥৯॥
ততত্তে রথঘোষেণ রথনেসিম্বনেন চ।
পুরয়ন্তো দিশঃ সর্কা ধনপ্রয়মুপাদ্রবন্ ॥১০॥
সূর্যবেশ্যা ততঃ পার্থং শরাণাং নতপর্কণাম্।
শতাভ্যমুঞ্দ্ রাজেন্দ্র ! লঘু স্ত্রমভিদর্শয়ন্ ॥১১॥
তথৈবাত্যে মহেষাসা যে চ তত্থাকুযায়িনঃ।
মুমুচুঃ শরবর্ষাণি ধনপ্রয়ব্রেষিণঃ ॥১২॥

## ভারতকোমূদী

স ইতি। সোহৰ্জুন:। শ্ৰা ভদানী: শ্বেত্যৰ্থ:। তান্ ত্ৰিগৰ্তান্, নিবৰ্ত্ধাং যুদ্ধাং ৮৮॥
তত ইতি। ত্ৰিগৰ্ত্বাদানসিত্যদন্তবাভাব আৰ্থ:। বিচিত্য ব্যাণ্য ॥৯॥
তত ইতি। ব্যানেশীনাং ব্যচক্ৰপ্ৰান্তানাম্ খনেন শ্ৰেন ॥১০॥
স্ব্য্তি। পাৰ্থ্যৰ্জুনং প্ৰতি। লঘ্নাং ক্ৰতান্তক্ষেপশক্তিম্॥১১॥
তথেতি। মহাস্ত ইমাণা ধন্ংবি বেষাং তে ॥১২॥

কারণ, অৰ্জ্জুন যখন হস্তিনা হইতে প্রস্থান করেন, তখন যুধিষ্ঠির বলিয়া-ছিলেন যে, 'পৃথানন্দন! যাঁচাদের বন্ধুগণ কুরুক্ষেত্রযুদ্ধে নিহত হইয়াছে, তুমি সেই সকল রাজাকে বধ করিও না' ॥৭॥

তখন অৰ্জুন বুদ্মি।ন্ যুধিষ্ঠিরের সেই বাক্য স্মরণ করিয়া, ত্রিগর্ভবীরগণকে বিলিয়াছিলেন যে, 'ভোমরা যুদ্ধ হইতে নিব্ত হও : কিন্তু ভাঁগারা নিবৃত্ত হন নাই॥৮॥

তাহার পর অর্জুন বাণসমূহদার। যুদ্ধে ত্রিগর্তরাজ সুর্য্যবন্ধার সমস্ত অঙ্গ ব্যাপ্ত করিয়া হাস্ত করিলেন ॥৯॥

ভদনস্তর ত্রিগর্তদেশীয়ের। রথের শব্দ ও রথচক্রের শব্দধারা সমস্ত দিক্ পূর্ণ করিয়া অর্জ্জুনের দিকে ধাবিত হইলেন॥১০॥

রাজ্ঞেষ্ঠ। তৎপরে স্থ্যবর্মা সম্বর অস্ত্র নিক্ষেপের শক্তি দেখাইতে থাকিয়া, অর্জ্জুনের উপরে নতপর্ব শত শত বাণ নিক্ষেপ করিলেন ॥১১॥

এবং হাঁহার৷ সুর্য্যবর্ষার অমুগামী ছিলেন, সেই অস্থ্য মহাধমুর্দ্ধরেরা অর্জ্জুনকে বধ করিবার ইচ্ছা করিয়া তাঁহার উপরে বাণবর্ষণ করিতে লাফিলেন ॥১২॥

স তান্ জ্যামুথনিমু তৈ বঁহু ভিঃ হ্ববহুন্ শরান্।
চিচ্ছেদ পাণ্ডবো রাজন্! তে ভূমো অপতংস্তদা ॥১৩॥
কেতুবর্মা। তু তেজস্বী ততৈ বাবরজা যুবা।
যুযুধে লাতুরর্থায় পাণ্ডবেন যশ্সিনা ॥১৪॥
তমাপতস্তক্ষ সংপ্রেক্ষ্য কেতুবর্মাণমাহবে।
অভ্যহমিশিতৈর্বাণৈবীভংস্থঃ পরবীরহা ॥১৫॥
কেতুবর্মাণ্ডহতে ধ্তবর্মা। মহারথঃ।
রথেনাশু সমূৎপত্য শরৈজিফুমব!কিরং ॥১৬॥
তত্ম তাং শীঘ্রতামীক্ষ্য তুতোদাতীব বীর্যাবান্।
গুড়াকেশো মহাতেজা বালস্থ ধ্তবর্মাণঃ ॥১৭॥
ন সন্দধানং দদৃশে নাদ্দানঞ্চ তং তদা।
কিরন্তনেব স্থাবান্ দৃদ্শে পাকশাস্নিঃ ॥১৮॥

### ভারতকৌমুদী

স ইতি। জ্যাম্থেন গুণশ্রেটেন নিম্ কৈনিকিং গৈ: শরৈ: ॥১৩॥
কেবিতি। তকৈব স্বাবর্ষণ এব, অবরজ্ঞা কনিটো লাতা ॥১৪॥
তমিতি। আহ্বে যুকে। নিশিতৈঃ স্থাবৈঃ, বীভৎস্বর্জ্জনঃ ॥১৫॥
কেবিতি। জিফুমর্জ্জনম্ ॥১৬॥
তন্তেতি। শীঘ্রতাম্ অধকেশে, ঈক্ষা দৃষ্ট্বা। আর্বোহয়ং যণ্। ওড়াকেশোহর্জ্জঃ ॥১৭॥
নেতি। পাকশাসনস্ভ ইন্দ্রসাপত্যমিতি পাকশাসনির্জ্জনঃ ॥১৮॥

রাজা! অর্জনেও ধনুগুণিনি কিপ্ত বহুতর বাণদার। তাঁহাদের বহুতর বাণ ক্ষেদন করিলেন এবং অর্জুনের আঘাতে তাঁহারা তখন ভূতলে নিপতিত হইলেন॥১৩॥

সূর্য্যবর্মারই কনিষ্ঠ সতোদর তেজস্বী ও যুবা কেতৃবর্মা ভাতার জন্ম যশস্বী অর্জ্জুনের সহিত যুদ্ধ করিতে লাগিলেন ॥১৪॥

বিপক্ষণীরহস্তা অর্জুন কেতৃবন্ধাকে যুদ্ধে আসিতে দেখিয়া সুধার বাণ-সমূহদ্বারা তাঁহাকে নিহত করিলেন ॥১৫॥

কেতৃবর্মা নিহত হইলে মহারথ ধৃতবর্মা সম্বর রথারোহণে অগ্রবর্তী হইয়া অহ্ছ্রের উপরে বাণক্ষেপ করিতে লাগিলেন ॥১৬॥

বলবান্ও মহাতেজা অর্জুন বালক সেই ধৃতবর্মার সেই সহর আরুক্তেপের যোগ্ডো দেখিয়া অভ্যস্ত সম্ভুষ্ট হইলেন ॥১৭॥ দ তু তং পূজয়ামাদ ধূতবর্দ্মাণদাহবে।
মনদা তু মৃহুর্ত্তং বৈ রণে দমভিহর্ষয়ন্॥১৯॥
তং পরগমিব ক্রুন্ধং কুরুবীরঃ স্ময়ন্তিব।
প্রীতিপূর্বং মহাবাছঃ প্রাণৈন ব্যপরোপয়ৎ ॥২০॥

রাজা। তদনস্তর সেই উত্তম অখটা চেদিরাজ্যে প্জিত হইয়া কাশী, অঙ্গ, কোসল, কিরাত ও ভঙ্গাদেশে গমন করিল ॥৪॥

কুন্তীনন্দন অৰ্জুন সেই সকল দেশে যথোচিত পূজা পাইয়া পুনরায় ফিরিয়া দশার্গদেশে গমন করিলেন ॥৫॥

সেই দেশে বলবান্ও শক্রমন্দন চিত্রাক্ষদনামে রাজা ছিলেন। তাঁহার সহিত অজুনির অতি ভয়কর যুদ্ধ হইয়াছিল ॥৬॥

নরশ্রেষ্ঠ অজ্জুন সেই চিত্রাঙ্গদকেও বশীভূত করিয়া নিষাদরাজ একলরেয়ের দেশে গমন করিলেন ॥৭॥

ভখন একলবোর পুত্র যুদ্ধে অজ্জ্নিকে গ্রহণ করিলেন। পরে অজ্জ্ন সেই দেশে নিয়াদগণের সহিত লোমহর্ষণ যুদ্ধ করিয়াছিলেন।৮॥ স তং জিত্বা মহারাজ! নৈষাদিং পাকশাসনিঃ।
অচিতঃ প্রথমো ভূয়ো দক্ষিণং সলিলার্থবম্ ॥১০॥
তত্তাপি দ্রবিউরাস্ত্রৈ রৌদ্রেম হিষকৈরপি।
তথা কোল্লগিরেইয়শ্চ মুদ্ধনাসীৎ কিরীটিনঃ ॥১১॥
তাংশ্চাপি বিজয়ো জিত্বা নাতিতীত্রেণ কর্মণা।
তুরঙ্গনভাগে সুরাষ্ট্রানভিতো যয়ে।
ত্রেজনবশেনাথ সুরাষ্ট্রানভিতো যথে।
ত্রেজনবশেনাথ সুরাষ্ট্রানভিতো যথে।
ত্তা ঘারবতীং রম্যাং র্ফিবীরাভিপালিতাম্।
তামনাদ হয়ঃ শ্রীমান্ কুরুরাজত্য যজ্ঞিয়ঃ ॥১০॥
তমুম্মথ্য হয়শ্রেজিং যাদবানাং কুমারকাঃ।
প্রযুক্তাংত্তদা রাজন্! উগ্রেমনো ত্বারয়ৎ ॥১৪॥

#### ভারতকোমূদী

স ইতি। নৈধাদিং নিধাদকৈকলব্যক্ত পুত্রম্, পাকশাস্নিরৰ্জ্ন:। অচিততেইনব নৈবাদিনা॥১০॥

ভত্তেতি। স্থবিড়াদয়ো দেশান্তত্তিত্যঃ, রৌকৈভীবলৈ: ॥১১॥

ভানিভি। বিজয়োহজ্ন:, কর্মণা যুদ্ধেন। তুরক্ষবশেন অখাধীনেন সৈজ্ঞেন সহ। গোক্রণ ভদাধ্যা দেশম্। ষ্টুপাদোহয়ং শ্লোক: ॥১২॥

তত ইতি। হয়: অখ:, শ্রীমান্ নানাভ্ষণৈভূষিত: ॥১৩॥

ভমিতি। উন্নথ্য গ্রহণাদিনা পীড়্য়িতা। ভান্ কৌরবদৈয়ান্, উগ্রদেন: কংদণিতা ॥১৪॥

তাহার পর তুর্ধি ও যুদ্ধে অপরাজিত অর্জ্জুন যজ্ঞের বিল্ল ঘটাইবার জন্স আংগতে সেই একলব্যের পুত্রকেও যুদ্ধে জয় করিলেন ॥৯॥

মহারাজ। তদনস্তর অজ্জুন দেই একলব্যের পুত্রকে জয় করিয়া এবং তৎকর্ত্তক সম্মানিত হইয়া পুনরায় দক্ষিণ সমুক্তিীরে গমন করিলেন॥১০॥

সেই স্থানেও ভীষণপ্রকৃতি জাবিড়, আন্ধু, মহিষ ও কোল্লগিরিদেশীয় বীর-গণের সহিত অর্জুনের যুদ হইল ॥১১॥

অজ্ব অনতিতীর যুক্ষারা তাহাদিগকেও জয় করিয়া অশ্বাসুগামী সৈত্য-গণের সহিত সুরাষ্ট্রদেশের অভিমুখে গমন করিলেন। পরে গোকর্ণদেশে যাইয়া প্রভাসতীর্থেও উপস্থিত হইলেন ॥১২॥

ভাহার পর নানাভূষণে ভূষিত যুধিষ্ঠিরের সেই যজ্ঞীয় অশ বৃক্ষিবংশীয় বীরগণরক্ষিত মনোহর ছারকানগরীতে উপস্থিত হইল ॥১৩॥

রাজা। পরে যত্বংশীয় কুমারের। সেই উত্তম অশ্রটীকে ধারণ করিয়া

ভতঃ পুরাদিনিজ্ঞা রুফ্যন্ধকপতিন্তদ।

সহিতো বহুদেবেন মাতুলেন কিরীটিনঃ ॥১৫॥
তৌ দ্যেত্য কুরুজেষ্ঠং বিদিবৎ প্রীতিপূর্বকম্।
পরয়া ভরতজেষ্ঠং পূজয়া সমর্স্থিতৌ।
ততগুভাগমুজ্ঞাতো যথো যেন হয়ো গতঃ ॥১৬॥
ততঃ স পশ্চিমং দেশং সমুদ্রেস্ম তদা হয়ঃ।
ক্রেমেণ ব্যচরৎ স্ফীতং ততঃ পঞ্চনদং যথো ॥১৭॥
তত্মাদ্পি স কোরব্য! গান্ধার্বিহয়ং হয়ঃ।
বিচ্চার যথাকাসং কোল্ডেয়াতুগতন্তদ।॥১৮॥

#### ভারতকৌমূদী

তত ইতি। বৃষ্ণাশ্বপতি: স উগ্রসেন:। সহিতো নিলিত আসীং ॥১৫॥
তাবিতি। তৌ উগ্রসেন-বহুদেবৌ। য্যাবৰ্জ্ন:, যেন দিগ্বিভাগেন হয়ো গতত্তেন।
ষ্ট্পাদোহয়ং সোক:॥১৬॥

তত ইতি। সমূক্ত সন্নিহিতমিতি শেব:। ক্ষীতং ধনগায়াদিভি: সমুদ্ধম্ ॥১৭॥ ডক্মাদিতি। গাদ্ধাববিষয়ং গাদ্ধারদেশম্। কৌন্তেয়েনার্জনেন, অভ্গত: অভস্ত: ॥১৮॥

কৌরবাগণারে সহিত যুদ্ধ কেরিবার জন্ম উভাত ইইল, তথান উপ্রেসেন ভাগাদিগিক বোরণ ক্রিকোন ॥১৪॥

তদনস্তর বৃষ্ণিবংশ ও অন্ধকবংশের অধিপতি উগ্রসেন দারকানগরী ইইডে নির্গত হইয়া অজ্ঞুনের মাতৃল বস্থাদেবের সহিত মিলিত ইইলেন॥১৫॥

তাঁহার। প্রীতিনিবন্ধন ভরতবংশপ্রধান ও কৌরবশ্রেষ্ঠ অর্জুনের নিকটে উপস্থিত হইয়া যথাবিধানে সমান করিবার জম্ম অবস্থান করিলেন। তদনস্থর সেই অংশ যে দিকে গমন করিল, অর্জুনিও উগ্রসেন এবং বস্থদেবের অমুমতি লইয়া সেই দিকে গমন করিলেন॥১৬॥

তাহার পর সেই অশ্ব সমুদ্রের নিকটবর্ত্তী পশ্চিমদেশে যাইয়া বিচরণ করিতে লাগিল। তৎপরে ধনধাতো পরিপূর্ণ পঞ্চনদদেশে যাইয়া উপস্থিত হইল ॥১৭॥

কৌরবনন্দন ! সেই অশ্টী সেই পঞ্চনদদেশ হইতেও যাইয়া গান্ধারদেশে ইচ্ছাত্মসারে বিচরণ করিতে লাগিল। তখন অর্জুনও ভাহার অনুগমন করিতে লাগিলেন ॥১৮॥ ততো গান্ধাররাজেন যুদ্ধসাদীৎ কিরীটিনঃ।
ঘোরং শকুনিপুত্ত্বেণ পূর্ব্ববৈরান্মসারিণা॥১৯॥
ইতি শ্রীসহাভারতে শতদাহস্র্যাং সংহিতায়াং বৈয়াদিক্যামাশ্বমেধিকপর্বাণি অশ্বনেধে অখাকুসরণে ষড়ধিকশতত্ত্বোহধ্যায়ঃ॥•॥ •

# সপ্তাধিকশততমোহধ্যায়ঃ।

বৈশম্পায়ন উবাচ।
শকুনেস্তনয়ো বীরো গান্ধারাণাং মহারথঃ।
প্রভ্যুদ্যযো গুড়াকেশং সৈন্মেন মহতার্তঃ।
হস্ত্যশ্বথযুক্তেন পতাকাধ্বজমালিনা ॥১॥
অমৃষ্মাণাত্তে যোধা নৃপস্থ শকুনের্বধ্য।
অভ্যুয়ুঃ সহিতাঃ পার্থং প্রগৃহীতশরাদনাঃ॥২॥

### ভারতকৌমুদী

ভভ ইতি। পূর্কবৈরং কুরুক্তেত্রযুদ্ধে শকুনিবধাদিনিবন্ধনং শত্রুত্বম্ অহুসরতীতি ভেন ॥১৯॥ ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসনিভান্তবাগীশভট্টাচার্য্য-বিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌম্দীসমাধ্যায়া-মাধ্যমধিকপর্কণি ষড়ধিকশতত্যোহধ্যায়ঃ ॥০॥

শকুনেরিতি। গুড়াকেশমর্জুনম্। পতাকাধ্বজানাং মালা শ্রেণিরভাতীতি তেন বটুপালোহয়ং লোক: ॥১॥

ভদনস্তর গান্ধাররাজ শকুনির পুত্র পূর্বশক্রত। মনে করিয়া যুদ্দ করিছে প্রারুত্ত হইলেন। তখন তাঁহার সহিত অজ্জুনের ভয়হ্বর যুদ্দ হইল ॥১৯॥

বৈশম্পায়ন বলিলেন—গান্ধারদেশের মধ্যে মহারথ শকুনির বীরপুত্র বিশাল সৈত্যে পরিবেটিত হইয়া অভ্জুনের দিকে ধাবিত হইলেন। সেই সৈত্তের মধ্যে হস্তী, সাধ ও রথ ছিল এবং পতাকা ও ধাজের খোণী দৃষ্টিগোচর হইডে-ছিল ॥১॥

 <sup>&#</sup>x27;…वानीविख्यांका'—वद वर्द, '…ठकूबनैविख्यांका'—मि।

য তামুবাচ ধর্মাত্মা বীভৎমুরপরাজিতঃ।

মুধিষ্ঠিরস্তা বচনং ন চ তে জগৃহুহিতম্ ॥৩॥
বার্য্যাণান্ত পার্থেন সাস্ত্পূর্বন্যনিবতাঃ।
পরিবার্য্য হয়ং জগ্মুন্ততশ্চু কোধ পাগুবঃ ॥৪॥
ততঃ শিরাংসি দীপ্তাত্যৈস্তেষাং চিচ্ছেদ পাগুবঃ।
কুরৈর্গাণ্ডীবনিমুক্তৈনাতিয়ত্মাদিবার্চ্জুনঃ॥৫॥
তে বধ্যমানাঃ পার্থেন হয়মুৎস্ক্র্য সন্ত্রমাৎ।
ত্যবর্ত্ত মহারাজ! শরবর্ষাদ্দিতা ভূশম্॥৬॥
বিভূত্যমানক্তৈশ্চাপি গান্ধারৈঃ পাগুনন্দনঃ।
আদিশ্যাদিশ্য তেজস্বী শিরাংস্থেষাং অপাত্যুৎ ॥৭॥

#### ভারতকোমুদী

আমুদ্রেতি। আমুশ্রমাণা অসহমানা:, শকুনের্বণং কুরুক্তে ব্রুক্তে ॥২॥
স ইতি। বীভৎস্বর্জ্ন:। বচনং "নৃণান্ধ্যা ন হন্তব্যা" ইতি বাক্যম্ ॥৩॥
বার্ধ্যেতি। আমবিতা: কুর্ন:। পরিবাধ্য পরিবেট্য, হয়ং তং ষ্জ্ঞীয়মখম্ ॥৪॥
তত ইতি। দীপ্তাত্রৈকুজ্জলমূথৈ:। কুরি: কুর্ধারে: শরৈ:॥৫॥
ত ইতি। হয়ং তং ষ্ক্রীয়মখম্, সম্বমাৎ মরণভয়েন বিকিপ্তচিত্তাৎ॥৬॥

কুরুক্তেক এযুদ্ধে সহদেব শকুনিকে যে বধ করিয়াছিলেন, তাহ। সহ্য করিতে না পারিয়া, সেই যোজারা ধরু ধারণ করিয়া সন্মিলিত হইয়া অজ্ঞুনের সম্মুখে আসিয়াছিলেন ॥২॥

তখন ধর্মাত্মা ও অপরাজিত অর্জুন "তুমি যুদ্ধে রাজগণকে বধ করিবে না" এইরূপ যুখিষ্ঠিরের বাক্য তাঁহাদিগকে বলিলেন; কিন্তু সেই যোগারা সেই হিতকর বাক্য গ্রাহ্য করিলেন না ॥৩॥

সেই গান্ধারদেশীয় যোদারা শক্নির বধে পৃর্বেই ক্রুদ্ধ ইইয়া রহিয়াছিলেন; স্থতরাং তথন অজ্জুন মধুর বাক্যে তাঁহাদিগকে বারণ করিলেও
তাঁহারা সেই অখ্যেধীয় অখ্যেক পরিবেষ্টন করিয়া আগমন করিলেন।
ভাহার পর অর্জ্বনও ক্রেদ্ধ ইইলেন॥৪॥

ভদনস্থর অর্চ্ছন অন্তিয়প্তেই যেন গাণ্ডীবনিক্ষিপ্ত উচ্ছল মুখ ও ক্ষ্রধার বাণসমূহদারা তাঁহাদের মস্তক ছেদন করিতে লাগিলেন ॥৫॥

মহারাজ। তখন তাঁহারা অজুনের বাণবর্ষণে অত্যস্ত পীড়িত ও নিহত হইতে থাকিয়া অখ পরিত্যাগ করিয়া সম্বর নিবৃত্তি পাইলেন ॥৬॥

<sup>(8)</sup> वाद्यमानानि नार्वन-नि वक वर्ष।

বধ্যনানের তেছাজো গান্ধারের সমস্ততঃ।
স রাজা শক্নেঃ পুত্রঃ পাগুবং প্রত্যবারম্ব ॥৮॥
তং যুধ্যনানং রাজানং ক্ষত্রগর্মে ব্যবস্থিত্য।
পার্থেহিত্রবীন্ধ মে বধ্যা রাজানো রাজশাসনাব ॥৯॥
অলং যুদ্ধেন তে বীর! ন তেইস্বুত্য পরাজয়ঃ।
ইত্যুক্তস্তদনাদৃত্য বাক্যমজ্ঞাননোহিতঃ।
স শক্রেমসকর্মাণং সমবাকিরদাশুগৈঃ॥১০॥
তস্থ পার্থঃ শিরস্তাণমন্ধিচন্দ্রেণ পত্রিণা।
অপাহরদনেয়াজা জয়দ্রেপশিরো ম্বা॥১১॥
তং দৃষ্ট্রা বিশ্বয়ং জগ্মুগান্ধারাঃ সর্ব্ব এব তে।
ইচ্ছতা তেন ন হতো রাজেত্যপি চ তে বিত্রঃ॥১২॥

### ভারতকৌমূদী

বিতৃত্তি । বিতৃত্যনান: প্রহাবৈর্ব্যধ্যনান:। আদিখাদিখ জাং হলি জাং হলীতি নিম্মিখ নিদিখা ॥ १॥

বধ্যেতি। আজৌ যুদ্ধে। পাওব্যজ্জুনম্॥৮॥

ভমিতি। রাজানং শকুনিপুত্রম্। রাজশাসনাব্যুধিটিরাদেশাৎ ॥२॥

আলমিতি। শক্ত ইক্সত সমং কর্ম যত তমর্জুন্ম, আশুগৈর্বাণেঃ। ষট্পাদোহয়ং স্থোকঃ॥১০॥

ডভেতি। শিৰ্ত্তাণং লোহ্ময়ং মন্তকাবরণম্, পবিত্রা বাণেন ॥১১॥

সেই গান্ধারদেশীয় যোগার। প্রহারদার। ব্যথিত করিতে লাগিলে, তেজ্বী অস্থ্ন নির্দেশ করিয়া করিয়া তাঁহাদের সম্ভক ছেদন করিতে লাগিলেন॥৭॥

অর্জুন যুদ্ধে সকল দিকে গান্ধারদেশীয় যোদাদিগকে বধ করিতে লাগিলে, রাজা শকুনির পুত্র অর্জুনকে বারণ করিতে লাগিলেন।৮॥

সেই রাজা ক্ষত্রিয়ধর্মে থাকিয়া যুদ্ধ করিতে থাকিলে, অর্জুন বলিলেন— "মহারাজ যুধিষ্ঠিরের আদেশ অনুসারে রাজারা আমার বধ্য নহেন॥৯॥

অতএব বীর! আপনার যুদ্ধের প্রয়োজন নাই, যুদ্ধে যেন আপনার পরাজয় না হয়।" অর্জুন এই কথা বলিলে, অজ্ঞানমোহিত সেই রাজা আর্জুনের সেই বাক্য অগ্রাহ্য করিয়া ইস্তের তুল্য কার্য্যকারী অর্জুনিকে বাণ-ছারা প্রহার করিতে লাগিলেন॥১০॥

ভ্ৰম অভ্যেম্বরপ অর্জ্ন অর্জচন্দ্রবাগদার। জয়জপের মস্তকের স্থায় গান্ধাররাজের শিরজ্ঞাণ ছেদন করিলেন ॥১১॥

<sup>(&</sup>gt;२) ... रेक्ष्ण (छन न रूटा बार्क्जान ह छः विदः--वश्र वर्ष।

গান্ধাররাজপুত্রস্ত পলায়নকৃতক্ষণঃ।

যথো তৈরের সহিতন্ত্রতিষ্ঠঃ কুদ্রেম্গৈরির ॥১০॥
তেষাস্ত তরসা পার্থস্ত তার পরিধারতাম্।
প্রজহারে!ভ্রমাঙ্গানি ভল্লৈঃ সন্নতপর্বভিঃ ॥১৪॥
উচ্ছি তাংস্ত ভুজান্ কেচিন্নাবুধ্যন্ত শরৈন্ধতিন্।
শিতৈর্গাণ্ডীবনিন্ম্ তৈতঃ পৃথুভিঃ পার্থচোদিতৈঃ ॥১৫॥
সম্রান্তনরনাগান্ধ্যপত্রিক্ত হং বলম্।
হতবিধ্বস্তভুয়িষ্ঠগাবর্ত্ত মৃত্যুক্তঃ ॥১৬॥

#### ভারতকৌমুদী

তমিতি। তং শিরস্থাণাপহরণব্যাপারম্। তেনার্জ্নেন, রাজেতি হেডোর্ন হড:, বিছ্র্জানস্থি অ ॥১২॥

গান্ধারেতি। পলায়নে কৃত: ক্ণোহ্বস্বো বেন স:। তৈ: গৈলৈ: ॥১৩॥
তেষামিতি। তর্গা বেগেন, পরিধারতাং পলায়মানানাম্। উত্তমালানি শিরাংসি ॥১৪॥
উল্ভি তানিতি। উল্ভি তান্ অর্জুনবারনায় উত্তোলিতান্, ক্তান্ ছিলান্। পৃথ্ভিবিশালৈ:,
পার্বচোদিতৈ: অর্জুননিক্টিপ্ত: ॥১৫॥

সম্ভ্ৰান্তেতি। সম্ভ্ৰান্তঃ বিচলিতঃ নরনাগাখং পদাতি হতি ঘোটকং যত তেৎ, বিজ্ঞতং প্ৰায়িতিম্। হতা আহতা বিধ্বতা বিক্তালাশ্চ ভূগিষ্ঠা বহলা যত তেৎ ॥১৬॥

সেই ব্যাপার দেখিয়া গান্ধারদেশীয় যোজারা সকলেই বিস্ময়াপ**য় হইলেন** এবং তাঁহারা তখন ব্ঝিলেন যে, রাজা বলিয়াই অর্জুন ইচ্ছা করিয়া গান্ধার-রাজকে বধ করিলেন না ॥১২॥

গান্ধারর।জের পুত্র পলায়নের অবসর করিয়া ক্ষুত্র মৃগের স্থায় ভীত সেই সৈম্পুগণের সহিত প্রস্থান করিতে লাগিলেন ॥১৩॥

ভাঁহারা বেগে পলায়ন করিতে লাগিলে, অর্জুন সেই অবস্থাতেই নতপর্ব ভল্সসমূহস্বারা তাঁহাদের মস্তক ছেদন করিতে লাগিলেন ॥১৪॥

গান্ধাররাজের কতকগুলি সৈতা অর্জ্ঞাকে বারণ করিবার জন্ম হস্ত উত্তোলন করিলে, অর্জ্ঞানি কিন্তু গাণ্ডীবনির্গত বিশাল ও তীক্ষ শরসমূহে ভাহাদের সেই হস্তগুলি যে ছিন্ন হইতে লাগিল, ভাহা ভাহারা বুঝিতেও পারিল না ॥১৫॥

গান্ধারসেনার বহুতর হস্তী, অখ ও পদাতি ব্যস্ত হইয়া পলায়ন করিতে ধাকিয়া পতিত হইতে লাগিল। তখন অনেকে আহত ও বিকৃতাল হইয়া বার বার অর্জ্জুনের দিকে আসিতে লাগিল॥১৬॥

<sup>(</sup>১৫) मरेबर्गाकीविनम् रेकः--वक वर्ष वि।

নাভ্যদৃশ্যন্ত বীরস্থ কেচিদগ্রেহগ্রাকর্মণঃ।
রিপবঃ পাত্যমানা বৈ যে সহেয়ুর্ধ নঞ্জয়ম্ ॥১৭॥
ততো গান্ধাররাজস্থ সন্ধির্দ্ধপুরঃসরা।
জননী নির্যযো ভীতা পুরস্কত্যার্য্যমূত্তমম্ ॥১৮॥
সা অবারয়দব্যগ্রা তং পুত্রং যুক্তর্মাদম্।
প্রসাদয়ামাস চ তং জিফ্নারিক্টকারিণম্ ॥১৯॥
তাং পূজয়িছা বীভৎস্থং প্রসাদমকরোৎ প্রভুঃ।
শকুনেশ্চাপি তনয়ং সাস্থয়য়দমত্রবীৎ ॥২০॥
ন মে প্রিয়ং মহাবাহো! যতে বৃদ্ধিরিয়ং কৃতা।
প্রতিযোজুমমিত্রন্ন! আতৈব ছং মসান্য ॥২১॥
গান্ধারীং মাতরং স্মুদ্ধা ধ্রতরাষ্ট্রকৃতেন চ।
তেন জীবিসি রাজন্! ছং নিহতান্তম্পান্তব ॥২২॥

#### ভারতকৌমুদী

নেতি। অথা সমুখে, অগ্রাং শ্রেষ্ঠং কর্ম যক্ত তক্ত ॥১৭॥
তত ইতি। মন্ত্রিণা বৃদ্ধাশ্চ প্রংসরা অগ্রবর্তিনো যক্তাং সা। প্রস্কৃত্য অগ্রবর্তীকৃত্য ॥১৮॥
গোডি। সা জননী, অব্যগ্রম্ অনাকুলন্। জিফুমর্জ্বন্ম ॥১০॥
তামিতি। বীভৎক্রর্জ্নাং, প্রসাদমক্র্যহম্ ॥২০॥
নেতি। হে অমিত্রস্থা শক্রনাশক ! অং মম আইতব, আতৃত্র্যােধনক মাতৃলপ্ত্রাং ॥২১॥
গান্ধারীমিতি। ধৃতরাষ্ট্রকৃতেন স্বেংহনেতি শেষাং, যুদ্ধানির্ভাইমীতি তাৎপর্যষ্থাং ॥২১॥

তংকালে যাহারা অর্জুনকে সহা করিতে পারিত, সেইরূপ কোন বিপক্ষ-সৈম্মগণকেই শ্রেষ্ঠকার্য্যকারী মহাবীর অর্জুনের সম্মুখে দেখা যাইতে লাগিল না। কারণ, প্রায় সকলেই অর্জুনের প্রহারে পাতিত হইতেছিল ॥১৭॥

ভাহার পর সেই গান্ধাররাজের মাতা ভীত হইয়া মন্ত্রিগণ ও বৃদ্ধগণকে অগ্রবর্তী করিয়া উত্তম অর্ঘ্য লইয়া রাজধানী হইতে নির্গত হইলেন ॥১৮॥

ভিনি রণস্থলে আ। দিয়া যুদ্ধে অন।কুল ও ছর্দ্ধর্ব সেই পুত্রকে বারণ করিলেন এবং অক্লেশে কার্য্যকারী অর্জ্জুনকে প্রসন্ন করিতে লাগিলেন ॥১৯॥

প্রভাবশালী অর্জুন সেই গান্ধাররাজের মাভার প্রতি অনুগ্রহ করিলেন এবং সাজ্বনা করিতে থাকিয়া শকুনির পুত্রকে এই কথা বলিলেন—॥২০॥

'শক্রহন্তা মহাবাছ। তুমি যে প্রতিযুদ্ধ করিবার জন্ম এইরূপ বৃদ্ধি করিয়াছ, তাহ। আমার প্রীতিজনক হয় নাই। কারণ, নিম্পাপ। তুমি সম্পর্কে আমার ্রিতাই হও ॥২১॥ নৈবং ভঃ শাম্যতাং বৈরং মা তে ভূদ্ব্দ্ধিরীদৃশী। গচ্ছেথান্তং পরাং চৈত্রীমশ্বমেধে নৃপক্ত নঃ॥২৩॥ ইত্যুক্তবৃদ্ধিয়ে পার্থো হয়ং তং কামচারিণম্। তে অবর্ত্তর গান্ধার। হতশিষ্টাঃ স্বকং পুরম্॥২৪॥

ইতি, শ্রীসহাভারতে শতদাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাশ্বদেদিক-পর্ব্বণি অশ্বমেধে শক্নিপুত্রপরাজয়ে সপ্তাধিকশততমোহধ্যায়ঃ॥॰॥ #

#### ভারতকৌমূদী

মেতি। এবং সম শক্তর্মা ভূঃ, আবয়ে। বৈরম্, শাম্যতাং নিবর্জতাম্। চৈক্রীং চৈক্রমাসীয়-পূর্ণিমাং প্রাণ্য, নঃ অক্সাক্ম, নুপক্ত যুদিষ্টিরক্ত ॥২৩॥

ইতীতি। হতেভ্য: শিষ্টা অবশিষ্টা:, বকং স্বকীয়ম্ ॥২৪॥
ইতি মহামহোপাধ্যায়-ভাৱতাচাৰ্য্য-শ্ৰীহরিদাসদিদ্ধান্তবাগীশভট্টাচাৰ্য্যবিদ্ধচিতাদাং
মহাভাৱতটীকানাং ভাৱতকৌম্দীসমাধ্যায়ামাশ্ৰমেধিকপৰ্কণি
অশ্বমেধে সপ্তাধিকশততমোহধান্তঃ ॥০॥

-:\*:--

রাজা! মাতা গান্ধারীকে স্মরণ করিয়া এবং ধৃতরাষ্ট্রের স্নেহবশত: আমি যুদ্ধ হইতে নির্ভি হইয়াছি, সেই জগুই তুমি জীবিত রহিয়াছ; কিন্তু ভোমার স্মুগামী সৈম্পুগণ নিহত হইয়াছে ॥২২॥

তুমি এইরপে আর আমার বিপক্ষ হইও না, ভোমার বৃদ্ধিও যেন আর এরপে হয় না। আমাদের শক্তভা নির্তত হউক। আমাদের রাজা যুধিষ্ঠিরের অখনেশযজ্ঞে প্রবর্তিনী চৈত্রমাসীয় পূর্ণিমাতে তুমি হস্তিনায় গমন করিও'॥২৩॥

এই কথা বলিয়া অজ্জ্ন কামচারী সেই অধের অনুসরণ করিলেন এবং হতাবশিষ্ট সেই গান্ধারদেশীয় যোদ্ধার। আপন আপন নগরে ফিরিয়া গেলেন ॥২৪॥

---:#:---

<sup>(</sup>২৪) অন্ন: শ্লোক: পরাধ্যার গথমস্থানে বর্ততে—বঙ্গ বর্জ, 

অন্ত্রাধ্যার:

ক্রিনিন্দি পি,

ক্রি

# অষ্টাধিকশততমোহধ্যায়ঃ।

---:#:---

বৈশম্পায়ন উবাচ।

ভবৰ্ত্ত ততো বাজী যেন নাগাহ্বয়ং পুরম্।
তং নির্ভস্ত শুলাব চারেণৈব যুণিষ্ঠিরঃ।
ক্রেড্রার্জ্নং কুশলিনং স চ হুইসনাভবৎ ॥১॥
বিজয়স্থা চ তৎ কর্মা গান্ধারবিষয়ে তদা।
ক্রেড্রা চাল্যেযু দেশেয়ু স স্থাতীতোহভবত্তদা ॥২॥
এত স্মিন্নেব কালে তু ঘাদশীং মাঘ্যাসিকীম্।
ইফং গৃহীম্বা নক্ষত্রং ধর্মারাজো যুণিষ্ঠিরঃ॥৩॥
সমানীয় মহাতেজাঃ সর্বান্ ভাতৃন্ মহীপতিঃ।

প্রোবাচেদং বচঃ কালে তদা ধর্মাভ্তাং বরঃ। আমস্ত্র্য বদতাং শ্রোষ্ঠে। ভীমং প্রহরতাং বর্মু॥৫॥ (বিশেষকম্)

#### ভারতকৌমুদী

ভीমक नकुलरेकव महरत्वक (को तव ! ॥॥॥

ক্সবর্ত্তিতে । যেন দিগ্বিভাগেন নাগাহ্বয়ং হস্তিনাখ্যং পুরং স্থিতম্, ততন্তেনৈব দিগ্বিভাগেন, যাজী অখনে বীয়াখা, ক্সবর্তি । চারেগৈব গুপুচরম্থেনৈব । হাইসনাভব্দিতি বিদর্গলোপেহপি সন্ধিরার্য: । যট্পাদোহয়ং শ্লোক: ॥১॥

বিজয়তেতি। বিজয়তার্জনতা, তৎ কর্ম রাজ্ঞো জীবনরক্ষণম্। স যুধিটির: ॥२॥ এতন্মিরিতি। বাদশীং শুক্লাম্, পরত পৌর্ণমাদীত্যভিধানাৎ। ইটম্ অনুক্লভাদভি-লবিতং পুরাং নক্ষতম্। সমানীয় অসমীপমিতি শেষঃ। আমন্ত্য সংহাণ্য ॥৩—৫॥

বৈশম্পায়ন বলিলেন—তদনস্তর যে দিকে হস্তিনানগর ছিল, সেই দিকে সেই যজ্ঞীয় অথ ফিরিল। সেই অহা যে ফিরিয়াছে, সেই সংবাদ গুপ্তচরের মুখে যুধিন্তির শুনিলেন। তিনি অর্জুনকে কুশলী শুনিয়া আনন্দিত চিন্ত হইলেন ॥১॥

গান্ধারদেশে ও অফাক্স দেশে সেই সেই সময়ে অর্জ্নের সেই সকল কার্য্য (সেই সেই দেশীয় রাজগণকে তথন রক্ষা করার বিষয়) শুনিয়া যুধিষ্ঠির অত্যন্ত সন্তই ইইলেন ॥২॥ আয়াতি ভীমদেনাদে সহাখেন তবাসুজঃ।
যথা নে পুরুষাঃ প্রান্থবৈ ধনঞ্জয়সারিণঃ ॥৬॥
উপস্থিত দি কালে। হয়সভিতো বর্ততে হয়ঃ।
নাঘী চ পৌর্বনাসীয়ং নাসঃ শেনো রুকোদর ! ॥৭॥
তৎ প্রস্থাপ্যস্ত বিদ্বাংসো ব্রাহ্মণা বেদপারগাঃ।
বাজিনেধার্থসিদ্ধ্যর্থং দেশং পশ্যস্ত যজ্জিয়ম্॥৮॥
ইত্যুক্তঃ স তু তচ্চকে ভীমো নৃপতিশাসনম্।
হৃষ্টঃ শ্রুষা গুড়াকেশমায়ান্তং পুরুষর্যভম্॥৯॥

#### ভারতকৌমুদী

আয়াতীতি। ধনজয়সারিণ: অর্জুনামুগামিন আসন ॥৬॥

উপেতি। অভিত: সমুধে, হয়: স ষজীয়োহখ:। ইয়ং মাঘী পৌর্ণমানি চ প্রায়েণাগ তেতি শেষ:। অতএব মাসো মাঘোহণি শেষ: সংবৃত্ত:। গৌণচাক্তপ্রকারেণেয়ং গণনা ॥৭॥ তদিতি। প্রস্থাপান্ত যুখাভি: প্রস্থাপান্ত।ম্। বাজিমেদরণো খোহর্থো বিষয়: তত্ত্ব দিদ্ধার্থম্, যজ্জিয়ং যজ্ঞোপযোগিনম্॥৮॥

ইভীতি। নুপতিশাসনং যুদিটিরাদেশম্। ঋড়াকেশমজ্জুনম্॥৯॥ ভারতভাবদীপঃ

কুবর্ততেতি ॥১—২॥ ইটং নকজং পুষুম্॥৩—৭॥ প্রস্থাণ্যস্ক প্রস্থাণয়স্ক স্থার্থে পিচ্, প্রতিষ্ঠিস্থিত্যর্থ: ॥৮—৪১॥

ইতি শ্রীমহাভারতে নৈলক্ষীয়ে ভারতভাবদীপে আশ্বেধিকপর্বনি অশ্বমেধে অষ্টানিকশততমোহধ্যায়ঃ ॥১০৮॥

কৌরবনন্দন! এই সময়েই বাগিছে। ধান্মিকপ্রধান ও মহাতেজা ধর্মরাজ্ব যুধিন্তির মাঘমাসের শুক্লা দাদশী তিথি এবং অভীষ্ট পুয়ানক্ষত্ত পাইয়া, ভীম, নকুল ও সহদেবকে নিকটে আনয়ন করিয়াসেই সময়ে যোজ্ঞেষ্ঠ ভীমসেনকে সম্বোধন করিয়া এই কথা বলিলেন—॥৩—৫॥

'ভীমসেন! যাহারা অর্জুনের অমুসরণ করিয়াছিল, ভাহাদের মধ্যে অনেক লোক আসিয়া আমার নিকট যেরপে বলিল, ভাহাতে বুঝিয়াছি যে, ভোমার কনিষ্ঠ সহোদর অর্জুন সেই যজীয় অধের সহিত আসিতেছে॥৬॥

বুকোদর! যজের কালও প্রায় উপস্থিত হইল। সেই যজ্ঞীয় অশ এই সম্পুধে রহিয়াছে। এই মাঘমাসের পূর্ণিমাও আসিতেছে, মাঘমাসও প্রায় শেষ হইয়াছে॥৭॥

অতএব তুমি বেদপারদর্শী বিধান্ ব্রাহ্মণগণকে ক্রেরণ কর। তাঁহার। অধ্যেধ্যজ্ঞ সিদ্ধির নিমিত্ত সেই যজ্ঞের উপযোগী স্থান দর্শন করুন'॥৮॥ ততো ধয়ে। ভীমদেনঃ প্রাক্তঃ স্থাতিভিঃ সহ।
ব্যাক্ষণানপ্রতঃ কুত্বা কুশলান্ যজকর্মনি ॥১০॥
তং সশালচয়ং শ্রীনংসপ্রতোলীয়্বট্টিতম্।
মাপয়ামাস কোরবাে। যজ্ঞবাটং য়থাবিধি ॥১১॥
প্রানাদশতসংবাধং মণিপ্রবরক্টিনম্।
কারয়ানাস বিধিবদ্ধেমরত্বিভূষিতম্ ॥১২॥
স্কন্তার্কাংশ্চ তোরণানি রহন্তি চ।
যজ্ঞান্ কনকচিত্রাংশ্চ তোরণানি রহন্তি চ।
যজ্ঞান্তনদেশেয়ু দত্বা শুদ্ধঞ্চ কাঞ্চনম্ ॥১০৯
অন্তঃপুরাণাং রাজ্ঞাঞ্চ নানাদেশসনীয়ুষাম্।
কারয়ামাস ধর্মাত্যা তত্ত তত্ত যথাবিধি ॥১৪॥ (য়ুয়কম্)

#### ভারতকৌমুদী

তত ইতি। স্থতিভি: হশ্যনিশাণশিল্পিভি: ১১০॥

তমিতি। কৌরব্যো ভীমদেন:, শালচয়েন গৃহদম্হেন দহেতি তম্, প্রতোলীভি:
রথ্যাভি:, স্বটিত: স্পু নিমিতো দেশ:, শ্রীমান্ শোভাযুক্ত দাসৌ সপ্রতোলী স্বটিত দেতি
তম। ব্লবাটং ব্লীয়দেশম্, ব্ধাবিধি মাণ্যামাদ স্থপতিভিরিতি শেব: ॥১১॥

প্রাদাদেতি। প্রাদাদশতেন সংবাধং পূর্ণম্, মণিপ্রবরাণাং কৃষ্টিমা বন্ধভূমরো যত্র তম্ ॥১২॥
শুস্তানিতি। দ্বা নিবেশ্চ। অন্তঃপুরাণাং তদ্বাদিনীনাং স্ত্রীণাম্, নানাদেশেভ্যঃ
স্মীযুবাং সমাগতানাং বাদবোগ্যানি গৃহাণীতি শেষঃ ॥১৩—১৪॥

যুখিন্তির এই কথা বলিলে ভীমদেন নরশ্রেষ্ঠ অর্জ্বন আসিতেছেন শুনিয়া আমানন্দিত হইয়া যুধিন্তিরের আদেশ। মুরূপ কার্য্য করিলেন ॥৯॥

ভাহার পর ভীমসেন যজ্ঞকার্য্যনিপুণ বাহ্মণগণকে অগ্রবর্তী করিয়া স্থপতি-(রাজমিন্ত্রী) গণের সহিত গমন করিলেন ॥১০॥

ক্রে ভীমদেন যে স্থানে বছতর গৃহ ও সুন্দর স্থান পথ হইতে পারে, সেইরূপ সুন্দর যজ্ঞস্থান দেখিয়া ভাহা যথাবিধানে মাপাইলেন ॥১১॥

পরে সেই যজ্ঞস্থানে শত শত অট্টালিকা এবং স্বর্ণরভূষিত উৎকৃষ্ট মণিময় বেদী যথাবিধানে নির্মাণ করাইলেন ॥১২॥

আর যজ্ঞস্থানে বিশুদ্ধ স্বর্ণ সন্নিবেশিত করাইয়া যোগ্যস্থানসমূহে স্বর্পিচিত ভাত এবং বৃহৎ বৃহৎ ভোরণ নির্মাণ করাইলেন। ক্রেমে নানা দেশ হইতে আগত রাজগণ ও তাঁহাদের সহিষীগণের বাসোপযোগী গৃহ সকল সেই সেই স্থানে যথাবিধানে করাইলেন ॥১৩—১৪॥

বাক্ষণানাঞ্চ বেশ্যানি নানাদেশসমী মুধাম্।
কারয়ামাস কোন্ডেয়ো বিধিবতান্তনেকশঃ॥১৫॥
তথা সংপ্রেয়য়ামাস দুতান্ নুপতিশাসনাৎ।
ভীমসেনো মহাবাহে।! রাজ্ঞামক্রিন্টকর্মণাম্॥১৬॥
তে প্রিয়ার্থং ক্রুপতেরায়য়ুর্পসত্তম!।
রক্ষান্তনেকান্তাদায় স্ত্রিয়োহখানায়ুধানি চ॥১৭॥
তেষাং নির্বিশতাং তেমু শিবিরেয়ু মহাজ্ঞনাম্।
নর্দতঃ সাগরস্তেব দিবস্পুগভবৎ স্বনঃ॥১৮॥
তেষামভ্যাগতানাঞ্চ স রাজা ক্রুবর্দ্ধনঃ।
ব্যাদিদেশান্ধপানানি শ্র্যাশ্চাপ্যতিসামুষাঃ॥১৯॥
বাহনানাঞ্চ বিবিধাঃ শালাঃ শালীক্সুগোরসৈঃ।
উপ্রেভা ভরতভোঠো ব্যাদিদেশ স ধর্মরাট্॥২০॥

#### ভারতকৌমুদী

ব্রাহ্মণানামিতি। বেশানি গৃহাণি। কৌতেয়ো ভীমদেনঃ ॥১৫॥ তথেতি। নুপতিশাসনাদ্যুধিষ্টিবাদেশাং। রাজ্ঞাং নিমন্ত্রণায় ॥১৬॥ ত ইতি। তে বাজানঃ, কুকপতেযুদিষ্টিরত ॥১৭॥

তেবামিতি। নিবিশতাং প্রবিশতাম, তেবাং রাজ্ঞাম্। নর্দতো গর্জতঃ, দিবশ্রগ গগনস্পনী ॥১৮॥

তেষামিতি। কুকবর্জনো যুদিটির:। অভিসাহ্যা মাহ্যশ্যাভিকান্তসৌন্দ্র্যা: ॥১৯॥ বাহনানামিতি। শালা গৃহাণি, শালয়ো দালানি ইক্ষ ইক্ষ্ণণা গোর্সা হ্যানি চ তৈ:॥২০॥

ভীমদেন নানা দেশ হইতে আগত আক্ষাণগণের জন্ম যথাবিধানে বছতর গৃহ নির্মাণ করাইলেন ॥১৫॥

মহাবাহু ! ভীমদেন অনায়াদে কার্য্যকারী রাজগণের নিকটে যুধিষ্ঠিরের আদেশক্রমে নিমন্ত্রণের জন্ম দৃত প্রেরণ করিলেন ॥১৬॥

রাজ্পপ্রেষ্ঠ। ক্রমে সেই সকল রাজা যুধিষ্ঠিরের প্রীতির নিমিত অনেক রত্ন, স্ত্রী, অসাও অস্ত্র লইয়া আগমন করিলেন॥১৭॥

সেই মহাত্মা রাজারাসেই সকল শিবিরে প্রবেশ করিবার সময়ে গর্জনকারী সমুত্তের স্থায় গগনস্পানী কোলাহল হইতে লাগিল ॥১৮॥

কুক্রবংশবর্জন রাজা যৃথিন্তির সেই অভ্যাগত রাজাদের জভ অন্ধ, পানীয় ও অলোকিক শহ্যা প্রেরণ করিবার আদেশ করিলেন ॥১৯॥ তথা তিমান্ মহাযজে ধর্মরাজস্ম ধীমতঃ।
সমাজগ্মু মূ নিগণ বহবো ব্রহ্মবাদিনঃ ॥২১॥
যে চ দিজাতি প্রবাস্ত্রাসন্ পৃথিবীপতে!।
সমাজগ্মুঃ সশিয়াংস্তান্ প্রতিজ্ঞাহ কৌরবঃ ॥২২॥
সর্বাংশ্চ তানসুয্যো যাবদাবস্থান্ প্রতি।
স্বয়্যেব মহাতেজ্ঞা দম্ভং ত্যক্ত্রা যুধিষ্ঠিরঃ ॥২৩॥
ততঃ কৃত্রা স্থপত্যঃ শিল্পিনোহন্মে চ যে তদা।
কৃৎস্রং যজ্ঞবিধিং রাজন্! ধর্মরাজে স্থবেদয়ন্ ॥২৪॥
তচ্ছু য়ে ধর্মরাজস্ত কৃতং সর্বসতন্দ্রেতঃ।
হন্দর্যেপাহভবদ্রাজা সহ ভ্রাতৃভিরাদৃতঃ ॥২৫॥

#### ভারতকৌমুদী

তথেতি। ব্রহ্মবাদিনো বেদবজার:। "বেদবজং তথাে ব্রহ্ম" ইত্যমর: ॥২১॥

য় ইতি। বিজাতিপ্রবরা বাহ্মণশ্রেষ্ঠা:, তব্র তদানীম্, পৃথিব্যামাসন্ সমাজগাঁ দুদ্ ॥২১॥

সর্বানিতি। অহ্যযৌ অভ্যর্থনার্থম্, যাবদাবস্থান্ সর্বান্ গৃহান্ ॥২৩॥

তত ইতি। স্থপতয়: প্রামাদনির্মাতারঃ, অস্তে যে শিল্পন আগতাঃ, তে তদা কৃৎস্মং
সর্বাম্, যঞ্জবিধিং যজ্জোপ্যোগি গৃহাদিনির্মাণং কৃতা, ধর্মবাদে ক্রবেদয়ন্ ॥২৪॥

ভরতবংশ শেষ্ঠ ধর্মরাজ যুধিষ্ঠির সেই রাজাদের হস্তী ও অশ্বপ্রভৃতি বাহন-গণের জম্ম ধাম্ম, ইকুদণ্ড ও ত্থাযুক্ত নানাবিধ গৃহের ব্যবস্থা করিবার নিমিত্ত আদেশ করিলেন ॥২০॥

এবং বেদৰকা বহুতর মুনি ধীমান্ যুধিষ্ঠিরের সেই মহাযজ্ঞে আগমন ক্রিলেন॥২১॥

রাজা! তৎকালে পৃথিবীতে যে সকল শ্রেষ্ঠ ব্রাহ্মণ ছিলেন এবং সেই যজে আসিয়াছিলেন, যুধিষ্ঠির শিশ্ববর্গের সহিত তাঁহাদিগকে গ্রহণ ক্রিয়া-ছিলেন ॥২২॥

এবং মহাতেজ। যুখিন্তির অভিমান ত্যাগ করিয়া নিজেই প্রত্যেক গৃহে অভ্যর্থনা করিবার জন্ম তাঁহাদের সকলের নিকটেই গমন করিয়াছিলেন ॥২৩॥ রাজা! তাহার পর স্থপতিরা এবং অস্থাযে সকল শিল্পী আসিয়াছিল, ভাহারা যজ্ঞের উপযোগী সমস্ত গৃহাদি নির্মাণ করিয়া যাইয়া যুখিন্তিরকে জানাইতেছিল ॥২৪॥

- (६8) कुरकार सक्रविधिः वाटक धर्मकात्र क्रद्रतसत्रन्-शि तक वर्ष ।
- (२८) इंडः भदः दिमन्भावन উवाह--- भि वक वर्ष ।

তিশ্বিন্ যজে প্রত্তে তু বাগিনো হেতুবাদিনঃ।
হেতুবাদান্ বহুনান্থঃ পরস্পারজিগীধবঃ ॥২৬॥
দদ্শুন্তঃ নৃপাতয়ো যজেশু বিধিমৃত্তয়ম্।
দেবেক্সস্থেব বিহিতং ভীমসেনেন ভারত।॥২৭॥
দদ্শুন্তোরণান্তর শাতকুন্তময়ানি তে।
শ্যাসনবিহারাংশ্চ স্বহুন্ রক্সক্ষান্॥২৮॥
ঘটান্ পাত্রীঃ কটাহানি কলশান্ বর্দ্ধানকান্।
ন হি কিঞ্চিদেশাবর্ণমপশ্যন্ বস্থাধিপাঃ॥২৯॥
মৃপাংশ্চ শাস্ত্রপঠিতান্ দারবান্ হেম্ভূষিতান্।
উপক্লিন্ যথাকামং বিধিবদ্ভূরিবর্চ্চাঃ॥০০॥ (যুগাকম্)

#### ভারতকোমুদী

তদিতি। অতক্রিতঃ সর্কেয় বিষয়েষ সতক ইত্যর্থ:। আদৃতঃ সর্কেয় বিষয়েষ আদর-বান্।২৫॥

🛎 শিরিতি। হেত্বাদিনো যুক্তিতর্কবক্তার:। পরস্পরং জিগীধবো ভেত্মিচ্ছব: ॥২৬॥

দদুভবিতি। নৃপতয়: অভ্যাগতা রাজান: ॥২৭॥

দদৃশুরিতি। শাতকুষ্কময়ানি স্বর্ণময়ানি, তে নুপ্তয়: ॥২৮॥

ঘটানিতি। পাত্রীর্ভোজনাদিপাত্রাণি, বর্জমানকান্ শরাবান্। অসৌবর্ণং হ্রর্ণেনানি-মিতম্। শাস্থাঠিতান্ শাস্থোকান্, দারবান্ যজ্ঞীয়র্কনিমিতান্। উপঙ্গুল্ স্ভাটিতান্ ভ্রিবর্চনো বছলগ্ডীন্ ॥২৯—৩০॥

সকল বিষয়ে আগ্রহশালী ধর্মরাজ যুধিষ্ঠির সেই সকল কার্য্য করা হইয়াছে শুনিয়া সমস্ত বিষয়ে সতর্ক থাকিয়া ভাতাদের সহিত আনন্দিত হইতে-ছিলেন ॥২৫॥

সেই যজ্ঞ আরম্ভ হইলে যুক্তিতর্ককারী বাগ্মী পণ্ডিতেরা পরস্পার জন্ম করিবার ইচ্ছা করিয়া বহু হেতুবাদ করিতে লাগিলেন ॥২৬॥

ভরতনন্দন! অভ্যাগত রাজগণ দেবরাজের যজ্ঞের ভায় সেই যজের ভীমসেনকৃত উত্তম প্রিপাটী সকল দেখিতে লাগিলেন ॥২৭॥

এবং তাঁহার। সেই যজ্জহানে স্বর্ণময় তোরণ, শিয্যা, আসুন, বিহারভ্বন ও বহুত্র রতুরাশি দর্শন করিতে থাকিলেন ॥২৮॥

ক্রে আগত রাজারা দেখিলেন—খঁট, পাত্র, কটাই, কলশ বা শরা— ইহার কোন বস্তুই অসুবর্ণ নিশ্মিত নহে। তাঁহারা আরও দেখিলেন— শাস্ত্রোক্তপ্রকারে নিশ্মিত, যজীয় বৃক্ষসম্ভূত, স্বর্ণালয়ত, যথাবিধানে ও ইচ্ছোমু-সারে নিশ্মিত উজ্জন উজ্জন বহুতর যুপ রহিয়াছে ॥২৯—৩০॥

স্থলজা জলজা যে চ পশবঃ কেচন প্রভা !। সৰ্বানেৰ সমানীভানপশ্যংস্তত্ত্ত বুপাঃ॥৩১॥ शरि**म्हव महिवीरेम्हव ज्था त्रक्र**खिरग्राश्रि ह। खेनकानि ह गढानि भागमानि वशाः मि ह ॥ ७२॥ জর।য়ুজাওজাতা ন স্বেদজাস্যুদ্ভিদানি চ। পৰ্বতানুপজাতানি ভূতানি দদুশুশ্চ তে ॥৩০॥ (যুগাকম্) এবং প্রায়ুদিতং সর্বং পশুগোধনধাম্যতঃ। যজ্ঞবাটং নুপ। দৃষ্ট্রা পরং বিস্ময়মাগতাঃ ॥৩৪॥ অনিশং দীয়তে চ স্ম তত্র ভোজ্যং পৃথগ্বিধম্। ব্ৰাহ্মণানাং বিশাং চৈব বহুমুন্টান্নমুদ্ধিনৎ ॥৩৫॥ পূর্ণে শতসহত্রে তু বিপ্রাণাং তত্ত্র ভুঞ্জতাম্। তুন্দুভিমে ঘনিঘোষে। মৃত্যুভ্রতাড্যত। বিন্নাদাসকৃচ্চাপি দিবসে দিবসে গতে ॥৩৬॥

#### ভারতকোমুদী

ছলজা ইতি। স্থলজাশহাগাদয়ং, জলজা সংস্থাস্ত্যাং, পশবং প্রাণিনং ॥৩১॥

গাইতি। ঔণকানি জলস্থানি স্বানি অহিংঅজস্তুন, খাপদানি হিংঅজস্তুন, ব্যাংদি প্ৰিণ:। अवायुका यनमाञ्चानग्रसन्, অওका छानि मर्शानीन, त्यनकान् की है। मीन, উद्विमानि বুক্লতাদীনি। পর্বতেষু অন্পেষু জল গ্রায়দেশেষু চ জাতানি, ভূতানি প্রাণিন: ॥৩২—৩৩॥ এবমিতি। প্রাদিদর্শনাদিতার্থ:। প্রামৃদিত্যানন্দিত্য ॥৩৪॥

অনিশমিতি। ভোজামরাদিকম্। বিশাং বৈশানাম্, মৃষ্টারং প্রমারম্, ঋদ্ধিমৎ উৎক্লষ্টম্ ॥৩৫॥

রাজা। যে কিছু প্রাণী জলে বা খলে জিমিয়াছে, দে সমস্তই সেই যজে আন্যুন করা হইয়াছে—ইহা সেই রাজারা দেখিতে পাইলেন ॥৩১॥

क्राम (मह ताकाता पर्यन कतित्वन—(भा, महियी, वृष जोत्वाक, कविष्ठ অহিংস্ৰ জন্তু, হিংস্ৰ জন্তু, পকী, বনমামুষপ্ৰভৃতি জনায়ুজ, সৰ্পপ্ৰভৃতি অণ্ডজ, কীটাদি স্বেদজ, বৃক্ষলতা প্রভৃতি উদ্ভিচ্ছ এবং পর্বভেদ্ধাত ও জ্বলপ্রায়দেশোং-পন্ন প্রাণিগণ দেই যজে আনীত হইয়াছে ॥৩২---৩৩॥

এইরপ সাধারণ পশু, গো, ধন ও ধাক্ত দর্শন করিয়া যে স্থানে সকলেই আ্বানিশিত হইতেছিল, দেই যজায়তন দর্শন করিয়া অভ্যাগত রাজারা অভ্যক্ত বিশ্বয়াপর হইতে লাগিলেন ॥৩৪॥

শেই যজে ব্রাহ্মণগণ ও বৈশ্যগণকে নানাবিধ খাছ ও উৎকৃষ্ট প্রচুর মিষ্টার मर्दाषा (पथ्या इटेट्डिट्टिन ॥७०॥

<sup>(</sup>৩৫) আত্ৰ পূৰ্বাৰ্ষণাঠঃ পি বছ বৰ্ষ নান্তি।

এবং স বরতে যজে। ধর্মরাজস্য ধীমতঃ।
আন্নস্ত হ্বব্লুন্ রাজন্! উৎসর্গান্ পর্বতোপদান্।
দধিকুল্যাশ্চ দদৃশুঃ স্পিষ্ণ্চ হ্রদান্ জনাঃ ॥৩৭॥
জমুদ্বীপো হি সকলো নানাজনপদাযুতঃ।
রাজন্! অদৃশ্যতৈকম্বো রাজস্তস্ত মহামথে ॥৪৮॥
তত্র জাতিসহস্রাণি পুরুষাণাং ততস্ততঃ।
গৃহীদ্বা ভাজনান্ জন্মুর্বহুনি ভরতর্বভ!॥৩৯॥
স্থাবিষ্ণ দিলে।তীংস্তান্ শতশোহ্থ সহস্রশাঃ ॥৪০॥

#### ভারতকৌমুদী

পূৰ্ণ ইতি। শতসহত্যে লক্ষে। তুলুভিরসক্ষতাশি বিননাদ। এতেন প্রত্যহং বহলক-বাক্ষণভোক্ষনমভৰদিভি স্চিতম্। বট্পাদোহয়ং শ্লোকঃ ॥৩৬॥

এবমিতি। উৎস্কান্ত ইত্যুৎসর্গন্তান্ দানবোগান্ বাশীন্। দরাং কুল্যা: কুলা নদী:। "কুল্যারা কুল্যা সরিং" ইত্যুমর:। স্পিবো স্বতক্ত । অয়মণে বট্পাদ: প্লোক: ॥৩৭॥

জত্ৰীপ ইতি। নানাজনপদৈৰ্কহদেশৈং আযুতঃ সংযুক্তঃ। মহামধে মহাযজে ॥৬৮॥ ভজেতি। ভাজনানু অন্নাদিপাতাণি। পুংখ্যাৰ্যম্॥৬৯॥

অবিণ ইভি। অধিণো মালাধারিণ:, ক্ষুটানি ক্ষুপরিষ্কৃতানি মণিকুওকানি বেবাং তে ॥৪•॥

সেই যজ্ঞে ভোজনকারী আক্ষাণগণের এক লক্ষ পূর্ণ হইলে, মেদেরে স্থায় গন্ধীর ধ্বনিকারী হৃন্দুভি বার বার বাদিত হইত। এইভাবে প্রভাহ বছবার হুন্দুভিধ্বনি হইত ॥৩৬॥

রাজা! ধীমান্ধর্মরাজের সেই অস্থানেধ্যজ্ঞ এইভাবে চলিতে থাকিল। তথ্য সকল লোকই দেখিতে থাকিল যে, পর্বতিপ্রমাণ বহুতর অর্রাশি, দধির কুজে নদী এবং মৃত্তের অনেক হুদ নানা স্থানে রহিয়াছে ॥৩৭॥

রাজা। নানা দেশসংযুক্ত সমগ্র জমূহীপটাই যেন মহারাজ যুধিষ্ঠিরের সেই মহাযজ্ঞে একস্থানস্থিত বলিয়া দেখা যাইতে লাগিল ॥০৮॥

ভরতশ্রেষ্ঠ ! বহু জাতীয় পুরুষগণ ভোজনপাত্র লইয়া নানা স্থান হইতে সেই যজে আসিয়াছিল ॥৩৯॥

কঠে মালাধারী এবং কর্ণে উজ্জ্বল মণিকুগুলসংযুক্ত শত শত ও সহজ্র সহজ্র পরিবেষক উপস্থিত ছিল। ভাহারা সকলে সেই আহ্মণগণকে পরিবেষণ করিভেছিল ॥৪০॥ বিবিধাক্তমপানানি পুরুষা যেহসুযায়িনঃ।
তে বৈ নৃপোপভোজ্যানি ত্রাহ্মণানাং দতুশ্চ হ ॥৪১॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাশ্বমেধিকপর্বাণি অশ্বমেধে অশ্বমেধারস্তে অফীধিকশতত্যোহধ্যায়ঃ॥॥॥ #

## নবাধিকশততমোহধ্যায়ঃ.

--:#:--

বৈশম্পায়ন উবাচ।

সমাগতান্ বেদবিদে। রাজ্জশ্চ পৃথিবীশ্বরান্।
দৃষ্ট্রা যুধিষ্ঠিরো রাজা ভীমসেনমভাষত ॥১॥
উপায়াতা নরব্যাত্রা য এতে পৃথিবীশ্বরাঃ।
এতেষাং ক্রিয়তাং পূজা পূজাহা হি নরাধিপাঃ॥২॥

## ভারতকোমুদী

বিবিধানীতি। অফ্যায়িন: পরিবেষকাণাম্। ব্রাহ্মণানাঞ্চ ভোজ্যানীতি সম্বন্ধ: ॥৪১॥
ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদাস্তবাগীশভট্টাচার্য্যবির্চিতায়াং
মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমধ্যোয়ামাশ্বমেধিকপর্বাণি
অধ্যেধে অইাধিকশতত্যোহধ্যায়: ॥০॥

-:::--

সমিতি। বেদবিদো ত্রাহ্মণা: ॥১॥

উপেতি। নরব্যাদ্রা মাহ্যশ্রেষ্ঠা:। পুরুর্গে: সম্মানষোগ্যা: ॥२॥

তাহাদের যাহার। অমুগামী ছিল, সেই সকল পুরুষেরাও রাজগণের এবং আহ্মণগণের নানাবিধ খান্ত, অন্ন ও পানীয় দিতেছিল'॥৪১॥

-:#:--

বৈশম্পায়ন বলিলেন—বেদবিদ্তাক্ষণগণ ও পৃথিবীর অধিপতি রাজগণকে সমাগত দেখিয়া রাজা যুধিষ্ঠির ভীমসেনকে কহিলেন—॥১॥

'ভীম! এই যে সকল নরশ্রেষ্ঠ রাজগণ আসিয়াছেন, ভোমরা ইহাদের সমান কর। কারণ, রাজারা সমান পাইবার যোগ্য'॥২॥

 <sup>&#</sup>x27;…नकानीजिख्दमार्थागाः'—वक्र वर्ष, '…वज्नीजिख्दमार्थागाः'—नि ।

ইত্যুক্তঃ স তথা চক্রে নরেক্রেণ যশস্বিনা।
ভীমসেনা মহাতেজা যসাভ্যাং সহ পাণ্ডবঃ ॥৩॥
অথাভ্যগচ্ছদ্গোবিন্দো র্ফ্রিভিঃ সহ ধর্মজম্।
বলদেবং পুরস্কৃত্য সর্বপ্রাণভূতাং বরঃ ॥৪॥
যুষ্ধানেন সহিতঃ প্রভ্যুদ্ধেন গদেন চ।
নিশঠেনাথ সাম্বেন তথৈব কৃতবর্ম্মণা ॥৫॥ (যুগাক্য্)
তেধামপি পরাং পূজাং চক্রে ভীমো মহারথঃ।
বিবিশুতে চ বেশানি রত্বতি চ সর্বশঃ ॥৬॥
যুধির্তিরসমীপে তু কথান্তে মধুস্দনঃ।
আর্জ্বং কথয়ানাস বহুসংগ্রাসক্ষিত্যু ॥৭॥
স তং পপ্রচ্ছ কোন্তেয়ঃ পুনঃ পুনর্রিন্দ্মস্।
ধর্মজঃ শক্রজং জিয়ুং স্যাচ্ট্র জগৎপ্তিঃ ॥৮॥

## ভারতকৌমুদী

ইভীতি। নরেক্রেণ যুধিটিরেণ। ষমাভ্যাং নকুলসহদেবাভ্যাম্ ॥৩॥
অথেতি। গোবিন্দ: কৃষ্ণ:, ধর্মজং যুধিটিরম্। যুগ্ধানেন সাভ্যকিনা, গদাদীনি
নামানি ॥৪—৫॥

তেবামিতি। পরাম্ উত্তমাম্। বেশানি গৃহাণি ॥৬॥

যুধীতি। কথাতে আলাপমধ্যে। বছভি: সংগ্রামে: কর্ষিতং পরিশ্রান্তম্॥१॥

স ইতি। ধর্মজো যুধিটিরা, শক্রজম্ ইক্রাজ্জাতম্, জিফুমর্জুনম্, জগৎপতি: রুফ: ॥৮॥

যশকী যুধিন্তির এই কথা বলিলে, মহাতেজা ভীমসেন নকুল ও সহদেবের স্তিত মিলিভ হইয়া ভাহাই ক্রিতে লাগিলেন ॥৩॥

ভাহার পর সর্বপ্রোণিশুর্চ কৃষ্ণ বলরামকে অগ্রবর্তী করিয়া এবং বৃষ্ণি-বংশীয় প্রধানপুরুষগণ, সাভ্যকি, প্রহায়, গদ, নিশঠ, সাম্ব ও কৃতবর্মার সহিত মিলিত হইয়া যুধিষ্ঠিরের নিক্ট আগমন করিলেন ॥৪—৫॥

সেই সময়ে মহারথ ভীম তাঁহাদেরও যথেষ্ট সম্মান করিলেন। তখন তাঁহারা সর্ব্রত্মশোভিত রাজভবনে প্রবেশ করিলেন॥৬॥

ক্রেমে কৃষ্ণ কথাপ্রসঙ্গে যুধিষ্ঠিরের নিকটে বছ যুদ্ধে পরিপ্রাপ্ত অৰু নের কথা বলিলেন ॥৭॥

তখন ধর্মরাজ যুধিন্তির শত্রুদমনকারী অজ্বের বিষয় বার বার জিজ্ঞাসা ক্রিলেন। কৃষ্ণও তাঁহার বিষয় কহিলেন—॥৮॥ আগমদ্দারকাবাদী মমাপ্তঃ পুরুষো নৃপ !।
বোহদ্রাক্ষীৎ পাণ্ডবল্রেষ্ঠং বহুসংগ্রামক্ষিত্র ॥৯॥
দমীপে চ মহাবাহুমাচফ চ মম প্রভাে!।
কুরু কার্যাণি কোন্তেয় ! হয়মেধার্থ সিদ্ধয়ে ॥>০॥
ইত্যুক্তঃ প্রত্যুবাটেনং ধর্মরাজাে যুধিন্তিরঃ।
দিফ্যা স কুশলা জিফুরুপায়াতি চ মাধব !॥>১॥
যদিদং সন্দিদেশাস্মিন্ পাণ্ডবানাং বলাগ্রনীঃ।
তদাপ্যাত্যিহেচ্ছামি ভবতা যতুনন্দন !॥>২॥
ইত্যুক্তো ধর্মরাজেন ব্যুম্বর্জকপতিন্তদা।
প্রোবাচেদং বচাে বাগ্যী ধর্মাজানং যুধিন্তিরম্॥১০॥

### ভারতকৌমুদী

আগমদিতি। আথো বিশ্বতঃ। "আথঃ প্রত্যয়িত স্থিয়" ইত্যমর: ॥२॥
সমীপ ইতি। মহাবাহমজ্নম, আচট বহুসংগ্রামক্ষিত্বেনাক্থয়ৎ ॥১০॥
ইতীতি। দিট্যা ভাগ্যেন, জিফুরজ্ন: ॥১১॥
বদিতি। সন্দিদেশ বাচিকং প্রেষয়ামাস, অস্মিন্ মম সমীপে, বলাগ্রনী: সৈক্যাগ্রগণ্য: ॥১২॥
ইতীতি। বৃফীনামজ্বানাক পতিঃ কৃষ্ণ: ॥১৩॥

'রাজা! যিনি বহু যুদ্ধে পরিশ্রান্ত অব্দ্নেকে দেখিয়াছেন, আমার বিশ্বস্ত সেইরূপ একটী দ্বারকাবাসী লোক আসিয়াছেন॥৯॥

রাজা ! সেই লোকটা আমার নিকটে মহাবাহু অজ্জুনের বিষয় বলিয়াছেন ; সে যাহা হউক, কুস্তীনন্দন ! আপনি অশ্বনেধ্যজ্ঞসিদির নিমিত্ত কার্য্য করিতে থাকুন'॥১০॥

কৃষণ এই কথা বলিলে ধর্মরাজ যুধিষ্ঠির বলিলেন—'মাধব! ভাগ্যবশত: সংজ্ঞান কুশলী থাকিয়া আসিতেছে ত १॥১১॥

যন্ত্রনন্দন। পাগুবসৈক্ষের অগ্রগণ্য অজ্জুন আমার নিকটে যে সংবাদ প্রেরণ করিয়াছে, ভাহা ভূমি বল, ইহা আমি ইচ্ছা করি'॥১২॥

যুধিষ্ঠির এইরূপ বলৈলে, বাগ্মী কৃষ্ণ ধর্মাক্সা যুধিষ্ঠিরকে এই কথা বলিলেন্—॥১৩॥

<sup>(&</sup>gt;) - नमाश्चः श्रुकरवा नृश ! - नि ।

<sup>(&</sup>gt;•) -- महावाद्या ! माठडे ह मम व्यट्डा !-- शि वश्र वर्ष ।

<sup>(</sup>১২) ... जनाकाजूनिरहम्हानि-शि वक वर्ष ।

ইদমাহ মহারাজ! পার্থবাক্যং শারন্ নরঃ।
বাচ্যো যুধিন্তিরঃ কৃষ্ণ! কালে বাক্যমিদং মম ॥১৪॥
আগমিয়ন্তি রাজানঃ দর্কে বৈ কৌরবর্ষভ!।
প্রাপ্তানাং মহতাং পূজা কার্য্যা হেতৎ ক্ষমং হি নঃ॥১৫॥
ইত্যেত্বচনাদ্রাজা বিজ্ঞাপ্যো মম মানদ!।
যথা চাত্যয়িকং ন স্থাদ্যদর্ঘাহরণেহভবৎ ॥১৬॥
কর্ত্তি তদ্রাজা ভবাংশ্চাপ্যমুমগ্রতাম্।
রাজ্বেষাম নশ্যেয়ুরিমা রাজন্! পুনঃ প্রজাঃ॥১৭॥
ইদমন্যান্ন কোন্তেয়! বচঃ স পুরুষোহত্রবীৎ।
ধনঞ্জয়স্তান্পতে! তথ্যে নিগদতঃ শুণু॥১৮॥

## ভারতকৌমুদী

हेनिजि । পাर्थराकामक्नियहनम्, नतः म भूक्यः ॥১॥।

আগমীতি। প্রাপ্তানামাগভানাম্, এতৎ পৃঞ্জকরণম্, ক্ষমমূচিভম্ ॥১৫॥

ইতীতি। রাজা রুধিটির:, ছয়া বিজ্ঞাপ্য:। আত্যয়িকং মহাননর্থ:, অর্হরণে রাজস্র-যুক্তে কৃষ্ণায়ার্ঘদানে বং শিশুপালকুত্মাত্যয়িক্ম ॥১৬॥

কর্তুমিতি। রাজা যুধিষ্টির:, ভবান্ কৃষ্ণ:। প্রজা লোকা:॥১৭॥ ইদমিতি। পুকবো বারকাত আগতো জন:॥১৮॥

'মহারাজ ! সেই লোকটী অজ্জুনির বাক্য স্থারণ করিয়া আমাকে ইহা বলিয়াছেন যে, 'কুষ্ণ ! যথাসময়ে তুমি আমার এই বাক্য যুধিষ্ঠিরকে বলিবে ॥১৪॥

কৌরবশ্রেষ্ঠ । সকল রাজাই আমাদের যজ্ঞে আসিবেন। প্রধান লোকেরা আসিলে তাঁহাদের সম্মান করা আমাদের অবশ্য কর্ত্ব্য এবং ইহাই আমাদের উচিত ॥১৫॥

মানদাত। কৃষ্ণ! তুমি আমার এই বাক্য অমুসারে রাজা যুখিটিরকে জানাইবে যে, 'রাজস্য়যজ্ঞে অর্ঘানসম্বন্ধে যেরূপ গুরুতর অনর্থ ঘটিয়াছিল, যাহাতে সেইরূপ অনর্থ আর না হয়॥১৬॥

রাজা যুধিষ্ঠির তাহাই করিতে পারেন, তুমিও সেই বিষয়ে অনুমতি করিবে। কারণ, রাজা। আগত রাজগণের বিষেষবশতঃ পুনরায় লোকক্ষয় নাহয়।১৭॥

কুন্তীনন্দন! সেই লোকটা অর্জুনের অস্ত এই কথাও বলিয়াছেন, রাজা। ভাহা আমি বলিভেছি, আপনি অবণ করুন ॥১৮॥ উপযাস্থতি যজ্ঞং নো মণিপুরপ্তিনৃপিঃ।
পুরো মন মহাতেজা দয়িতো বক্রবাহনঃ।।১৯।।
তং ভবান্ মদপেক্ষার্থং বিধিবৎ প্রতিপূজ্যেছ।
স তু ভজোহসুরক্তম্চ নন নিত্যমিতি প্রভো!।।২০।।
ইত্যেত্বচনং শ্রুম্বারোজো যুধিষ্ঠিরঃ।
অভিনক্ষ্যাস্থ ত্বাক্যমিদং বচনমত্রবীৎ॥২১॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাশ্বমেধিক-পর্বাণি অশ্বমেধে যুধিষ্ঠিরাশ্বমেধে নবাধিকশততমোহধ্যায়ঃ।।।।। #

-------

# দশাধিকশততমোহধ্যায়ঃ।

--:\*:--

যুধিষ্ঠির উবাচ। শ্রুতং প্রিয়মিদং কৃষ্ণ ! যত্ত্বগর্হদি ভাষিতুম্। তমেহমুতরসং পুণ্যং মনো হ্লাদয়তি প্রভো ! ॥১॥

#### ভারতকৌমুদী

উপেতি। নঃ অস্থাকং বজ্ঞম্। দয়িতঃ প্রিয়ঃ ॥১৯॥

ভমিতি। ভবান্ যুধিষ্ঠির:, মদপেকার্থং মম প্রীতিনিমিত্তম্ ॥২০॥

ইতীতি। অস্ত অৰ্জ্নস্ত, তৰাক্যমভিনন্দ্য প্ৰশাস ॥২১॥

ইতি মহামহোপাধ্যার-ভারতাচার্য্য-শ্রহিদাদদিকাস্তবাসীশভট্টাচার্য্য-বিরচিতারাং মহাভারতটীকারাং ভারতকৌমূদীসমাধ্যারা-মাশ্রমেধিকপর্বাণি নবাধিকশততমোহধ্যায়ঃ ॥০॥

--:\*:--

মণিপুরের অধিপতি আমার প্রিয়পুত্র মহাতেজারাজা বক্রবাহন আমাদের যজ্ঞে যাইবে ॥১৯॥

প্রভূ! আপনি আমার প্রীতির নিমিত্ত যথাবিধানে তাহার সম্মান করিবেন। কারণ, সে সর্ববদাই আমার ভক্ত ও অনুরক্ত'॥২০॥

অজুনের এই বাক্য শুনিয়া ধর্মরাজ যুধিষ্ঠির তাহার সেই বাক্যের প্রশংসা করিয়া এই কথা বলিলেন' ॥২১॥

--:+:--

বহুনি কিল যুদ্ধানি বিজয়স্থ নরাধিপৈ:।
পুনরাসন্ হাধীকেশ ! তত্ত তত্ত চ গে প্রাণ্ডতম্ ॥২॥
কিং নিমিত্তং স নিত্যং হি পার্থঃ সুথবিবর্জ্জিতঃ।
অতীব বিজয়ো ধীসানিতি মে দুয়তে মন:।০॥
সংচিন্তয়ামি কোন্ডেয়ং রহো জিফুং জনার্দন !।
অতীবহুঃথভাগী স সততং পাণ্ডুনন্দনঃ॥৪॥
কিংমু তস্থ শরীরেহন্তি সর্বলক্ষণপূজিতে।
অনিষ্ঠং লক্ষণং কৃষ্ণ ! যেন হুঃখান্ত্যুগাশ্লুতে ॥৫॥
অতীবাস্থভোগী স সততং কুন্তিনন্দনঃ।
ন হি পশ্যামি বীভৎসোনিন্দ্যং গাত্তেষু কিঞ্চন।
প্রোতব্যং চেন্মায়ৈতদৈ তথ্যে ব্যাখ্যাতুমইসি॥৬॥

## ভারতকোমুদী

শ্রুত্তি। অমৃতত্ত্বের রস: বাদো যতা তৎ, পুণ্যং সক্ষনসন্মানবিষয়ত্বাৎ পরিত্রম্ ॥১॥

বহুনীতি। বিজয়তার্জ্নতা, নরাণিগৈ: সহ। পুন: কুকক্ষেত্র্যাদপরম্ ॥২॥ কিমিতি। অতীবহুধবিবজ্জিতো বিশ্রামহুধশৃত্তা। দূয়তে সন্তণ্যতে ॥৩॥

সমিতি। বহো নির্জনস্থানে, জিফুমর্জুনম্, সংচিস্কয়ামি ॥৪॥

কিনিতি। সবৈর্শকলৈ: স্থচিকৈ: পুজিতে প্রশত্তে ॥৫॥

অতীবেতি। বীভংগোরজ্নস্ত, কিঞ্ন ছুর্লকণ্ম। ব্যাধ্যাতুং বজুম্। বটুপালোহয়ং স্লোক: ॥৬॥

যুধিষ্ঠির বলিলেন—'প্রভাবশালী কৃষণ! তুমি যাহ। বলিবার যোগ্য, সেই প্রিয় বাক্য আমি শুনিলাম। পবিত্র ও অমৃতের তুল্য ভোমার সেই বাক্য আমার মন আনন্দিত করিতেছে ॥১॥

স্থাকিশ। আমি শুনিয়াছি যে, সেইসেই স্থানে পুনরায় রাজগণের সহিত অর্জুনের বহুতের যুদ্ধ হইয়াছে ॥২॥

পৃথানন্দন বৃদ্ধিমান্ অৰ্জ্ন কি নিমিত্ত সৰ্কাদাই অভ্যস্ত সুখবিহীন হ**ইল,** ইহা ভাবিয়াই আমার মন অভ্যস্ত সম্ভত্ত হয় ॥৩॥

জনার্দন । আমি নির্জনে বসিয়া কুস্তীনন্দন অর্জ্জনের বিষয় চিস্তা করি যে, সে সর্বদাই অভ্যস্ত হংশভোগ করিভেছে ॥৪॥

কৃষ্ণ! সর্বাস্থলকণসম্পন্ন অর্জুনের দৈহে কোন হর্লকণ আছে কি ? যাহাতে সে হুঃখভোগ করে ? ॥৫॥

<sup>(</sup>৩) **ভাতীৰ বিজয়ো ধী**ৰ্মাজি—বন্ধ বৰ্ধ।

ইত্যুক্তঃ স হ্বনীকেশো ধ্যাদ্বা স্থ্যহত্ত্তরম্।
রাজানং ভোজরাজস্থবর্ধনো বিষ্ণুরব্রবীৎ ॥৭॥
নহ্মস্থ নৃপতে! কিঞ্চিদনিউমুপলক্ষে।
ঝাতে পুরুষদিংহস্য পিণ্ডিকেহস্যাধিকে যতঃ ॥৮॥
স তাভ্যাং পুরুষব্যান্তো নিত্যমধ্বত্থ বর্ততে।
ন চাম্যদমুপশ্যাসি যেনাসে তুঃখভাজনম্ ॥৯॥

### ভারতকৌমুদী

ইভীতি। বাজানং য্থিষ্টিরম্, ভোজরাজক্সবর্জনো ভোজবংশীয়ক্ষত্রিয়সমৃদ্ধিকরঃ ॥৭॥
নহীতি। অনিষ্টং চুর্লকণম্। পুরুষসিংহত্যার্জ্জুনত্ত ঋতে এডদ্তুর্লকণং নিনা। ষতঃ অত অর্জ্জুনত্ত পিণ্ডিকে জাফ্ছয়ত্ত পশ্চাদ্ভাগ্ছয়ম্ অধিকে অধিকস্থুলে। অতএবাসৌ হঃধভাগীতি শেষঃ ॥৮॥

দ ইতি। তাভ্যাং ণিণ্ডিকাভ্যাং হেতুভ্যাম্, মধ্বস্থ পণিষ্। অক্সদ্ত্র্লকণম্ ॥२॥
ভারতভাবদীপঃ

শ্রুতমিতি ॥১—৬॥ ভোজরাজক্যানাং বর্জন: ॥१॥ সংশ্লিষ্টমবিবিক্তম, সংস্কৃষ্টমিতি পাঠেইপি অভিপৃষ্টবাদিভরলোপাদবিবিক্তত্বং ভবতি ভদ্রহিতং পিণ্ডিকে জান্থনোরধন্থ: শশ্রীজারো মাংসলঃ প্রদেশ: শিশুকা তে উত্তে অক্যাধিকে ব্দেশাদধোভাগপর্যন্তং বহুলমালম্বমানে, পাঠান্তবে কায়ত: শরীকাৎ অতি অভিপ্রমাণে ॥৮—২৫॥

ইতি শ্রীমহাভারতে নৈলক্ষ্ণীয়ে ভারতভাবদীপে আখমেধিকপর্বাণি অখমেধে দশাধিকশততমোহধ্যায়: ॥১১০॥

অৰ্জ্ন অত্যন্ত তুঃখভাগী; অথচ তাহার গাতো কোন ত্র্লিকণ দেখিতে পাইনা; অতএব ইহা যদি আমার শোতব্য হয়, তবে তুমি তাহা আমার নিকট বলিতে পার'॥৬॥

যুধিন্তির এই কথা বলিলে ভোজবংশের উন্নতিবন্ধিক হাধীকেশ কৃষ্ণ একটু চিস্তা করিয়া যুধিন্তিরের নিকট স্মপ্রশস্ত উত্তর বলিলেন—॥৭॥

'রাজা! নরশ্রেষ্ঠ অর্জুনের এইটা ব্যতীত অক্স কোন ছর্লক্ষণ দেখিতে পাই না। যেহেতু, উহার জামুযুগলের পশ্চাদ্ভাগ অত্যস্ত স্থূল—এই জ্বস্থাই ইনি সর্বাদা ছঃখভোগ করেন॥৮॥

নরশ্রেষ্ঠ অব্জুন সেই ত্রলকণবশতই সর্বদা পথে পথে থাকেন, এডদ্ভিন্ন অক্স কোন ত্রলকণ দেখিতে পাই না, যাহাতে ইনি ত্রংখভোগ করিতে পারেন'॥১॥

<sup>(</sup>b) नक्छ नृभएछ ! किशिश् गः ब्रिडेम्शनव्यत्य--- शि रक रर्ष ।

ইত্যক্তঃ পুরুষভোষ্ঠন্তদা ক্ষেন ধীমতা।
প্রোবাচ র্ফিশাদ্লমেবসেতদিতি প্রভা ! ॥১০॥
কৃষ্ণা তু দ্রোপদী কৃষ্ণং তির্ব্যক্ সাস্থমৈকত।
প্রতিজ্ঞাহ তস্থান্তং প্রণয়ং চাপি কেশিহা।
স্থাঃ স্থা হ্রমীকেশঃ সাকাদিব ধনপ্রয়ঃ ॥১১॥
তত্র ভীমাদমন্তে তু ক্রবো যাজকাশ্চ যে।
রেমঃ শ্রুমা বিচিত্রাং তাং ধনপ্রয়কথাং শুভাম্ ॥১২॥
তেষাং কথয়তামেব পুরুষোহজ্জুনসংকথাম্।
উপায়াদ্বনাদ্দ্তো বিজয়ন্ত সহাত্মনঃ ॥১৩॥
দোহভিগম্য ক্রেশ্রেষ্ঠং নমস্কৃত্য চ বৃদ্ধিমান্।
উপায়াতং নরব্যান্তং ফাল্পনং প্রত্যবেদয়ৎ ॥১৪॥

## ভারতকৌমুদী

ইতীতি। পুরুবশ্রেটো যুধিষ্টির:। বৃষ্ণি। দ্বিং রুক্ষম্ ॥১০॥
ক্ষেতি। তির্গাক্ বক্ষম্। সংগ্রেটাপভাঃ প্রিয়ত অর্জ্বতা। বট্পাদে। হরং স্থাকঃ ॥১১॥
তব্রেতি। বেম্বাননন্ং, তাং নানাদেশপর্গাটনবিষয়াম্ ॥১২॥
তেবামিতি। অর্জুনসংক্ষাম্ অর্জুনবিষয়বাকাম্। বিজয়তার্জ্নত বচনাৎ ॥১৩॥
স ইতি। উপায়াতমাগতম্; ফাল্বনমর্ক্নম্॥১৪॥

রাজা! বৃদ্ধিনান্ কৃষ্ণ এইরূপ বলিলে, তখন নরভোষ্ঠ যুধিষ্ঠির কৃষ্ণকে বলিলেন—'ইহা এইরূপই হইবে'॥১০॥

এদিকে জ্বপদনন্দিনী কৃষ্ণ। অস্থার সহিত বক্রভাবে কৃষ্ণের প্রতি দৃষ্টি-পাত করিলেন। তখন অজুনের স্থা এবং সাক্ষাৎ অচ্ছ্নের স্থায় আকৃতি-শালী কেশিদানবহন্তা কৃষ্ণ জৌপদীর সেই প্রণয়ের দৃষ্টিপাত গ্রহণ করিলেন॥১১॥

এদিকে যে সকল যাজক উপস্থিত ছিলেন, তাঁহারা এবং ভীমপ্রভৃতি সেই কুরুবংশীয়েরা অজুনির সেই বিচিত্র ও মঙ্গলময় কথা শুনিয়া আনন্দিত হইতে লাগিলেন ॥১২॥

তাঁহারা অজ্বনের কথা বলিতেছিলেন, এমন সময়েই মহাজ্বা অর্জুনের আদেশ অসুসারে তাঁহারই দৃতরূপে একটা পুরুষ সেই স্থানে উপস্থিত হইল ॥১৩॥ তচ্ছু ত্বা নৃপতিস্তস্থ হর্ষবাচ্পাকুলেকণ:।
প্রিয়াখ্যাননিসিত্তং বৈ দদে বিহু ধনং তদা ॥১৫॥
ততো দ্বিতীয়ে দিবসে সহান্ শব্দো ব্যব্দ্ধত।
আগচ্ছতি নরব্যান্তে কোরবাণাং ধুরদ্ধরে ॥১৬॥
ততো রেণু: সমুস্ভূতো বিবভৌ তস্থ বাজিন:।
ভাভিতো বর্ত্তমানস্থ যথোচিচ:প্রবসন্তথা ॥১৭॥
তত্র হর্ষকরীর্বাচো নরাণাং শুশুদ্বেহর্জ্ক্ন:।
দিক্ট্যানি পার্থ! কুশলা ধন্যে। রাজ। যুধিষ্ঠির: ॥১৮॥
কোহস্থো হি পৃথিবীং কুৎসাং জিত্বা হি যুধি পার্থিবান্।
চার্যিত্বা হয়প্রেষ্ঠমুপাগচ্ছেদ্তেহর্জ্ক্নাৎ ॥১৯॥
যে ব্যতীতা মহাত্বানো রাজান: সগ্রাদ্য়ঃ।
তেষামপীদৃশং কর্মন কদাচন শুশ্রুম ॥২০॥

## ভারতকোমুদী

ভদিতি। হর্ষবাপোণ আনন্দাশ্রণা আকুলে বাথে ঈক্ষণে চুকুষী ষশ্র স: ॥১৫॥
তত ইতি। শব্দ আনন্দকোলাহল:। নরবাত্তে অর্জ্নে॥১৬॥
তত ইতি। রেপুর্গুলি:, বাজিন: অখগণশু। অভিত: সমস্কত:॥১৭॥
তত্ত্তেতি। দিট্টা ভাগ্যেন, ধ্যো ভবতো লাভাৎ পুণাবান্॥১৮॥
ক ইতি। অর্জ্নাৎ ঋতে বিনা॥১৯॥

সেই বুদ্ধিনান্ পুরুষ্টী যুধিষ্ঠিরের নিকটে যাইয়া এবং তাঁহাকে নমস্কার করিয়া জানাইল যে, 'নরশ্রেষ্ঠ অর্জুন আসিয়াছেন' ॥১৪॥

যুধিষ্ঠির দুভের সেই বাক্য শুনিয়া আনন্দাক্ষজলে আপ্লুউনয়ন হইয়া সেই দুতকে তখন বহুতর ধন দান করিলেন ॥১৫॥

তাহার পর দিতীয় দিনে নরশ্রেষ্ঠ ও কৌরবপ্রধান অর্জুন আদিতে লাগিলে বিশাল কোলাহল হইতে লাগিল ॥১৬॥

ক্রমে উচৈচঃ প্রবার স্থায় সকল দিকে বিভয়ান অজ্জুনের অশ্বসমূহের পদ-সঞ্চালনে ধূলি উথিত হইয়া প্রকাশ পাইতে থাকিল ॥১৭॥

তখন অৰ্জুন লোকসমূহের আনন্দজনক বাক্য শুনিতৈ লাগিলেন যে, 'পৃথানন্দন! ভাগ্যবশতই আপনি কুশলী রহিয়াছেন, রাজাধুধিষ্ঠিরও ষ্ঠা ॥১৮॥

অর্জুন ব্যতীত অক্সকোন্লোক যুক্ষে রাজগণকে জয় করিয়া সমগ্র পৃথিবী বশে আনিয়া অশ্বশ্রেষ্ঠকে বিচরণ করাইয়া ফিরিয়া আসিতে সমর্থ হয়॥১৯॥ নৈতদন্তে করিয়ন্তি ভবিয়া বহুধাধিপাঃ।

যবং কুরুকুল শ্রেষ্ঠ ! হুক্ষরং কুতবানি । ২১॥

ইত্যেবং বদতাং তেষাং পুংদাং কর্ণস্থা গিরঃ।

শৃথন্ বিবেশ ধর্মাত্বা কাল্পনো যজ্ঞসংস্তরম্ ॥২২॥

ততো রাজা সহামাত্যঃ কুষণ্ড যহুনন্দনঃ।

ধুতরাষ্ট্রং পুরস্কৃত্য তং প্রভ্যুদ্যযতুস্তদা ॥২৩॥

শোহভিবাত্ব পিতৃঃ পাদে ধর্মারাজস্থ ধীমতঃ।
ভীমাদীংশ্চাপি সংপূজ্য পর্যায়জত কেশবম্ ॥২৪॥

তৈঃ সমেত্যাচ্চিতস্তাংশ্চ প্রত্যেচ্যাথ যথাবিধি।

বিশ্র্যাম মহাবাহ্নতীরং লক্ত্রেব পারগঃ॥২৫॥

ইতি শ্রীসহাভারতে শতদাহজ্ঞাং সংহিতায়াং বৈয়াসিক্যামাশ্বনেধিকপর্বণি অশ্বনেধে অর্জ্জুনপ্রত্যাগ্যনে দশাধিকশতত্বোহধ্যায়ঃ॥০॥ #

## ভারতকৌমুদী

ষ ইতি। ব্যতীতা অতিকাস্কা। ঈদৃশং কর্ম পৃথিবীজয়রপং কার্য্য ॥২০॥
নৈতি। ভবিষ্যা ভাবিন:। হৃত্বং পৃথিবীজয়রপং কার্য্য ॥২১॥
ইতীতি। ফান্তনোহর্জুনা, ফ্লাসংস্তরম্ অখনেধ্যজ্ঞহানম্ ॥২২॥
তত ইতি। রাজা যুধিটির:। পুরস্কৃত্য অগ্রবর্তীকৃত্য, তমর্জুনম্ ॥২০॥
স ইতি। পিতুশ্ব তিরাইক্রা। সংপ্রা নমন্বত্য, পর্যায়ক্ত আলিকং ॥২৪॥

মহাত্মা সগরপ্রভৃতি যে সকল রাজা অতীত হইয়াছেন, ভাঁহাদেরও এই প্রকার কার্য্য কখনই শুনি নাই ॥২০॥

কৌরবভাষ্ঠ ! আপনি যে হছর কার্য্য করিয়াছেন, এইরূপ কার্য্য ভাবী অফু রাজারাও করিতে সমর্থ হইবেন না'॥২১॥

তত্তত্য লোকের। এইরূপ বলিতে থাকিলে, ধর্মাত্ম। অর্জুন তাহাদের সেই শ্রুতিমধুর বাক্য সকল শুনিতে থাকিয়া যজ্জানে প্রবেশ করিলেন ॥২২॥

ভদনস্কর অমাভ্যগণের সহিত যুখিষ্ঠির এবং যহনন্দর কৃষ্ণ ধৃতরাষ্ট্রকে অগ্রবর্তী করিয়া ভখনই অর্জুনের প্রত্যুদ্গমন করিলেন ॥২৩॥

তখন অব্দ্র ধৃতরাষ্ট্র ও ধীমান্ যুধিষ্ঠিরের চরণযুগলে অভিবাদন করিয়া এবং ভীমপ্রভূতিকেও নমস্বার জানাইয়া কৃষ্ণকে আলিঙ্গন করিলেন ॥২৪॥

 <sup>&#</sup>x27;…नश्चानीजिज्ञत्वावभाषाः'—वक वर्ष, 'णडेनिजिज्ञत्वावभाषाः'—वि ।

## একাদশাধিকশততমোহধ্যায়ঃ।

--:#:--

বৈশস্পায়ন উবাচ।

এত স্মিদ্ধেব কালে তু স রাজা বক্রবাহনঃ।
মাতৃভ্যাং সহিতো ধীমান্ কুরনভ্যাজগাম হ ॥১॥
তত্র রন্ধান্ যথাবং স কুরনভ্যাংশ্চ পার্থিবান্।
অভিবাত্ত মহাবাহু স্তৈশ্চাপি প্রতিনন্দিতঃ।
প্রবিশে পিতামহাঃ কুন্ত্যা ভবনমূত্রমম্॥২॥
স প্রবিশ্য মহাবাহুঃ পাণ্ডবানাং নিবেশনম্।
পিতামহীমভ্যবন্দং সাল্লা প্রমবন্ধনা॥৩॥

#### ভারতকোমুদী

ভৈরিতি। সমেত্য মিলিমা, ভৈধু তিরাষ্ট্র।দিভি: অচিত আদৃত:। তীরং নভা: ।২৫॥ ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধাস্থবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌম্দীসমাধ্যায়ামাশ্বমেধিকপর্বণি

অখ্যমেধে দশাধিকশততমোহধ্যায়: ॥•॥

-:\*:--

এত শিল্পিতি। মাতৃভাম্ উল্পীচিত্রাঙ্গণাভ্যাম্, কুরন্ যুধিষ্টিরাণীন্ ॥১॥
ভত্তেতি। বৃদ্ধান্ ধুতরাষ্ট্রাণীন্। প্রতিনন্দিত আশির্ধা বর্দ্ধিতঃ। বট্পাদোহয়ং শ্লোকঃ ॥২॥
স ইতি। পিতামহীং কৃষ্টীম্, সামা কোমলবাকোন, পরমবন্ধনা অত্যন্তর্ক্তরেণ ॥৩॥

পরে সকলে সন্মিলিত হইয়া অজ্জুনকে আদর করিলে মহাবাছ অজ্জুনও যথাবিধানে তাঁহাদের প্রত্যাদর করিয়া নদীর তীর পাইয়া পারগামীর স্থায় বিশ্রাম করিতে লাগিলেন ॥২৫॥

--:\*:---

বৈশম্পায়ন বলিলেন—এই সময়েই ধীমান্ রাজা বক্রবাহন মাতা উল্পী ও চিত্রাঙ্গদার সহিত মিলিত হইয়। কৌরবগণের নিকট উপস্থিত হ≷লেন ॥১॥

তখন মহাবাহু বক্রবাহন যথাবিধানে বৃদ্ধ কৌরবগণ ও অক্সাক্স রাজগণকে অভিবাদন করিয়া এবং তাঁহাদের নিকটে আদৃত হইয়া পিতামহী কুন্তীর উত্তম ভবনে যাইয়া প্রবেশ করিলেন ॥২॥ তত শ্চিত্রাঙ্গদা দেবী কোরব্যস্থাত্মজাপি চ।
পূথাং কৃষ্ণাঞ্চ সহিতে বিনয়েনোপজগাতুঃ।
স্বভ্যাঞ্চ যথান্থায়ং যাশ্চান্থাঃ কৃরুযোষিতঃ॥৪॥
দদৌ কৃষ্ণী ততন্তাভ্যাং রত্মানি বিবিধানি চ।
দ্রৌপদী চ স্বভ্রা চ যাশ্চাপ্যন্থা দতুঃ স্ত্রিয়ঃ॥৫॥
উবস্তুত্তর তে দেব্যো সহার্হশয়নাসনে।
স্বপূজিতে স্বয়ং কৃষ্ণ্যা পার্থস্থ হিতকাস্যয়া ॥৬॥
স চ রাজা মহাতেজাঃ পূজিতো বক্রবাহনঃ।
ধ্বতরাষ্ট্রং মহীপালমুপতক্ষে যথাবিধি॥৭॥
যুধির্তিরঞ্চ রাজানং ভীমাদীংশ্চাপি পাগুবান্।
উপাগ্য্য সহাতেজা বিনয়েনাভ্যবাদয়ৎ॥৮॥

## ভারতকৌমুদী

ডত ইতি। কৌরব্যক্ত নাগক্ত আত্মজা উলুপী। পৃথাং কুন্তীম্, রুফাং জৌপদীম্। বটুপালোহয়ং লোক: ॥৪॥

দদাবিভি। ভাভ্যাম্ উদুপীচিত্রাপদাভ্যাম্। দহ: বিবিধানি রত্নানি ইত্যসূর্ত্তি: иси

উবতুরিভি। উবতুর্নিবাসং চক্রতু:। স্থপৃঞ্জিতে অতীবাদৃতে ॥।॥

স ইতি। পুঞ্জিত: সর্বৈরাদৃত:। উপতত্তে উপাসাঞ্জে ॥৭॥

ষুধীতি। মহাডেকা বক্রবাহন: ॥৮॥

মহাবাছ বজ্ঞবাহন পাণ্ডবভবনে প্রবেশ করিয়া অভিস্থাদর ও কোমল বাক্য বলিয়া পিভামহী কুন্তীদেবীকে নমস্কার করিলেন ॥৩॥

ভাহার পর চিত্রাঙ্গদা ও উলুপী মিলিত হইয়া কুন্তী, জেপিদী, স্বভজা এবং অক্স যে সকল কৌরবন্ত্রী ছিলেন, তাঁহাদিগকে সবিনয়ে ও যথানিয়মে নমস্কার করিলেন ॥৪॥

ভদনস্তর কুস্তী, ক্রৌপদী, স্বভ্রা এবং অশ্ত যে সকল কৌরবল্রী ছিলেন, ভাঁহারা উলুপী ও চিত্রাঙ্গদাকে নানাবিধ রত্ন দান করিলেন ॥৫॥

তখন স্থাং কুন্তীদেবী অর্জ্বনের হিতকামনায় উল্পী ও চিত্রাঙ্গদাকে বিশেষ আদর করিতে লাগিলেন। সেই অবস্থায় তাঁহারা মহামূল্য শ্যা ও আসনে অবস্থান করিলেন ॥৬॥

ক্রমে মহাতেজা রাজা বক্রবাহন বিশেষ আদৃত স্ইয়া যথাবিধানে রাজা ধুভরাষ্ট্রের সেবা করিভে লাগিলেন ॥৭॥

<sup>(</sup>e)·· ৰাচ্চাণ্যক্তা ৰছজিব:--নি।

দ তৈঃ প্রেম্ণা পরিষক্তঃ পূজিতশ্চ যথাবিধি।
ধনং চাল্মৈ দছ্ডু রি প্রীয়মাণা মহারথাঃ ॥৯॥
তথৈব চ মহীপালঃ কৃষ্ণং চক্রেগদাধরম্।
প্রান্তন্ত্র ইব গোবিন্দং বিনয়েনোপত স্থিবান্॥১০॥
তল্মৈ কৃষ্ণো দদে রাজ্জে মহার্ছমিভিপূজিতম্।
রথং হেমপরিকারং দিব্যাশ্মুজমুক্তমম্॥১১॥
ধর্মরাজশ্চ ভীমশ্চ ফাল্ডনশ্চ যমো তথা।
পৃথক্ পৃথক্ চ তে চৈনং মানার্ধাভ্যামযোজয়ন্॥১২॥
ততন্ত্রীয়ে দিবসে সত্যবত্যাত্মজো মুনিঃ।
যুধিষ্ঠিরং সমভ্যেত্য বাগী বচনমত্রবীৎ॥১৩॥

## ভারতকোমুদী

স ইতি। পরিষক্ত আলিকিত:, পূঞ্জিত আদৃত: ॥२॥

তৰেতি। মহীপালো বক্ৰবাহন:। প্ৰহায়: রুঞ্পুত্র:, উপত স্থিনা প্রথনাম ॥১০॥

তত্মা হঁতি। রাজে বক্রবাহনায়, মহার্হং মহামূল্যম্। হেয়া অর্ণেন পরিকারো ভূষণং ৰভ তম্, দিব্যান্ উৎকৃষ্টান্ অখান্ যুন্জি আলিয়ভীতি তম্॥১১॥

ধর্মেতি। ফাস্কুনোহর্জুন:, যমৌ নকুলসহদেবৌ। মানার্থাভ্যাং রাজসম্মানধনাভ্যাম্ ॥১২॥ তত ইতি। সত্যবত্যাত্মজঃ কৃষ্ণবৈপায়ন: ॥১৩॥

মহাতেজা বক্রবাহন রাজা যুধিষ্ঠির এবং ভীমপ্রভৃতি পাণ্ডরগণের নিকটে উপস্থিত হইয়া বিনয়নমভাবে তাঁহাদিগকে অভিবাদন করিলেন.॥৮॥

তখন যুধিষ্ঠিরপ্রভৃতি পাশুবেরা তাঁহাকে সম্লেহে আলিক্ষন এ যথাবিধানে সমান করিলেন এবং সেই মহারথেরা সম্ভষ্ট হইয়া তাঁহাকে প্রচুর ধন দান করিলেন ॥৯॥

রাজা বজবাহন সেইরপেই প্রহায়ের স্থায় চক্রগদাধারী **ক্রফে**র নিকটে যাইয়া তাঁহাকে বিনয়নমভাবে নমস্কার করিলেন ॥১০॥

সেই সময়ে কৃষ্ণ বক্ষবাহনকৈ মহামূল্য, বিশেষ আদৃত, স্থাভূবিত ও উৎকৃষ্ট অখ্যুক্ত উত্তম একখানি রথ দান করিলেন ॥১১॥

পরে যুধিষ্ঠির, ভীম, অর্জুন, নকুল ও সহদেব প্রভাবে পৃথক্ভাবে বক্রবাহনের সম্মান ও তাঁহাকে ধনদান করিলেন ॥১২॥

তাহার পর তৃতীয় দিনে মহর্ষি ও বাগ্মী বেদব্য।স্থৃধিষ্ঠিরের নিকটে আসিয়া এই কথা বলিলেন—॥১৩॥ অগ্ন প্রতিষ্ঠিত কোন্তের ! যজ্জ সময়ে হি তে ।
মুহুর্ত্তো যজ্জির: প্রাপ্তশেচাদয়ন্তীহ যাজকাঃ ॥১৪॥
অহীনো নাম রাজেন্দ্র ! জতুত্তেহয়ং বিকল্পবান্ ।
বহুত্বাং কাঞ্চনস্থাস্থ খ্যাতো বহুসুবর্ণকঃ ॥১৫॥
এবমত্র মহারাজ ! দক্ষিণাং ত্রিগুণাং কুরু ।
ত্রিত্বং ব্রজ্জু তে রাজন্ ! ব্রাহ্মণা হত্র কারণম্ ॥১৬॥
ত্রীনশ্বমেধানত্র ত্বং সংপ্রাপ্য বহুদক্ষিণান্ ।
জ্যাতিবধ্যাক্তং পাপং প্রহাস্থান নরাধিপ !॥১৭॥
পবিত্রং পরমং চৈতৎ পাবনং চৈতত্ত্তমম্ ।
যদখনেধাবভূথং প্রাক্সাদে কুরুনন্দন !॥১৮॥

## ভারতকোমুদী

অভেতি। ৰজিয়ো ৰজৰোগ্য:, প্ৰাপ্ত উপস্থিত:, চোদয়স্থি ৰটুং প্ৰেয়স্থি ৮১৪॥ অহীন ইতি। অহীন: পূৰ্ণাশঃ, তে দ্বা, বিক্লবান্ বিবিধপ্ৰকাৰ্যুক্তঃ। কাঞ্চনত্ত স্বৰ্ণত ॥১৫॥

এব্যিতি। তে তবায়ং যক্তঃ বিশ্বং বিশ্বণয়ং বন্ধতু বিশ্বণদক্ষিণাকরণাদেব। অব বিশ্বণাহলাতে বাহ্মণা এব কারণম, তৈত্বপাকীকরণ এব তথাত্মশুবাদিতি ভাব: ॥১৬॥

জিনিতি। জীন্ অখমেধান্ অখমেধত্রয়ফলম্। জাতীনাং বধারা হত্যরা কৃতম্॥১৭॥ প্রিক্রমিতি। পাবনং পাশনাশক্ষ্। বদ্ধসাৎ, অখমেধক্ত অবভ্ধম্ অবসামসানম্॥১৮॥

ৃক্তীনন্দন। অন্ত হইতে ভোমার যজের সময় ও এখন যজের মুহুর্ড উপস্থিত হইয়াছে; অভএব যাজিকগণ ভোমাকে যজ্ঞ আরম্ভ করিছে বলিভেছেন॥১৪॥

রাজ্ঞেষ্ঠ ! নানাকরসমধিত তোমার এই যজ্ঞ 'অহীন' নামে বিখ্যাত ছউক; আর এই যজ্ঞে অর্ণের প্রাচূর্য্য থাকায় ইহা 'বছসুবর্ণ' নামেও প্রথিত ছউক ॥১৫॥

সহারাজ । তুমি যজ্ঞে দক্ষিণার পরিমাণও তিন গুণ কর। রাজা। সেই কারণ তোমার এই যজ্ঞ তিন্টী যজ্ঞের তুক্য হউক, এই বিষয়ে আক্ষণেরাই কারণ হইবেন ॥১৬॥

নরনাথ ! তুমি বছদক্ষিণাযুক্ত তিনটী অংখমেধ্যজ্ঞের ফল লাভ করিয়। জ্ঞাতিবধনিবন্ধন পাপের ক্ষয় করিতে পারিবে ॥১৭॥

<sup>(</sup>১৫) वहचार काकनांवाच बारका वहचवर्यकः--वक वर्ष।

ইত্যক্তঃ স তু তেজস্বী ব্যাসেন।মিতবৃদ্ধিনা।
দীক্ষাং বিবেশ ধর্মাস্থা বাজিমেধাপ্তয়ে ততঃ ॥১৯॥
ততো যজ্ঞং সহাবাহুর্বাজিমেধং মহাক্রতুম্।
বহুন্নদক্ষিণং রাজা সর্ব্যবাস্তগান্বিতম্ ॥২০॥
তত্র বেদবিদে। রাজন্! চক্রুঃ কর্মাণি যাজকাঃ।
পরিক্রাসন্তি শাস্ত্রজাঃ যথাবদ্দিজসত্তসাঃ ॥২১॥
ন তেষাং স্থালিতং কিঞ্চিদাসীচ্চাপ্যক্রতং তথা।
ক্রেমমুক্তঞ্চ যুক্তঞ্চ চক্রুস্তত্র দিজর্যভাঃ ॥২২॥
কৃত্বা প্রবর্গ্যং ধর্ম্যাখ্যং যথাবদ্দিজসত্তমাঃ।
চক্রুন্তে বিধিবদ্রাজন্! তথৈবাভিষবং দিজাঃ॥২০॥

## ভারতকৌমুদী

ইতীতি। দীক্ষামারস্ক্রম্, বিবেশ চকার ॥>>॥
তত ইতি। বাজিমেধং বজং নাম মহাক্রতুম্ আবেডে ইতি শেব: ॥२०॥
তত্ত্বতি। পরিক্রামস্তি সর্বত্ত বিচর্ব্তি আ ॥২১॥
নেতি। অলিতং বিকৃত্ম্। ক্রমমুক্তং পৌর্বাপর্ব্যবিহীনম্॥২২॥
কৃত্বেতি। প্রবর্গ্যং সর্ব্বাদ্দসংযুক্তং কার্যবিশেবং বা। অভিষবং ত্রিকালস্লানম্॥২৩॥

কোরবনন্দন! অশ্বমেধ্যজ্ঞের অবসানে তুমি যে 'অবভ্থ' নামে স্থান করিবে, তাহা পরম পবিত্র ও উত্তম পুণ্যজনক'॥১৮॥

অমিতবৃদ্ধি বেদব্যাস এইরপে বলিলে তেজস্বী ও ধর্মাত্মা যুধিষ্ঠির আশ্বনেধ-যুক্তে দীকিত হইলেন ॥১৯॥

তদনস্তর মহাবাহু রাজা যুধিষ্ঠির বহু অগ্ন ও বহু দক্ষিণাযুক্ত এবং কাম্য স্ব্ৰিগুণসম্বিত অখনেধ্যজ্ঞনামক মহাযুক্তের অনুষ্ঠান করিতে লাগিলেন ॥২০॥

রাজা! বেদবিদ্ যাজ্ঞিকেরা সেই যজ্ঞে সমস্ত কার্য্য করিতে লাগিলেন এবং শাস্ত্রজ্ঞ ব্রাহ্মণভ্রেষ্ঠগণ সেই যজ্ঞস্থানে বিচরণ করিতে থাকিলেন ॥২১॥

সেই যজে ব্রাহ্মণগণের কোন ক্রটি হয় নাই, কোন অঙ্গ অকৃত রহে নাই, অঙ্গসমূহে পৌর্কাপর্য্যানিও হয় নাই; কিন্তু ব্রাহ্মণশ্রেষ্ঠেরা সেই যজে সমস্ত কার্য্যই যুক্তিযুক্তভাবে করিয়াছিলেন ॥২২॥

রাজা। বাহ্মণশ্রেষ্ঠেরা যথাযথভাবে 'ধর্মাখ্য' নামে ক্রিয়াকে সর্ব্বাঙ্গ-সংযুক্ত করিয়া যথাবিধানে ক্রৈকালিকস্থান করিতেন ॥২৩॥

<sup>(</sup>२১) পরিক্রাসভঃ সর্বজ্ঞা বিবিধৎ সাধুশিক্ষিতম্-পি বঙ্গ বর্ষ।

অভিষয় ততো রাজন্! সোমং সোমপদস্তমা:।
স্বনান্থামুপূর্ব্ব্যেণ চক্রু: শাস্ত্রামুদারিণ: ॥২৪॥
ন তত্ত্ব ক্রপণ: কশ্চিম দরিদ্রো বছুব হ।
ক্রুধিতো হু:খিতো বাপি প্রাকৃতো বাপি মানব: ॥২৫॥
ভৌসনে ভৌজনার্থিভা। দাপয়মাদ শক্রহা।
ভীমদেনো মহাতেজা: সততং রাজশাদনাৎ ॥২৬॥
সংস্তরে কুশলাশ্চাপি সর্ব্বকার্য্যাণি যাজকা:।
দিবদে দিবদে চক্রুর্থশাস্ত্রামুদর্শনাৎ ॥২৭॥
নার্ভঙ্গবিদ্রোগীৎ সদস্তস্তম্ভ ধীসত:।
নার্ভো নামুপাধ্যায়ো ন চ বাদাবিচক্ষণ:।।২৮॥

## ভারতকোমুদী

ষভীতি। অভিবৃষ তিকালং স্নাম্বা, সোমং সোমরদং পপুরিতি শেব:। স্বনানি সোম-বলোৎপালনানি ॥২৪॥

নেতি। স্বপণো ব্যয়ক্ষিত:। প্রাকৃত: অশিক্ষিত: ॥২৫॥ ভোজনমিতি। বাজো যুধিষ্টিরত শাসনাদাদেশাৎ ॥২৬॥ সংক্তর ইতি। সংক্তরে যথাবদ্যজাহাঠানে, কুশলা নিপুণা: ॥২৭॥

নেতি। অত্ত যজে, অষড়কবিং শিক্ষাকরাতনভিজ্ঞ:। "শিক্ষা করো ব্যাকরণং নিক্জং ছন্দদাং চিতিঃ। জ্যোতিষামধনকৈব বেদাকানি বদন্তি বট্ ॥" অত্তঃ শাল্পবিহিতনিয়মশ্ভঃ, অন্তুপাধ্যায়ঃ অনধ্যাপকঃ, বাদে শাল্পায়বিচারে অবিচক্ষণঃ অনভিজ্ঞঃ ॥২৮॥

রাজা। তদনস্তর সোমপারিশ্রেষ্ঠগণ স্থান করিয়া সোম পান করিতেন এবং শাস্ত্রাফুসারী হইয়া যথানিয়মে সোমরস উৎপাদন করিতেন ॥২৪॥

সেই যজে কেহই দানকুষ্ঠিত ছিল না, কোন দরিজ থাকে নাই, কোন মাজুষই কুধার্জ, তঃখিত বা অবজ্ঞাত হয় নাই ॥২৫॥

মহাতেজা ও শক্রহন্ত। ভীমসেন যুধিষ্ঠিরের আদেশ অমুসারে সর্বদাই ভোজনার্থীদিগকে ভোজনজব্য দান করাইতেন ॥২৬॥

যজ্ঞকার্য্যে নিপুণ যাজকের। শাস্ত্র দর্শন করিয়া প্রত্যহ সমস্ত কার্য্য করিতেন ॥২৭॥

সেই যজে কোন সদস্যই ব্যাকরণপ্রাভৃতি শাল্পে অনভিজ্ঞ ছিলেন না, কিংবা কেহই শাল্পোক্ত নিয়মশৃষ্ঠ অনধ্যাপক বা বিচারে অবিচক্ষণ ছিলেন না ॥২৮॥ ততো যুপোচছু য়ে প্রাপ্তে ষড় বৈঝান্ ভরতর্বভ!।
থাদিরান্ বিঝ্লানিতাংস্তাবতঃ সর্বর্ণনিঃ ।২৯॥
দেবদারুময়ে ছো ডু যুপো কুরুপতেম থে।
শ্লেম্মাতকময়ং চৈকং যাজকাঃ সমকল্লয়ন্॥৩০॥ (যুগ্মকম্)
শোভার্থং চাপরান্ যুপান্ কাঞ্চনান্ ভরতর্বভ!।
স ভীমঃ কারয়ামাস ধর্মরাজস্ত শাসনাৎ ॥৩১॥
তে ব্যরাজস্ত রাজর্বের্বাদোভিরুপশোভিতাঃ।
মহেন্দ্রের্পতা দেবা যথা সপ্তর্ষিভিদিবি ॥৩২॥
ইফকাঃ কাঞ্চনীশ্চাত্র চয়নার্থং ক্রতা বিভো!।
শুশুতে চয়নং তচ্চ দক্ষস্তেব প্রজাপতেঃ॥৩৩॥

#### ভারতকৌমুদী

তত ইতি। যুপোচ্ছুরে যুপোত্তোলনকালে প্রাপ্তে উপস্থিতে, বৈবান্ বিষর্ক্ষসন্তবান্ ষট্, ধাদিরান্ থদিরবৃক্ষনির্ফিতান্ তাবতঃ ষট্, বিবস্মিতান্ বিষ্পৃপ্ত্ল্যান্, সর্কবর্ণিনঃ ভ্রাদি-সকলবর্ণযুক্তান্। মথে অখ্যেশযজ্ঞে। শ্লেমাতকো বৃক্ষবিশেষভ্রেরয়ম্॥২৯—৩০॥

শোভেতি। কাঞ্চনশু স্বৰ্ণশুম ইতি কাঞ্চনান্। শাসনাদাদেশাৎ ॥৩১॥ ত ইতি। তে যুপা: রাজর্বেয়্ ধিষ্টিরশু। সপ্তবিভিক্ষপশোভিতা ইত্যহুর্তি: ॥৩২॥ ইষ্টকা ইতি। কাঞ্চনী: কাঞ্চা: স্বশিষ্য:, চয়নার্থম্ অগ্নিস্থাপনার্থম্॥৩৩॥

ভরতশ্রেষ্ঠ। তাহার পর যুধিষ্ঠিরের যজে যুপ উত্তোলনের সময় উপস্থিত হইলে যাজকেরা বিল্পবক্ষের ছয়টী, সেই বিল্পযুপের তুল্য ও সমস্ক বর্ণবিশিষ্ট খদিরবুক্ষের ছয়টী, দেবদারুবুক্ষের ছুইটী এবং বছবার বুক্ষের একটী যুপ নির্মাণ করাইলেন ॥২৯—৩০॥

ভরতশ্রেষ্ঠ ! যুধিষ্ঠিরের আদেশ অমুসারে ভীমসেন শোভা সম্পাদনের নিমিত্ত আরও অনেকগুলি স্বর্ণময় যুপ নির্মাণ করাইলেন ॥৩১॥

স্বর্গে ইন্দ্রের অমুগামী ও সপ্তর্যিগণশোভিত দেবগণ যেমন শোভা পান, সেইরূপ রাজ্যি যুধিষ্ঠিরের সেই যজে সেই সকল যুপ বস্ত্রবেষ্টিত হইয়া শোভা পাইতে লাগিল॥৩২॥

রাজা! সেই যজ্ঞে অগ্নি চয়নের জ্ঞা স্বর্ণময় ইষ্টক নির্মাণ করিয়াছিল; স্তরাং দক্ষপ্রজাপতির যজ্ঞের ফায় সেই যজ্ঞেও সেই অগ্নিচয়নের পাত্রগুলি খোডা পাইতে লাগিল ॥৩৩॥

<sup>(</sup>৩৩) ... চয়নার্থং ক্বডাভবন্--বন্ধ বন্ধ।

চতুশ্চিত্যশ্চ তত্থাগীদফীদশকরাজকঃ।

দে রুক্মপক্ষো নিচিতস্ত্রিকোণা গরুড়াকৃতিঃ ॥ ৪৪॥
ততো নিযুক্তাঃ পশবো যথাশাস্ত্রং সনীবিভিঃ।
তং তং দেবং সমুদ্দিশ্য পাক্ষণঃ পশবশ্চ যে॥ ৩৫॥
খাষভাঃ শাস্ত্রপঠিতান্তথা জলচরাশ্চ যে।
সর্বাংস্তানভাযুঞ্জংস্তে তত্রাগ্রিচয়কর্মাণ ॥ ৩৬॥
যুপেরু নিয়তা চাসীৎ পশ্নাং ত্রিশতী তথা।
অখরজোত্তরা যজে কোন্তেয়ক্য সহাত্মনঃ ॥ ৩৭॥
স যজ্ঞঃ শুশুভে তক্য সাক্ষাদ্দেব্যস্ক্রলঃ।
গন্ধর্বগণসঙ্গীতঃ প্রনৃত্তে। ২ক্সরসাং গণৈঃ ॥ ৩৮॥

#### ভারতকোমুদী

চতুরিতি। তব্ম য়ঞ্জ অটাদশকরাত্মক: অটাদশহন্তদীর্ঘা, কল্মপক্ষ: স্বর্ণধচিতপার্ষ্য, নিচিত: কুশব্যাপ্তঃ, চতুশ্চিত্য: অগ্নিচয়নার্থং বেদিচতুইয়মাসীৎ ॥८৪॥

তত ইতি। তং তং দেবং সম্দিশ্য যথা অগ্নিম্দিশ্য ছোগ ইত্যাদিভাবেন ॥৩৫॥
খবভা ইতি। ঋষভা বৃধা:। অভ্যযুগ্ধন্ যথাস্থানমরক্ষন্, তে যাজকা:॥৩৬॥
যুগেছিতি। নিয়তা বন্ধা, অগাণাং শতানাং সমাহার ইতি ত্রিশতী। অখ্যত্তং বহুরাজ্যবিচ্রিত: স্বেটিক্সেটি: উত্তরং প্রধানং যস্তা: সা॥৩৭॥

স ইতি। ভতা যুধিষ্ঠিরতা, দেশ্বিভিনারদাদিভিঃ সকুলো ব্যাপ্তঃ ॥৩৮॥

সেই যজ্ঞে অষ্টাদশহস্তপরিমিত চারিটা বেদী নিশ্মিত ইইয়াছিল। সেই বেদীগুলি ত্রিকোণ, গরুড়াকৃতি, কুশব্যাপ্ত ও স্বর্ণপক্ষ ছিল॥৩৪॥

ভদনস্থর শাস্ত্রজ্ঞ যাজকের। শাস্ত্রাম্সারে যথাস্থানে পশুশুলিকে রাখিলেন অর্থাৎ যে সকল পশু ও পক্ষী আনয়ন কর। হইয়াছিল, যাজ্ঞিকেরা সেই সেই দেবভাকে উদ্দেশ করিয়া সেই পশুশুলিকে যথাস্থানে রাখিয়াছিলেন ॥৩৫॥

শাস্ত্রোক্ত যে সকল বৃষ ও জলচরপ্রাণী আনয়ন করা হইয়াছিল, যাজকেরা সেই যজে সেই সকল প্রাণীকেও যথাস্থানে রাখিলেন ॥৩৬॥

মহাত্মা যুধিষ্ঠিরের যজ্ঞে তিন শত পশু যুপে বন্ধন করা হইয়াছিল। ভাহার মধ্যে সেই দিগ্বিজ্মী উত্তম অশ্টীকে প্রধানভাবে রাখা হইয়াছিল॥৩৭॥

ক্রমে যুখিছিরের সেই যজ্ঞ শোভা পাইতে লাগিল। কারণ, দেবিষিগণ ভাহাতে সাক্ষাং উপস্থিত ছিলেন, গদ্ধর্কের। গান করিডেছিল এবং অঞ্চরারা নাচিডেছিল ॥৬৮॥ দ কিম্পুরুষদক্ষীর্ণঃ কিমবৈশেচাপশোভিতঃ।
দিন্ধবিপ্রনিবাদৈশ্চ দমস্তাদভিদংর্তঃ ॥৩৯॥
তিম্মিন্ দদদি নিত্যাস্ত ব্যাদশিষ্যা দিন্ধর্বভাঃ।
দর্বশোক্তপ্রণেতারঃ কুশলা যজ্ঞসংস্তরে ॥৪০॥
নারদশ্চ বস্থবাত্র তুমুরুশ্চ মহাত্যুতিঃ।
বিখাবস্থশিচত্রদেনস্তথাতে গীতকোবিদাঃ ॥৪১॥
গন্ধবা গীতকুশলা নৃত্যেষ্ চ বিশারদাঃ।
রসয়স্তি স্ম তান্ বিপ্রান্ যজ্ঞকর্মাস্তরেষ্ বৈ ॥৪২॥

ইতি শ্রীসহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাখ্যেধিক-পর্ব্বণি অখ্যেধে অশ্বমেধ্যজ্ঞারন্তে একাদশাধিকশততমোহধ্যায়ঃ॥॰॥ \*

#### ভারতকৌমুদী

স ইতি। সিন্ধানাং বিপ্রাণাঞ্চ নিবাদৈর্বাসভবনৈ: ॥৩৯॥
ভানিতি। নিভ্যা: সর্বাণা স্থিতা আসন্নিতি শেষ: ॥৪০॥
নারদ ইতি। বভূবেতি অস্থাতো: পরোক্ষায়াং প্রয়োগ:। তুর্ক এভ্তরো গন্ধবা: ॥৪১॥
গন্ধবা ইতি। রমন্বত্তি শ নৃত্যগীতাদিভি: সন্তোবন্ধতি শ ॥৪২॥
ইতি মহামহোপাধ্যান্ত ভারতাচার্য্য-শ্রীহরিদাসনি ভারবাগীশভট্টাচার্য্যবির্চিভানাং
স্বাহান্ত নিশ্বায়া: ভারতব্বিমনীস্মাধ্যায়ামাশ্বন্ধিকপর্কণি

মহাভারতটিকায়াং ভারতকৌমূদীসমাধ্যায়ামাশমেধিকপর্কণি

অশমেধে একাদশাধিকশততমোহধ্যায়ঃ ॥•॥

বহু কিন্তর বিচরণ করিতেছিল, অনেক কিন্তর শোভা সম্পাদন করিতে-ছিল এবং সকল দিকে সিদ্ধগণ ও ব্রাহ্মণগণের বাসভবনে সেই যজ্ঞস্থান পরিপূর্ণ ছিল ॥৩৯॥

সর্ব্বশাস্ত্রপ্রণেতা ও যজ্ঞকার্য্যে নিপুণ ব্যাসশিশ্ব আহ্মণশ্রেষ্ঠগণ সেই সভায় সর্ব্বদা উপস্থিত ছিলেন ॥৪০॥

আর সেই যজ্ঞে নারদ, মহাডেজা তুমুরু, বিশাবস্থ, চিত্রসেন ও অভাভ গাননিপুণ লোকেরা আসিয়াছিলেন ॥৪১॥

গানে নিপুণ ও নৃত্যে বিশারদ গন্ধর্কেরাসেই যজ্ঞকর্মের মধ্যে ব্রাহ্মণগণকে আনন্দিত করিতেছিল ॥৪২॥

 <sup>&#</sup>x27;…षडोनीििंख्टार्याश्याग्रः'—वक वर्क, '…यत्काननविक्छिटार्याश्याग्रः'—नि ।

## দ্বাদশাধিকশততমোহধ্যায়ঃ:

--:#:---

বৈশম্পায়ন উবাচ।
প্রপায় পশ্নতান্ বিধিবদ্দিজসভ্যাঃ।
তং তুরঙ্গং যথাশাস্ত্রমালভন্ত দিজাভয়ঃ॥১॥
ততঃ সংশ্রপ্য তুরগং বিধিবদ্যাজকান্তদা।
উপসংবেশয়াং চক্রু স্ততন্তাং ক্রুপদান্মজায়।
কলাভিন্তিসভী রাজন্! যথাবিধি মনস্বিনীম্॥২॥
উদ্ধৃত্য তু বপাং তস্ত যথাশাস্ত্রং দ্বিজাভয়ঃ।
প্রপায়ামাস্করব্যগ্রা বিধিবদ্ভরতর্বভ!॥৩॥
তং বপাধ্যগদ্বস্ত ধর্ম্মরাজঃ সহাসুকৈঃ।
উপাজিন্ত্রদ্যথাশাস্ত্রং সর্বপাপাপহং তদা॥৪॥

## ভারতকৌমুদী

শ্রপায়িছেতি। শ্রণায়িছা চিছা চ ডং দিগ্বিজয়িনম্, দাগভস্ত দক্তিদন্ ॥১॥ ভঙ ইতি। সংশ্রপ্য ক্ছিছা। ডিফ্ডি: কলাভিরংশৈ: ভক্তিশ্রদামলৈবিশিটান্। ঘট্পাদো-২য়ং সোক: ॥২॥

উক্ত্যেতি। ভক্ত ত্রকক বপাং বদাম্। শ্রণয়ামাক্ষ পেচু: ॥৩॥ ভমিতি। উপাক্তিম শাত্রাতবান্॥৪॥

বৈশম্পায়ন বলিলেন—ব্রাহ্মণশ্রেষ্ঠগণ যথাবিধানে অক্সান্ত পশুগণকে ছেদ্ন করিয়া শাস্ত্রামুসারে সেই দিগ্বিজয়ী অখটীকে চ্ছেদ্ন করিলেন ॥১॥

রাজা। ভাহার পর যাজকের। যথাবিধানে সেই অখটাকে চ্ছেদন করিয়া আছা, ভক্তি ও মন্ত্রসমন্ত্রি মনস্থিনী জৌপদীকে তথন সেইস্থানে যথাবিধানে উপবেশন করাইলেন॥২॥

ভরতশ্রেষ্ঠ ! তদনস্তর আহ্মণেরা অনাকুল থাকিয়া শাস্ত্রাহুসারে সেই অশ্বটীর বসা (শরীরের ভিতরের ধাতুবিশেষ) উত্তোলন করিয়া যথাবিধানে সেই বসা অগ্নিতে পাক করিতে লাগিলেন ॥৩॥

ভখন যুধিষ্ঠির ভাতৃগণের সহিত মিলিত হইয়া শান্তাসুসারে সর্বাপাপনাশক সেই বসার ধুমের গন্ধ আজাণ করিলেন ॥৪॥

<sup>(</sup>२) .. छेननश्रवणत्रन् वावन् । छछचार कनवास्त्रवान्--नि वन वर्ष ।

শিকী অঙ্গানি যাত্যাসংস্কৃত্যাশ্বত্য নরাধিপ !।
তাত্যায়া জুত্বুর্থী রাঃ সমস্তাঃ ষোড়শ জিজঃ ॥৫॥
সংস্থা গৈয়বং তত্য রাজ্জ্বং যজ্ঞং শক্ততেজসঃ।
ব্যাসঃ সশিয়ো ভগবান্ বর্জয়ামাস তং নৃপ্যু ॥৬॥
ততো যুধিষ্ঠিরঃ প্রাদাদ্ত্রাক্ষণেভ্যো যথাবিধি।
কোটীঃ সহস্রং নিক্ষাণাং ব্যাসায় তু বহুন্ধরাম্॥৭॥
প্রতিগৃহ্য ধরাং রাজন্! ব্যাসঃ সত্যবতী হুতঃ।
অত্রবীদ্ভরত প্রেষ্ঠাং ধর্মরাজং যুধিষ্ঠিরম্॥৮॥
বহুধা ভবত স্থেষা সংক্রা রাজসত্ত্য!।
নিক্রায়ো দীয়তাং সহুং ত্রাক্ষণা হি ধনার্থিনঃ ॥৯॥

#### ভারতকোমুদী

শিষ্টানীতি। শিষ্টানি অবশিষ্টানি। জুছবুশ্চিকিপু: ॥৫॥

সংস্থাপ্যেতি। সংস্থাপ্য সমাপ্য, তস্তু যুধিষ্ঠিরতা,শক্তস্ত ইচ্চত্তেব তেজো যতা তস্তু। বৰ্জয়াগাস অভিযেকাদিনা ॥৬॥

তত ইতি। নিকাণাং স্বৰ্মুক্তাণাম্॥৭॥

প্রতীতি। ধরাং ভূমিম ॥৮॥

বস্থেতি। সংক্রমায় স্থাপিতা। নিজ্যঃ পারিশ্রমিকং ধনম্॥৯॥

#### ভারতভাবদীপ:

শ্রপরিত্বেতি। ১॥ সংজ্ঞাপ্যেতি পাঠে হিংসিত্বা তুরগং তত্ম সমীপে তিহ্নভি: কলাভি: কলনাভি: মন্ত্রন্ত্রশ্রভাব্যাভিক্ষপেতাং ফ্রোপদীম্ উপসংবেশয়ন্, সার্জ্ঞাক: ॥২—৪॥ অঙ্গানি ক্লয়জিহ্বাবক-আদীনি ॥৫॥ সংস্থাপ্য সমাপ্য ॥৬॥ তুশক্ষার্থো ঋত্বিগন্তরং সমুচ্চিনোতি,

নরনাথ! সেই অস্টার যে সকল অঙ্গ অন্শিষ্ট ছিল, বিদ্ধান্ধাল জন পুরোহিতের সকলেই সেই অঙ্গণৈকৈ অগিতে হোম করিলেন॥৫॥

এইভাবে ভগবান্ বেদব্যাস শিশ্বগণের সহিত মিলিত হইয়া ইচ্ছের স্থায় তেজস্বী যুধিষ্ঠিরের সেই যজ্ঞ সমাপ্ত করিয়া অভিষেক ও আশীর্কাদদার। তাঁহাকে সংবদ্ধিত করিলেন॥৬॥

ভাহার পর যুধিষ্ঠির যথাবিধানে ত্রাহ্মণগণকে সহস্র কোটী স্বর্ণমুক্ত। এবং বেদব্যাসকে ভূমি দান করিলেন ॥৭॥

রাজা। সভাবতীপুত্র বেদব্যাস পৃথিবী গ্রহণ করিয়া ভরতভাষ্ঠ ধর্মারাজ যুধিষ্ঠিরকে বলিলেন—॥৮॥

'রাজশ্রেষ্ঠ ! তুমি আমার উপরে পৃথিবী স্থাপন করিরাছ, এখন আমার পারিশ্রমিক ধন দান কর। কারণ, আহ্মণেরা ধনার্থী হইরা থাকেন'॥৯॥ যুধিষ্ঠিরস্ত তান্ বিপ্রান্ প্রত্যুবাচ সহাসনাং।
ভাতৃভিঃ সহিতে। ধীমান্ মধ্যে রাজ্ঞাং মহাজ্মনাগ্॥১০॥
অর্থমেধে মহাযজ্ঞে পৃথিবী দক্ষিণা স্মৃতা।
অর্জ্জ্মেন জিতা চেয়মুত্বিগ্ভ্যঃ প্রাপিতা সয়া॥১১॥
বনং প্রবেক্ষ্যে বিপ্রাগ্রাঃ! বিভজ্জং মহীসিসাগ্।
চতুর্দ্ধা পৃথিবীং কৃষ্ণা চাতুর্হোত্রপ্রমাণতঃ॥১২॥
নাহমাদাতু্মিচ্ছামি ব্রহ্মসং দিজসভ্সাঃ!।

ইদং নিত্যং মনো বিপ্রাঃ! ভাতৃণাবৈশ্ব মে সদা ॥১ থা (যুগ্মকম্) ইত্যুক্তবতি তক্ষিংস্ত ভাতরো দ্রোপদী চ সা। এবনেতদিতি প্রাহস্তদভূলোসহর্ষণম্ ॥১৪॥

#### ভারতকোমুদী

যুশীতি। মহামনা উদারচিতঃ ॥১০॥

অখেতি। স্বতাস্বতিশাস্থোজা। প্রাণিতা প্রদন্তা জয়ত স্বত্ত্বাং "সপ্ত বিভাগমা ধর্মা দায়ো লাভ: ক্রো জয়ং" ইত্যাদিস্বতেং, অর্জ্নতা চ নিজ্যোদ্বাদিত্যাশয়ং ॥১১॥

বনমিতি। পৃথিবীদানেহিপি বনস্থাসামিকতয়া তক্সাদানাৎ "অটব্য: পর্বতা: পুণ্যা নক্ততীর্থানি ব'নিচ। সর্বাণ্যস্থামিকাক্তাহর্গিহি তেমু পরিগ্রহ: ॥" ইতি প্রায়ন্চিত্ততত্ত্বপুত্ত্বতেজ্ঞ প্রবেশেন ব্রহ্মস্থামিতি ভাব:। বিভক্তবং যুম্মং বিভক্তা গৃহীত। চাতুর্হোজপ্রমাণতঃ তদাখ্যবেদপ্রমাণেন। ব্রহ্মস্থাবন্ধান্য ॥১২—১৩॥

ইতীতি। এতৎ রাজবাকাম্ এবং সতাম্। লোমহর্ণম্ আশ্চর্যজনকভাৎ ॥১৪॥

তখন উদারচিত ও বুদ্ধিমান্ যুখিষ্ঠির ভাতাদের সহিত মিলিত হইয়া মহাত্ম। রাজাদের মধ্যে সেই প্রাহ্মণগণকে বলিলেন—॥১০॥

'ব্রাহ্মণশ্রেষ্ঠগণ! স্মৃতিশাস্থে উক্ত আছে যে, মহাযজ্ঞ অখনেধে পৃথিনী দক্ষিণা দান করিতে হয়, এদিকে অর্জ্ন এই পৃথিনী জয় করিয়াছেন; স্তরাং আমি পুরোহিতগণকে সেই পৃথিবী দান করিলাম ॥১১॥

বাক্ষণশ্রেষ্ঠগণ! চাতুর্হোত্র বেদপ্রমাণ অমুসারে পৃথিবীকে চারিভাগ করিয়া হোতা, তন্ত্রধার, ব্রক্ষা ও সদস্যদিগকে ভাহা দিয়াছি, আপনারা এই পৃথিবী সেইভাবে গ্রহণ করুন; কিন্তু আমি বনে প্রবেশ করিব। ব্রাক্ষণশ্রেষ্ঠগণ। আমি ব্রক্ষক্ষ গ্রহণ করিতে ইচ্ছা করি না। কারণ, আমার ক্রাভূগণের সর্বনাই এইরূপ মনোবৃত্তি রহিয়াছে ॥১২—১৩॥

যুধিষ্ঠির এইরূপ বলিলে, ভাঁচার আত্গণ ও ক্রোপদী বলিলেন যে, 'রাজার

ততোহস্তরিকে বাগাদীৎ সাধু সাধ্বিতি ভারত!।
তথৈব দ্বিজ্ঞানাং শংসতাং বিবভৌ স্বনঃ ॥১৫॥
হৈপায়নস্তথা কৃষ্ণঃ পুনরেব যুধিষ্ঠিরম্।
প্রোবাচ মধ্যে বিপ্রাণামিদং সংপূজ্যন্ মুনিঃ ॥১৬॥
দক্তিয়া ভবতা মহং তাং তে প্রতিদদাম্যহম্।
হিরণ্যং দীয়তামেভ্যো ব্রাক্ষণেভ্যো ধরাস্ত তে ॥১৭॥
ততোহব্রবীদাস্থদেবো ধর্মরাজং যুধিষ্ঠিরম্।
যথাহ ভগবান্ ব্যাসস্তথা ছং কর্ত্র্মইসি ॥১৮॥
ইত্যুক্তঃ স কুরুজ্রেষ্ঠঃ প্রীতাত্ম। ভ্রাতৃভিঃ সহ।
কোটিং কোটিং গবাং প্রাদাদ্দিকণাং ত্রিগুণীকুতাম্॥১৯॥

## ভারতকৌমুদী

ভত ইতি। বিজ্ঞসভানাং ব্রাহ্মণগণানাম্, শংসতাং প্রশংসভাম্, ভবৈব খনঃ সাধুবাদঃ বিবভৌ প্রচকাশে ॥১৫॥

বৈপেতি। ক্ষো বৈণায়নো ব্যাস:। সংপ্ৰুয়ন্ প্রশংসন্॥১৬॥

ভত ইতি। তপস্বী ব্রাহ্মণো ধর্মা কিং ক্রিক্সতি। অতএব সাতবান্ত ধনমেভ্যো দীয়ভামিতি ভাবং ॥১৮॥

ইতীতি। ত্রিগুণীকৃতাং শাল্পনির্দিষ্টাপেক্ষয়েতি শেবং ॥১৯॥

এই বাক্য সত্য।' তখন তাঁহাদের সেই উক্তি সকলেরই রোমাঞ্জনক হইল ॥১৪॥

ভরতনন্দন ! তদনস্তর আকাশে 'সাধু সাধু' ইত্যাকার বাক্য উথিত হইল এবং প্রশংসাকারী ব্রাহ্মণগণেরও সেই প্রকারই কোলাহল প্রকাশ পাইল ॥১৫॥

ক্রমে কৃষ্ণবৈপায়ন বেদব্যাস যুধিষ্ঠিরকে প্রশংসা করিতে থাকিয়া আহ্মণ-গণের মধ্যে পুনরায় এই কথা বলিলেন— ১৬॥

'রাজা! তুমি আমাকে এই পৃথিবী দান করিয়াছ, আমি আবার তোমাকে তাহা দান করিলাম; স্থতরাং পৃথিবী তোমারই থাকুক, তুমি এই আহ্মণ-গণকে ধন দান কর'॥১৭॥

তাহার পর কৃষ্ণ ধর্মাজ যুধিষ্ঠিরকে বলিলেন—'ভগবান্ বেদব্যাস যাহা বলিলেন, আপনি তাহাই করুন' ॥১৮॥

কৃষ্ণ এই কথা বলিলে, কৌরৰশ্রেষ্ঠ যুখিষ্টির ভ্রাতৃগণের সহিত সম্ভষ্ট হইয়া কোটি কোটি গোস্বরূপ ভিন শুণ দক্ষিণা দান করিলেন ॥১৯॥

<sup>(</sup>১৯) क्वांटिकांटिश्वनः श्वानांकिकनाः जिल्लीः कट्डाः-- शि यह वर्षः।

ন করিয়তি তলোকে কশ্চিদত্যো নরাধিপঃ।

যৎকৃতং কুল্লনাজেন মরুত্তত্যাসুকুর্বতা ॥২০॥
প্রতিগৃহ্য তু তদ্রত্বং কৃষ্ণবৈপায়নো মুনিঃ।
ঋষিগ্ভ্যঃ প্রদর্শে বিষাংশ্চতুর্দ্ধা ব্যভক্তংশ্চ তে ॥২১॥
ধরণ্যা নিজ্রন্যং দক্ষা ভদ্ধিরণ্যং যুধিন্ঠিরঃ।
ধৃতপাপো জিতস্বর্গো মুমুদে ভাতৃভিঃ সহ ॥২২॥
ঋষিজন্তমপর্যান্তং স্থবর্গনিচয়ং ভদা।
ব্যভক্ত বিজাতিভ্যো যথোৎসাহং যথাস্থ্য্ ॥২৩॥
যজ্ঞবাটে চ য়ৎকিঞ্চিদ্ধিরণ্যং সবিভূষণম্।
তোরণানি চ যুপাংশ্চ ঘটান্ পাত্রীন্তথেষ্টকাঃ।
যুধিন্ঠিরাভ্যুক্তাতাঃ সর্বং তদ্যভজন্ বিজাঃ॥২৪॥

### ভারতকোমুদী

নেতি। মরুত্তত তদাধ্যত প্রাপ্তক্তত বাজঃ। "তত্ত চাহকরে।তি" ইত্যাদিবৎ কর্মণি ষষ্ঠী ॥২০॥

প্রতীতি। চতুর্বা হোড়-ডন্ত্রধার-বন্ধ-সদক্ষাধ্যপ্রকারচতুষ্টয়েন ॥২১॥

ধরণ্যা ইতি। ধরণ্যা ব্যাদেন প্রতিদন্তারাঃ পৃথিব্যাঃ, নিজ্ঞাঃ মৃল্যস্থরূপম্, হিরণ্যং ধনম্। ধৃতপাপো নাশিতপাপঃ ॥২২॥

ঋषिक हेि । जनवास्त्रम् जनीयम्, स्वर्गनिष्ठमः वर्गमूखानगृहम् ॥२०॥

বজেতি। বজাবাটে তদখনেধ্যজ্ঞস্থানে, হিরণ্যং ধনম্, বিভূষণৈরলফাইর: সহেতি তৎ।
ব্যভজন্ বিভজ্ঞাগৃহুন্। "মণ্ডণং মণ্ডণজ্বঃমাচার্যায় নিবেদয়েৎ" ইতি স্বভেরিডি ভাবং।
বট্পাদোহয়ং শ্লোক: ॥২৪॥

মরুতরাজার অনুকরণকারী কুরুরাজ যুধিষ্ঠির যাহা করিলেন, জগতে **অক্ত** কোন রাজাই ভাহা করিভে পারিবেন না॥২০॥

জ্ঞানী কৃষ্ণবৈপায়ন মুনি দেই রত্ন প্রতিগ্রহ করিয়া তাহা পুরোহিতগণকে দান করিলেন। সেই পুরোহিতেরা আবার হোতা, তত্ত্বধার, ব্রহ্মা ও সদস্তদিগের জ্ঞাতাহা চারিভাগে বিভক্ত করিলেন॥২১॥

যুধিষ্ঠির ভ্রাভূগণের সহিত মিলিত হইয়া পৃথিবীর মূল্য স্থরূপ সেই ধন দান ক্রিয়া পাপবিহীন ও স্থাবিজয়ী হইয়া আনন্দিত হইলেন ॥২২॥

ভখন পুরোহিভগণ উৎসাহ অমুসারে যধাস্থাখ ব্রাহ্মণগণকে সেই অসীহ অর্থমুদ্রাসমূহ বিভক্ত করিয়া দিলেন ॥২৩॥ অনন্তরং বিজ্ঞাতিভাঃ ক্ষত্রিয়াঃ জব্রিরে বস্থ।
তথা বিট্শুদ্রসভ্যাশ্চ তথাতো মেচ্চজাতয়ঃ।
কালেন মহতা জহুন্তৎস্থবর্ণং ততন্ততঃ ॥২৫॥
ততন্তে ব্রাহ্মণাঃ দর্কে মুদিতা জগ্মুরালয়ান্।
তপিতা বস্থনা তেন ধর্মরাজেন ধীমতা ॥২৬॥
স্বমংশং ভগবান্ ব্যাসঃ কুন্ত্যৈ পাদাভিবাদিতঃ।
প্রদদৌ তত্ম মহতো হিরণ্যতা মহাহ্যতিঃ ॥২৭॥
স্বত্রাৎ প্রীতিদায়ং তং প্রাপ্য সা প্রীত্যানসা।
চকার পুণ্যকং তেন স্থমহৎ সজ্মশঃ পুণা ॥২৮॥

#### ভারতকোমুদী

অনস্তর্মিতি। বিজাতিভো়া রাজণেভাঃ, অনস্তরং তদ্গ্রহণাৎ পরম্। বহু ধনম্। অয়মপি বট্পানঃ স্লোকঃ ॥২৫॥

তত ইতি। আলয়ান্ ব্ৰগ্হান্। বহুনা ধনেন॥২৬॥

সমিতি। পাদয়োরভিবাদিত: কুজৈয়ে নমস্কৃত:। হিরণ্যতা ধনতা, স্বমংশং কুজৈয় প্রদেদৌ, ততা: পুত্রবধূতয়া কেহাস্পদ্ভাং ॥২৭॥

খশুরাদিতি। খশুরাৎ বেদব্যাদাৎ, প্রীতিদায়ং প্রীতিদানম্। তেন ধনেন, স্ক্রশো লোকসমূহেভ্যোদানেন, স্ব্যহং পুণ্যকং ধর্ম্মং চকার ॥২৮॥

## ভারতভাবদীপঃ

তেন সর্কেভ্যো বহন্ধনাং দদাবিত্যর্থ: ॥৭—২৪। অনস্তরং বিজাতিভ্য: বিপ্রেষ্ গৃহীতা নির্ভেষ্

ক্রমে যজ্ঞতবনে যে কিছু ধন, অলঙ্কার, স্বর্ণের তোরণ, যুপ, ঘট, পাত্র ও ইষ্টক ছিল, যুধিষ্ঠিরের অনুমতিক্রমে দে সমস্তই বাহ্মণেরা নিজেদের মধ্যে ভাগ করিয়া লইলেন ॥২৪॥

বাহ্মণগণের গ্রহণের পর ক্ষতিয়ে, বৈশা ও শৃ্জাগণ ধন গ্রহণ করিলেন। আর ষ্লেচ্ছগণ দীর্ঘকাল ধরিয়া নানা স্থান হইতে সেই বিক্তিপ্ত সূবর্ণ কুড়াইয়া লইল ॥২৫॥

তদনস্তর বুদ্ধিমান্ যুধিষ্ঠির সেই ধন বিতরণ দ্বারা সম্ভষ্ট করিলে, ব্রাহ্মণেরা সকলে আনন্দিত হইয়া আপন আপন গৃহে চলিয়া গেলেন ॥২৬॥

পরে কুস্তী যাইয়া বেদব্যাসকে নমস্কার করিলে, মহাতেজা ভগবান্ বেদব্যাস সেই বিশাল ধনরাশির মধ্যে নিজের অংশ কুস্তীকে দান করিলেন ॥২৭॥

<sup>(</sup>২৫) ভৃতীয়াৰ্দ্ধং পি বন্ধ বাস্থি।

<sup>(</sup>२१) ... क्रिंडा माकाकीमानडः -- शि वक वर्ष ।

গন্ধা ত্বভ্থং রাজা বিপাপা। ভ্রাভৃভিঃ সহ।
সভাজ্যমানঃ শুশুভে মহেন্দ্রন্ত্রিদশৈরিব ॥২৯॥
পাণ্ডবাশ্চ মহীপালৈঃ সমেতৈরভিসংরতাঃ।
ভাশোভস্ত মহারাজ! গ্রহস্তারাগণৈরিব ॥৩০॥
রাজভ্যোহপি ততঃ প্রাদাদ্রত্বানি বিবিধানি চ।
গজানশ্বানলন্ধারান্ স্ত্রিয়ো বাসাংসি কাঞ্চনম্ ॥৩১॥
তদ্ধনোঘ্যপর্যন্তং পার্থঃ পার্থিবমণ্ডলে।
বিস্তুজন্ শুশুভে রাজন্! যথা বৈপ্রবণস্তথা ॥৩২॥
আনীয় চ তথা বীরং রাজানং বক্রবাহনম্।
প্রদায় বিপুলং বিত্তং গৃহান্ প্রান্থাপয়ত্তদা ॥৩০॥
ত্বঃশলায়াশ্চ তং পৌত্রং বালকং ভরতর্বভ!।
স্বরাজ্যেহথ পিতুর্ধীমান্ স্বল্পঃ প্রীত্যা ভ্যবেশয়ৎ ॥৩৪॥

#### ভারতকৌমুদী

গছেতি। অবভ্ধন্ অবদানখানন্, গছা প্রাণ্য। সভাজ্যনানং দকৈরভিনন্দ্যনানং ॥২৯॥
পাণ্ডবা ইতি। সমেতৈং স্মিলিতৈং, অভিসংবৃতাং পরিবেটিতাং ॥৩০॥
রাজভ্য ইতি। প্রাণাদ্যুধিটিরং। কাঞ্চনং স্বর্ণি ॥৩১॥
তদিতি। অপ্যান্তমদীমন্, পার্থো যুধিটিরং। বৈশ্রবণঃ কুবেরং ॥৩২॥
ভানীয়েতি। বিভং ধনন্, প্রাশ্বাপর্থ প্রৈরয়ণ ॥৩৩॥

এবং কুস্তী খাশুর বেদব্যাসের নিকট হইতে সেই প্রীভিদান পাইয়া তাহা আবার বহু বহু লোককে দান করিয়া গুরুতর পুণ্য সঞ্চয় করিলেন ॥২৮॥

যুখিন্ঠির ভাতৃগণের সহিত মিলিত হইয়া 'অবভূথ' নামক যজ্ঞান্ত স্নান করিয়া পাপশৃত্য অবস্থায় দেবগণের সহিত সন্মিলিত দেবরাজের তায় অভিনন্দিত হইতে থাকিয়া শোভা পাইতে লাগিলেন ॥২৯॥

মহারাজ! পাশুবগণ সন্মিলিত রাজগণে পরিবেষ্টিত হইয়া নক্ষত্র পরিবেষ্টিত গ্রহগণের স্থায় শোভা ধারণ করিলেন ॥৩০॥

তাহার পর যুখিষ্ঠিরর রাজগণকেও নানাবিধ রত্ন, হস্তী, অশ্ব, অলঙ্কার, স্ত্রী, বস্ত্র ও অর্ণ দান করিলেন ॥৩১॥

রাজা। পৃথানন্দন যুধিষ্ঠির রাজগণকে সেই অসীম ধনসমূহ দান করিতে থাকিয়া কুবেরের স্থায় শোভা পাইতে থাকিলেন ॥৩২॥

বীর ও রাজা বক্রবাহনকে আনিয়া প্রচুর ধন দান করিয়া তখন তাঁহাকে নিজ্জবনে প্রেরণ করিলেন ॥৩৩॥ নৃপতীংশৈচৰ তান্ সর্বান্ স্থবিভক্তান্ স্পৃঞ্জিতান্।
প্রস্থাপয়ামাস বলী কুরুরাজো মুধির্চিরঃ ॥৩৫॥
গোবিক্ক মহাস্থানং বলদেবং মহাবলম্।
তথাস্থান্ রফিবীরাংশ্চ প্রত্যুহ্মাদীন্ সহক্রশঃ ॥৩৬॥
পূজয়িয়া মহারাজ! যথাবিধি মহাত্যুতিঃ।
ভাতৃভিঃ সহিতো রাজা প্রাশ্থাপয়দরিক্ষমঃ ॥৩৭॥ (য়ৄয়য়য়য়)
এবং বভূব যজ্ঞঃ স ধর্মরাজস্থ ধীমতঃ।
বহুরমধনরক্ষোয়ঃ স্করাশৈরেয়সাগরঃ ॥৩৮॥
স্পিঃপক্ষা হ্রদা যত্র বভূবুশ্চায়পর্বতাঃ।
রসালকর্দ্দিয়া নত্যো বভূবুর্ভরতর্বভ!॥৩৯॥

## ভারতকৌমুদী

হ:শলায়া ইতি। হ:শলায়া: সিন্ধানজয়ত্রপণড়াা:। স্বস্থতিয়া হ:শলায়া এব ॥৩৪॥
নুপতীনিতি। স্বভিকান্ স্টুডাবেন বিভন্ত দত্তধনান্ বিভক্তমার্গান্ বা। বশী
সাধীন: ॥৩৫॥

গোবিন্দমিতি। বলদেবং রামম্। রাজা যুধিষ্টির: ॥৩৬—৩৭॥

এবমিতি। বহুনাময়ানাং ধনানাং রত্বানাঞ্ ওঘ: সমূহো যত্ত স:। হ্বাণাং সাধারণ-মভানাং গৈবেরাণাং তালাদিবুক্জাতমভানাঞ্ সাগবো যত্ত স:॥৬৮॥

সর্লিরিতি। যত্র যজে হ্রনাং, সর্পীংষি ম্বতাক্তের পদ্ধাং কর্দ্দমা বেষু ডে, জন্নপর্কতাঃ পর্বতপ্রমাণা জন্নরাশয়ং। রসালা ঘনীভূতক্ষীরাদয়ং কর্দ্দমা যাস্থ ডাঃ ॥৩৯॥

ভরত শ্রেষ্ঠ ! তদনস্তর বৃদ্ধিমান্ যুধিষ্ঠির জ্যেষ্ঠতাততনয়া হংশলার প্রতি স্থেষ্ট তাহার তালক পৌত্রীকে তাহারই পিত্রাজ্যে স্থাপন করিলেন ॥৩৪॥

ক্রনে স্বাধীনচেতা কুরুরাজ যুধিন্তির যথাযোগ্য সম্মান করিয়া সেই সকল স্বাক্ষাকে ভিন্ন ভিন্ন পথে স্বস্থ দেশে প্রেরণ করিলেন ॥৩৫॥

মহারাজ! মহাতেজা ও শত্রুদমনকারী যুধিন্তির আতৃগণের সহিত মিলিভ হইরা মহাত্মা কৃষ্ণ, মহাবল রাম এবং প্রত্যমপ্রভৃতি অভ সহস্র সহস্র বহুবংশীর বীরগণকে সম্মানিত করিয়া প্রেরণ করিলেন ॥৩৬—৩৭॥

ধীমান্ বৃধিষ্ঠিরের সেই আগমেধযজ্ঞ এইভাবে সম্পন্ন হইয়াছিল। সেই বজ্ঞে বছতর অন্ন, ধন ও রত্নের রাশি বিভরণ করা হইয়াছিল এবং সুরাও সৈদ্ধেদ মছের সমুজ নির্দ্ধিত হইয়াছে দেখা গিয়াছিল ॥৩৮॥

ভরতভোষ্ঠ। यে यक्त दुनश्रील इंडज्ञान कर्फरम निज्ञ किन, नर्सक्तामान

ভক্ষ্যং খাণ্ডবরাগাণাং ক্রিয়তাং ভূজ্যতাং তথা।
পশুনাং বধ্যতাকৈব নাস্তং দদৃশিরে জনাঃ ॥৪০॥
সত্তপ্রসন্তমুদিতং স্থাতিযুবতীজনম্।
মুদঙ্গশন্থনাদৈশ্চ মনোরসমভূত্তদা ॥৪১॥
দীয়তাং ভূজ্যতাং চাপি তত্ত্র শব্দো মহানভূৎ।
দীয়তাং দীয়তাং চেতি দিবারাত্রসবারিতম্ ॥৪২॥

## ভারতকৌমুদী

ভক্ষ্যমিতি। ক্রিয়তাং ক্রিয়মাণানাম্, ভ্রুতাং ভ্রুয়মানানাঞ্চ, থাওবরাগাণাং তদানীস্থন-মধুরজ্ব্যবিশেষাণাম্, ভক্ষ্যং দদৃশির ইতি সম্বন্ধ:। বধ্যভাং বধ্যমানানাম্। অত সর্ক্টের্ব ক্রিয়াস্থ পরশ্বৈপদাত্মনেপদব্যতিক্রমা আর্থাঃ ॥৪০॥

মন্তেতি। মন্তা মন্তপানাদিনা, প্রামন্তা আমোদাতিরেকেণাসাবধানা মূদিতা আননিদতাক্ত অত্র সন্তীতি তৎ। অর্শ-আদিখাদৎ। তৎ স্থপ্রীতা যুবতীজনা যত্র তন্তাদৃশঞ্চ নগরম্ ॥৪১॥ দীয়তামিতি। অবারিতং বাক্যমভূদিত্যসূবৃদ্ধিঃ ॥৪২॥

#### ভারতভাবদীপ:

শিষ্টাৎ ক্ষত্তিয়াদয়ো গৃহীতব্স্ত ইত্যৰ্থ: ॥২৫—৩১॥ মৈরেয়ং বৃক্ষজং মন্ত্রম্ ॥৬৮—৩৯॥ থাওব-রাগঃ পিশ্লণী ভৃত্তীযুক্তো মূলাযুবঃ থাওবঃ দ এব শর্করাযুক্তো রাগঃ থাওবঃ ॥৪০—৪৪॥

ইতি শ্রীমহাভারতে নৈলক্ষ্ঠীয়ে ভারতভাবদীপে আশ্বমেধিকপর্বাণি অশ্বমেধে বাদশাধিকশতভ্যোহধ্যায়ঃ ॥১১২॥

অন্নের রাশি প্রস্তুত হইয়াছিল এবং কুত্রিম নদীগুলিতে ক্ষীরের কর্দদম দেখা গিয়াছিল ॥৩৯॥

তখন লোকেরা দেখিতেছিল যে, বহু লোক খাণ্ডবরাগ (তদানীস্তন খাছা-বিশেষ) প্রস্তুত করিতেছিল এবং অনেকে তাহা ভোজন করিতেছিল; আর বধ্যমান পশুর শেষ দেখা যায় নাই ॥৪০॥

তথন লোকেরা মতা, প্রমত্ত মুদিত হইয়া বিচরণ করিতেছিল এবং যুবভীরা আনন্দিত হইয়া ঘুরিতেছিল; আর সেই নগরটী মৃদক্ষ ও শঙ্খের শব্দে মনোহর হইয়াছিল ॥৪১॥

সেই যজে 'দান কর, ভোজন কর' এইরূপ বিশাল কোলাহল সর্ব্বদাই এবং,দিবারাত্র অবারিড ভাবে 'দান কর, দান কর' এইরূপ বাক্য উচ্চারিড হইতে থাকিল ॥৪২॥ তং মহোৎসবসন্ধাশং ছাউপুইজনাকুলম্।
কথয়ন্তি স্ম পুরুষা নানাদেশনিবাসিনঃ ॥৪৩॥
বর্ষিত্বা ধনধারাভিঃ কামৈ রক্তৈ রসৈন্তথা।
বিপাপাা ভরতত্থেষ্ঠঃ কৃতার্থঃ প্রাবিশৎ পুরম্॥৪৪॥

ইতি শ্রীসহাভারতে শতদাহজ্ঞাং সংহিতায়াং বৈয়াদিক্যামাশ্বনেধিকপর্বাণি অশ্বনেধে অশ্বনেধদমাপ্তো দাদশাধিকশততমোহধ্যায়ঃ॥৽॥ #

## ত্রয়োদশাধিকশততমোহধ্যায়ঃ

---:

জনসেজয় উবাচ। পিতামহস্থা মে যজ্ঞে ধর্মারাজস্থা ধীমতঃ। যদাশ্চর্য্যমভূৎ কিঞ্চিত্তন্তবান্ বক্তুমুহতি ॥১॥

## ভারতকোমুদী

ভমিতি। তং যাজাম, মহোৎদবেন শহাশতে সম্যক্ শোভতে স্মেতি তম্, হুটিঃ পুটেট জনৈরাকুলং ব্যাপ্তম্ ॥৪৩॥

বর্ষিছেতি। বর্ষিত্বা তত্তৎপ্রাধিনাং হস্তাদীন্ প্রয়িত্বা, কাঠ্যে: কাম্যবস্থভি:, রুসৈরাস্বাভ-ক্রব্য: ॥৪৪॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং
মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাধ্যায়ামাশমেধিকপর্ব্ধণি
অধ্যমেধে বাদশাধিকশততমোহধ্যায়ঃ ॥•॥

--:\*:---

পিতেতি। পিতামহক্ত প্রপিতামহণগ্যায়ক্ত ॥১॥

নানা দেশবাসী লোকের। বলিত যে, 'মহারাক যুধিষ্ঠিরের অশ্বমেধ্যজ্ঞ মহোৎসবে পরিশোভিত এবং হাইপুই জনে পরিপূর্ণ হইয়া চলিতেছে'॥৪৩॥

ভরতবংশশ্রেষ্ঠ যুধিষ্ঠির ধনের স্রোত, রত্ন, খাছাবস্তু ও অক্সান্থ অভীষ্ট জব্যদারা প্রার্থিগণের আশা পূর্ণ করিয়া, পাপবিহীন ও চরিতার্থ ছইয়া হস্তিনানগরে প্রবেশ করিলেন ॥৪৪॥

<sup>--:#:--</sup>

 <sup>&</sup>quot;··· अत्काननविज्ञाहिक्षावः"—वक् वर्षः, '··· अक्नविज्ञाहिक्षावः"—नि ।

বৈশস্পায়ন উবাচ।

শ্রেরতাং রাজশার্দ্দৃল ! মহদাশ্চর্য্যান্ত্রসম্।
অশ্যেধে মহাযজ্ঞে নির্ত্তে যদভূৎ প্রভো ! ॥२॥
তপিতেরু দ্বিজাগ্রেয় জ্ঞাতিসম্বন্ধিবন্ধুরু ।
দীনান্ধরুপণে বাপি তদা ভরতসত্তম !!॥৩॥
ঘুয়াসাণে মহাদানে দিক্ষু সর্বান্ধ ভারত !।
পতৎক্র পুষ্পবর্ষের ধর্ম্মরাজন্ত মুর্দ্ধনি ॥৪॥
নীলাক্ষন্তত্ত নকুলো রুক্মপার্শন্তদানঘ !।
বজ্ঞাশনিসমং নাদমমুঞ্চমুধাধিপ !॥৫॥ (বিশেষকম্)
সরুত্বস্জ্য তং নাদং ত্রাসয়ানো মুগদ্বিজান্।
সাকুষং বচনং প্রাহ ধ্রুটো বিলশ্যো মহান্॥৬॥

### ভারতকৌমুদী

শ্রমতামিতি। নিরুত্তে সমাপ্তে ॥২॥

তপিতেখিতি। কুপণো ব্যয়ক্ঠ:। ঘুয়মাণে প্রকাশ্যানে। নীলাকো নীলবর্ণনয়ন:, নকুলো জন্তবিশেষ:, কুলুপার্য: স্বর্ণবর্ণপার্যদেশ:। বজাশনিসমং বজ্ঞবিত্যয়াদত্ল্যম্ ॥৩—৫॥ সকুদিতি। আসম্মানস্থাসয়মান:, মুগ্রিজান্ প্রপক্ষিণ:। মাহ্বজেদং মাহ্বম্, ধুই: প্রগল্ড:, বিলশয়ো গর্তবাদী ॥৩॥

জনমেজয় বলিলেন--- 'মহর্ষি ! আমার প্রপিতামহ ধীমান্ ধর্মরাজের যজে যে কিছু আশ্চর্য্য বুকান্ত হইয়াছিল, তাহা আপনি বলিতে পারেন' ॥১॥

বৈশপায়ন বলিলেন—প্রভু রাজশুরে । সেই মহাযজ্ঞ অশ্বমেধ সমাপ্ত হইলে, শুরুতর ও উত্তম যে আশ্চর্য্য বৃত্তাস্ত হইয়াছিল, তাহা আপনি প্রাব্ করুন ॥২॥

নিষ্পাপ ভরতশ্রেষ্ঠ ভরতনন্দন রাজা। বাহ্মণশ্রেষ্ঠগণ, জ্ঞাতি, সম্বন্ধী, বন্ধুবর্গ, দরিজ, অন্ধ ও ব্যয়কৃষ্ঠিত লোকদিগকে নানাপ্রকারে সম্ভন্ত করিলে এবং
সকল দিকে মহাদানের বিষয় ঘোষণা করিতে থাকিলে, আর ধর্মরাজ্বের মন্তকে
পুষ্পার্ষ্টি হইতে লাগিলে, তখন নীলবর্ণ নয়ন ও স্থাবর্ণ পার্ম একটা নকুল
(বেজী) সেইস্থানে উপস্থিত হইয়া বজ্ঞ ও বিহাতের শব্দের স্থায় ভীষণ শব্দ করিল ॥৩—৫॥

গর্ত্তবাসী, প্রগল্ভস্বভাব ও বিশাল সেই নকুল একবারমাত্র সেই গর্জন করিয়া পশু ও পক্ষিগণের ভয় জন্মাইতে থাকিয়া মানুষের ভায় বাক্য বলিল—॥৬॥ শক্তপুথেছন বো নায়ং যজ্ঞস্তল্যো নরাধিপা:।
উঞ্চরতের্বদায়তা কুরুকেজনিবাসিন:॥৭॥
তত্য ত্বচনং শ্রুছা নকুলতা বিশাংপতে!।
বিশায়ং পরমং জগ্যু: সর্বেতে ব্রাক্ষার্থভাঃ॥৮॥
ততঃ সমেত্য নকুলং পর্যাপ্চছন্ত তে বিজাঃ।
কৃতন্ত্বং সমন্ত্রাপ্তো যজ্ঞং সাধুসমাগ্যম্॥৯॥
কিং বলং পরমং তুভ্যুং কিং শ্রুছাং কিং পরায়ণম্।
কথং ভবন্তং বিভাম যো নো যজ্ঞং বিগইসে॥১০॥
ভাবিলুপ্যাগ্যং কংশু বিবিধৈর্যজ্ঞিয়ৈঃ কৃত্ম্।
যথাগ্যং যথাতায়ং কর্ত্ব্যঞ্চ তথাকৃত্ম্॥১১॥

## ভারতকোমুদী

শক্তিবিত। হে নরাদিণাঃ, বো যুমাকময়ং যজঃ, কুফকেজনিবাসিনো বদাস্তস্ত দানশীলস্ত উহ্বন্তে: প্রান্তক্তরপক্ত বান্ধণস্ত, শক্তৃপ্রস্থেন প্রস্থণবিমিতশক্তৃদানেনাপি ন তৃলাঃ। চতুর্ভিঃ প্রস্তৈরেকঃ প্রস্থা। অত হেতু: পরতাং ক্টীভবিয়তি ॥৭॥

তক্তেতি। হে বিশাংপতে প্রজানাথ জনমেজয় ।। জগ্মু: প্রাপু: ॥৮॥ তত ইতি। সাধৃনাং সমাগম উপস্থিতির্বিত তম্ ॥२॥

কিমিতি। বলং শক্তিং, তুভ্যং তব, শ্ৰুডং জ্ঞাতম্, প্রায়ণং প্রধানাশ্রয়:। বিভাষ বিদাম অবগচ্ছামেত্যর্থং, ৰত্ম, নং অমাকম্॥১০॥

অবীতি। কুংলং সর্কান্। আগমং শাল্তম্, অবিলুগ্য অগরিহার্গ্য, বিবিধৈর্মজীরৈর্বিধিজিঃ কুতম্, ব্থাগমং শাল্তমনতিক্রম্য, কুতম্ ইলং ব্জকেন্তেডি শেষঃ ॥১১॥

'রাজগণ। তোমাদের এই যজ্ঞ কুরুকেত্রবাসী, দানশীল ও উ**ঞ্বৃত্তি এক** বাহ্মণের এক প্রস্থ পরিমিত শক্তবুদানেরও তুল্য নহে'॥৭॥

ন্রনাথ। তত্ত্তা ব্রাহ্মণগণ সেই নকুলের সেই বাক্য শুনিয়া অভ্যস্ত বিষয়াপন হইলেন॥৮॥

তাহার পর সেই ব্রাক্ষণের। সেই নকুলের নিকট উপস্থিত হইয়া জিজ্ঞাসা করিলেন—'নকুল। তুমি কোথা হইতে এই সাধ্জনপূর্ণ যজ্ঞে আসিয়াছ ? ॥৯॥

তোমার প্রধান শক্তি কি ? কি জান ? তোমার অবলম্বন কি ? এবং আমরা তোমাকে কি প্রকারে জানিব, যেতুমি আমাদের যজ্ঞের নিন্দা করিতেছ ? #১০#

আমরা কোন শাস্ত্রকেই পরিত্যাগ না করিয়া নানাবিধ য**জীয় বিধি** অনুসরণ করিয়াই এই যজ্ঞ করিয়াছি এবং শাস্ত্র ও স্থায় অনুসারে সমস্ত কর্ত্তব্য কার্য্য করিয়াছি ॥১১॥ পূজার্হাঃ পূজিভাশ্চাত্র বিধিবছাত্রদর্শনাৎ।
মন্ত্রান্থভিত্তশ্চামিদ ভিং দেয়সমৎসরম্ ॥১২॥
তুকী বিজাতয়শ্চাত্র দানৈর্বহুবিধৈরপি।
ক্ষত্রিয়াশ্চ ক্ষমুদ্দেন গ্রাহিদ্দাপি পিতামহাঃ ॥১৩॥
পালনেন বিশস্তুকীঃ কামৈস্তুকী বরন্তিয়ঃ।
জ্ঞাত্রদাশৈত্তথা শুদ্রা দানশেষেঃ পৃথগ্জনাঃ ॥১৪॥
জ্ঞাতিসম্বিনস্তুকীঃ শোচেন চ নৃপস্ত নঃ।
দেবা হবিভিঃ পুণ্যেশ্চ রক্ষণেঃ শর্ণাগতাঃ ॥১৫॥
যদত্র তথ্যং তদ্ক্রহি সত্যং সত্যং বিজাতিয়ু।
যথাশ্রুতং যথাদৃষ্টং পৃষ্টো ব্রাহ্মণকাস্যয়া ॥১৬॥
গ্রাহ্মেরাক্যঃ প্রাক্তস্ত্রং দিব্যং রূপং বিভর্ষি চ।
স্মাগতশ্চ বিপ্রৈস্থং তন্ত্রান্ বক্তুমুইতি ॥১৭॥

## ভারতকৌমুদী

পুজেতি। মন্নাছতিভি: ছতন্তপিতি:, তথা দেয়ং বস্ত অমৎসৱম্ অবিবেষং যথা ভাততথা দত্তম ॥১২॥

তুটা ইতি। স্মৃকেন ফায়মুকেন, পিতামহা: পিতর: ॥১৩॥ পালনেনিতি। বিশ: প্রজা:, অন্থানেনির্দাতি:, পৃথগ্জনা নীচজাতয়: ॥১৪॥ জাতীতি। শৌচেন পবিত্তয়া সদ্ব্যবহারেণেত্যর্থ:। হবিভিইজ:, পুল্যৈ: কর্মডি: ॥১৫॥ বদিতি। সত্যং স্বত্য বক্তব্যমিতি শেষ: ॥১৬॥

শাস্ত্র দেখিয়া যথাবিধানে এই যজ্ঞে পৃজনীয় লোকদিগের পৃজা করিয়াছি, মন্ত্রপাঠপূর্ব্বক অগ্নিতে আহুতি দিয়াছি এবং বিনা বিদ্বেদে দাতব্য বস্তু দান করিয়াছি ॥১২॥

এবং এই যজ্ঞে নানাবিধ দান করিয়া আক্ষাণগণকে, স্থায়যুদ্ধে ক্তিয়দিগকে আর আক্ষানা পিতৃগণকৈ সম্ভষ্ট করিয়াছি ॥১৩॥

পালন করিয়া প্রজাগণকে, কামদানে উত্তম স্ত্রীদিগকে, দয়া করিয়া শৃত্র-গণকে এবং অবশিষ্ট দানদারা ইতরলোকদিগকে সম্ভষ্ট ক্রিয়াছি ॥১৪॥

আমাদের রাজার সদ্ব্যবহারে জ্ঞাতি ও সম্বন্ধীরা, যজ্ঞ ও অক্সান্ত পুণ্যকর্ম-ছারা দেবতারা এবং প্রতিপালনদ্বারা শরণাগত লোকেরা সম্ভষ্ট আছেন ॥১৫॥

আমরা জিজ্ঞাসা করিয়াছি; স্থতরাং ত্রাহ্মণগণের ইচ্ছাত্মসারে এ বিষয়ে যাহা সভ্য ভাহা বল। কারণ, ত্রাহ্মণগণের নিকটে সভ্য সভ্যই বলা উচিত ॥১৬॥ ইতি পৃষ্টো বিজৈত্য: স প্রহসমকুলোহত্তবীৎ।
নৈষা মৃষা ময়া বাণী প্রোক্তা দর্পেণ বা বিজা: ! ॥>৮॥
যশায়োক্তমিদং বাক্যং যুদ্মাভিশ্চাপ্যপ্রশুতম্।
শক্ত প্রস্থেন বো নায়ং যজ্ঞকুল্যো বিজর্ষভা: ! ॥>৯॥
ইত্যবশ্যং ময়ৈত্বো বক্তব্যং বিজসত্তমা: !
শৃণুতাব্যগ্রমনসঃ শংসতো সে যথাতথম্ ॥২০॥
তানুভূতঞ্চ দৃষ্টঞ্চ যশায়াভূতমূত্তমন্ ।
উঞ্জ্বতের্বদাভাত্য কুরুক্তেত্রনিবাসিনঃ ॥২১॥
সর্গং যেন বিজঃ প্রাপ্তঃ সভার্য্যঃ সন্থতসমুষঃ ।
যথা চার্দ্ধং শরীরস্তা সমেদং কাঞ্চনীকৃতম্ ॥২২॥

### ভারতকৌমুদী

খ্রমেতি। খ্রেমং বিশাস্তং বাক্যং যক্ত সং। সমাগত: দশ্বিত: ॥১৭॥

ইতীতি। মুখা মিখ্যা, দর্পেণ প্রাক্তত্বাভিমানেন ॥১৮॥

যদিতি। অত্র যচ্ছকত পরবাক্যগতত্বেন পূর্বানপেক্ষার যুগ্মকত্বং ওথৈব দাহিত্যদর্পণ-দিক্ষান্তাং ॥১৯॥

ইতীতি। অব্যগ্রমনসো বিশ্বয়েহপানাকুলচিত্তা:, শংসতো বদত: ॥২০॥

অশ্বিতি। অহভুতং যুক্তাবিগতম্, দৃষ্টং প্রত্যক্ষীকৃতঞ্চ ॥২১॥.

স্বৰ্গমিতি। স্থতেন পুত্ৰেণ সুষয়া পুত্ৰবধৰাচ সংহতি সং। কাঞ্নীকৃতং স্বৰ্গবৰ্ণী-কৃতম্ ॥২২॥

তুমি প্রাজ্ঞ, দিব্যরূপ ধারণ করিতেছ এবং ব্রাহ্মণগণের সহিত মিলিড হইঃ।ছি; সুতরাং তোমার বাক্য সামাদের বিশাসযোগ্য; অতএব তুমি সত্য কথা বলিতে পার'॥১৭॥

বাহ্মণেরা এইরূপ প্রশ্ন করিলে, সেই নকুল হাস্ত করিতে থাকিয়া বলিল— 'ব্ৰাহ্মণগণ! আমি এই বাক্য মিথ্যা বলি নাই বা গর্বেক কহি নাই॥১৮॥

ব্রাক্ষণশ্রেষ্ঠগণ। আমি এই যে বাক্য বলিয়াছি, আপনারাও যাহা শুনিরা-ছেন অর্থাৎ আপনাদের এই যজ কুরুক্ষেত্রবাসী, দানশীল ও উঞ্জ্বিতি ব্রাক্ষণের একমৃষ্টি শক্তুদানেরও তুল্য নহে ॥১৯॥

ব্রাহ্মণশ্রেষ্ঠগণ। আপনাদের নিকটে ইহা আমার অবশ্রুই বক্তব্য। সে যাহা হউক, আমি সভ্য বলিভেছি, আপনারা স্থির চিত্তে প্রবণ করুন ॥২০॥

আমি কুরুকেতানিবাসী, দানশীল ও উঞ্বৃত্তি আহ্মণের যে গুরুতর অন্তুত্ব বৃত্তান্ত দেখিয়াছি ও যুক্তিছার। বুঝিয়াছি, (তাহা আপনারা শ্রবণ করুন) ॥২১॥

<sup>(</sup>२२) .. हे छ: भत्रम् अनाम्यमाधिः। नक्क छ बांठ--नि । नक्क छवाठ--वक वर्ष ।

হস্ত বং কথমিয়ামি দানস্থ ফলমূত্তমম্।

স্থায়লক্ষস্থ সূক্ষাস্থ বিপ্রদত্তস্থ যদ্দিজাঃ ! ॥২৩॥

ধর্মক্ষেত্রে কুরুক্ষেত্রে ধর্মজ্ঞৈর্বছভির্বতে।

উপ্প্রতিদিজঃ কশ্চিৎ কাপোতিরভবত্তদা ॥২৪॥

সভার্য্যঃ সহপুত্রেণ সন্ধুন্তপদি স্থিতঃ।

বস্থুব শুরুবুতঃ স ধর্মাত্মা নিয়তেক্রিয়ঃ।

যঠে কালে সদা বিপ্রো ভুঙ্কে তৈঃ সহ গুরুতঃ ॥২৫॥

যঠে কালে কদাচিত্ব তস্থাহারো ন বিহাতে।

ভুঙ্ক্তেহস্থামিন্ কদাচিৎ স মঠে কালে দ্বিজোত্যঃ ॥২৬॥

### ভারতকোমুদী

হত্তেতি। হস্তশব্দো হর্ষে। স্ক্রেশ্য অব্লেশ্য, বিপ্রেণ দম্ভশু কৃতন্তা ॥২৩॥
ধর্ম্মেতি । ক্পোডপ্রাপড্যং কাপোডিং, ক্পোডপুত্রবং যং ধলু ভূমিণভিড্মেকৈকং
ধাক্যাদিকমাদায় জীবনং ধার্মিতি স এব কাপোভিক্সপ্র্বিভিশ্চোচ্যতে ॥২৪॥

শেতি। সুষয়া পুত্রবধবা সহেতি সমুব:। শুক্রবৃত্ত: সদ্বৃত্ত:। ষট্পাদোহয়ং স্নোক: ॥২৫॥
ভারতভাবদীপ:

পিতামহত্মেত্যাদিগ্রন্থতাংপর্যাং ক্লেশাব্দিতং ক্যায়তঃ শ্রেদ্যা সংপাত্রেহণিতম্ অখ্যেদা-দপ্যধিকমিতি ক্রোধজয়শ্চ সর্বধা কর্ত্তব্য ইতি ॥১—২১॥ মমেদং যত্রেতি শেবঃ ॥২২—২৩॥

কুক্লেত্রবাসী এক ব্রাহ্মণ যে কর্মের ফলে ভার্যা, পুত্র ও পুত্রবধ্র সহিত স্বর্গলাভ করিয়াছিলেন এবং যাহাতে আমার শরীরের এই অর্দাংশকে স্বর্ণ করিয়াছে ॥২২॥

ক্রাহ্মণগণ ! সেই ব্রাহ্মণকৃত স্থায়লক অত্যন্ধ স্থাব্যের উত্তম দানফল আ।মি আপনাদের নিকট বলিতেছি॥২৩।

কপোতের স্থায় ক্ষেত্রে পভিত এক একটী ধান্থ গ্রহণ করিয়া যিনি জীবন ধারণ করেন, সেই জাতীয় লোককে কাপোতি ও উঞ্জ্বতি বলা হয়। পূর্বে বহু ধর্মজ্ঞ লোকে পরিপূর্ণ ও ধর্মক্ষেত্র কুক্ষক্ষেত্রতীর্থে সেই জাতীয় এক ব্রাহ্মণ বাস করিতেন ॥২৪॥

নির্দ্মল চরিত্র, ধর্মাত্মা ও জিতেন্দ্রিয় সেই আহ্মণ ভার্য্যা, পুত্র ও পুত্রবধ্র সহিত থাকিয়া তপস্থা করিতেন এবং সেই সদাচারী আহ্মণ চিরদিন্ধ দিনের ষষ্ঠ যামার্দ্ধে সেই ভার্যাপ্রভৃতির সহিত ভোজন করিতেন ॥২৫॥ কণোতধর্মিণস্তস্থ তুর্ভিক্ষে সভি দারুণে।
নাবিগ্যত তদা বিপ্রাঃ! সঞ্চয়স্তনিবোধত ॥২৭॥
কীণোষধিসমাবাপো দ্রব্যহীনোহভবতদা।
কালে কালেহস্থ সংপ্রাপ্তে নৈব বিগ্যেত ভোজনম্॥২৮॥
কুধাপরিগতাঃ সর্বে প্রাভিষ্ঠস্ত তদা তুতে।
উঞ্জং তদা শুরুপকে মধ্যং তপতি ভাসরে॥২৯॥
উষ্ণার্ভিন্চ কুধার্ত্রন্চ বিপ্রস্তপদি সংস্থিতঃ।
উঞ্জযপ্রাপ্তবানেব ভ্রাহ্মণঃ কুচছ্ মাহ্বিতঃ॥৩০॥

### ভারতকৌমুদী

ষষ্ঠ ইতি। বঠে কালে দিবসভা ষঠে যামার্কে, আহারো ন বিভাতে আহার্যাভাবাৎ। অক্তব্যিন দিবসে ॥২৩॥

কপোতেতি। কণোতধর্মিণ: কণোতবহুমবৃতে:। সঞ্চয়: থাভসংগ্রহ: ॥২ १॥

ক্ষীণেতি। ক্ষীণ ওৰ্ধিসমাবাপো ধালুসক্ষো ষ্মু সং, দ্রবাহীনো ধ্নশ্রাঃ। কালে ভোজনসময়ে ॥২৮॥

কুধেতি। কুধাং পরিগতাং প্রাপ্তা:। উত্থং কেত্রাদেকৈকং ধাস্তং সংগৃহীতমিতি শেষ:, মধ্যং গগনতা ॥২৯॥

উষ্ণেতি। কুচ্ছু মান্বিতো বভূবেতি শেষ: ১০০॥

#### ভারতভাবদীপ:

কাপোতি: কপোতবদেকৈকং কণকমাদত্তে স কংগোতি: ॥২৪—২৯॥ উত্থং কণশ আদানং

সেই ব্রাহ্মণশ্রেঠের কোন দিন ষষ্ঠ যামার্দ্ধে ভোজন হইত না, আবার অক্স কোন দিন ষষ্ঠ যামার্দ্ধে ভোজন হইত ॥২৬॥

ব্রাহ্মণগণ! কোন সময়ে দারুণ তুভিক্ষ চলিতে লাগিলে, সেই উঞ্রে ত্রাহ্মণের একেবারেই খাত সঞ্চয় ছিল না। তাঁহার সেই সময়ের অবস্থা আবণ করুন ॥২৭॥

তৎকালে তাঁহার সঞ্চিত খাত নিঃশেষ হইয়াছিল, গৃহে ধনও ছিল না; স্কুরাং দিনের ষষ্ঠ যামার্দ্ধ উপস্থিত হইলেও তাঁহাদের ভোজন হইত না ॥২৮॥

পূর্য্য আকাশের মধ্যস্থানে থাকিয়া জগৎ সম্ভপ্ত করিছে লাগিলে এবং শুক্লপক্ষ চলিতে থাকিলে, তাঁহারা সকলেই ক্ষেত্র হইছে এক একটী ধাস্থ সংগ্রহ করিবার জম্ম প্রস্থান করিলেন ॥২৯॥

কুধার্ড ও সূর্য্যভাপে সম্ভপ্ত সেই তপস্বী বাহ্মণ কেত্রে যাইয়াও উছ (এক

<sup>(</sup>२१) क्लाहिक् मिन्छन्छ- नि वक वर्ष । (२४) . की दोविनमारवरन- वक वर्ष ।

<sup>(</sup>२२)...डेव्हरखरा छक्रगरक-नि वक वर्ष ।

দ তথৈব কুধাবিন্টঃ নাৰ্দ্ধং পরিজনেন হ।
ক্ষপয়ানাদ তং কালং কৃচ্ছুপ্রাণো ছিজোতমঃ ॥৩১॥
অথ যঠে গতে কালে যবপ্রস্থার্ল্ডরং।
যবপ্রস্থা তং শক্তৃনকুর্বন্ত তপস্থিনঃ ॥৩২॥
কৃতজপ্যান্তিকান্তে তু হুদা চাগ্রিং যথাবিধি।
কৃত্বং কৃত্বং দর্বেব ব্যভজন্ত তপস্থিনঃ ॥৩৩॥
অথাগচহদ্দিজঃ কশ্চিদতিথিভুপ্পতাং তদা।
তে তং দৃষ্ট্বাতিথিং প্রাপ্তং প্রহল্তমনদোহভবন্॥৩৪॥
তেহভিবাল্ল স্থপ্রশ্নং পৃষ্ট্বা তমতিথিং তদা।
বিশুদ্ধমনদো দান্তাঃ শ্রেদাদমদমন্বিতাঃ ॥৩৫॥
অনস্থা গতজোধাঃ সাধবো বীতমৎসরাঃ।
ত্যক্তথানসদক্রোধা ধর্মজ্ঞা দিজসত্যাঃ ॥৩৬॥
সব্রহ্মচর্য্যং গোত্রং তে তন্ত খ্যাদ্বা পরস্পরম্।
কৃটাং প্রবেশয়ামান্তঃ ক্ষুধার্ত্বমতিথিং তদা ॥৩৭॥ (বিশেষকম্)

### ভারতকোমুদী

স ইতি। তং কালং ভোগনসময়ন্, কুচ্ছ্প্রাণঃ কটপ্রাপ্তপ্রাণঃ ॥৩১॥

অথেতি। উপাৰ্জ্বং ভিক্রা। যবানাং প্রস্থাচকচতুর্ভাগম্, শক্তুন্ লাজচুর্ণানি। ৩২॥

ক্লতেতি। কুড়বং কুড়বং প্রস্তাং প্রস্তাং মৃষ্টিমৃষ্টিপরিমিত্মিত্যর্থ: ॥৩০॥

অথেতি। ভূঞ্জভাং শক্ত্ভোজনপ্রবৃত্তানাং ভেষামস্থিকে ॥৩৪॥

একটা করিয়া আশান্তরপ ধান্স) ত পাইলেনই না, অধিকন্ত ক্ষায় ও পরিঞামে আরও পীড়িভ হইলেন ॥৩০॥

ভাহার পর সেই আহ্মণ পরিজনগণের সহিত ক্ষ্ধার্ত ও ক্লিষ্ট থাকিয়াই সেই ভোজনের সময় অভিবাহিত করিলেন ॥৩১॥

তদনস্থর দিনের ষষ্ঠ যামার্দ্ধ ভাতীত হইলে ব্রাহ্মণ ভিক্ষা করিয়া একপ্রস্থ (চারি কোষ পরিমাণ) যব সংগ্রহ করিলেন। পরে সেই তপস্থীরা সেই একপ্রস্থ যবকে শক্তু (ছাতু) করিলেন॥৩২॥

পরে সেই তপখীরা যথাবিধানে আহ্নিক, জপ ও হোম করিয়া প্রত্যেক এক এক কুড়ব (এক এক কোষ) করিয়া সেই শক্তু ভাগ করিয়া লইলেন ॥৩৩॥

পারে তাঁহারা ভোজনে প্রায়ত্ত হইবেন, সেই সময়ে কোন বাহ্মণ অভিথি-রূপে আগমন করিলেন। তাঁহারা সেই বাহ্মণরূপী অভিথিকে দেখিয়া আনন্দিত হইলেন ॥৩৪॥ ইদমর্ঘ্যঞ্চ পাত্যঞ্চ রুষী চেয়ং তবানঘ!।
তচয়ঃ শক্তবশ্চেমে নিয়মোপার্চ্জিতাঃ প্রভো!।
প্রতিগৃহীষ ভদ্রং তে ময়া দত্তা বিজর্মভ! ॥৩৮॥
ইত্যুক্তঃ প্রতিগৃহাথ শক্তৃনাং কুড্বং বিজঃ।
ভক্ষমামাদ রাজেক্স! ন চ তুষ্ঠিং জগাম দঃ ॥৩৯॥
স উপ্তর্মতিত্তং প্রেক্য ক্ষুধাপরিগতং বিজয়।
আহারং চিন্তয়ামাদ কথং তুষ্টো ভবেদিতি ॥৪০॥
তত্য ভার্য্যাত্রবীদ্বাক্যং মদ্ভাগো দীয়তামিতি।
গচ্ছত্বেষ যথাকামং পরিতুষ্টো বিজ্যাত্রমঃ ॥৪১॥

# ভারতকোমুদী

ত ইতি। দান্তা জিতেন্দ্রিয়া:। বীতমৎসরান্ত্যক্তবেশা:। বন্ধচর্বোণ সহেতি সরন্ধ্যস্, তন্মাতিবে: সমীপে, খ্যান্থা উক্ত্যা ॥৩৫—৩৭॥

ইদমিতি। বৃধী ঋবিধোগ্যমাসনম্। "ঋষীণামাসনং বৃধী" ইত্যমর:। যট্পাদোহয়ং শ্লোক:।৩৮॥

ইতীতি। কুড়বং তেষামেকভাগং প্রস্তপরিমিতম্, বিজ: অতিথি: ॥৩৯॥

স ইতি। উৎবৃত্তিগৃহস্থো আহ্মণ: ॥৪০॥

ডভেতি। পরিতৃষ্ট: কুধানিবুছেতি ভাব: ॥৪১॥

পরে তাঁহারা সেই অতিথিকে অভিবাদনপূর্বক স্বাগতপ্রশ্ন করিয়া শুদ্ধ চিত্ত, জিতে ক্রিয়া, শ্রেদাযুক্ত, অস্য়াশৃষ্ঠা, ক্রেদাবিহীন, বিদেষবর্জিত, অভিমানর হিত ও মত্তাশৃষ্ঠা সেই ধর্মজ্ঞ ও সাধুস্থভাব বাহ্মণের। সেই অতিথির নিকটে আপনাদের ব্রহ্মচর্য্য ও গোত্রের বিষয় বলিয়া সেই ক্ষ্ধার্গ্ত অতিথিকে কুটীরে প্রবেশ করাইলেন ॥৩৫—৩৭॥

'নিষ্পাপ বাহ্মণশ্রেষ্ঠ! আপনার এই পাছা, এই অর্ঘ্য এবং এই আসন; আর প্রভাবশালী বাহ্মণ! শাস্ত্রীয় নিয়মাত্রুসারে অজিত এই শক্তুগুলি আমি আপনাকে দান করিলাম, আপনি গ্রহণ করুন, আপনার মঙ্গল হউক'॥৩৮॥

রাজন্রেষ্ঠ। গৃহস্থ আহ্মণ এই কথা বলিলে, অতিথি আহ্মণ সেই এক কোষ ছাতু ভোজন করিলেন; কিন্তু তাহাতে তৃপ্তিলাভ করিতে পারিলেন না ॥৩৯॥

তখন সেই গৃহস্থ ব্রাহ্মণ অতিথি ব্রাহ্মণকে কুধাযুক্তই দেখিয়া 'কি প্রকারে ইনি তৃপ্তিলাভ করিবেন, এইভাবে অতিথির খাছের বিষয় চিন্তা করিলেন॥৪০॥ ইতি ব্রুবন্তীং তাং সাধ্বীং ভার্যাং স দিজসতমঃ।
কুলাপরিগতাং জ্ঞান্ধা তান্ শক্তৃ মাভ্যনশত ॥৪২॥
আজানুসানতো বিদ্বান্ স তু বিপ্রহত্তদা।
জানন্ র্কাং কুলার্তাঞ্চ প্রান্তাং প্রানাং তপস্বিনীম্।
অগস্থিভূতাং বেপন্তীং ততো ভার্যামুবাচ হ ॥৪৩॥
অপি কীটপতঙ্গানাং মুগাণাঞ্চৈব শোভনে!।
স্তিয়ো রক্ষ্যান্চ পোয়ান্চন ছেবং বক্তু মুইতি ॥৪৪॥
অমুকম্প্যোনরঃ পত্ন্যা পুষ্টো রক্ষিত এব চ।
প্রপতেদ্যন্দো দীপ্তাৎ স চ লোকাম চাপ্লু য়াৎ ॥৪৫॥
ধর্মকাসার্থকার্যাণি শুশ্রেমাকুলসন্ততিঃ।
দারেম্বর্ধীনো ধর্মান্চ পিতৃণামাজ্বনন্তথা ॥৪৬॥

# ভারতকৌমুদী

ইভীতি। স গৃহস্থ:। নাভ্যনন্ত দাতুং নৈচ্ছং॥৪২॥

আংছেতি। আত্মানতঃ স্বকীয়াবস্থাজ্ঞানাৎ। তপস্থিনীং শোচ্যাম্। বেপস্থীং দৌর্ব্যলেন বেপ্যানাম্। ষ্ট্পাদোহয়ং শ্লোক: ॥৪৩॥

অপীতি। কীটাশ্চ পতখা: পক্ষিণশ্চ তেষাম্, মুগাণাং পশুনাম্। ৪৪॥

অবিতি৷ য"চতাং পত্নীং ন বক্ষতি, স লোকান্ ক্ৰগান্ন চাপুলাং ॥৪৫॥

ধর্মেতি। ধর্মাদীনি দারাদীনানীতি শেষ:। ধর্ম: সেবাদিং, পিজুণাং জীবতাম্ ॥৪৬॥

তখন তাঁহার ভার্য্য। এই কথা বলিলেন—'আমার ভাগ ইহাকে দান করুন, ইনি তৃপ্তিলাভ করিয়। ইচ্ছামুসারে গমন করুন'॥৪১॥

সাধ্বী ভার্যা এইরূপ বলিলে, সেই গৃহস্থ বাহ্মণ ভার্যাকে কুধার্ত্ত জানিয়া ভাঁহার ভাগ অভিথিকে দিতে ইচ্ছা করিলেন না ॥৪২॥

তখন সেই গৃহস্থ বাক্ষণশ্রেষ্ঠ নিজের অবস্থার অমুভব অমুসারে সেই ভার্যাকে বৃদ্ধা, কুণার্তা, পরিশ্রান্তা, অবসরা, অস্থিচশ্রসারা, কম্পামানা ও শোচনীয়া জানিয়া তাঁহাকে বলিলেন—॥৪৩॥

'শোভনে! পশু, পক্ষী এবং কীটদিগেরও স্ত্রীগণকে ভরণ ও পোষণ করা উচিত; অতএব তুমি এইরূপ বলিতে পার না ॥৪৪॥

পুরুষ স্ত্রীকর্ত্ক আদৃত, রক্ষিত ও পুষ্ট হইয়া থাকে, এ কথা স্ভা; কিন্তু আবার যে পুরুষ সেই স্ত্রীর ভরণপোষণ না করে, সে উজ্জ্বল যশ হইতে ড্রাষ্ট্র হয় এবং স্বর্গ লাভ করিতে পারে না ॥৪৫॥ ন বেত্তি কর্মতো ভার্য্যারক্ষণে যোহক্ষমঃ পুমান্।
অয়শো মহদাপ্রোতি নরকাং শৈচব গচছতি ॥৪৭॥
ইত্যুক্তা সা ততঃ প্রাহ ধর্মাথোঁ নৌ সমৌ দ্বিজ । ।
শক্ত্ প্রস্থচতুর্ভাগং গৃহাণেমং প্রদীদ মে ॥৪৮॥
সত্যং রতিশ্চ ধর্মশ্চ স্বর্গশ্চ গুণনির্জিতঃ ।
স্ত্রীণাং পতিসমাধানং কাজ্ক্ষিতঞ্ছ দ্বিজর্মত ! ॥৪৯॥
ঋতুমাতুঃ পিতুর্বীজং দৈবতং পরমং পতিঃ ।
ভর্তুঃ প্রসাদামারীণাং রতিপুত্রফলং তথা ॥৫০॥
পালনাদ্ধি পতিস্থং মে ভর্তাসি ভরণাচ্চ মে ।
পুত্রপ্রদানাদ্রদস্তস্মাৎ শক্তুন্ প্রচ্ছ মে ॥৫১॥

### ভারতকৌমুদী

নেতি। য: পুমান্ কর্মত: অলাচ্ছাদনদানাদিনা ভার্যারকণে অক্ষম:, স কিমপি ন বেতি ॥৪৭॥

ইভীতি। নৌ আবয়ো:। শক্তপ্রস্থ চতুর্ভাগং চতুর্থমংশম্॥৪৮॥

সভামিতি। গুণনির্জিতো ধর্মেণায়ত্তীকৃত । পত্যা সমং তুলাম্ আগানং সভ্যাদানাং সম্পাদনং কর্ত্তবাম, ময়া চ তৎকাজিকতম্ ॥৪০॥

ঋতুরিভি। মাতৃ: ঋতু রজ:, পিতৃ\*চ বীজম্,; ভাঙ্যাঞ্ সন্তানো জায়তে; তেন চ স্ত্রীপুরুষয়ো: সমানা কর্ত্তিভি ভাব: ॥৫০॥

ধর্ম, অর্থ, কাম, শুশ্রাষা, বংশরক্ষক সন্থান এবং জীবিত পিতৃগণ ও নিজের সেবা—এ সমস্তই ভার্যার অধীন ॥৪৬॥

যে পুরুষ ভরণপোষণাদি কার্য্যদারা ভার্যাকে রক্ষা করিতে অসমর্থ হয়, সে কর্ত্তব্য বিষয় জানে না, গুরুতর নিন্দা ভোগ করে এবং নরকে গমন করিয়া থাকে'॥৪৭॥

আসাণি এই কথা বলিলে, তখন তাঁহার ভার্যা বলিলেন—'আসাণ! আপনার ও আমার ধর্ম ও অর্থ সমান ; অতএব আপনি আমার উপরে প্রেসর হউন, এই শক্তৃপুস্থের চারিভাগের একভাগ গ্রহণ করুন॥৪৮॥

ব্রাহ্মণশ্রেষ্ঠ ! সত্য, রতি, ধর্ম এবং গুণলভ্য স্বর্গ—এই সমস্ত বিষয়ে প্তির তুল্যই পত্নীর কর্তব্যতা রহিয়াছে এবং আমিও ভাহাই করিতে ইচ্ছা করি ॥৪৯॥

মাতার.রজ এবং পিতার বীজ—এই ছুই হইতে সস্তাম উৎপন্ন হয়; স্থতরাং এবিষয়েও স্ত্রী-পুরুবের সমান কর্ত্তব্যতা। সে বাহা হউক, স্ত্রীদিগের পডিই প্রমদেবতা এবং পতির অনুগ্রহেই স্ত্রীদিগের রতি ও পুত্ররূপ কল হয় ॥৫০॥ জনাপনিগতো বৃদ্ধঃ কুধার্ত্তো দুর্ববলো ভূশম্। উপবাদপনিশ্রোভোজো যদা ত্বমপি কশিতঃ ॥৫২॥ ইত্যুক্তঃ স তয়া শক্তৃন্ প্রগৃহ্ছেদং বচোহত্ত্রবীৎ। ছিজ ! শক্তৃনিমান্ ভূয়ঃ প্রতিগৃহ্লীম্ব সন্তম ! ॥৫৩॥ স তান্ প্রগৃহ ভূক্ত্বা চ ন তৃষ্টিমগমদ্দিজঃ। তমুঞ্রতিরালক্য ততশ্চিন্তাপনোহভবৎ ॥৫৪॥ পুত্র উবাচ।

শক্তৃনিমান্ প্রগৃহ্ছ ছং দেহি বিপ্রায় সত্তম।। ইত্যেব হুকুতং মন্মে তন্মাদেতৎ করোম্যহম্॥৫৫॥

### ভারতকৌমূদী

পালনাদিতি। তক্ষাৎ সর্বথা দয়িতছাৎ ॥ ১ ॥

জরেতি। জরাং জীর্ণতাং পরিগত: প্রাপ্ত:। যদা যত:। তথা চ যথা তাদৃশো ভবান্ স্বভাগং দদাতি, তদা তাদ্সা মমাপি ভাগং দাতুমইতীতি ভাব: ॥৫২॥

ইভীতি। হে বিজ! অতিথিরামাণ, ভূয়: পুন: ॥৫৩॥

স ইভি। স: অভিথি:। উপবৃত্তিগৃহিছো আকাণ:॥৫৪॥

শক্ত নিতি। বিপ্রায় অভিপয়ে। স্কৃতং স্বষ্টু ক্রিয়ান্, এডদানম্ uccu

আপনি পালন করেন বলিয়া আমার পতি, ভরণ করেন বলিয়া আমার ভর্তা এবং পুত্র দান করিয়াছেন বলিয়া বরদাতা; অভএব আপনি আমার শক্তু উহাকে দান করুন ॥৫১॥

আপনিও যখন জরাগ্রস্ত, রৃদ্ধ, কুণার্ড, অত্যস্ত তুর্বল, উপবাসে ক্লান্ত এবং কুশ। (তখন আপনি আমার ভাগও দিতে পারেন)'॥৫২॥

ভার্যা এই কথা বলিলে, গৃহস্থ ব্রাহ্মণ স্ত্রীর শক্তু লইয়া অভিথিকে এই কথা বলিলেন—'সাধুশ্রেষ্ঠ ব্রাহ্মণ! আপনি পুনরায় এই শক্তু গ্রহণ করুন' এথেয়া

তখন সেই অতিথি বালাণ সেই শক্তু লইয়া ভোজন করিয়াও ভৃতিলাভ করিলেন না। তখন গৃহস্থ বালাণ অতিথিকে অতৃণ্ড জানিয়া চিস্তাৰিত হইলেন ॥৫৪॥

সেই সময়ে তাঁহার পুত্র বলিল—'সাধুশ্রেষ্ঠ ! আপনি আমার এই শক্তরু গ্রহণ করিরা, এই অভিথিত্রাহ্মণকে দান করুন, ইহাই আমি সমীচীন কর্তব্য বলিরা মনে করি এবং সেই জন্মই আমি আমার ভাগ দান করিভেছি ॥৫৫॥ ভবান হি পরিপাল্যো মে সর্বদৈব প্রয়ত্বতঃ। সাধুনাং কাজ্জিতং যন্মাৎ পিতৃত্ব দ্ধস্য পালনম্ ॥৫৬॥ পুত্রার্থো বিহিতো হেষ বার্দ্ধকে পরিপালনম। শ্রুতিরেষা হি বিপ্রর্ধে! ত্রিয়ু লোকেয়ু শাখতী ॥৫৭॥ প্রাণধারণমাত্তেণ শক্যং কর্ত্ত পস্থয়া। প্রাণো হি পরসো ধর্মঃ স্থিতো দেহেমু দেহিনাম ॥৫৮॥

পিতেবাচ।

অপি বর্ষসহস্রী হং বাল এব মতো মম। উৎপান্ত পুত্ৰং হি পিতা ক্বতক্বত্যো ভবেৎ স্মতাৎ ॥৫৯॥ বালানাং কুম্বলবতী জানাম্যেতদহং প্রভো!। রুদ্ধোহহং ধার্যায়ামি ত্বং বলী ভব পুত্রক ! ॥৬०॥

### ভারতকৌমুদী

ভবানিতি। সাধুনাং সমূহেনেতি শেষঃ ॥ ৫৬॥

পুত্তেতি। পুত্রভার্থ: প্রয়োজনম্। শাখতী চিরস্তনী । ৫৭॥

প্রাণেতি। ধর্মো ধর্মসাধনকারণম ॥৫৮॥

অপীতি। বর্ষাণাং সহস্রমস্তান্তীতি বর্ষসহস্রী সহস্রবর্ষবয়স্কঃ সন্নপীত্যর্থ: ॥৫२॥

ৰালানামিতি। হে প্ৰভো়নীতিজ্ঞানপ্ৰভাবসপলা। ধাৰ্মিয়ামি ভোজনং বিনাধি প্রাণানিতি শেষ:, বলী ভব ভোজনেন ॥৬-॥

কারণ, আপনি সর্ববদাই আমার স্যত্নে পরিপালনীয়। যেহেতু, বৃদ্ধ পিভার প্রতিপালন করা সাধুগণের অভীষ্ট ॥৫৬॥

ব্রহ্মর্যি! বৃদ্ধকালে পিতাকে পরিপালন করাই পুত্রের প্রয়োজন বলিয়া বিধাত। বিধান করিয়াছেন। ত্রিভুবনে এই শ্রুতিও চিরকাল চলিয়া হাসিতেছে ॥৫৭॥

আপনি কেবল প্রাণ ধারণ করিয়াই তপস্থা করিতে পারিবেন। কারণ, এক প্রাণ্ট দেহীদিগের দেহে পরম ধর্মসাধকরূপে রহিয়াছে' ॥৫৮॥

পিতা বলিলেন—'বংস! তুমি সহস্র বংসর বয়ক্ষ হইয়াও আমার নিকট বালক বলিয়াই অবধারিত থাকিবে। এদিকে পিত। পুত্র উৎপাদন করিয়া সেই পুরের গুণেই কুডকার্য্য হইয়া থাকেন ॥৫৯॥

প্রভাবশালী পুত্র ! আমি ইহা জানি যে, বালকদিগের কুধা প্রবল হয় : আর আমি বৃদ্ধ বলিয়া বিনাভোজনেও প্রাণ ধারণ করিতে পারিব; কিন্তু তুমি ভোজন করিয়া সবল থাক ॥৬०॥

জীর্ণেন বয়সা পুত্র ! ন সাং কুষাধতেইপি চ। দীর্ঘকালং তপস্তপ্তং ন যে মরণতো ভয়ম্॥৬১॥ পুত্র উবাচ।

অপত্যমশ্মি তে পুংসস্ত্রাণাৎ পুত্র ইতি স্মৃতঃ। আস্মা পুত্রঃ স্মৃতস্তস্মাক্রাহাসানমিহাস্মনা ॥৬২॥ পিতোবাচ।

রূপেণ সদৃশস্ত্রং মে শীলেন চ দমেন চ।
পরীক্ষিতশচ বছধা শক্তৃনাদায়ি তে স্কৃত ! ॥৬৩॥
ইত্যুক্ত্বাদায় তান্ শক্তৃন্ শ্রীতাত্মা দিজসত্তমঃ।
প্রহুসন্ধিব বিপ্রায় স তক্ত্রৈ প্রদদৌ তদা ॥৬৪॥
ভুক্ত্বা তানপি শক্তন্ স নৈব তুক্টো বভূব হ।
উঞ্জ্বতিস্ত ধর্মাত্মা ব্রীড়াসকুজগাস হ ॥৬৫॥

# ভারতকৌমুদী

জীর্ণেনেতি। অথ ভোজনাভাবে যদি ভবতো মরণং ভবেদিত্যাহ দীর্ঘেতি ॥৬১॥ অপত্যমিতি। পুমাংসং আয়েত ইতি পুত্র ইতি ব্যুৎপত্তিঃ। **"আত্মা বৈ জায়তে পুত্রং"** ইতি স্বতেরিতি ভাবং ॥৬২॥

র্পেণেতি। দমেন ইব্রিষদমনেন। বৃত্ধা পরীকিতভ্বম্ অনেন প্রকারেণ, আদিছি গুরুমি ॥৬৩॥

ইতীতি। তান্ পুত্রভাগরপান্। তব্মৈ অতিথয়ে ॥৬৪॥ ভুক্তে,তি। উঞ্বৃত্তিগৃহিছে। বাহ্মণঃ, বীড়ামহুজগাম অতিথেঃ ক্রিবৃত্তিকরণাদামর্থ্যং ॥৬৫॥

পুত্র ৷ বৃদ্ধ বয়স বলিয়া ক্ষ্ধা আমাকে পীড়ন করিতে পারে না ; ভার পর, আমি দীর্ঘকাল তপস্থা করিয়াছি বলিয়া আমার মৃত্যুভয়ও নাই'॥৬১॥

পুত্র বলিল—'ব্রদ্ধি ! আমি আপনার সস্তান। সস্তান পুরুষকে পরিত্রাণ করে বলিয়া ভাহাকে পুত্র বলা হয়; আবার পুত্রকে আত্মা বলিয়া মনে করা হট্যা থাকে; সুতরাং আপনি আত্মাদারাই আত্মরকা করকা ॥৬২॥

পিতা বলিলেন—'পুতা! তুমি রূপ, স্বভাব ও ইক্রিয়দমনের গুণে আমার তুলাই বট; কিন্তু আমি এইভাবে বহু প্রকারে ভোমার পরীক্ষা করিলাম। সে বাহা হউক, আমি ভোমার শক্তু গ্রহণ করিতেছি' ॥৬৩॥

এই কথা বলিয়া সম্ভটিত হইয়া গৃহস্থ্যাহ্মণশ্রেষ্ঠ পুত্রের সেই শক্তৃশুলি লইয়া হাসিতে হাসিতেই যেন তখন সেই অতিথিবাহ্মণকৈ দান করিলেক্ষণাঙঃ॥ তং বৈ বধু: স্থিতা সাধনী ত্রাক্ষণপ্রিয়কাস্যা।
শক্তৃনাদায় সংস্কটা শশুরং বাক্যমত্ত্রবীৎ ॥৬৬॥
সন্তানাত্তব সন্তানং সম বিপ্রা! ভবিয়তি।
শক্তৃনিমানতিথয়ে গৃহীত্বা সম্প্রমন্ত সে ॥৬৭॥
তব প্রসাদান্তির্বতা মম লোকাঃ কিলাক্ষয়াঃ।
পৌত্রেণ তানবাপ্রোতি যত্ত্র গত্বা ন শোচতি ॥৬৮॥
ধর্মাত্যা হি যথা ত্রেতা বহ্নিত্রেতা তথৈব চ।
তথৈব পুত্রপৌত্রাণাং স্বর্গস্তেতা কিলাক্ষয়ঃ॥৬৯॥
পিতৃন্ ঋণান্তারম্বতি পুত্র ইত্যমুশুশ্রুম।
পুত্রপৌত্রশ্চ নিয়তং সাধুলোকামুপাশ্বতে॥৭০॥

### ভারতকৌমুদী

ভমিতি। বধু: সুবা, হিতা সমীপে ॥৬৬॥

সম্ভানাদিভি। ভব সন্তানাৎ পুতাৎ, মম সন্তানসপত্যম্। অভন্তব প্রীতিকরণং মমাব্ছাক-মিভি ভাব: ॥৬৭॥

ভবেতি। নিরু তা: সম্পন্না:, লোকা: স্বর্গা: ॥৬৮॥

ধর্মেতি। বথা ধর্মাছা ত্রেতা ধর্মার্থকাসরপান্তরঃ পুরুষার্থাঃ অক্ষয়স্বর্গজনকাঃ, তথৈব বহিত্তেতা দক্ষিণারি-গার্হপত্য-আহ্বনীয়রপান্তরোহয়য়ঃ স্বর্গজনকাঃ, তথৈব পুত্রপৌত্রাণাং বহুবচনাৎ পুত্র-পৌত্র-প্রেণাত্রাণাম, ত্রেতা ত্রয়ম, অক্ষয়ঃ স্বর্গজ্জনিকা কিল। ভবৎপ্রসাদাদেব তেষাং সম্ভবাৎ ভবৎপ্রীতিসম্পাদকং মমাবশ্রকমিত্যাশয়ঃ ॥৬৯॥

পিড, নিভি। পুরপৌরে: পুরস্ত। তেন চ পুর-পৌর প্রপৌরৈরিভার্থ: ॥१०॥

তখন সেই অতিথিবাক্ষণ সেই শক্তৃগুলি ভোজন করিয়াও সম্ভই হইলেন না। সেই সময়ে ধর্মাত্মা উঞ্বৃতি ব্রাক্ষণ লক্ষ্তি হইলেন ॥৬৫॥

ভখন নিকটবর্ত্তিনী সাধবী পুত্রবধ্ আক্ষাণের সস্তোষ কামনায় ছাষ্ট্রচিত্তে নিজের শক্তুপুলি লইয়া সেই শুশুরকে এই কথা বলিল—॥৬৬॥

'বাক্ষণ। আপনার সস্তান হইতে আমার সস্তান জ্মিবে; অভএব আপনি আমার এই শক্তৃগুলি লইয়া অভিথিকে দান করুন॥৬৭॥

আপনারই অমুগ্রহে আমার অক্ষয় স্বর্গসকল হইবে; আবার মামুষ পৌত্র-দারা সেইরূপ স্বর্গ লাভ করে, যে স্বর্গে যাইয়া শোক অমুভব করে না ॥৬৮॥

ধর্ম, অর্থ ও কাম—এই তিনটী পুরুষার্থ যেমন অক্ষয়স্থর্গজ্ঞনক হয়, দক্ষিণায়ি, গার্হপত্য ও আহবনীয়—এই তিনটী অগ্নিও সেইরূপই অক্ষয়স্থর্গজ্ঞনক হয় লাকে, আবার পুত্র, পৌত্র ও প্রপৌত্র—এই তিনটী সম্ভানও তেমনই অক্ষয়স্থর্গজনক হয় ॥৬৯॥

# শশুর উবাচ !

বাতাতপবিশীর্ণাঙ্গীং শ্বাং বিবর্ণাং নিরীক্ষ্য বৈ।
কশিতাং হুব্রতাচারে! কুধাবিহবলচেত্যম্ ॥৭১॥
কথং শক্তৃন্ গ্রহীয়ামি ভূজা ধর্মোপঘাতকঃ।
কল্যাণরত্তে! কলাণি! নৈবং দ্বং বক্তু সহিসি ॥৭২॥ (যুগ্মকম্)
মঠে কালে ব্রতবতীং শোচশীলতপোহন্বিতাম্।
কুচ্চুরুজিং নিরাহারাং দ্রক্ষ্যামি স্থাং কথং শুভে!॥৭৩॥
বালা কুধার্তা নারী চ রক্ষ্যা শ্বং সততং ময়া।
উপবাসপরিশ্রোস্তা শ্বং হি বাদ্ধবনন্দিনী ॥৭৪॥

স্কুষোবাচ। গুরোম'ন গুরুস্তং বৈ যতো দৈবতদৈবতম্। দেবাতিদেবস্তস্মাত্তং শক্তৃনাদৎস্ব মে প্রভো!॥৭৫॥

### ভারতকৌমুদী

বাতেতি। কশিতাং ক্লিটাম্, হে স্বতাচারে !। ধর্মোপঘাতকত্তব কটজননাৎ ॥৭১— ৭২॥
বর্চ ইতি। ব্রতবতীম্ জনাহারনিয়মযুক্তাম্। কুচ্ছুবৃত্তিং কটে বর্তমানাম্ ॥৭৩॥
বালেতি। উপবাদেন পরিপ্রান্ধা জবদরা, বাজবানাং লাকাদীনাং নশিনী জানন্দকারিশী ॥৭৪॥

আমরা শুনিয়াছি যে, পুত্র পিতৃগণকে ঋণ হইতে উদ্ধার করে এবং মামুষ পুত্র, পৌত্র ও প্রপৌত্রদারা নিশ্চয়ই উন্তম স্বর্গ লাভ করিয়া থাকে'॥৭০॥

শশুর বলিলেন—'স্থনিয়মাচারে! তোমার অঙ্গ সকল বায়ুতে ও রৌজে বিশীর্ণ হইয়াছে, বর্ণ মলিন হইয়া গিয়াছে এবং ক্ষার যন্ত্রণায় তুমি ক্লেশ ভোগ করিতেছ, আর চিত্তও আকুল হইয়াছে, ভোমাকে এইরূপ দেখিয়া ধর্মনাশক হইয়া আমি কিপ্রকারে ভোমার শক্তু গ্রহণ করিব; অভএব ক্ল্যাণস্থভাবে কল্যাণি! তুমি এইরূপ বলিভে পার না ॥৭১—৭২॥

কল্যাণি! দিনের ষষ্ঠ যামার্জেও তুমি অনাহারব্রুড পালন করিতেছ; পবিত্রতা, সংব্রভাবে ও তপস্তায় রহিয়াছ, তথাপি তুমি কষ্ট ভোগ করিতেছ, আমি ডোমাকে এই অবস্থায় কিপ্রকারে দেখিব ? ॥৭৩॥

তুমি বালিকা, নারী ও কুধার্তা; সুতরাং সর্বাদাই তোমাকে বক্ষা করা আমার উচিত; বিশেষতঃ, তুমি বন্ধুবর্গের আনন্দকারিণী হইরাও উপবাসে ক্লান্ত হইরা পড়িয়াছ' ॥৭৪॥

দেহ: প্রাণ\*চ ধশ্ম\*চ শুশ্রেষার্থসিদং গুরো:।
তব বিপ্রা: প্রসাদেন লোকান্ প্রাপ্স্যামহে শুভান্॥৭৬॥
অবেক্যা ইতি কৃত্বাহং দৃঢ়ভক্তেতি বা দ্বিজ্ঞা!।
চিন্ত্যা মনেযমিতি বা শক্তনাদাতুম্হসি॥৭৭॥
শশুর উবাচ।

অনেন নিত্যং সাধিব ! **ছং শীলর্ত্তেন শোভসে।** যা **ছং ধর্মত্রতোপেতা গুরুর্ত্তিমবেক্ষসে ॥৭৮॥** তম্মাৎ শক্তৃন্ গ্রহীয়ামি বধু! নার্ছসি বঞ্চাম্। গণয়িত্বা মহাভাগে! **ছাং** হি ধর্মভূতাংবরে!॥৭৯॥

# ভারতকৌমুদী

গুরোরিতি। বং মম গুরো: পত্যু: গুরু: পিতা, তত এব দৈবতক্ত দেবতায়া অপি দৈবতং দেবতা ॥৭৫॥

দেহ ইতি। ইদং ত্রয়ং শুরো: শুশ্রবার্থম্। অতো দেহাদিনাশেহপি তব সংস্থোব: ক্রণীয় ইত্যাশর: ॥৭৬॥

জবেক্যেতি। অবেক্যা স্থেহেন স্কুইব্যা। চিস্তা সস্তোৱাজন চিস্তনীয়া ॥৭৭॥ জনেনেতি। শীলবৃত্তেন স্বভাবচরিত্তেণ। গুরোর্ডিং শশুরক্ত সনোভাবম্॥৭৮॥ তত্মাদিতি। শক্তুন্ অব্ভাগে স্থিতান্, বঞ্নাং অদীয়শক্ত্বগ্রহণক্ষণাং প্রতারণাম্॥৭৯॥

পুত্রবধ্ বলিল— প্রভূ! যেহেতু আপনি আমার গুরুরও গুরু, দেবভারও দেবতা এবং দেবগণের মধ্যেও অভিদেবতা; অতএব আপনি আমার শক্ত-গ্রহণ করুন ॥৭৫॥

বান্ধণ! দেহ, প্রাণ ও ধর্ম—এই তিন্টী গুরুর শুঞাষার নিমিন্ত। সে যাহা হউক, আপনার অনুগ্রহে আমি মঙ্গলময় লোক লাভ করিব ॥৭৬॥

ত্রাশ্বণ! আমি আপনার পর্য্যবেক্ষণীয়া ও অত্যস্ত ভক্তা, কিংবা এ আমার চিস্তনীয়া---এই সমস্ত ভাবিয়া আপনি শক্তুগুলি গ্রহণ করিতে পারেন' ধুণ্য

শৃশুর বলিলেন—'নাধি। তুমি তোমার এই স্বভাব ও চরিত্রের গুণে সর্ব্বদাই শোভা পাইতেছ। যে তুমি ধর্মনিয়মসম্পন্না থাকিয়া গুরুজনের মনোবৃত্তির অপেকা করিয়া চলিয়া থাক ॥৭৮॥

অন্তএব বধু। তুমি বঞ্চনার যোগ্য নহ; বিশেষতঃ মহাভাগে ধার্মিকশ্রেষ্ঠে। তোমার গুরুষ অনুসরণ করিয়া আমি ভোমার শক্তু গ্রহণ করিভেছি'॥৭৯॥

<sup>(</sup>१३) षः हि धर्षञ्जाः वदा-नि ।

ইত্যুক্ত্যা তামুপাদায় শক্তন প্রাদাদ্দিকাতয়ে।
ততস্ত্যে ইভবদিপ্রস্থা সাধার্য হাম্মনঃ ॥৮০॥
শ্রীতাম্মা স তু ওং বাক্যমিদমাহ দির্ব্ধভম্।
বাগ্মী তদা দিরুপ্রেষ্ঠে। ধর্মঃ পুরুষবিগ্রহঃ ॥৮১॥
শুদ্দেন তব দানেন আয়োপাত্তেন ধর্মাতঃ।
যথাশক্তি বিস্ফেন শ্রীতোহম্মি দিরুপত্তম ! ॥৮২॥
আহো দানং ঘ্যুতে তে স্বর্গে স্থানিবাদিভিঃ।
গগনাৎ পুষ্পাবর্ষক পশ্যোদং পতিতং ভুবি॥৮০॥
স্থার্মিদেবগন্ধর্বা যে চ দেবপুরঃসরাঃ।
স্থাবস্থা দেবদুতাশ্চ স্থিতা দানেন বিশ্মিতাঃ॥৮৪॥

# ভারতকৌমুদী

ইতীতি। বিজাতয়ে অভিথয়ে। ততা গৃহস্থা নাধো: সম্বাদে ॥৮০॥ প্রীতেতি। তং গৃহস্ম্। বিজ্ঞোষ্ঠ: অতিথিরূপী, পুরুষবিগ্রহো মান্ত্রমূর্তি: ॥৮১॥ শুরেনেতি। শুরেন নিম্পাপেন, ভায়োপাতেন ভায়াজিতজ্বাসম্বাদিনা ॥৮২॥ অহো ইতি। পুম্পবর্ষং ভব্ছপরিকৃতম্॥৮৩॥

#### ভারতভাবদীপঃ

কর্মিতি শেষ:। শুক্লত জ্যেষ্ঠত পক্ষে ॥৩০—१৭॥ অবেক্যা পালনীয়া, চিস্তা পরীক্ষণীয়া ॥৭৮॥ তে বরে শ্রেষ্ঠে মহাভাগে! তাং ধর্মভূতাং মধ্যে গণয়িত্বা শক্র গ্রহীয়ামীত্যবয়: ॥৭৯—১১৬॥

ইতি শ্রীমহাভারতে নৈলক্ষ্ঠীয়ে ভারতভাবদীপে আখনেধিকপর্বাণি অখনেধে ত্রেয়াদশাধিকশততমোহধ্যায়: ॥১১৩॥

এই কথা বলিয়া উঞ্বৃত্তি ব্ৰাহ্মণ পুত্ৰবধ্ব সেই শক্তুগুলি লইয়া অভিধি-ব্ৰাহ্মণকে দান করিলেন। তাহার পর সেই অভিধিব্ৰাহ্মণ সাধু ও মহাত্মা গৃহস্থ-ব্ৰাহ্মণের উপরে সম্ভূষ্ট হইলেন ॥৮০॥

তখন আস্থারূপী, সামুষমূর্ত্তি ও বাক্পটু স্বয়ং ধর্মান্ত সন্তষ্ট হইয়া গৃহন্ত-আস্থাকে এই কথা বলিলেন — ॥৮১॥

ধর্মাদৈশর্য্যমেবাগ্রাং ধর্মাৎ স্বর্গাতিঃ পরা ॥১৯॥
ধর্মোইয়ং দেবিতঃ শুদ্ধস্রায়তে মহতো ভয়াৎ।
ধর্মাদ্দিজজং দেবজং ধর্মঃ পাবয়তে নরম্॥২০॥
যদা চ ক্ষীয়তে পাপাং কালেন পুরুষস্ত তু।
তদা সঞ্জায়তে বৃদ্ধির্ধর্মাং কর্ত্তুং যুধিষ্ঠির ! ॥২১॥
জন্মান্তরসহকৈস্ত মনুযাজং হি ছল্লভম্।
তদ্গজাপীহ যো ধর্মাং ন করোতি স্বঞ্জিতঃ ॥২২॥
কুৎসিতা যে দরিদ্রাশ্চ বিরূপা ব্যাধিতান্তথা।
পরদ্বেয়াশ্চ মূর্থাশ্চ ন তৈথার্মঃ কৃতঃ পুরা॥২৩॥

# ভারতকোমুদী

ধর্ম ইতি। নাথং প্রভুং দর্বত হিতকারিখাদিতি ভাবং ॥১৮॥
ধর্মাদিতি। ঐশব্যং প্রভুত্বম্, অগ্রাং শ্রেষ্ঠম্। দর্বত্ত ভবতীতি শেবং ॥১৯॥
ধর্ম ইতি। বিজ্ঞত্ব বাল্লণত্বম্, পাবয়তে পবিত্তং করোভি ॥২০॥
বদেতি। কালেন তুঃধভোগাং, পাপং ক্ষীয়তে ॥২১॥

জনেতি। ভনম্যতং গ্ৰাপি লকুাপি ॥২২॥

রাজভোঠা থাম শ্রুত, জাত, কথিত, কৃত বা অনুমোদিত হউক, মানুষকে ইচ্ছাপদে উপনীত করে ॥১৭॥

শক্রসস্থাপক রাজা ! ধর্ম মাহুষের পিতা, মাতা, প্রভু, স্থস্থং, ভাতা, স্থা ও অধিপতিস্বরূপ ॥১৮॥

ধর্ম হইতে সাহ্যের অর্থ, কাম, ভোগ, সুখ, শ্রেষ্ঠ ঐশ্বর্য এবং উত্তম স্বর্গ লাভ হয়॥১৯॥

এই বিশুদ্ধ ধন্মের সেব। করিলে এই ধর্ম সামুষকে মহাভয় হইতে রক্ষা করে। ধর্ম হইতে আক্ষান্ত, এমন কি দেবত পর্যাস্ত হইয়া থাকে এবং ধর্ম মামুষকে পরিত্র করে॥২০॥

মহারাজ। তৃঃখভোগনিবন্ধন কালক্রমে মানুষের যখন পাপক্ষ হয়, তখন ধর্ম করিবার জন্ম ভাহার বুদ্ধি জন্মিয়া থাকে ॥২১॥

সহস্র জন্মধারাও মনুয়াধ লাভ করা ছক্কর; স্তরাং যে লোক এই জগতে সেই মনুয়াধ লাভ করিয়াও ধর্ম সঞ্চয় করে না, সে বঞ্চিত হইয়া থাকে ॥২২॥ যে চ দীর্ঘায়ুষঃ শুরাঃ পণ্ডিতা ভোগিনস্তথা।
নীরোগা রূপদম্পন্নাস্তৈধ র্মঃ হুকুতঃ পুরা ॥২৪॥
এবং ধর্মঃ কুতঃ শুদ্ধো নয়তে গতিমুক্তমামৃ।
অধর্মঃ দেবতে যস্ত তির্যুগ্যোন্সাং পতত্যদৌ ॥২৫॥
ইদং রহস্তং কোন্তেয় ! শৃণু ধর্মমমুক্তমমৃ।
কথয়িয়ে পরং ধর্মঃ তব ভক্তস্ত পাণ্ডব ! ॥২৬॥
ইফস্তম্মি মেহত্যর্থং প্রপন্নশ্চাপি মাং সদা।
পরমার্থমিপ ক্রয়াং কিং পুন্ধ র্মানংহিতাম্ ॥২৭॥
ইদং মে মানুষং জন্ম কৃত্যাজানি মায়য়া।
ধর্মসংস্থাপনার্থায় ছুন্টানাং নাশনায় চ ॥২৮॥

#### ভারতকোমুদী

কুংদিতা ইতি। বিরূপা: কাণ্থঞাদয়:। পুরা পূর্কজননি ॥২৩॥

य ইতি। ভোগিন: অধিন:। হারত: অষ্ঠভাবেন বিহিত:॥২৪॥

এবমিতি। নয়তে সাহ্যং প্রাপয়তি ॥২৫॥

ইদমিতি। রহসি ভবং রহক্তং গোপনীয়ম্॥২৬॥

ইট ইতি। ইটা প্রিয়া, প্রণন্ধা শরণত্যা প্রাপ্তঃ ॥২ ৭॥

ইদমিতি। মে ময়া, আতানি স্বাসিন্॥২৮॥

যাহারা কুংসিত, দরিজ, বিকৃতমূর্ত্তি, রোগী, পারের বিদ্বেষভাজন ও মূর্থ, ভাহারা পুর্বজ্ঞে ধর্ম সঞ্চয় করিয়াছিল না॥২৩॥

আর যাহার। দীর্ঘায়, বীর, পণ্ডিত, সুখী, নীরোগ ও রূপবান্, ভাহার। পুর্বজন্মে সমীচীনভাবে ধর্ম সঞ্চয় করিয়াছিল ॥২৪॥

এইরপ নির্দোষ ধর্ম সঞ্য় করিলে সেই ধর্ম মানুষের উত্তম গতি সম্পাদন করে, আর যে লোক অধর্মের অনুষ্ঠান করে, সেলোক ভির্যাগ্যোনিতে উৎপন্ন হইয়া থাকে ॥২৫॥

কুম্ভীনন্দন! এই গোপনীয় সর্কোত্তম ধর্ম শ্রাবণ করুন। পাণ্ড্রন্দন! আপনি আমার ভক্ত বলিয়া আপনার নিকট পরম ধর্ম বলিব ॥২৬॥

রাজা! আপনি আমার অত্যন্ত প্রিয় এবং সর্বদা আমার শরণাপন্ন; স্কুতরাং আমি আপনার নিক্ট প্রমাথ্ড বলিতে পারি, তাহাতে ধর্মের বিষয়ে আরু কি বলিব ॥২৭॥

আমি ধর্মসংস্থাপন ও তৃষ্ট দমনের জন্ম নায়া করিয়া নিজের এ**ই মমুস্ত জন্ম** সম্পাদন করিয়াছি ॥২৮॥ মানুষ্যং ভাবমাপন্নং যে মাং গৃহস্ত্যবজ্ঞরা।
সংসারান্তর্হি তে মৃঢ়ান্তির্ব্যগ্যোনিষ্বনেকশঃ ॥২৯॥
যে চ মাং সর্বভূতস্থং পশুন্তি জ্ঞানচক্ষুষা।
মদ্ভক্তাংক্তান্ সদ। যুক্তান্ মৎসমীপং নয়াম্যহম্ ॥০০॥
মদ্ভক্তান বিনশুন্তি মদ্ভক্তা বীতকল্মষাঃ।
মদ্ভক্তানান্ত মানুয্যে সফলং জন্ম পাণ্ডব!॥০১॥
অপি পাপেষভিরত। মদ্ভক্তাঃ পাণ্ডুনন্দন!।
মুচ্যন্তে পাতকৈঃ সর্বৈঃ পদ্মপত্রমিবান্তসা॥০২॥
জন্মান্তরসহত্বের্ তপ্সা ভাবিতাত্মনাম্।
ভক্তিরুৎপত্যতে তাত! মনুষ্যাণাং ন সংশয়ঃ॥০০॥
যচ্চ রূপং পরং গুহুং কৃটস্থ্যচলং ধ্রুবম্।
ন দৃশ্যতে তথা দেবৈমদ্ভক্তিদ্প্যতে যথ।॥০৪॥

# ভারতকৌমুদী

মাহত্তমিতি। গৃহস্তি জানন্তি। সংসারান্তঃ সংসারমধ্যে, তির্থ্যগ্রোনিষ্ জায়ন্ত ইতি শেষঃ ॥২৯॥

ষ ইতি। সর্বভৃতত্বং জীবাত্মরণেণ। যুক্তান্ যোগসমন্বিতান্॥৩-॥

মদিতি। বীতকল্মধান্ত্যক্তপাপা ভবস্কি। মাহুয়ে মহুয়ালোকে ॥৩১॥

অপীতি। পাণেষু কর্মন্থ। মুচ্যন্তে ত্যক্তে ॥৩২॥

ব্দরেতি। ভাবিতাত্মনাং শোণিতচিত্তানাম্ ॥৩৩॥

विनि । क्टेंग्रः ज्ञनग्रन्थिम् ॥७८॥

যাহার। অবজ্ঞাপুর্বক আমাকে মাতুষ বলিয়া মনে করে, সেই মুর্থের। সংসারমধ্যে অনেক বার ভির্যুগ্যোনিতে জন্মিয়া থাকে ॥২৯॥

আর যাহার। জ্ঞানদৃষ্টিতে আমাকে সর্বপ্রাণীতে দর্শন করে, সর্বদা যোগ-সমন্বিত ও মদ্ভক্ত সেই সকল লোককে আমি আমার নিকটে লইয়া যাই ॥৩০॥

পাণ্ড্নন্দন ! আমার ভক্তেরা বিনষ্ট হয় না, আমার ভক্তেরা পাপহীন হইরা থাকে এবং আমার ভক্তগণেরই মনুয়ালোকে জন্ম সফল হয় ॥৩১॥

পাণ্ড্নন্দন! আমার ভজের। পাপকার্য্যে নিরত হইয়াও, পদ্মপত্র যেমন জলবিহীন হয়, তেমন সমস্ত পাপবিহীন হইয়া থাকে ॥৩২॥

বংস! সহস্র সহস্র জন্মে তপস্থার গুণে যাহাদের চিত্ত শুদ্ধ হয়, সেই
মনুষ্যুগণেরই আমার প্রতি ভক্তি উৎপন্ন হইয়া থাকে, এ বিষয়ে কোন সন্দেহ
নাই ॥৩৩॥

অপরং যদ্ধ মে রূপং প্রাত্মভাবের দৃশ্যতে।
তদর্চয়ন্তি সর্বাহর্পি: সর্বস্থানি পাণ্ডব!।।৩৫।।
কল্পকোটিসহস্রের ব্যতীতেম্বাগতের চ।
দর্শরামীহ তদ্ধেপং যদ্ধ পশ্যন্তি মে হারা: ॥৩৬॥
স্থিত্যুৎপত্তিব্যয়করং যো মাং জ্ঞাত্ব। প্রপত্ততে।
অনুগৃহ্লাগ্যহং তং বৈ সংসারান্ মোচয়ামি চ॥৩৭॥
অহমাদিহি দেবানাং স্ফা ব্রহ্মাদয়ো ময়া।
প্রাকৃতিং স্বামবউভ্য জগৎ সর্বাং স্কাম্যহ্য্॥৩৮॥
তমােম্লাহহ্মব্যক্তাে রজােমধ্যে প্রতিষ্ঠিতঃ।
উদ্ধং সত্ত্বং বিনা লাভং ব্রহ্মাদস্তম্পর্যতঃ॥৩৯॥

#### ভারতকৌমুদী

অপরমিতি। প্রাহর্ভাবের্ অবতারেষ্। স্বার্থিঃ সর্বপ্রহাত্তঃ ॥৩৫॥

কলেতি। আগতেষ্ভবিশ্বংহা দর্শয়ামি কঞ্চিদ্ভক্তমিতি শেষ: ॥৩৬॥

স্থিতীতি। যো মাং স্থিত্যংপতিব্যয়করম্ উৎপতিত্বিতিনাশজনকম্, জ্ঞাতা, প্রপদ্ধত আশ্রয়তি ॥৩৭॥

অহমিতি। প্রকৃতিং ত্রিগুণাত্মকং প্রধানম্, অবইভ্য আপ্রিত্য ১০৮॥

ভম ইতি। অহং, লোভং জননপ্রবৃত্তিং বিনা তল্লোভে গুণবৈষম্যাৎ, তমো গুণ এব মূলং নিম্নদেশো যক্ত সং, মধ্যে রজো রজোগুণরূপঃ প্রতিষ্ঠিতঃ, তথা উদ্ধং সন্তর্গঃ, একৈবালিফপ্রি

আমার যে রূপটী প্রম গোপনীয়, হাদয়স্থিত, অচল ও চিরস্থায়ী; আমার ভক্তেরা সেই রূপটী যেমন দেখিতে পায়, দেবতারাও তেমন সে রূপ দেখিতে পান না ॥৩৪॥

পাণ্ড্নন্দন! আমার অপর যে রূপ নানা অবভারে দেখা যায়, সমস্ত প্রাণী সর্ব্বপ্রয়ন্ত্রে সেই রূপের অর্চনা করে॥৩৫॥

দেবতারা আমার যে রূপ দর্শন করেন, সেইরূপ আমি আমার ভক্তকে বছ কালে দেখাইয়া থাকি ॥৩৬॥

যে লোক আমাকে সৃষ্টি, স্থিতি ও লয়কারী জানিয়া<sup>,</sup> আমার শারণাপল হয়, আমি ভাহার প্রতি অসুগ্রহ করি এবং ভাহাকে সংসার হ**ইডে মুক্ত ক**রিয়া থাকি ॥৩৭॥

আমি দেবগণের আদি, আমি একাদি দেবগণকৈ সৃষ্টি করিয়াছি এবং আমি নিজের প্রকৃতিকে অবলম্বন করিয়া সমগ্র জগৎ সৃষ্টি করিয়া থাকি ॥৩৮॥ মুদ্ধানং সে বিদ্ধি দিবং চন্দ্রাদিত্যো চ লোচনে।
গাবোহিয়িত্র ক্রিণো বক্তুং মারুতঃ শ্বনঞ্জ মে॥৪০॥
দিশো মে বাহবশ্চাফৌ নক্ষত্রাণি চ ভূষণম্।
ভাস্তরিক্ষমুরে। বিদ্ধি সর্বভূতাবকাশকন্।
মার্গো মেঘানিলাভ্যান্ত যন্মমোদরমব্যুম্॥৪১॥
পৃথিবীমণ্ডলং যদৈ দ্বীপার্ণনির্মার্ত্য।
সর্বসন্ধারণোপেতং পাদো মন যুধিন্তির।॥৪২॥
স্থিতো হেকগুণঃ খেহহং দ্বিগুণশ্চান্মি মারুতে।
ত্রিপ্রণোহ্যো স্থিতোহহং বৈ সলিলে চ চতুগুণঃ॥৪৩॥

#### ভারতকৌমুদী

ৰক্ত স চাসৌ ভাষো নীচধারংপর্যাতঃ শেষো যতা স চেতি তথোক্তঃ, অব্যক্তো মূল-প্রকৃতিঃ ॥৩৯॥

মুজানমিতি। দিবং স্বর্গম্। শ্বসনং নিশাস: ॥৪०॥

দিশ ইতি। উরো বক্ষ:, সর্বেষাং ভূতানাম্ অবকাশকম্ অবকাশজনকম্। যদব্যয়ম্ অনশবং সমোদরম্, তরেঘানিলাভ্যাং জলধরমাকতয়ে।র্মার্গ:। ষ্ট্পাদোহয়ং শ্লোক: ॥৪১॥

পৃথিবীতি। নগাং শৈলবুক্ষা:॥৪২॥

স্থিত ইতি। শে আকাশে, একগুণ: শক্ষ:, মাকতে বায়ৌ দ্বিগুণ: শক্ষপশৌ আগ্রে দ্বিগুণ: শক্ষপশির্গাণি, চতুগুণ: শক্ষপশির্গায় ॥৪৩॥

আমি ম্লপ্রেকৃতি; তমোগুণ আমার নিয়ে, রজোগুণ মধ্যে এবং সত্তুগ উপারে; জনন্প্রার্তি ব্যতীত এই গুণ্দকল সমান থাকে; আর ইহার উপারে অংশা এবং নিয়ে অনন্তরূপ স্তম্ভ ॥৩৯॥

পাণ্ড্নন্দন! আপনি ইহা এবগত হউন যে, স্বৰ্গ আমার মস্তক, চন্দ্র ও স্থ্য আমার নয়নযুগল, গো, অগ্নিও এখিন আমার মুখ এবং বায়ু আমার নিশাস ॥৪০॥

আটিটা দিক্ আমার বাহু, নক্ষত্র সকল আমার অলস্কার, সমস্ত পদার্থের অবকাশদাত। আকাশ আমার বক্ষ এবং আমার অবিনশ্বর যে উদর, তাহা মেছ ও বায়ুর পথ জানিবেন ॥৪১॥

রাজা। দ্বীপ, সমুত্র, পর্বেত ও বৃক্ষ। দিযুক্ত এবং সমস্ত পদার্থের ধারণকারী যে ভূমগুল, তাহা আমার চরণযুগল ॥৪২॥

আ।মি আকাশে শক্রপে আ।ছি, বায়ুতে শক্ত স্পর্শরূপে রহিয়াছি, অগ্নিতে শক্ত, স্পর্শ ও রূপরূপে থাকি এবং জ্লেশেক, স্পর্শ, রূপ ও রসরূপে অবস্থান করি॥৪৩॥ শকাতা যে গুণাঃ পঞ্চ মহাভূতেয়ু পঞ্জ ।
তন্মাত্রসংস্থিতঃ সোহহং পৃথিব্যাং পঞ্চা স্থিতঃ ॥৪৪॥
অহং সহস্রশীর্ষ্ত সহস্রবদনেক্ষণঃ।
সহস্রবাহুদরপ্তক্ সহস্রোকঃ সহস্রপাৎ ॥৪৫॥
প্থােব্রীং সর্বভঃ সম্যাগত্যতিষ্ঠং দশাঙ্গুলম্।
সর্বস্থিত।জ্বভুতস্থঃ সর্বব্যাপী ততােহস্মাহম্ ॥৪৬॥
তাচস্যোহহ্মনস্তোহ্হমজরোহ্হমজা হ্রম্।
তানাতােহহ্মবধ্যােহ্হমজাবাহ্হমব্যাঃ ॥৪৭॥
নিগুণাহ্হং নিগ্ঢ়াজা নির্দ্ধা নিশ্বমা নৃপ!।
নিক্তাে নিব্বিকারাহং নিদানম্যুত্ত তু॥৪৮॥

### ভারতকোমুদী

শক্তে। মহাভূতেষ্ আকাশাদিধু। তন্মাত্রেষ্ তদাথ্যেষ্ পঞ্জ গুণেষ্ দংস্থিতঃ পঞ্ষা শস-স্পূর্ণ-রূপ-রূপ-রূপ-রূপ-রূপ-রূপ-রূপ-ক্ষা প্রক্ষা এক।বৈঃ ॥৪৪॥

অহমিতি। অত সর্বতি সহস্রণকো বহুপর: ॥৪৫॥

ধুজেতি। দশ।সুলম্ অতীবস্মুম্। "অণোগণীয়ান্" ইত্যাদিশ্রতে:। সর্বেষু ভূতেষু আংআ্ভুতভিঠতীতি স:॥৪৬॥

অচিন্তঃ ইতি। অপ্রমেয়া অক্তেয়া, অব্যয়া অন্ধরা ॥৪৭॥

নিগুণ ইতি। নিগৃঢ়াআ জীবরণা, নিছিন্দ স্থত্যথাদিছীনা। নিছলো নিরংশা, অমৃতভা মোক্ষা, নিদানং কারণম্॥৪৮॥

পঞ্মহ।ভূতে শক্পাভ্তি যে পঞ্জণ আছে, সেইগুলির নাম তন্মাতা, আমি তাহাতেও থাকি এবং পৃথিবীতে শক্, স্পাৰ্শ, রূপ, রগ ও গন্ধরূপে অবস্থান করি ॥৪৪॥

আমার সহস্র মস্তক, সহস্র বদান, সংস্র নায়ন, সহস্র বাহা, সহস্র বাহ

তা। সি সমীচীনভাবে সকল দিকে পৃথিবীকে ধারণ করিয়া কুজরেপে রহিয়াছি এবং তা। সি সমস্ত প্রাণীর জীবাতাম্বরপ, সেই জম্মই তা। সি সর্ব-ব্যাপী ॥৪৬॥

আমি অচিন্তুনীয়, স্মীম, স্জ্র, জন্মবিহীন, স্নাদি, স্বধ্য, সংস্ক্রয় ও স্নশ্র ॥৪৭॥

রাজা! আমি নিগুন, নিগ্ন, স্থত্ংখাদিশ্স, মমতাবিহীন, অংশরহিত, বিকারবজ্জিত এবং মৃক্তির কারণ,॥৪৮॥ স্থা চাহং স্থা চাহং স্বাহা চাহং নরাধিপ!।
তেজ্ঞদা তপদা চাহং ভৃতগ্রামং চতুর্বিধম্।
সেহপাশৈশু নিজে ধার্যাম্যাজ্ঞমায়য়।।৪৯॥
চতুর ল্রান্সধর্মোইহং চাতুর্হোত্রফল।শনঃ।
চতুর ল্রিশ্চতুর্যজ্ঞশ্চতুরাল্রমভাবনঃ ॥৫০॥
সংহত্যাহং জগৎ দর্বং কৃত্তা বৈ গর্ভমাত্মনঃ।
শায়ামি দিব্যযোগেন প্রলয়ের যুধির্চির!।৫১॥
সহস্রযুগপর্যান্তান জঙ্গমানি স্থিরাণি চ॥৫২॥
কল্পে কল্পে চ ভূতানি সংহরামি স্কামি চ।
ন চ মাং তানি জানন্তি মায়য়া মোহিতানি সে॥৫৩॥

# ভারতকৌমুদী

হুধেতি । চতুর্বিধং জর।যুকাওজবেদজোভিজ্জরণম্। গুণৈ: স্থাদিগুণময়েন প্রধানেন বৃদ্ধ:। ষট্পাদোহয়ং সোক: ॥৪৯॥

চতুরিতি। অহং চতুরাশ্রমাণাং ব্রহ্মচর্য্যাদীনাং ধর্মঃ, চাতুর্হোত্তং ষঞ্জবিশেষত্বস্থ ফলম্
অম্বাতি তুনক্ষীতি সং। চতুর্গ্রিঃ ব্রহ্ম-বিষ্ণু-মহেশর-প্রকাপতিরূপঃ, চতুর্যক্ষঃ প্রাণ্ডক্তচাতুর্হোত্তশর্মণঃ, তথা চতুরো ব্রহ্মচর্য্যাদীন আশ্রমান্ ভাবয়তি উৎপাদয়তীতি সং॥৫০॥

সংস্তৃত্যতি। সংস্তৃ বিনাষ্ঠ, গর্ভমুদ্রস্থম্। শয়ামি স্থাপিম ॥৫১॥ সহস্রেতি। অস্থাপ ইয়ং আসী তাম্। স্থিরাণি স্থাবরাণি ॥৫২॥ করু ইতি। ভূতানি প্রাণিনঃ। তানি ভূতানি ॥৫৩॥

নরনাথ! আমি সুধা, আমি স্বধা, আমি স্বাহা এবং আমি প্রকৃতিকর্তৃক বদ্ধ হইয়া তেজ, তপস্থা, স্নেহ ও আজুমায়াদারা জ্রায়্জপ্রভৃতি চতুবিধভূত সমূহ ধারণ করি ॥৪৯॥

আমি ব্রহ্মচর্য্যপ্রভৃতি চারিটী আশ্রমের ধর্মস্বরূপ, চাতুর্হোত্তযজ্ঞের ফল ভোগ করি, ব্রহ্মা, বিষ্ণু, মহেশ্বর ও প্রজাপতি এই চারিটা আমার মূর্ত্তি এবং ব্রহ্মচর্য্য, গার্হস্থ্য, বানপ্রস্থ ও ভিক্ষ্—এই চারিটা আশ্রম আমিই সৃষ্টি করিয়াছি ॥৫০॥

রাজা! আমি প্রলয়কালে সমগ্র জগৎ সংহার করিয়া এবং তাহা নিজের উদরের ভিজ্ঞর রাখিয়া অলৌকিক যোগপ্রভাবে শয়ন করিয়া থাকি ॥৫১॥

সহস্র যুগপরিমিত ব্রহ্মার রাত্রিকালে আমি মহাসমূত্রে শয়িত থাকিরা ভাহার পর স্থাবর ও জঙ্গম প্রাণিগণকে স্তুষ্টি করি ॥৫২॥ মম চৈবান্ধকারস্থ মার্গিত্রাস্থ নিত্যশঃ।
প্রশান্তন্থের দীপস্থ গতিনৈবোপলভাতে ॥৫৪॥
ন তদন্তি কচিদ্রাজন্! যত্তাহং ন প্রতিষ্ঠিতঃ।
ন চ তদ্বিভাতে ভূতং সয়ি যন্ধ প্রতিষ্ঠিতস্॥৫৫॥
যাবস্মাত্রং ভবেদ্ভূতং স্থূলং সূক্ষমিদং জগং।
জীবভূতো হহং তস্মিংস্তাবস্মাত্রং প্রতিষ্ঠিতঃ॥৫৬॥
কিঞ্চাত্র বহুনোক্তেন সত্যমেতদ্ব্রীসি তে।
যদ্ভূতং যদ্ভবিশ্বচ্চ তৎসর্বসহমের ভূ॥৫৭॥
ময়া স্ফানি ভূতানি সন্ময়ানি চ ভারত!।
মানের ন বিজানন্তি সায়য়া সোহিতানি বৈ॥৫৮॥

#### ভারতকোমুদী

মমেতি। অককারত মারারপতা তপদা, মার্গিতব্যতা মৃমুক্তিরবেইব্যতা ॥৫৪॥ নেতি। ভূতং প্রাণী ক্ষিত্যাগুলুতমাঘা। "তিম্মিন্ লোকাঃ প্রিতাঃ দর্বে" ইতি প্রতেঃ ॥৫৫॥ যাবদিতি। স্থুলং স্থানরাদি, স্কাং পিপীলিকাদি॥৫৬॥

কিমিডি। ভূতমতীতম্ সন্দংশপাতভায়াৎ বর্তমানক "সর্বং ধৰিদং এক্ষ" ইডি শ্রুডে: ॥ ৭॥

মরেতি। মরুয়ানি "আবৈয়ব জায়তে পুত্র:" ইতি স্থায়াৎ ॥৫৮॥

আমি প্রত্যেক কল্পে প্রাণিগণকে সৃষ্টিও সংহার করিয়া থাকি; কিন্তু আমার মায়ায় মোহিত সেই প্রাণীরা আমাকে জানিতে পারে না ॥৫৩॥

মুমুক্গণ সর্বাদাই আমার মায়ার অন্বেষণ করেন; কিন্তু নির্বাণ দীপের স্থায় সেই মায়ার গতি তাঁহারা বুঝিতে পারেন না ॥৫৪॥

রাজা। আমি যাহাতে থাকি না, সে রূপ পদার্থ কোথাও নাই এবং যে প্রাণী আমাতে থাকে না, তেমন প্রাণীও নাই ॥৫৫॥

এই জগতে সুল ও সৃদ্ধ যত প্রাণী আছে, সেই সমস্ত প্রাণীতেই আমি জীবরূপে প্রতিষ্ঠিত আছি ॥৫৬॥

রাজা। এই বিষয়ে বছ বলিয়া কি হইবে। ইহা আমি সভ্য বলিভেছি যে, যাহা অভীত হইয়াছে, যাহা বর্তমান আছে এবং যাহা ভবিশ্বতে হইবে, সে সমস্কই আমি ॥৫৭॥

ভরতনন্দন ৷ আমি প্রাণিগণকে সৃষ্টি করিয়াছি; সুভরাং সে প্রাণীরা আমার বরূপ; তথাপি ভাহারা আমার মারায় মোহিত হইয়া আমাকেই আনে না ॥৫৮॥ এবং সর্বং জগদিদং সদেবাসুরমাসুষ্য।
সত্তঃ প্রভবতে রাজন্! স্বেয়ব প্রবিলীয়তে ॥৫৯॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাশ্বেদিকপর্মনিণি অশ্বেয়েধে বৈষ্ণবধর্মাকথনে সপ্তদশাধিক-

শতত্সোহধ্যায়ঃ॥।॥ #

# অপ্তাদশাধিকশততমোহধ্যায়ঃ

--:**\***:--

, বৈশম্পায়ন উবাচ।

এবনাজোদ্ভবং সর্বং জগতুদ্দিশ্য কেশবঃ।
ধর্মান্ ধর্মাজজন্তাথ পুণ্যানকথয়ৎ প্রভুঃ॥১॥
শৃণু পাণ্ডব! তত্ত্বেন পবিত্রং পাপনাশনম্।
কথ্যমানং ময়া পুণ্যং ধর্মশাস্ত্রফলং মহৎ॥২॥

# ভারতকৌমুদী

এবনিতি। মত্তো মম দকাশাৎ, প্রভবতে উৎপগতে ॥৫৯॥
ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহ্রিদাসনিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং
মহাভারতটীকায়াং ভারতকৌম্নীসমাধ্যায়ামাশ্রমেধিকপর্বনি
অশ্বমেধে সপ্রদশাধিকশভতবাহধ্যায়ঃ ॥৽॥

-:\*:--

এবমিতি। উদ্দিশ্য উক্ত্বা। ধর্মাত্মপ্রশ্র সমীপে, পুণ্যান্ শৃথতে। হপি পুণ্যক্ষনকান্ ॥১॥
শৃবিতি। তবেন যাথার্থোন। পুণ্যাং পুণ্যক্ষনকম্ ॥২॥

রাজা। দেবতা, অসুর ও মানুষের সহিত এই সমগ্র জগৎ এইভাবে আমা হইতে উৎপন্ন হয় এবং আমাতেই লয় পায়'॥৫৯॥

#### --:#:---

বৈশম্পায়ন বলিলেন—প্রভাবশালী কৃষ্ণ এইভাবে সমগ্র জ্বগৎ আপনা হইতে উৎপন্ন হইয়াছে বলিয়। যুধিষ্ঠিরের নিকটে পুণ্যজনক বৈষ্ণবধর্ম বলিভে আরম্ভ করিলেন—॥১॥

'পাভুনন্দন! পবিত্র, পাপনাশক ও পুণ্যজনক ধর্মশাজ্ঞের কলস্বরূপ মহা-ধর্ম আমি যথার্থরূপে বলিডেছি, আপনি প্রবণ করুন ॥২॥ যঃ শৃণোতি শুচিভূ স্থা একচিত্তস্তপোযুতঃ।
স্বর্গ্যং যশস্ত্র ধর্মাং জ্রেয়ং যুধিন্তির ! ॥৩॥
শ্রেদধানস্ত তস্তেহ যৎ পাপং পূর্বসঞ্চিত্র ।
বিনশ্যত্যাশু তৎ সর্বং মদ্ভক্তস্ত বিশেষতঃ ॥৪॥ (যুগ্মকম্)
বৈশম্পায়ন উবাচ।

এবং শ্রুছা বচঃ পুণ্যং সত্যং কেশবভাষিত্য।
প্রহাইননসো ভূছা চিন্তয়স্তোহভূতং পরস্ ॥ ৫॥
দেবব্রক্ষর্যঃ সর্বে গন্ধবাপ্সরসন্তথা।
ভূতা যক্ষগ্রহাশৈচব গুহুকা ভূজগান্তথা ॥ ৬॥
বালখিল্যা মহাত্মানো যোগিনন্তব্দশিনঃ।
তথা ভাগবতাশ্চাপি পঞ্চকালমুপাসকাঃ॥ ৭॥
কৌত্হলসমাবিন্টাঃ প্রহাইন্দিয়মানমাঃ।
শ্রোত্কামাঃ পরং ধর্মাং বৈষ্ণবং ধর্মাশাসনম্।
হুদি কর্ত্তুঞ্চ তদ্বাক্যং প্রণেম্যঃ শির্মা নতাঃ॥ ৮॥ (কলাপকম্)
তত্তান্ বাস্থদেবেন দৃষ্টান্ দিব্যেন চক্ষ্যা।
বিমৃক্তপাপানালোক্য প্রণম্য শির্মা হরিম্।
প্রচ্ছ কেশবং ধ্র্মিং ধ্রম্প্রঃ প্রতাপবান্॥ ৯॥

### ভারতকোমুদী

য ইতি। স্বৰ্গমিত্যাদিষ্ কিষেব জননাৰ্থে যথতায়:। শ্রুদ্ধানস্থ বিশ্বসত:॥৩—৪॥ এবমিতি। পরম্ অত্যস্তম্। ভূজগা নাগা:। পঞ্চলালং প্রাত:সক্ষ-মধ্যাহ্বাপরাত্ন-সায়াহেষ্। হদি কর্তুং মনসি চিরং স্থাপয়িতুম্। ষ্ট্পাদোহয়ং শ্লোক:॥৫—৮॥

ধর্মরাজ ! যিনি পবিত্র, একাগ্রাচিত ও তপস্থাযুক্ত হইয়া স্বর্গ, যশ ও আয়ু-জনক এই জ্ঞাতব্য ধর্ম শ্রাবণ করেন, শ্রাদাশীল সেই ব্যক্তির বিশেষতঃ আমার ভক্তলোকের পূর্বসঞ্চিত যে পাপ থাকে, সত্ত্রই সে সমস্ত বিনষ্ট হয়'॥৩—৪॥

বৈশাশপায়ন বলিলেন—কুষোক্ত এইরপ সত্য ও পুণ্টজনক বাক্য শুনিয়া অত্যন্ত অন্ত হইবে ইহা ভাবিয়া হাইচিন্ত হইয়া সকল দেবমি, অন্তর্মি, গন্ধর্মে, অন্তরা, ভূত, যক্ষ, গ্রহ, গুহুক, নাগ, মহাত্মা যোগী ও ওত্ত্বদর্শী বালখিলা ও দিনের মধ্যে পাঁচটী সময়ে ভগবানের উপাসক সাধ্গণ কৌতৃক্ষুভ হইয়া উদ্ভেম বৈষ্ণবধর্ম শুনিবার ইচ্ছা করিয়া সম্ভক অবনত করিয়া কৃষণকে নমস্কার করিলেন ॥৫—৮॥

# যুধিষ্ঠির উবাচ।

কীদৃশী ত্রাহ্মণস্থাথ ক্ষত্রিয়স্থাপি কীদৃশী।
বৈশ্যস্থ কীদৃশী দেব! গতিঃ শৃদ্রস্থ কীদৃশী॥১০॥
কথং বধ্যেত পাশেন ত্রাহ্মণস্ত যমালয়ে।
ক্ষত্রিয়ো বাথ বৈশ্যো বা শৃদ্রে। বা বধ্যতে কথম্।
এতৎ কন্ম ফলং ক্রহি লোকনাথ! নমোহস্ত তে ॥১১॥
বৈশম্পায়ন উবাচ।

পৃষ্টোহণ কেশবো ছেবং ধন্ম পুত্রেণ ধীমতা। উবাচ সংগারগতিং চাতুর্বর্ণ্যস্থ কন্ম জাম্॥১২॥

ইতি শ্রীমহাভারতে শতদাহস্র্যাং দংহিতারাং বৈয়াসিক্যামাখ্যেধিক-পর্বাণি অখনেধে বৈষ্ণবধর্মাকথনে অফীদশাধিকশততমোহধ্যায়ঃ॥•॥ \*

#### ভারতকৌমুদী

তত ইতি। বাস্থদেবেন দর্শনাদেব বিমৃক্তপাপানিতি ভাবং। অয়মণি ষট্পাদং শ্লোকং ॥ । কীদৃশীতি। গতিলোঁ কাস্তবং গতভাবস্থা ॥ > ॥ কথমিতি। কথং কীদৃশাম্। ঘট্পাদোহয়ং শ্লোকং ॥ > ১॥ পৃষ্ট ইতি। সংসারাৎ যমালয়গসনাৎ গতিমবস্থাম্ ॥ > ॥ ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহ্রিদাস্থিবাস্থিবাসীশভট্টাচার্য্য-বির্চিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাধ্যায়া-

রেচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমূদীসমাধ্যায়া-মাখনেদিকপর্কণি অষ্টাদশাধিকশততমোহধ্যায়ঃ এ০॥

ভাহার পর কৃষ্ণ দিব্যদৃষ্টি ধার। দর্শন করিলে, তত্রত্য সকলেই পাপবিহীন হইলেন। প্রতাপশালী যুধিন্তির তাহা জানিয়া মন্তক্ষারা কৃষ্ণকে নমস্কার করিয়া তাঁহার নিক্ট ধর্ম জিজ্ঞাসা করিলেন ॥৯॥

যুধিষ্ঠির বলিলেন—'দেব! আক্ষণ, ক্তিয়, বৈশ্য ও শুজের যমালয়ে কি প্রকার অবস্থা হয় ? ॥১০॥

লোকনাথ! যমালয়ে যমের অনুচরের। পাশদারা আহ্মণকে কিঞাকার বন্ধন করে এবং ক্ষত্রিয়, বৈশা ও শৃত্তকেই বা কিপ্রকার বন্ধন করিয়া থাকে? এই ক্রাফল ভূমি আমার নিকট বল, ভোষাকে নমস্কার'॥১১॥

,বৈশম্পারন বলিলেন—ধীমান্ যুধিন্তির এইরূপ প্রশ্ন করিলে, কৃষ্ণ ভাগ্নাদি চারিবর্ণের কর্মজনিভ পরলোকের অবস্থা বলিতে আরম্ভ করিলেন ॥১২॥

# উনবিংশত্যধিকশততমোহধ্যায়ঃ

--:

#### ভগবাসুবাচ।

শৃণু বর্ণক্রমেণৈব ধর্মাং ধর্মাভ্তাং বর!।
নাস্তি কিঞ্চিন্ন শ্রেছি! ব্রাহ্মণস্থ তু ক্লুক্তম্॥১॥
শিথাযজোপনীতা যে সন্ধ্যাং যে চাপুপোসতে।
যৈশ্চ পূর্ণান্ততিঃ প্রাপ্তা বিধিবজ্জুক্ততে চ যে॥২॥
বৈশ্বদেবঞ্চ যে চক্রুঃ পূজ্যস্তাতিথীংশ্চ যে।
নিত্যং স্বাধ্যায়শীলাশ্চ জপযজ্ঞপরাশ্চ যে॥৩॥
সায়ংপ্রাতন্ত্রিশাশ্চ শুদ্রভোজনবজ্জিতাঃ।
দন্তান্তবিস্ক্রাশ্চ স্বারনিরতাশ্চ যে।
পঞ্চযজ্ঞপরা যে চ যেংমিহোক্রমুপাসতে॥৪॥
দহন্তি ক্লুক্তং যেষাং ক্রুমানাস্ত্রয়োহ্যায়ঃ।
নউত্ল্লতকর্মাণো ব্রহ্মলোকং ব্রজন্তি তে॥৫॥ (কলাপকম্)
ভারতক্রিম্দী

শৃথিতি। ব্রাহ্মণত বক্ষামাণপ্রকারত বিপ্রতা অত ব্রাহ্মণগদং ক্তিয়াদীনামপুগেলকণ্ম। এবনেব তেযাসপি স্বধ্র্মাণাং বক্ষামাণতাং। তৃত্বতং পাপম্ ॥১॥

শিংধতি। শিধাৰজ্ঞোগবীতানি এবাং সন্তীতি তে। অৰ্শ আদিছাদং। প্ৰাথা অগ্নিহোৱেদস্টিতা:। স্বাধ্যায়শীলা বেদপাঠ্সমন্বিতা:। হতং হতাবশিষ্ট্য অগ্নতীতি তে, শুক্তভোজনেন শুজারভক্ষণেন বজ্ঞিতা:। দছানৃতাভ্যাং ছল্মিথ্যাব্যবহারাভ্যাং বিম্কা:।
পঞ্চল্পবা অধ্যাপনাদিনিরতা:। "অধ্যাপনং ব্রহ্মক্ত: পিতৃবক্তম্ভ তর্পণ্য। হোমো দৈবো
বলিভৌতি নুৰজোহতিথিপ্জনম্॥" ইতি মন্কা: পঞ্চক্তা:। বট্পাদোহরং জোক:।
ক্রেমা দক্ষিণাগ্রি-পার্হপভ্যাহবনীয়ক্ষণা:॥২—৫॥

ভগবান্ বলিলেন—'ধান্মিকপ্রধান নরশ্রেষ্ঠ ! আপনি বর্ণক্রমে ধর্ম আবশ করুন ৷ বক্ষ্যমাণ প্রকার ব্রাহ্মণের কোন পাপই থাকিতে পারে না ॥১॥

যাঁহাদের সর্বাদা শিখা ও যজ্ঞোপবীত থাকে, যাঁহারা প্রভাহ সন্ধাা করেন, যাঁহারা অগ্নিতে পূর্ণাছতি দিয়া থাকেন, যাঁহারা যথাবিধানে হোন করেন, যাঁহারা ক্তিবিখাদেবের অনুষ্ঠান করেন, যাঁহারা অভিথিসেবা করিয়া পাকেন,

ব্রহ্মলোকে পুনঃ কাসং গন্ধবৈত্র হাগায়কৈ:।
উদ্গীর্যানাঃ প্রযুক্ত পূজ্যুসানাঃ স্বয়স্কুবা।
ব্রহ্মলোকে প্রমোদন্তে যাবদাভূতসংপ্রবম্ ॥৬॥
ক্ষব্রিয়োইপি স্থিতো রাজ্যে স্বধর্মপরিপালক:।
সম্যক্ প্রজাঃ পালয়িতা ষড্ভাগনিরতঃ সদা ॥৭॥
যজ্জদানরতো ধীরঃ স্বদারনিরতঃ সদা ।
শাস্ত্রামুসারী তত্ত্তঃ প্রজাকার্য্যরায়ণঃ ॥৮॥
বিপ্রভাঃ কামদো নিত্যং ভূত্যানাং ভরণে রতঃ।
সত্যুসন্ধঃ শুচিনিত্যং লোভদস্কবিবর্জ্জিতঃ।

ক্ষত্তিয়োহপ্যুত্তনাং যাতি গতিং দেবনিষেবিতাম্ ॥৯॥ (বিশেষকম্)

#### ভারতকৌমুদী

ব্রন্ধেতি। কাসং যথেষ্টম্, ব্রহ্মগায়কৈব্রন্ধলোকীয়গানকারিভি:। আভ্তসংপ্লবং প্রালয়পর্যান্তম্। বটুপাদোহয়ং প্লোক: ॥৬॥

ক্ষির ইভি। পালয়িভেভি ডাচ্ছীল্যে তুন্প্রভায়াং প্রজা ইভি কর্মণি বল্পনিবেধেন বিভীবৈর। বড্ভাগে উৎপর্লভানাং প্রজাভাঃ বর্চভাগগ্রহণে নিরড:। তত্ত্ব: প্রজানান্যবস্থাভিক্র:। কামদ ইচ্ছাস্থারেণ দাতা। সভাসক্ষঃ সভাপ্রভিক্ষ:। বট্পাদোহয়ং স্লোকঃ মুল্লভান

বাঁহার। প্রভাহ বেদপাঠ করেন, বাঁহার। জপযজ্ঞপরায়ণ হন, বাঁহারা সায়ং-কালে ও প্রাভঃকালে হোম করিয়া ভাহার অবশিষ্ট ভোজন করেন, বাঁহার। শুজার ভোজন করেন না, বাঁহার। ছল ও মিথ্যাব্যবহার করেন না, বাঁহার। আপন ভার্যায় নিরত থাকেন, বাঁহার। অধ্যাপনা, পিভূতর্পণ, হোম, বলিবৈশ্বদেবের অমুষ্ঠান ও অভিথিসেবা করিয়া থাকেন, বাঁহার। অগ্লিহোত্রের অমুষ্ঠান করেন এবং দক্ষিণাগ্নি, গার্হপত্য ও আহবনীয়—এই ভিনটী অগ্লিভে হোম করায় বাঁহাদের পাপ দক্ষ হইয়া যায়, সেই পাপবিহীন ব্রাক্ষণেরা ব্রহ্মলোকে গমন করেন ॥২—৫॥

উহোরা ব্রহ্মলোকে গমন করিলে, স্বয়ং ব্রহ্মা তাঁহাদের আদের করেন।
ভরেজ্য গাথক গন্ধবেরিরা সংযত হইয়া তাঁহাদের নিকটে ইচ্ছামুসারে গান
করে—এই অবস্থায় সেই ব্রাহ্মণেরা প্রলয়কাল পর্যান্ত আমোদ করিরা
থাকেন ॥৬॥

বে ক্ষত্রির রাজপদে থাকিয়া আপন ধর্ম প্রতিপালন করেন, সমীচীন-ভাবে প্রজাদিগকে রকা করেন, প্রজাগণের নিকট হইতে উৎপর শক্তপ্রভাজির তত্ত্ব দিব্যাপ্সরোভিস্ত গন্ধবৈশ্চ বিশেষতঃ।

সেব্যমানে মহাতেজাঃ ক্রীড়তে শক্রপ্জিডঃ॥১০॥
চতুরু গানি বৈ ক্রিংশং ক্রীড়িছা তত্ত্ব দেববং।
ইহ মমুম্যলোকে তু চতুর্বেদী দিজে। ভবেং॥১১॥
কৃষিগোপালনিরতো ধর্মান্থেমণতংপরঃ।
দানধর্মেইপি নিরতো বিপ্রশুক্রমকন্তথা॥১২॥
সত্যসন্ধঃ শুচিনিত্যং লোভদন্তবিবিশ্জিতঃ॥১০॥
বাণগ্ধর্মান্নর্মন্ বৈ দেবত্রাহ্মণপুজকঃ।

বৈশ্যঃ স্বৰ্গতিসাপ্তোতি পূজ্যমানোহপ্সরোগণৈঃ ॥১৪॥ (বিশেষকম্)
চতুর্গানি বৈ ত্রিংশৎ ক্রীড়িছা দশ পঞ্চ।
ইহ মসুয়লোকে চ রাজ। ভবতি বীর্যবান্ ॥১৫॥

#### ভারতকৌমূদী

ভবেতি। তত্ত দেবলোকে। শত্রুপ্ জিত ইস্তাদৃত: ॥১০॥
চতুরিতি। চতুর্কেদী চতুর্কেদিবিৎ, দিজো আম্মাণ: ॥১১॥
কুষীতি। গোপালো গোপালন্ম। ঋজু: সরল:। নমুঞ্ন্ অত্যজন্ ॥১২—১৪॥
চতুরিতি। অত্য সংখ্য।নির্দেশো বহুত্মাত্রপর: ॥১৫॥

ষষ্ঠভাগ গ্রহণ করেন, যজ্ঞেও দানে নিরত থাকেন, ধীরপ্রকৃতি হন, সর্বাদা আপন ভার্য্যাতে আসক্ত রহেন, শাস্ত্র অমুসরণ করিয়া চলেন, রাজ্যের সমস্ত অবস্থা অমুসন্ধান করেন, প্রজার কার্য্যসম্পাদনে ব্যাপৃত থাকেন, ইচ্ছামুসারে ব্রাহ্মণদিগকে দান করেন, সর্বাদা ভৃত্যবর্গকে ভরণ করিয়া থাকেন এবং সর্বদা সভ্যপ্রতিজ্ঞ, পবিত্র ও লোভ-প্রভারণাবিহীন হন, সেই ক্ষত্রিয়াও দেবলোকে উত্তম গতি লাভ করেন ॥৭—১॥

মহাডেজা ক্ষত্তিয় সেই দেবলোকে থাকার সময়ে স্বর্গীয় অব্দরা ও গন্ধর্বগণ বিশেষভাবে তাঁহার সেবা করে এবং স্বয়ং ইন্সেও তাঁহার সম্মান করেন ॥১০॥

এইভাবে সেই ক্ষত্রিয় অভিদীর্ঘ কাল সেই দেবলোকে দেবভার স্থায় ক্রীড়া ক্রিয়া. এই মনুস্থলোকে চতুর্বেদ্বিৎ বাহ্মণ হইয়া জন্মগ্রহণ করেন ॥১১॥

কৃষি ও গোপালননিরত, ধর্মান্তুসদ্ধানপরায়ণ, দানধর্মে ব্যাপৃত, ব্রাহ্মণ-শুজাবাকারী, সত্যপ্রতিজ্ঞ, সর্বদা পবিত্র, লোভছেলবিতীন, সরল স্বভাব, নিজ ভার্যাসক্ত, হিংসাজোহরহিত, বাণিজ্যকারী এবং দেব-ব্রাহ্মণপুজক বৈশু স্বর্গ লাভ করিয়া থাকেন ও সেই স্থানে স্বল্যাগণ ভাঁহার সেবা করে ॥১২—১৪॥ শ্বর্গকোট্যঃ পঞ্চাশদ্রদ্ধানাঞ্চ শতং তথা।
হস্ত্যশ্বর্থসংসুক্তো সহাভোগাংশ্চ সেবতে ॥১৬॥
ব্রেয়াণাসপি বর্ণানাং শুশ্রেমানিরতঃ সদা।
বিশেষতস্ত্র বিপ্রাণাং দাসবদ্যস্ত তিষ্ঠতি ॥১৭॥
অ্যাচিতপ্রদাতা চ সত্যশোচসসন্বিতঃ।
শুরুদেবার্চনরতঃ পরদারবিবর্জ্জিতঃ ॥১৮॥
পরপীড়ামকৃত্বৈব ভূত্যবর্গং বিভর্তি যঃ।
শুল্রোহপি স্বর্গমাপ্নোতি জীবানাসভয়প্রদঃ॥১৯॥ (বিশেষকম্)
স স্বর্গলোকে ক্রীড়েছা বর্ষকোটিং সহাতপাঃ।
ইহ সনুষ্যলোকে তু বৈশ্রে। ধনপতির্ভবেৎ ॥২০॥
ব্রং ধর্মাৎ পরং নান্তি সহৎ সংসারমোক্ষণম্।
ন চ ধর্মাৎ পরং কিঞ্চিৎ পাপকর্মব্যপোহনম্॥২১॥

#### ভারতকৌমুদী

স্বর্ণেতি। শতং কোটয়:। সেবতে অহভবতি ॥১৬॥

য়য়াণামিতি। বর্ণানাং ব্রাহ্মণাদীনাম্। অ্যাচিত এব প্রদাতা স:। ভ্তাবর্গং
ভার্ব্যাদিকম্ ॥১৭—১৯॥

দ ইভি। মহাতপা ম্নিরিবেতি শেষ: ॥২০॥ এব্যাভি। সংদারমোক্ষণং সংদারনির্ভিহেতু:। পাপকর্মণাং ব্যপোহনং বিনাশকম্ ॥২১॥

সেই বৈশ্য স্বৰ্গলোকে দীৰ্ঘ কাল বিহার করিয়া এই মহয়েলোকে জন্মগ্রহণের পর বলবান্ রাজা হইয়া থাকেন ॥১৫॥

সেই সময়ে তাঁহার পঞ্চাশ কোটি স্বর্ণমুজা ও শত কোটি রত্নের সম্পত্তি হয় এবং জিনি হস্তী, অশ্ব ও রথযুক্ত হইয়া বিপুল স্বর্খভোগ করিয়া থাকেন ॥১৬॥

যে শুদ্র ব্রাহ্মণাদি তিন বর্ণের সর্বাদা পরিচর্য্যায় নিরত থাকে, বিশেষভাবে ব্রাহ্মণের পরিচর্য্যায় সর্বদা ভত্তার স্থায় ব্যাপৃত রহে, অ্যাচিতভাবে দান করে, সভ্য ও শৌচসমন্বিত হয়, গুরু ও দেবপূজায় নিরত থাকে, পরদার গমন করে না এবং যে শুদ্র পরপীড়ন না করিয়া পোয়াবর্গের ভরণপোষণ করে, প্রাণিগণের অভয়দাতা সেই শুদ্রও স্বর্গলাভ করিয়া থাকে ॥১৭—১৯॥

সেই শুক্ত মহাতপা মূনির ফায় বছ কাল অর্গলোকে সুখভোগ করিয়া এই মন্ত্রগুলোকে বৈশ্য হইয়া জন্মিয়া মহাধনী হইয়া খাকে ॥২০॥

এইরপ ধর্ম ভিন্ন অস্ত কোন ধর্মই সংসার হইছে মৃক্তির প্রধান কারণ হয় না এবং ধর্মকণ্ম ভিন্ন অস্ত কোন কর্মই পাপনাশক হইছে পারে না ॥২১॥

তশাদ্ধর্ম: সদা কার্য্যো সাকুষ্যং প্রাপ্য ত্বল্ল'ভম। नहि धर्माञ्ज्ञकानाः लाटक किश्नन छ्रहाँ छग्।।२२॥ व्ययञ्जि विराज्य भएमी (यः यरच्याहा नरतश्वत !। স তেন ক্ষপয়েৎ পাপং সম্যুগাচরিতেন চ ॥২৩॥ সহজং যদভবেৎ কর্মান তত্তাজ্যং হি কেনচিৎ। স এব তস্ত ধর্মো হি তেন সিদ্ধিং স গচ্ছতি ॥২৪॥ বিগুণোহণি স্বধর্মস্ত পাপকর্ম ব্যপোহতি। এবমেব তু ধর্মোইপি কীয়তে পাপবর্দ্ধনাৎ ॥২৫॥ ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যা-মাশ্বমেধিকপর্বণি অশ্বমেধে বৈষ্ণবধর্মকথনে

উনবিংশত্যধিকশততমোহধ্যায়ঃ ॥০॥

-242---

### ভারতকোমুদী

তবাদিতি। মাহুলং মহুলুজম্। ধর্মাহুরজানাং মহুলাণাম্॥২২॥ স্বয়সিতি। স্বয়স্থ্বা বন্ধণা বিহিতঃ। কপ্রেৎ নাশ্যেৎ ॥২৩॥ সহন্দমিতি। महत्वः चकािविहिछः भव्यक्षत्रांति, त्कनिष् भूजाितना। निविः वर्गानिम ॥२८॥

বিশুণ ইতি। বিশ্বণোহণি নিক্টোহণি, খধর্ম: পরভ্রমাদি:, ব্যপেহতি নাশয়তি ॥২৫॥ ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্ব্য-শ্রহিরদাগণিদ্ধান্তবাগীশভট্টাচার্ব্য-

> বিরচিতারাং মহাভারতটীকারাং ভারতকৌমুদীসমাখ্যারা-মাশ্বেষিকপর্কণি উনবিংশত্যধিকশততমোহধ্যায়ঃ॥•॥

অতএব তুর্লু ভ মনুবাজন্ম লাভ করিয়া সর্বদা ধর্মই করিবে। কারণ, ধর্মান্ত্র-রক্ত লোকদিগের জগতে কিছুই ছল্ল ভ হয় না ॥২২॥

नजनाथ । विश्वाण এই क्रगण यादात य वर्ष विश्वान कतियाद्वन. त्रहे লোক সম্যগন্তুষ্ঠিত সেই ধর্মদারাই নিজের পাপক্ষয় করিবে ॥২৩॥

र्यं नित्यत यां जिरिहेज कर्या, त्कररे जारा जाग कतिरव ना। कातन, সেই কর্মাই ভাহার ধর্ম এবং সেই কর্মাদারাই সে সিদ্ধিলাভ করে ॥২৪॥

व्यवः चर्या निकृष्ठे श्रेराम् छारा भाग नाम करत । वरेत्रभरे भाभ वृद्धि পাইলে ধর্মকর হর' ৷২৫৷

# বিংশত্যধিকশততমোহধ্যায়ঃ

-:\*:--

যুধিষ্ঠির উবাচ।
ভগবন্! দেবদেবেশ! শ্রোতুং কৌভূহলং হি মে।
শুভস্তাপ্যশুভস্তাপি ক্ষয়বৃদ্ধী যথাক্রমম্॥১॥
ভগবামুবাচ।

শৃণু পার্থিব ! তৎ সর্ববং ধর্মসূক্ষাং সনাতনম্।

ত্বিজ্ঞেয়তসং নিত্যং যত্ত সগ্রা সহাজনাঃ ॥২॥

যথৈব শীতমুদকমুষ্ণেন বহুনা রতম্।
ভবেত, তৎক্ষণাতুষ্ণং শীতত্বক বিনশ্যতি ॥৩॥

যথোষ্ণং বা ভবেদল্লং শীতেন বহুনা রতম্।
শীতলক্ষ ভবেৎ সর্বমুষ্ণত্বক বিনশ্যতি ॥৪॥

এবক যদ্ভবেদ্ভূরি স্কর্তং বাপি তুদ্ধুতম্।
তদল্লং ক্ষপয়েচ্ছীন্তং নাত্ত কার্য্যা বিচারণা ॥৫॥ (বিশেষকম্)

#### ভারতকৌমূদী

ভগবলিতি। ক্ষর্মী তয়ো: কারণম্ ॥১॥

পৃথিতি। স্কাং ধর্মস্কাং তৎ অগ্নিডোকাদিবং বিশেষণক্ত পর্নিপাতঃ। সল্লা মৃঢ়াং, মহাজনাঃ শাল্পকা অণি ॥২॥

ৰথেতি। বছনা উদকেন, বৃতং সংযুক্তম্। উফম্দকম্। ভূরি প্রচ্রম, স্কৃতং পুণ্যম্, ছৃষ্ডং পাণম্॥৩—৫॥

যুধিন্তির বলিলেন—'ভগবন্ দেবদেবেশর। মঙ্গলই হউক বা অমঙ্গলই হউক, তাহার ক্ষয় ও বৃদ্ধির হেতু যথাক্রমে শুনিবার জক্ত আমার কৌতুক জনিয়াছে'॥১॥

ভগবান্ বলিলেন—'রাজা! অভিজ্ঞ লোকেরাও যে বিষয়ে সর্বাদা মুগ্ধ হইয়া থাকেন, অভ্যন্ত হজে য় ও সনাতন সেই সকল স্ক্রধর্ম আপনি ধ্রবণ করুন ॥২॥

অর শীতল জল প্রচুর উষ্ণ জলের সহিত মিঞ্জিত হইলে, ভাহা বেমন তংক্ষণাৎ উষ্ণ হইয়া যায় এবং শীতলম্ম নৃষ্ট হয়, আবার **সন্ন** উষ্ণ জল প্রচুর সমত্বে সতি রাজেন্দ্র ! তয়োঃ হাকুতপাপয়োঃ ।
গৃহিতস্থ ভবেদ্র্দ্ধিঃ কীর্ত্তিত্য ভবেৎ কয়ঃ ॥৬॥
থ্যাপনেনাকুতাপেন প্রায়ঃ পাপাং বিনশ্যতি ।
তথা কৃতস্ত রাজেন্দ্র ! ধর্মো নশ্যতি মানদ ! ॥৭॥
তাবুভো গৃহিতো সম্যার্দ্ধিং যাতো ন সংশয়ঃ ।
তত্মাৎ সর্বপ্রথদ্ধেন ন পাপাং গৃহয়েদ্র্ধঃ ॥৮॥
তত্মাৎ সর্বপ্রথদ্ধেন কীর্ত্রেৎ কয়কারণাৎ ।
তত্মাৎ সঙ্কীর্ত্রেৎ পাপাং নিত্যং ধর্মাক গৃহয়েৎ ॥৯॥

ইতি শ্রীসহাভারতে শতদাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাখনেদিক-পর্বণি অখনেধে বৈষ্ণবধর্মকথনে বিংশত্যধিক-শততমোহধ্যয়ঃ॥০॥

### ভারতকৌমুদী

সমত্ব ইতি। সমত্বে সমানত্বে। পৃহিতত গোণিতত হক্ততত পাণত বা, কীৰ্ষ্টিতত বাচা প্ৰকাশিতত হক্তত পাণত বা ৪৬৪

খ্যাপনেনেতি। খ্যাপনেন লোকসমাজে প্রকাশনেন। তথা কৃত: খ্যাপিত: অস্কুডাপিডক্ষ ॥ ॥

তাৰিতি। ৰাত: প্ৰাপ্নুত:। গৃহ্যেদ্গোপয়েদ্ ॥৮॥
তত্মাদিতি। কয়কারণাৎ কয়ম্দিতা। আৰ্থমাৎ পুনফক্তি: সোচ্ব্যা ॥৯॥
ইতি মহামহোপাধ্যায়-ভাৱতাচাৰ্য্য-শ্ৰীহ্বিদাস্থিকান্ত্ৰাগীশভট্টাচাৰ্য্যবিষ্ঠিতায়াং
মহাভাৱতটীকারাং ভাৱতকৌম্দীস্মাধ্যায়ামাশ্বমেধিকপর্কণি
অশ্বমেধে বিংশত্যধিকশততমোহধ্যায়ঃ ॥•॥

শীতল জলের সহিত মিশ্রিত হইলে, তাহা যেমন তৎক্ষণাৎ শীতল হয় এবং উক্তম্ব নষ্ট হইয়া যায়, সেইরূপ পুণ্যই হউক বা পাপই হউক, যাহা প্রচুর ছইবে, ভাহা সম্বর অল্পকে নষ্ট করিবে, এই বিষয়ে কোন বিচার করিবে না ॥৩—৫॥

রাজ্ঞেষ্ঠ ! সেই পুণ্য ও পাপ সমান হইলে তাহার মধ্যে যেটা গোপন করা হইবে, তাহার যুদ্ধি হইবে, আর যেটা প্রকাশ করা হইবে, তাহার কর হইবে ॥৬॥

মানদাত। রাজ্ঞেষ্ঠ। প্রকাশ করা বা অমুতাপ করার প্রায় পাপই বিনষ্ট হয় এবং সেই উভয় করিলে ধর্মও বিনষ্ট হইয়া থাকে ॥৭॥

পাপ ও পুণ্য উভয়ই গোপন করিলে তাহা বৃদ্ধিপ্রাপ্ত হয়, এবিষয়ে কোন সন্দেহ নাই; অভএব বৃদ্ধিমান্ লোক সর্বপ্রেয়েরে পাপ গোপন করিবেন না ॥৮॥

# একবিংশত্যধিকশততমো২ধ্যায়ঃ

#### --:0:---

# বৈশম্পায়ন উবাচ।

এবং প্রাথা বচন্ত স্থ ধর্মাপুত্রোহচ্যুত স্থ তু।
পপ্রচহ পুনরপ্যতাং ধর্মাং ধর্মাত্মজা হরিমৃ।১॥
রথা চ কতি জন্মানি রথা দানানি কানি চ।
রথা চ জীবিতং কেযাং নরাণাং পুরুষোত্তম !॥২॥
কীদৃশীয় হ্ববস্থান্ত দানং দন্তং জনার্দিন !।
ইহ লোকেহনুভবতি পুরুষঃ পুরুষোত্তম !॥৩॥
গর্ভন্থঃ কিং সমগ্রাতি কিং বাল্যে বাপি কেশব !।
যৌবনস্থোহপি কিং কৃষ্ণ ! বার্দ্ধকে বাপি কিং ভবেৎ ॥৪।।
সান্ধিকং কীদৃশং দানং রাজসং কীদৃশং ভবেৎ ।
তামসং কীদৃশং দেব ! তর্পয়িয়তি কিং প্রভো !॥৫॥

#### ভারতকৌমদী

এবমিতি। প্রচ্ছের্ষিকর্মকত্বাৎ ধর্মং হরিমিতি কর্মবয়স্ ॥১॥ বুথেতি। বুণা নিক্ষণানি ॥২॥ কীদৃশীবিতি। অন্তবতি তদানফলমিতি শেষ: ॥৩॥ গর্ভস্থ ইতি। কিং কীদৃশং ফলম্ ॥৪॥

স্থৃতরাং যত্নপূর্বক কর উদ্দেশ্যে পাপ কীর্ত্তন করিবে এবং ধর্ম সর্ব্বদ। গোপন করিবে'॥৯॥

#### --:\*:--

বৈশম্পায়ন বলিলেন—যুধিষ্ঠির কৃষ্ণের এইরূপ বাক্য শ্রাবণ করিয়া, পুনরায় ভাঁহার নিকট অফান্ড ধর্ম জিজ্ঞাসা করিতে লাগিলেন—॥১॥

'भूक्ररवाख्य। कछ श्रकात ज्ञेय निक्त त्कान् कान् नितर्थक अवः कान् कान् मासूरवत जीवनहे वा व्था १ ॥२॥

জনার্দ্দন পুরুষোত্তম ! কি প্রকার অবস্থায় দান করিলে, মানুষ ইহলোভেই ভাহার ফল অনুভব করে ? ॥৩॥

কেশব ! মানুষ গর্ভে থাকিয়া কি ফল ভোগ করে, বাল্যকালে কোন্ ফল পায়, যৌবন বা বৃদ্ধ অবস্থায় কি কি ফল পাইয়া থাকে ? #8# উত্তমং কীদৃশং দানং তেষাং বা কিং ফলং ভবেৎ।
কিং দানং নয়তি হ্যুদ্ধং কিং গতিং মধ্যমাং নয়েও।
গতিং জঘন্তামথবা দেবদেব ! ত্রবীহি মে॥৬॥
এতদিচ্ছামি বিজ্ঞাতুং পরং কৌতৃহলং হি মে।
ছদীয়ং বচনং সত্যং পুণ্যঞ্চ মধুসূদন !॥৭॥

বৈশস্পায়ন উবাচ।

এবং ধর্ম্মং প্রয়ত্ত্বন পৃষ্টঃ পাণ্ডুস্পতেন বৈ। উবাচ বাস্থদেবোহও ধর্মান্ ধর্মাত্মজস্ম তু ॥৮॥

ভগবাসুবাচ।

শৃণু রাজন্ ! যথান্তায়ং বচনং তথ্যমূত্তমম্ । কথ্যমানং ময়া পুণ্যং সর্বপাপব্যপোহনমু ॥৯॥

#### ভারতকৌমুদী

সাত্তিকমিতি। তর্পমিয়তি তত্তদানং কর্ড্ ॥ । ॥

উত্তমমিতি। কিং দানমিত্যহর্তি:। অবকামধ্যাম্। ষট্পাদোহয়ং স্লোক: ॥৬॥

এতদিতি। অথ মহাক্যে কথং বিশাস ইত্যাহ ঘদীয়মিতি ॥ ।॥

এবমিতি। ধর্মাত্মজক্ত সমীপ ইতি শেষঃ ॥৮॥

শৃথিতি। তথ্যং সভাম। সর্কেষাং পাপানাং ব্যপোহনং বিনাশকম্॥॥॥

প্রভূ! কিপ্রকার দান সাত্ত্বিক, কীদৃশ দান রাজসিক, কিপ্রকার দানই বা ভামসিক, কোন প্রকার দানই বা দেবগণ ও পিতৃগণকে সভটে করে ? ॥৫॥

দেবদেব! কিপ্রকার দান উত্তম, ভাহার ফলই বা কিপ্রকার হয়, কোন্ দান উদ্ধি লইয়া যায়, কোন্ প্রকার দান মধ্যম অবস্থায় উপনীত করে এবং কোন্দানই বা অধ্ম গতি প্রাপ্ত করায়—এই সকল বিষয় তুমি আমার নিকট বল ॥৬॥

মধুসুদন! এই সকল বিষয় আমি জানিতে ইচ্ছা করি। কেনেনা, এই সকল বিষয় জানিবার জন্ম আমার অত্যস্ত কৌতুক জন্মিয়াছে। তোমার বাক্য সত্য ও পুণ্যজনক'॥৭॥

বৈশম্পায়ন বলিলেন—যুধিষ্ঠির যত্নপূর্বক ধর্মবিষয়ে এইরূপ প্রশ্ন করিলে, কৃষ্ণ ভাঁহার নিকট ধর্ম বলিতে লাগিলেন ॥৮॥

ভগবান্ বলিলেন—'রাজা। আমি সত্য, উত্তম, পুণ্যজনক ও সর্ববিপাপ-নাশক বাক্য যথানিয়মে বলিভেছি, আপনি প্রবণ করুন ॥৯॥ র্থা চ দশ জন্মানি চন্ধারি চ নরাধিপ!।
রথা দানানি পঞ্চাশৎ পলৈব চ যথাক্রসম্॥১০॥
রথা চ জীবিতং যেষাং তে চ ষট্ পরিকীর্ত্তিতাঃ।
ভাস্ক্রেশে বক্ষ্যামি ভানি সর্ব্বাণি পার্থিব!॥১১॥
ধর্মদানাং রথা জন্ম লুকানাং পাপিনাং তথা।
রথা পাকঞ্চ যেহশ্বন্তি পরদাররতাশ্চ যে।
পাকভেদকরা যে চ যে চ হ্যাঃ সত্যবর্জ্জিতাঃ॥১২॥
মুন্টমশ্বাতি যশৈচকঃ রিশ্যমানৈস্ত বান্ধবিঃ।
পিতরং সাতর্বন্ধব উপাধ্যায়ং গুরুং তথা।
মাতুলং সাতুলানীঞ্চ যো নিহ্ন্যাচ্চপেত বা॥১৩॥
ভ্রান্ধান্টের যো ভূত্বা সন্ধ্যোপাসনবর্জ্জিতঃ।
নিঃস্বাহো নিঃস্বধশ্বেচব শুদ্রাণামমভুগ্ দ্বিজঃ॥১৪॥

#### ভারতকোমুদী

বুৰেজি। বুথা নিফলানি॥১০॥

वृत्थि । जीविषः जीवनम् ॥>>॥

ধর্মেতি। ধর্মদানাম্ অক্তত ধর্মনাশকানাম্। ব্থাপাকং দেব-পিঅতিবিটনরপেক্ষ্যেণ প্রমন্ত্রম্প্রক্ষেত্র দেবতাত্যকেশে স্মার্কত পাকত বিল্লনকাঃ। ষ্ট্পাদেশ্যয়ং লোকঃ ॥১২॥

মৃষ্টমিতি। মৃষ্টং মধুরদ্রব্যম্, ক্লিশ্রমানৈর্ব।ক্ষরৈতাদৃশভোজনদর্শনেন বাদ্ধবেষ্ ক্লিশ্রমানেছিত্যর্থ:। নিহ্নাৎ প্রহরেৎ, শপেত তিরস্থ্যাৎ, তক্স জন্ম ব্থেত্যর্থ:। অয়মণি ষট্পাদ:
স্লোক: ॥১৩॥

নরনাথ। চতুর্দদশ প্রকার জন্ম নির্থক এবং পঞ্চপঞ্চাশং প্রকার দান নির্থক। এই বিষয়ে যথাক্রমে বলিব॥১০॥

রাজা। যাহাদের জীবন নিম্দল, তাহার। ছয় প্রকার বলিয়া কথিত হইয়া পাকে। সেই সমস্ত ক্রেমশ: বলিতেছি ॥১১॥

ধর্মনাশক, লুক ও পাপীদিগের জন্ম নিক্ষণ। যাহার।দেবতা, পিতৃলোক ও অভিথিদিগকে দান না করিয়া ভোজন করে, যাহার। পরদার নিরভ, যাহার।ধর্মেদিদেশে আরক পাকের বিশ্ব করে এবং যাহার।সভ্যবজ্জিত, তাহাদের জন্ম নিক্ষণ ॥১২॥

যে ব্যক্তি বন্ধুগণকে পরিভ্যাগ করিয়া একাকী মধুর জব্য ভোজন করে এবং যে লোক পিভা, মাভা, অধ্যাপক, অন্ত গুরুজন, মাতৃল ও মাতৃলানীকে আঘাত করে বা ভিরস্কার করে, ভাহাদের জন্ম নির্থক ॥১৩॥ মন বা শক্ষরতাথ ব্রহ্মণো বা যুধিন্তির !।

অথবা ব্রাহ্মণানাস্ত যে ন ভক্তা নরাধনাঃ।
রথা জন্মাতাথৈতেষাং পাপিনাং বিদ্ধি পাণ্ডব !॥১৫॥

অশুদ্ধাপি যদন্তং যৎপাষ্টিক্ষতং নৃপ !॥১৬॥

শুদ্রাচারায় যদতং যদদন্তা চামুকীর্ত্তিম্।
রোষযুক্তস্ত যদতং যদন্তমমুশোচিতম্॥১৭॥

দস্তাভিজ্ঞক যদতং যদ্ভ বাপ্যনৃতাভিজ্ঞিন্।
ব্রাহ্মণস্বক যদতং চোর্যোগাপ্যাভিজ্ঞক যথ ॥১৮॥

অভিশন্তাহ্বতং যতু যদতং পতিতে বিজে।

নির্ব্রহ্মাভিহ্নতং যতু যদতং সর্ব্যাচকৈঃ॥১৯॥

ব্রাহত্যস্ত যদ্ভং দানমার্চ্পতিতৈশ্চ যথ।

যদতং সৈরিণীভর্ত্ঃ শুশুরানসুবর্তিনে॥২০॥

## ভারতকৌমুদী

ব্রাহ্মণ ইতি। নিঃস্বাহো হোমরহিতঃ, নিঃস্বঃ প্রাহ্মবঞ্জিত ।১৪॥

মমেতি। উত্তমগতাসম্ভবেনৈতেখাং বুথা জন্মানীতি ভাবং। বটুণালোহয়ং শ্লোকং ॥১৫॥
অপ্রান্ধতি। দন্ধার্থং ছলপ্রয়োগার্থম্ উৎকোচরণম্, পাবতিষ্কৃতং বুথারকংশীদিধারি
প্রাপ্তম্। অফকীর্তিতং বাচা প্রকাশিতম্। দন্ধাব্দিতং ছলেন লন্ধ্, অনুতাব্দিতং প্রভারণয়া
প্রাপ্তম্। অভিশত্তাং অপবাদগ্রতাং আহতং গৃহীতম্। নির্বন্ধা বেদসংস্থারয়হিতেন
অভিহতং প্রাপ্তম্। বাতিতাং পতিতসাবিত্রীকৈং, আর্চ্পতিতৈঃ পতিতল্পনাপ্রমাদ্ভিঃ।
বৈশ্বিনীভর্তঃ কুল্টাখামিনঃ। শুভ্রানস্বর্তিনে খুভ্রবিরোধিনে। গ্রাম্বাচকেন ক্তং প্রাপ্তম্।

যে লোক ব্রাহ্মণ হইয়া সন্ধ্যাবিহীন হয়, হোম বা **আগত্ত করে না কিংবা** শুরোর ভোজন করে, ভাহার জন্ম নিফল ৮১৪॥

পাপ্নন্দন! যে সকল নরাধম আমার, শিবের, ত্রহ্মার কিংবা ত্রাহ্মণগণের ভক্ত না হয়, সেই সকল পাপীর জন্ম নির্থক ॥১৫॥

রাজা! অঞ্জাপুর্বক দত্ত, অপমানপুরঃসর দক্ষ, ছলপ্রয়োগের জন্ত দত্ত,
বুধা রক্তপটাদিধারীকে দত্ত, শৃত্তের স্থায় আচারবিশিষ্টকে দত্ত, যে দান করিয়া
প্রকাশ করা হয়, ক্রোধপুর্বক দত্ত, যাহা দান করিয়া অফুডাপ করা হয়, ছলপূর্বক অজ্জিড ধনদান, প্রভারণাপুর্বক অজ্জিড ধন দান, ব্রাহ্মণজ্বনুদান,
চোরিত বস্তু দান, অপবাদপ্রত্তের নিকট হইতে আনয়ন করিয়া সেই ধন দান,

যদ্প্রাস্থাচকহৃতং যৎকৃতদ্বহৃতং তথা।
উপপাত কিনে দন্তং বেদবিক্রেয়িণে চ যৎ ॥২১॥
স্ত্রীজিতায় চ যদক্তং যদক বাজনেবিনে।
গণকায় চ যদক্তং যদক কারণিকায় চ ॥২২॥
ব্যলীপতয়ে দন্তং যদক শাস্ত্রজীবিনে।
ভূতকায় চ যদক্তং ব্যালগ্রাহিহ্যতঞ্চ যৎ ॥২০॥
পুরোহিতায় যদক্তং চিকিৎসক্ষতঞ্চ যৎ ॥
যদ্বণিকৃক্র্মিণে দন্তং কুদ্রমস্ত্রোপজীবিনে ॥২৪॥
যদহুদ্রজীবিনে দন্তং যদত দেবলকায় চ।
দেবদ্রব্যাশিনে যদ্ত যদক্তং চিত্রক্র্মিণে ॥২৫॥
রঙ্গোপজীবিনে দন্তং যদত সাংসোপজীবিনে।
ব্যক্ষায় চ যদক্তং যদক্তং প্রাহ্মণক্রেবে॥২৬॥

#### ভারতকৌমুদী

কারণিকায় রাজাধিকরণস্থিতার বিচারকার। ভৃতকার বেতনভোগিনে, ব্যালগ্রাহিরতং দর্পজীবিপ্রাপ্তম্। পুরোহিতায় পতিতার। কুজমন্ত্রোপজীবিনে নিরুইজনমন্ত্রিণে। দেবককার বেতনগ্রহণেন দেবপুজকায় আদ্ধান্য। দেবজব্যাশিনে চৌর্য্যেণদেবজ্রব্যভোজিনে। আদ্ধান্ত্রব্যাহ প্রায়শ্ভিত্রবিবেকধৃতং বচনম্—"গর্ভাধাদিসংস্কারৈর্ক্তশ্চ নিয়মত্রতৈঃ। নাধ্যাপরতি

পভিত ত্রাহ্মণকে যাহা দেওয়া হয়, বেদোক্তসংস্থারবিহীন ব্যক্তিকে যাহা দেওয়া হয়, সর্ব্যাচকের। যাহা দান করে, যথাকালে অকৃত সংস্থার ব্যক্তিকে যাহা দান কর।হয়, পভিতের আশ্রয় ছাড়াযেদান করে, ব্যভিচারিণীর স্থানীকে যে দান করা হয়, শৃশুরের প্রতিকৃল ব্যক্তিকে যাহা দেওয়া হয়, গ্রাম্যাজককে যাহা দান করা হয়, কৃতত্ম ব্যক্তিকে যাহা দেওয়া হয়, উপপাতকী লোককে যে দান করা হয়, বেদবিক্রয়ী ব্যক্তিকে যাহা দান করা হয়, কৈণ ব্যক্তিকে যাহা দেওয়া হয়, আশ্রকরিকিকে যাহা দেওয়া হয়, শৃত্রকন্তাবিবাহকারীকে যাহা দেওয়া হয়, অপ্রজীবী প্রাহ্মণকে যাহা দেওয়া হয়, বেতনভোগী ব্যহ্মণকে যাহা দেওয়া হয়, সর্পজীবী প্রাহ্মণ যাহা গ্রহণ করে, পভিত্র পুরোহিতকে যাহা দেওয়া হয়, চিকিৎসক ব্যহ্মণ গ্রহণ করেন, বাণিজ্যকারী ব্যহ্মণকর যাহা দান করা হয়, নিকৃত্র লোকের মন্ত্রীকে যাহা দেওয়া হয়, দেওজা হয়, দেবল ব্যহ্মণকে বাহা দেওয়া হয়, দেবল বাহ্মণকে বাহা দেওয়া হয়, দেবলব্যভোজীকে যে দান করা হয়, চিজ্রোপজীবীকে যাহা দেওয়া হয়, নাট্যজীবীকে যাহা দান করা হয়,

অদেশিনে চ যদ্দতং দত্তং বার্দ্ধ বিকায় চ।

যদনাচারিণে দত্তং যত দত্তমনগ্রে ॥২৭॥

অসম্ব্রোপাসিনে দত্তং যত দ্রোমসেবিনে।

যদ্মিধ্যালিকিনে দত্তং দত্তং সর্ব্বাশিনে চ যৎ ॥২৮॥

নান্তিকায় চ যদ্দতং ধর্মবিক্রেয়িণে চ যৎ।

বরাকায় চ যদ্দতং যদ্দতং কূটসাক্ষিণে ॥২৯॥

গ্রামক্টায় যদ্দতং দানং পার্ধিবপুক্ষব!।

র্থা ভবতি তৎ সর্বং নাত্র কার্ম্যা বিচারণা ॥৩০॥ (কুলকম্)

বিপ্রাণামধরা এতে লোলুপা ভ্রাহ্মণাধ্যাঃ।

নাজানং তারয়স্ত্যেতে ন দাতারং মুধির্চির!॥৩১॥

এতেভ্যো দত্তমাত্রাণি দানানি স্থবহুম্পি।

র্থা ভবন্তি রাক্ষেম্র ভস্মতাজ্যাত্তির্থণা ॥৩২॥

# ভারতকৌমুদী

নাধীতে স জেরো ব্রাহ্মণক্রব: ॥" অদেশিনে ক্দেশবাসিনে, অনগ্রের দাননিক্ষা সাগ্রের দান-প্রশংসার্থা ব্যন্ততিধেনিক্ষা যুগ্যতিথে: প্রশংসার্থেব। বার্ধ্য্রিকার কুসীদর্জরে। মিথ্যালিক্সিন বুথারক্তব্লাদিধারিণে, সর্ব্বাশিনে অভক্ষ্যভক্ষকার। বরাকার রূপণার, কুটসাক্ষিণে মিথ্যাসাক্ষ্য-দারিনে। প্রামে বং কুট: কপটেন পরপ্রতারক্তব্যে ॥১৬—৩০॥

বিপ্রাণামিতি। অধরা নীচা:। আত্মানং ন তারমতি কর্মতি: ॥৩১॥ এডেডা ইতি। বুধা নিফ্লানি, আফ্মাহতিয় তিপ্রক্লেশ: ॥৩২॥

মাংসবিক্রয়ীকে যাহা দেওয়া হয়, সেবককে যাহা দান করা হয়, অধ্যাপনা-বিহীন আহ্মণকৈ যাহা দেওয়া হয়, কুদেশবাসীকে যাহা দান করা হয়, সুদ-খোরকে যাহা দেওয়া হয়, অনাচারীকে যাহা দান করা হয়, নিরগ্নিকে যাহা দেওয়া হয়, অসহ্যাকারী আহ্মণকে যাহা দান করা হয়, শুঅপ্রামবাসী আহ্মণকে যাহা দেওয়া হয়, মিথ্যাবেশধারীকে যাহা দান করা হয়, সর্বভোহ্মীকে যাহা দেওয়া হয়, কুপণকে যে দান করা হয়, ধর্মবিক্রয়ীকে যাহা দেওয়া হয়, কুপণকে যে দান করা হয়, মিথ্যাসাক্ষ্যদাতাকে যাহা দেওয়া হয় এবং রাজ্যোষ্ঠা! প্রামের মধ্যে পরপ্রতারককে যাহা দেওয়া হয়, সেই সমস্তই নিফ্ল হইয়া থাকে, এ বিষয়ে কোন বিচার করিবে না ॥১৬—৩০॥

রাজা। এই সকল লোভী নিকৃষ্ট আক্ষণে আক্ষণের মধ্যে নীচ। ইহার। আপনাকে বা দাডাকে উদ্ধার করিতে পারে না ॥৩১॥

রাশ্বর্জেষ্ঠ ৷ ডম্মে মৃতাক্তির জায় ইহাদিগকে প্রচুর দান করিলেও ভাহা নিক্স হর ॥৩২॥ पिट्यू यदकलः कि कि मृच्छियु कि कथकन ।

ताक्रमाण्ड शिणां हाण्ड ं विक्रिक्ष हि हिंदाः ॥००॥

त्रुशा ट्यू व्या स्वानि कि विकानि ममामुकः ।

की विक्रस्त त्रुशा स्वारं कि कृष्टू यू विक्रित । ॥०८॥

स्वाक्षणान् वा महीरमवान् त्रुशा की विस्त एक नताः ॥०८॥

ट्यू मारस्त्र स्व मक्षाः कृष्ट्रि श्रिश्मा ख्यिकाः ।

स्वान् निम्मस्तुना हाता त्रुशा की विस्त एक नताः ॥०७॥

कृणों का कृष्टा कुणां के विस्त एक नताः ॥०७॥

कृणों का कृष्टा विकाल स्वारं वा क्षां की विस्त एक नताः ॥००॥

स्वारं निम्मस्ति विस्ता वा वा स्वारं स

#### ভারতকোমূদী

এতেৰিতি। "দানং বক্সং" ইত্যাদিশতে দান্দাত্তিত্ব ফলজনকত্বকথনাদিত্যাশয়ঃ ॥৩৩॥ বৃথেতি। এতানি এতৎসম্প্রদানকানি, সমাসতঃ সংক্ষেণেণ ॥৩৪॥
বৃহতি। প্রতিপদ্ধতে ভক্তা সমাশ্রমতি ॥৩৫॥

হেখিতি। হেতৃশাল্বের্ নান্তিকাদিপ্রণীতের্, কুদৃষ্টিপথং বেদবাক্যাদে দোষদর্শনমার্গম্ ॥৩৬॥ কুশলৈরিতি। কুশলৈ: সর্কবিষয়জাননিপুণৈমুনিভি:॥৩৭॥

व है जि। निर्भाकतः ठळ्या। यहेशाताश्यः (अकः ॥७७॥

ভবে ইহাদিগকে দান করিলে কোন প্রকারে যে কিছু ফল হয়, রাক্ষস-গণ ও পিশাচগণ আনন্দিত হইয়া ভাহা হরণ করে ॥৩৩॥

মহারাজ। এই আমি সংক্ষেপে রুপ। দান সকল বলিলাম। এখন যাহাদের জীবন রুপা, ডাহাদের বিষয় শ্রাবণ করুন ॥৩৪॥

যে সকল নরাধম আমাকে বা মহাদেবকৈ কিংবা পৃথিবীর দেবভাস্থরপ আহ্মণদিগকে ভক্তিপূর্বকৈ আশ্রয়না করে, ভাহারা নিক্ষল জীবন ধারণ করিয়া ধাকে ॥৩৫॥

যাহার। হেতুবাদে নিরত, বেদবাদে দোষদৃষ্টিপরায়ণ এবং দেবগণকে নিন্দা করে, সেই অনাচারী মানুষেরা রুখা জীবিত থাকে ॥৩৬॥

যে নরাধ্যের। মুনিগণকৃত শাস্ত্র অধ্যয়ন করিয়া আহ্মণগণকে এবং শাস্ত্রোক্ত যক্তসমূহকে নিন্দা করে, ভাহাদের জীবন নিক্ষণ হইয়া যায় ॥৩৭॥ বিশ্বসানে ধনে যস্ত দানধর্শবিবর্জিত:।

মৃষ্টমশ্লাতি যদৈচকো রখা জীবতি সোহপি চ।

রখা জীবিতমাখ্যাতং দানকালং ত্রবীমি তে ॥৩৯॥
তমোহনিবিষ্টচিত্তেন দক্তং দানস্ত যদ্ভবেং।
তদশ্য ফলমগ্লাতি নরে। গর্ভগতো নৃপ!॥৪॰॥
ঈর্য্যামংসরসংযুক্তো দম্ভার্থং চার্থকারণাং।
দদাতি দানং যো মর্ত্ত্যো বালভাবে তদগ্লুতে॥৪১॥
ভোক্তুং ভোগমশক্তস্ত ব্যাধিভিঃ পীড়িতো ভূশম্।
দদাতি দানং যো মর্ত্ত্যো রজভাবে তদগ্লুতে॥৪২॥
ভাজাযুক্তঃ শুচিঃ স্লাতঃ প্রসন্দেক্তিয়মানসঃ।
দদাতি দানং যো মর্ত্ত্যো যৌবনে স তদগ্লুতে॥৪০॥

# ভারতকোমূদী

বিত্তেতি। মৃত্তীং মধ্বজ্বাম্। অয়মণি ষট্পাল: লোক: ॥৩৯॥
ভম ইতি। তমোহনিবিইচিজেন মোহশূল্যমনদা জনেন। অভ্য দানভা তৎফলম্ ॥৪০॥
ঈর্ব্যেতি। দম্ভার্থং ছলপ্ররোগার্থম্। তৎ তদ্দানফলম্ ॥৪১॥
ভোক্তুমিতি। ভোগং ভোগস্থম্ ॥৪২॥
ভাকেতি। ভাকাযুক্তদানফলে বিশ্বসাধিত: ॥৪৩॥

যাহারা হুর্গা, কার্ত্তিক, বায়ু, অগ্নি, জল, সুর্য্য, পিডা, মাডা, গুরু, ইন্দ্র ও চক্রকে নিন্দা করে, সেই মৃঢ় ও অনাচারী মন্থারা রুণা জীবন ধারণ করে ॥৩৮॥ ধন বিভ্যমান থাকিতে যে দান করে না কিংবা যে লোক একাকী মধুর জেব্য ভোজন করে, ভাহারা রুণা জীবনধারণ করিয়া থাকে। রাজা। এই আপনার নিকট বুণা জীবনের বিষয় বলিলাম, এখন দান জন্ম ফল ভোগের কাল বলিতেছি॥৯॥

রাজা। মাতুষ মোহশৃত চিত্তে যে দান করিবে, সেই মাতুষ জন্মান্তরে গর্ভে থাকিয়া সেই দানের ফলভোগ করিবে ॥৪০॥

যে লোক ঈর্যাবিদ্বেষযুক্ত হইয়া দান করে, কিংবা ছলপ্রয়োগের জক্ত অথবা অর্থলাভের উদ্দেশ্যে দান করে, সেই লোক জন্মান্তরে বাল্যকালে ভাহার ফল ভোগ করিয়া থাকে ॥৪১॥

মানুষ রোগে: অভ্যন্ত পীড়িত হইয়া ভোগ করিতে না পারিয়া যে দান করে, জন্মান্তরে বৃদ্ধকালে ভাহার ফল পায় ॥৪২॥ ষয়ং নীম্বা ভূ যদ্দানং ভক্ত্যা পাত্তে প্রদীয়তে।
তৎ সার্ব্বকালিকং বিদ্ধি দানমাসরণান্তিকম্ ॥৪৪॥
রাজসং সান্ত্বিং চাপি তামসঞ্চ যুধিন্তির ! ।
দানং দানফলকৈব গতিঞ্চ ত্রিবিধাং শৃণু ॥৪৫॥
দানং দাতব্যমিত্যেব মতিং কৃত্বা দিজায় বৈ ।
উপকারবিযুক্তায় যদ্দতং তদ্ধি সান্ত্বিকম্ ॥৪৬॥
শৌরতে যংপ্রহুটেন তৎসান্ত্বিকম্দাহত্য্ ॥৪৭॥
বেদাক্ষরবিহীনায় যন্ত্রু পূর্ব্বোপকারিণে।
সমৃদ্ধায় চ যদ্দত্তং তদ্দানং রাজসং স্মৃতম্ ॥৪৮॥
সমৃদ্ধিনে চ যদ্দত্তং প্রযন্তায় চ পাশুব ! ।
ফলাথিভিরপাত্রায় তদ্দানং রাজসং স্মৃতম্ ॥৪৯॥

#### ভারতকৌমুদী

স্থয়মিতি। সার্বাকালিকং জন্মান্তরে সর্বকালীনফলজননম্ ॥৪৪॥ রাজসমিতি। গতিসবস্থাম্ ॥৪৫॥

দানমিতি। উপকারবিযুক্তার উপকারবহিতার ॥৪৬॥

শোতিয়ায়েডি। শোতিয়মাহ দেবক:—"একাং শাধাং সক্রাং বা বড়্ভিরকৈর্থীত্য বা। বট্কর্মনিরতো বিপ্র: শোতিয়ো নাম ধর্মবিং ॥" বহুভ্ত্যায় বহুপোভায় ॥৪৭॥ বেলেডি। বেলাক্রবিহীনায় সর্বধা বেলজানরহিডায় ॥৪৮॥

যে লোক ঋদাযুক্ত, পবিত্র, স্নাভ ও প্রসন্ন চিত্ত হইয়া যে দান করে, পর-জন্মে যৌবনকালে ভাহার ফল ভোগ করিয়া থাকে ॥৪৩॥

দাতব্য জব্য লইয়া যাইয়া ভক্তিপূর্বক সংপাত্তে যে দান করা হয়, জন্ম হইতে মৃত্যু পর্যান্ত সমস্ত সময়ে সেই দানের ফল হয় বলিয়া জানিবেন #৪৪#

মহারাজ। দান ও দানের ফলসাত্মিক, রাজসিক ও ভামসিক—এই ত্রিবিধ হয় এবং ভাহার গভিও ত্রিবিধ প্রবণ করুন ॥৪৫॥

দান করিতে হইবে এইরূপ মনে করিয়া উপকাররহিত **রাক্ষণকে বে দান** করা হয়, তাহাই সাত্তিক দান ॥৪৬॥

পাভূনন্দন! শ্রোতিয়, দরিজ এবং বহু পোয়াবর্গবৃক্ত আহ্মণকে হাইচিতে যে দান করা হয়, সে দানও সাত্মিক দান বলিয়া কথিত হইয়া খাকে #৪৭#

বেদজানবিহীন বা পূর্বোপকারী কিংবা সমৃত্ব ব্যক্তিকে যে দান করা হয়, ভাহা রাজসিক দান ॥৪৮॥ বৈশ্বদেববিহীনায় দানসজ্যোত্তিয়ায় চ।
দীয়তে ভক্ষরায়াপি ভদ্দানং ভামসং শ্বভম্ ॥৫০॥
সরোধমবধ্তঞ্চ ক্রেশযুক্তমবজ্ঞয়া।
দেবকায় চ যদ্দভং ভ্রভামসমূদাহাতম্ ॥৫১॥
দেবাঃ পিতৃগণাশ্চৈব মুনয়৽চায়য়ন্তথা।
সাত্তিকং দানমন্ত্রিভ তুয়ন্তি চ নরেশ্বর! ॥৫২॥
দানবা দৈত্যসজ্যাশ্চ গ্রহা যক্ষাঃ সরাক্ষসাঃ।
রাজসং দানমন্ত্রিভ বজ্জিতং পিতৃদৈবতৈঃ ॥৫০॥
পিশাচাঃ প্রেভসজ্যাশ্চ কশ্মলা যে মলীমসাঃ।
ভামসং দানমন্ত্রিভ গতিঞ্চ ত্রিবিধাং শুণু ॥৫৪॥

# ভারতকোমুদী

সম্বন্ধিন ইতি। সম্বন্ধিনে ভালকাদ্যে, প্রমন্তায় সর্ব্বকার্ব্যেষ্পাব্ধানায় ॥৪৯॥
বৈশ্বেতি। বৈশ্বদেববিদীনায় ভূতৰ্জ্ঞরহিতায় ॥৫০॥
সব্বোব্যিতি। অবধৃতং কুৎস্থা ভূমানে পাত্তিতম্ ॥৫১॥
দেবা ইতি। অশ্বন্ধি গৃহন্ধি ॥৫২॥
দানবা ইতি। পিতৃদৈবতৈর্বজ্জিতং তদানং তাজং ভবেৎ ॥৫৩॥
পিশাচা ইতি। ক্শালা ভূতবিশেবাঃ, মলীম্সান্তাদৃশা এব ॥৫৪॥

পাভূনন্দন! কোন প্রকার উপকার পাইবার আশায় সম্বন্ধী, প্রমন্ত বা অপাত্রে যে দান করা হয়, ভাহাও রাজসিক দান ॥৪৯॥

ভূতযজ্ঞবিহীন বা অশ্রোত্রিয় কিংবা চৌরকে যে দান করা হয়, ভাহা ভামসিক দান ॥৫০॥

ক্রোধ, নিন্দা, কষ্টদান ও অবজ্ঞাপুর্বক যে দান করা হয় কিংবা সেবককে যাহা দেওয়া হয়, সেই দান ডামসিক দান বলিয়া কথিত হইয়া থাকে ॥৫১॥

নরনাথ! দেবগণ, পিতৃগণ, মুনিগণ ও অগ্নিসমূহ সান্ধিক দান প্রাহণ করেন এবং সান্ধিক দানে সম্ভষ্ট হন ॥৫২॥

দৈত্য, দানব, গ্রহ, যক্ষ ও রাক্ষসগণ রাজসিক দান ভোগ করে; কিন্তু দেবগণ ও পিতৃগণ ভাহা ভ্যাগ করেন ॥৫৩॥

পিশাচ, প্রেড, ভূত ও মলিন প্রাণীরা ভামসিক দান গ্রহণ করে। রাজা। এখন আপনি ত্রিবিধ গতি ধ্রবণ করুন ॥৫৪॥ সাজিকানান্ত দানানামুতমং ফলমশ্বতে।
মধ্যমং রাজসানান্ত তামসানান্ত পশ্চিমশ্ ॥৫৫॥
অভিগম্যোপনীতানাং দানানামুতমং ফলম্।
মধ্যমন্ত সমাহুয় জঘন্তং যাচতে ফলম্ ॥৫৬॥
অযাচিতপ্রদাতা যঃ স যাতি গতিমুত্তমাম্।
সমাহুয় তু যো দভামধ্যমাং স গতিং ত্রজেৎ।
যাচিতো য\*চ বৈ দভাজ্জঘন্তাং স গতিং ত্রজেৎ ॥৫৭॥
উত্তমা দৈবিকী জ্রেয়া মধ্যমা মাসুষী গতিঃ।
গতির্জঘন্তা তির্যান্ত্র গতিরেষা ত্রিধা স্মৃতা ॥৫৮॥
পাত্রভূতেরু বিপ্রেয়্ সংস্থিতেয়াহিতাগ্রিয়্।
যত্র নিক্ষিপ্যতে দানসক্ষয়ং সংপ্রকীর্তিতম্ ॥৫৯॥

## ভারতকৌমুদী

সাধিকানামিতি। অনুতে দাতা ভুনকি। পশ্চিমমধমম্ ॥৫৫॥
অন্তীতি। উপনীতানাং সম্পাদিতানাম্। কঘ্যমধমম্ ॥৫৬॥
অহাচিতেতি। কঘ্যামধমাম্। বট্পাদোহয়ং শ্লোক: ॥৫৭॥
উত্তমেতি। দৈবিকী দেবতারপা। তির্যাক্ মহুব্যেতরপ্রাদিষু ॥৫৮॥
পাত্তেতি। পাত্তমাহ দায়ভাগধৃতং বচনম্—"বিছাশীলো ধর্মষ্কুঃ প্রশান্তঃ শান্তো দাতঃ
সভাবাদী কৃতজ্ঞ:। বৃত্তিগানো গোহিতো গোশরণ্যো দাতা যজা আদ্ধাং পাত্তমাহ: ॥"॥৫২॥

দাতো সাত্ত্বিক দানের উত্তম ফল, রাজসিক দানের মধ্যম**ফল এবং ভামসিক** দানের অধ্য ফল ভোগ করেন ॥৫৫॥

দাতা গ্রহীতার নিকটে যাইয়া যে দান করেন, তাহার উত্তম ফল, আহ্বান করিয়া আনিয়া যে দান করেন, তাহার মধ্যম ফল এবং প্রার্থীকে যে দান করেন, তাহার অধম ফল হয় ॥৫৬॥

যিনি অ্যাচিত অবস্থায় দান করেন, তিনি উত্তম গতি লাভ করেন, যিনি আহ্বানপূর্বক দান করেন, তিনি মধ্যম গতি প্রাপ্ত হন, আর যিনি প্রার্থিত হইয়া দান করেন, তিনি অধ্য গতি পাইয়া থাকেন ॥৫৭॥

দেবত্ব লাভ উত্তম গভি, মনুয়ত্বপ্রাপ্তি মধ্যম গভি এবং মনুয়াভিন্ন আয় প্রাণিত্ব লাভ অধ্য গভি। এই ত্রিবিধ গভি জানিবেন ॥৫৮॥

পাত্রস্থার প্রাক্ষণ থাকিছে, ভাগতে যে দত জব্য **অর্পণ কর**। হয়, তাহা অক্ষয় ফল উৎপাদন করিয়া থাকে ॥৫৯॥ শ্রেনাং দিলাতীনাং ক্র্যান্তেয়াস্ত রক্ষণম্ ॥৬০॥
দরিল্রান্ বিজ্ঞহীনাংশ্চ প্রদানেঃ স্বন্ধু পূজ্য।
আত্রস্থোষধাঃ কার্য্যং নীরুজস্ত কিমোষধাঃ ॥৬১॥
পাপং প্রতিগৃহীতারং প্রদাত্রস্থপগচ্ছতি।
প্রতিগ্রহীত্র্যংপুণ্যং প্রদাতারমুপৈতি তৎ।
তত্মাদ্দানং সদা কার্য্যং পরত্র হিত্রনিচ্ছতা ॥৬২॥
বেদবিভাবদাতের সদা শুদ্রাম্বর্জিয়।
প্রযক্ষেন বিধাতব্যো মহাদানময়ো নিধিঃ ॥৬০॥
ইতি শ্রমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যান্যাম্বেধিকপর্বাণি অশ্বমেধে বৈষ্ণবধ্যায়ঃ ॥০॥

#### ভারতকৌমুদী

শ্রেরাণামিতি। শ্রেরিরন্দশং প্রাপ্তম্। তেবাং শ্রেরির্ভৃতানাম্। ৬০॥
দরিরানিতি। বিভহীনান্ সহায়রহিতান্। আত্রক্ত বোগার্জক্ত ॥৬১॥
শাপমিতি। তথাৎ আত্মনো নিশাপঘান্তিপ্রায়াৎ। বট্পাদোহরং শ্লোক: ॥৬২॥
বেছেতি। বেদবিভারা অবদাতের্ নির্মানের্ বিপ্রের্। নিধির্মাধারপাত্রম্ ॥৬৩॥
ইতি মহামহোপাধ্যার-ভারতাচার্ব্য-শ্রীহরিদাসনিদ্ধান্তবাসীশভট্টাচার্ব্যবির্চিতারাং
মহাভারতটীকারাং ভারতকৌমুদীসমাধ্যায়ামাধ্যমিক্পর্কাণ
ভারেধে একবিংশভাধিকশততমোহধ্যার: ॥০॥

রাজা! আপনি দরিজ খোত্তিয় বাক্ষণগণের ভরণ করুন; আর সমৃত্ত সেইরপ বাক্ষণগণকে রকা করিতে থাকুন ॥৬০॥

দান করিয়া ধনহীন ও সহায়হীন লোকদিগকে সমীচীনভাবে সম্মানিত করুন। কারণ, রোগার্ড লোকেরই ঔবধের প্রয়োজন; নীরোগ লোকের ঔবধ্যারা কি হয় ? ১৬১॥

দাভার পাপ প্রহীভার উপরে যায় এবং গ্রহীভার যে পুণ্য খাকে, ভাহা দাভার উপরে আইসে; অভএব পরলোকে হিভাভিলামী লোক সর্বাদা দান করিবেন ॥৬২॥

বেদবিভাবিত্ত ও শৃ্জারবর্জনকারী আত্মণগণের উপরে দাডারা সর্ব্বদ। বহুপূর্বক প্রচুর দানরূপ নিধি স্থাপন করিবেন' ॥৬৩॥

## ৰাবিংশত্যধিকশতভ্ৰমোহধ্যায়ঃ

**--:•:**--

#### ভগবাসুবাচ।

যেষাং দারাঃ প্রতীক্ষন্তে সহস্রস্থেব লম্ভনম্।
ভূক্তশেষতা ভক্ততা তামিমন্ত্রয় পাণ্ডব ! ॥১॥
আমন্ত্র্য তু নিরাশানি ন কর্ত্তব্যানি ভারত !।
কূলানি হুদরিন্দ্রাণি তেষামাশা হতা ভবেৎ ॥২॥
মদ্ভক্তা যে নরশ্রেষ্ঠ ! মদ্গতা মৎপরায়ণাঃ।
মদ্যাজিনো মমিয়মান্তান্ প্রয়েজন পূজ্যেৎ ॥৩॥
তেষান্ত পাবনায়াহং নিত্যমেব যুধিষ্ঠির !।
উভে সক্ষ্যেহধিতিষ্ঠামি হুক্তমং তদ্ব্রতং মম ॥৪॥

## ভারতকৌমুদী

বেবামিতি। সহস্রত সহস্রধনত সন্তনং লাভমিব, ভক্তত অরত লভনং প্রতীক্ষয়ে। আমারেরতি। নিরাশানি খাছানর্গণেন। তথাকরণে কুলানি স্থারিকাণি ভবেষুরিতি শেবঃ ॥২॥

মদিভি। মদ্পতা মদাশ্রিতা:। ময়ি নিয়মা উপবাদাদয়ো বেবাং তে ॥৩॥ তেবামিভি। তেবাং মদ্ভকাদীনাম্। মম তদধিঠানম্ অভ্যমশ্রইং ব্রতম্॥৪॥

ভগবান্ বলিলেন—'পাণ্ড্নন্দন! যাহাদের ভার্য্যারা সহস্র ধনলাভের ভায় ভূজাবশিষ্ট অন্নলাভের প্রভীক্ষা করেন, সেই সকল লোককে আপনি নিমন্ত্রণ করিবেন ॥১॥

ভরতনন্দন! নিমন্ত্রণ করিয়া আনিয়া তাহাদিগকে নিরাশ করিবেন না। কারণ, যাহারা নিরাশ করে, তাহাদের বংশ অভ্যস্ত দরিজ হয় এবং ভাহাদের আশাও নিম্ফল হইয়া থাকে ॥২॥

নর শ্রেষ্ঠ ! যাহারা আমার ভক্ত, আমার আঞ্জিত, আমার পৃক্ষক এবং আমার উদ্দেশে উপবাসাদি করে, আপনি যম্বপূর্বক ভাহাদিপের সম্মান করিবেন ॥৩॥

রাজা। আমি সর্বাদাই ভাহাদিগকে পবিত্র করিবার জম্ম প্রাক্তালে ও সন্ধ্যাকালে ভাহাদের নিকটে অধিষ্ঠান করি, ভাহাই আমার অতঃই বভ ॥৪॥ তশ্বাদকীক্ষরং মৃদ্রং মদ্ভকৈবীতকলাবৈ:।
সন্ধ্যাকালে তু জপ্তব্যং সততং চাত্মশুদ্ধয়ে ॥৫॥
অন্যেষামপি বিপ্রাণাং কিছিষং হি বিনশ্যতি।
উভে সন্ধ্যেংপ্যুপাসীত তশ্বাদিপ্রো বিশুদ্ধরে ॥৬॥
